লেকচার সিরিজের
SURE SUCCESS

Short সিলেবাসে

HSC সৃজনশীল

টেস্ট থ্রু টেস্ট পেপারস

হিসাববিজ্ঞান

প্রথম পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

ঢাকা বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ছোঁয়া এন্টারপ্রাইজ এর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

ছোঁয়া এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ক্রয় ও বিক্রয়	৭০,০০০	১,৫৪,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৪৩,০০০	
উত্তোলন ও মূলধন	১৫,০০০	৮১,৪০০
আসবাবপত্র	৬০,০০০	
বেতন	৫,০০০	
পরিবহন	২,০০০	
প্রদেয় হিসাব		৩,৬০০
প্রাপ্য হিসাব	৩০,০০০	
ভাড়া	১২,০০০	
কর ও অভিকর	২,০০০	
	২,৩৯,০০০	২,৩৯,০০০

অন্যান্য তথ্যাদি : (১) সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে। যার বাজারমূল্য ২০,০০০ টাকা; (২) উপ-ভাড়া বকেয়া রয়েছে ৩,০০০ টাকা; (৩) বিক্রয়ের মধ্যে ৫,০০০ টাকার আসবাবপত্র বিক্রয় অন্তর্ভুক্ত আছে; (৪) অনাদায়ি পাওনা ৬০০ টাকা। প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে; (৫) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করা হয়।

ক. প্রাপ্য হিসাবের নিট আদায়যোগ্য টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উক্ত বছরে বিশদ আয় বিবরণী প্রস্তুত করে প্রতিষ্ঠানটির পরিচালন মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফা ৩০,৪৩০ টাকা ধরে ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ ধানসিঁড়ি ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

ধানসিঁড়ি ট্রেডার্সের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক জমা	১০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
ক্রয় ও বিক্রয়	৯০,০০০	১,২৫,০০০
মূলধন		১,১০,০০০
উত্তোলন	১০,০০০	
১০% ঋণ (০১-০৭-২০২৩)		৮০,০০০
মজুরি	১২,৫০০	
বেতন (১০ মাস)	৩০,০০০	
বিজ্ঞাপন	১৫,০০০	
আসবাবপত্র	৫০,০০০	
প্রাপ্য হিসাব	৪২,৫০০	
প্রদেয় হিসাব		২৫,০০০
১২% বিনিয়োগ (০১-০৩-২৩)	৫০,০০০	
	৩,৪০,০০০	৩,৪০,০০০

অন্যান্য তথ্য : (১) সমাপনী মজুদ পণ্য ৫৫,০০০ টাকা মূল্যায়নের পর ১৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে; (২) নমুনামাফিক পণ্য বিতরণ ৬,০০০ টাকা। বিজ্ঞাপনের ১/৩ অংশ অবলোপন কর; (৩) প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি কর; (৪) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৭০,০০০ টাকা ধরে নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রতিষ্ঠানের দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ মিস হাওয়া একজন স্থপতি। ১ জানুয়ারি, ২০২৩ তারিখে তিনি নগদ ৬০,০০০ টাকা, ২০,০০০ টাকার আসবাবপত্র এবং ১৫,০০০ টাকা ঋণ নিয়ে একটি সেবা ফার্ম শুরু করেন। উক্ত মাসে লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ২ ধারে সেবা প্রদান ২০,০০০ টাকা।
" ৫ ধারে সাপ্লাইজ ক্রয় ১,০০০ টাকা।
" ১৬ ভাড়া প্রদান ৩,০০০ টাকা।
" ৩১ ঋণ পরিশোধ ৪,৫০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. টেবুলার ছকের মাধ্যমে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪ ▸ মেসার্স এস কে ট্রেডার্স তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০২৩ সালের মার্চ মাসের সম্পাদিত ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ খুচরা নগদ উদ্বৃত্ত ১৫০ টাকা।
" ১ প্রধান ক্যাশিয়ার থেকে প্রাপ্তি ৭৫০ টাকা।
" ২ কার্বন, রাবার ও পেনসিল ক্রয় ৭৫ টাকা।
" ৫ কাগজ ক্রয় ৬০ টাকা।
" ৮ রিকশা ভাড়া ৪০ টাকা।
" ৯ বাকিতে অফিস সরঞ্জাম ক্রয় ১,৮০০ টাকা।
" ১০ ইন্টারনেট ব্যয় ১২০ টাকা।
" ১২ বাস ভাড়া প্রদান ৫০ টাকা।
" ১৪ পুরাতন খবরের কাগজ বিক্রয় ৯০ টাকা।
" ১৮ ডাক খরচ প্রদান ৩০ টাকা।
" ২২ চা, চিনি ও বিস্কুট ক্রয় ৩৪০ টাকা।
" ২৭ মনিহারি খরচ প্রদান ৫০ টাকা।
" ৩১ পিয়নকে বকশিশ প্রদান ৪০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো চিহ্নিত কর। ২

খ. একটি অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি কর। ৪

গ. অগ্রদত্ত ব্যয়সমূহের জন্য সংশ্লিষ্ট খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ ২০২৩ সালের ৩০ জুন তারিখে সাহা স্টোরস্ এর নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা কিন্তু ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের গরমিল পরিলক্ষিত হয়। অনুসন্ধানের পর উদ্বৃত্তের গরমিলের নিম্নলিখিত কারণসমূহ পাওয়া যায় :

(i) ৮,০০০ টাকা ও ৫,০০০ টাকার দুটি চেক ইস্যু করা হয়েছে কিন্তু ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে পরিশোধের জন্য ব্যাংকে ৮,০০০ টাকার চেকটি উপস্থাপিত হয়েছে।

(ii) ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায় ১,৫০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

(iii) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ৩,০০০ টাকা যা ব্যাংক কর্তৃক আদায় হয়নি।

(iv) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৪,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

(v) ব্যাংক ধার্যকৃত চার্জ ৩০০ টাকা এবং মঞ্জুরিকৃত সুদ ৮০০ টাকা নগদানভুক্ত হয়নি।

ক. ব্যাংক কর্তৃক আদায়কৃত টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. (ii), (iv) ও (v) নং দফার জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

৬ ▸ ৩১ ডিসেম্বর তারিখে শিহাব ট্রেডার্স এর বইতে রেওয়ামিল তৈরি করার পূর্বে নিম্নলিখিত অশুদ্ধিগুলো ধরা পড়ে :

(১) জনাব রহিমের নিকট হতে প্রাপ্ত ১২,০০০ টাকা জনাব হাবিবের হিসাব খাতে ক্রেডিট করা হয়েছে।

(২) মালিক কর্তৃক ৫,০০০ টাকার পণ্য উত্তোলন বিক্রয় বইতে লিপিবদ্ধ হয়েছে।

(৩) জনাব কাজলের নিকট বাকিতে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা ভুলবশত বহিঃফেরত বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

(৪) বাকিতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা ভুলবশত বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

ক. ১নং ও ২নং ভুলের শ্রেণি উল্লেখপূর্বক সমষ্টি নির্ণয় কর। ২

খ. উদঘাটিত ভুলের সংশোধনী জাবেদা লেখ। ৪

গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৩৫,০০০ টাকা বিবেচনা করে বিক্রয় হিসাব তৈরি কর। ৪

৭ ▸ মনিকা ট্রেডার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যগুলো নেওয়া হয়েছে :

২০২৩

জানু. ১ ১,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করলেন।

" ৫ পুরাতন কম্পিউটার বিক্রয় বাবদ পাওয়া গেল ৩০,০০০ টাকা।

" ৮ ১০% বাট্টায় পণ্য ক্রয় ৩০,০০০ টাকা যার ৪০% বাকি রয়েছে।

" ১৫ তুলি স্টোর্স এর নিকট হতে ৫% বাট্টা বাদে ৩৩,২৫০ টাকা আদায় হলো।

" ১৮ ৮ তারিখে ধারে ক্রয়ের অর্থ ৫% বাট্টা বাদে পরিশোধ করা হলো।

" ২১ নগদে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।

" ২৮ এবি ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো ৫,০০০ টাকা।

" ৩০ দোকান ভাড়া প্রদান করা হলো ৩,০০০ টাকা।

" ৩১ অকেজো কাগজ বিক্রয় ২০০ টাকা।

ক. বাট্টা খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

গ. নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

৮ ▸ খান অটো ২০২৩ সালের ১ জুলাই তারিখে ১০,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির উপর ১৫% ভ্যাট প্রদান করা হয়। মেশিনটির জন্য আনয়ন খরচ ১০,০০০ টাকা ও সংস্থাপন খরচ বাবদ ১৫,০০০ টাকা প্রদান করা হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৪ বছর। মেশিনটির জীবনকাল শেষে অনুমিত ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে ১,৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. চার বছরের অবচয় দেখিয়ে একটি অবচয় সারণি তৈরি কর। ২

খ. প্রতিষ্ঠানের বইয়ে প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪

গ. প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে অবচয় হিসাব ও মেশিন হিসাব প্রদর্শন কর। (প্রথম দুই বছর) ৪

৯ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর অনন্যা ট্রেডার্স এর রেওয়ামিল ও অন্যান্য তথ্য উপস্থাপন করা হলো :

অনন্যা ট্রেডার্সের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৭৮,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬০,০০০	৪৩,০০০
সাপ্লাইজ	১২,০০০	
বিজ্ঞাপন খরচ	৩৬,০০০	
আসবাবপত্র ও অফিস সরঞ্জাম	২,০০,০০০	
পুঞ্জীভূত অবচয়, আসবাবপত্র ও অফিস সরঞ্জাম		২০,০০০
মূলধন		২,১৭,০০০
বিমা খরচ	১৮,০০০	
১২% প্রদেয় নোট (০১-০৭-২৩)		৫০,০০০
বেতন	৩০,০০০	
ভাড়া খরচ	৩৬,০০০	
সেবা আয়		১,৪০,০০০
	৪,৭০,০০০	৪,৭০,০০০

সমন্বয়সমূহ : (১) একজন ক্লায়েন্টকে প্রদত্ত সেবা বাবদ প্রাপ্য ৬০,০০০ টাকা এখনও লিপিবদ্ধ করা হয়নি; (২) অফিস সহায়কের মাসিক বেতনের পরিমাণ ৩,০০০ টাকা; (৩) আসবাবপত্র ও অফিস সরঞ্জামের অনুমিত আয়ুষ্কাল ১০ বছর যার কোনো ভগ্নাবশেষ মূল্য নেই।

ক. মোট সেবা আয় ও বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা তৈরি কর। ৪

গ. দশ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি কর। ৪

১০ ▸ জনাব মারুফা ২০২৩ সালের ১ জানুয়ারি নগদ ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা ব্যাংক উদ্বৃত্ত নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ২ নগদে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা।

" ৫ নগদে পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা।

" ৮ রাফিয়ার কাছ থেকে পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা।

" ১২ জনাব ফিজারের কাছে পাওনা ৩০,০০০ টাকা ১০% বাট্টায় পাওয়া গেল।

" ১৫ রাওহার নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।

" ২০ রাওহার নিকট পাওনা টাকা পূর্ণ নিষ্পত্তিতে ২৯,০০০ টাকা পাওয়া গেল।

" ২৫ ব্যাংক থেকে উত্তোলন ৩০,০০০ টাকা।

" ২৮ ব্যাংকে জমা দেওয়া হলো ২০,০০০ টাকা।

ক. কোন কোন তারিখের লেনদেনগুলো নগদান বইতে প্রদর্শিত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ২, ৫ এবং ৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা লেখ। (ব্যাখ্যার দরকার নেই) ৪

গ. লেনদেনগুলোর সাহায্যে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১১ ▸ আলফা কোম্পানি লি. ২০২০ সালের ১ জানুয়ারি ১,৮০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে উহার আনয়ন ও সংস্থাপন বাবদ যথাক্রমে ৫,০০০ টাকা ও ১৫,০০০ টাকা ব্যয় নির্বাহ করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং আয়ুষ্কাল শেষে উহার ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা হবে বলে ধরা হলো। স্থিরকিস্তি পদ্ধতিতে ২০% হারে কোম্পানি উক্ত মেশিনের অবচয় ধার্য এবং প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. মেশিনের অবচয়যোগ্য মূল্য ও বার্ষিক অবচয় নির্ণয় কর। ২

খ. কোম্পানির প্রথম তিন বছরের মেশিন ক্রয় ও অবচয়সংক্রান্ত জাবেদা প্রস্তুত কর। ৪

গ. মেশিন হিসাব এবং অবচয় হিসাবের খতিয়ান প্রস্তুত কর। (প্রথম তিন বছরের জন্য) ৪

রাজশাহী বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ আর্থিক বছর শেষে টনি কোম্পানির রেওয়ামিল নিচে প্রদর্শন করা হলো :

রেওয়ামিল

৩০ জুন, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৩৯,৬০০	
সাপ্লাইজ	৩,৩০০	
অগ্রিম বিমা	৬,০০০	
ভূমি	২৫,০০০	
দালান	১,২৫,০০০	
সরঞ্জাম	২৬,০০০	
প্রদেয় হিসাব		৬,৫০০
অনুপার্জিত ভাড়া আয়		৭,৪০০
বন্ধকি ঋণ (০১-০১-২০২৩)		৮০,০০০
মালিকের মূলধন		১,০০,০০০
মালিকের উত্তোলন	৫,০০০	
ভাড়া আয়		৮০,০০০
মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ	১৩,০০০	
বেতন ও মজুরি	৩১,০০০	
	২,৭৩,৯০০	২,৭৩,৯০০

অন্যান্য তথ্যাবলি : (১) প্রতি মাসে ৩০০ টাকা হারে বিমা অতিক্রান্ত হয়; (২) জুন ৩০ তারিখে গণনায় দেখা যায় ৮০০ টাকার সাপ্লাইজ মজুদ আছে; (৩) বার্ষিক অবচয় : দালান ৬,০০০ টাকা; সরঞ্জাম ২,৪০০ টাকা; (৪) জুন ৩০ তারিখের পূর্বে ৪,৮০০ টাকা অনুপার্জিত ভাড়া আয় অর্জিত হয়, যা হিসাবের খাতায় এখনও লিপিবদ্ধ করা হয় নাই; (৫) জুন ৩০ তারিখে বেতন বাবদ বকেয়া রয়েছে ৪,০০০ টাকা; (৬) ভাড়াটিয়ার নিকট হতে ভাড়া বাবদ ৬,০০০ টাকা প্রাপ্য হয়েছে; (৭) বন্ধকি ঋণের বার্ষিক সুদের হার ৯%।

ক. চলতি বছরের ভাড়া আয় নির্ণয় কর। ২

খ. জুন ৩০, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. জুন ৩০, ২০২৩ তারিখে চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে আরীবা ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	২৮,৭০০	
প্রাপ্য হিসাব	৩০,০০০	
প্রারম্ভিক মজুদ	৪২,০০০	
অফিস সাপ্লাইজ	৬,২০০	
সরঞ্জাম	১,৮৫,০০০	
পুঞ্জীভূত অবচয় (সরঞ্জাম)		২২,০০০
১০% প্রদেয় নোট		৪০,০০০
প্রদেয় হিসাব		৪৫,৫০০
আরীবা, মূলধন		১,৩০,০০০
আরীবা, উত্তোলন	১২,০০০	
বিক্রয় আয়		৬,৮৭,৫০০
বিক্রয় ফেরত ও ভাতা	৮,০০০	
ক্রয়	৪,৯৭,১০০	
বেতন খরচ (১০ মাস)	৪০,০০০	
মেরামত খরচ	৩৪,০০০	
ভাড়া খরচ	৪২,০০০	
	৯,২৫,০০০	৯,২৫,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপ্তি মজুদ মূল্যায়ন করা হয় ৫৫,০০০ টাকা (বাজার মূল্য ৬২,০০০ টাকা); (২) সরঞ্জামের উপর ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক ১০% হারে অবচয় ধরতে হবে; (৩) ডিসেম্বর ৩১ তারিখে গণনায় দেখা যায় ১,৮০০ টাকার সাপ্লাইজ মজুদ আছে; (৪) প্রদেয় নোটের সম্পূর্ণ বছরের সুদ বকেয়া রয়েছে।

ক. সরঞ্জামের অবচয় নির্ণয় কর। ২

খ. ডিসেম্বর ৩১, ২০২৩ সালে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. বছর শেষে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ রোমান আগস্টের ১ তারিখে ঢাকায় ব্যবসায় শুরু করেন। আগস্ট ৩১ তারিখে তার আর্থিক অবস্থার বিবরণীতে নগদ ৯,০০০ টাকা, প্রাপ্য হিসাব ১,৭০০ টাকা, সরঞ্জাম ৬,০০০ টাকা, প্রদেয় হিসাব ৩,৬০০ টাকা দেখানো হয়েছে। সেপ্টেম্বর মাসে তাঁর ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

সেপ্টেম্বর ২ ৯% প্রদেয় নোটে স্বীকৃতি দিয়ে ক্যাপিটাল ব্যাংক হতে ১০,০০০ টাকা ঋণ নেওয়া হলো।
" ৫ প্রদেয় হিসাব বাবদ ২,৯০০ টাকা পরিশোধ করা হয়।
" ১০ প্রাপ্য হিসাব হতে ১,৩০০ টাকা আদায় করা হয়।
" ১৬ ২,১০০ টাকা অতিরিক্ত সরঞ্জাম ক্রয় করা হয়, যার মধ্যে ৮০০ টাকা নগদে প্রদান করা হয় এবং অবশিষ্ট অর্থ বকেয়া রয়েছে।
" ১৮ অর্জিত আয় ৭,৮০০ টাকা যার মধ্যে ২,৫০০ টাকা নগদে পাওয়া যায় এবং অবশিষ্ট অর্থ অক্টোবরে আদায় হবে।
" ২০ ব্যক্তিগত ব্যবহারের জন্য নগদ ১,১০০ টাকা উত্তোলন করা হয়।
" ২৮ বেতন বাবদ ১,৭০০ টাকা এবং ভাড়া বাবদ ৯০০ টাকা পরিশোধ করা হয়।
" ৩০ চলতি মাসের উপযোগ বিল বকেয়া আছে ৪৭০ টাকা।
" ৩০ প্রদেয় নোটের এক মাসের সুদ পরিশোধ করা হলো।

ক. আগস্ট ৩১, ২০২৩ তারিখে মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগস্ট ৩১ তারিখের জের নিয়ে টেবুলার ছকে হিসাব সমীকরণের উপর সেপ্টেম্বর মাসের ২, ৫, ১০ এবং ১৬ তারিখের লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

গ. নিট আয় নির্ণয়পূর্বক ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

৪ ▸ ১ মে, ২০২৩ তারিখে ফরচুন সার্ভিসেস গঠিত হয়। তাদের প্রথম মাসের লেনদেনগুলো নিচে উল্লেখ করা হলো :

মে ১ মালিক নগদ ৪০,০০০ টাকা ব্যবসায় বিনিয়োগ করেন।
" ২ প্রথম বছরের অফিস ভাড়া বাবদ ২৪,০০০ টাকা অগ্রিম পরিশোধ করা হয়।
" ৫ ৩০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র ক্রয় করা হয়, সাথে সাথে ১০,০০০ টাকা নগদে প্রদান করা হয় এবং অবশিষ্ট অর্থ ছয় মাসের মধ্যে পরিশোধ করা হবে।
" ৬ এক বছর মেয়াদি বিমার প্রিমিয়াম নগদে পরিশোধ ১,৮০০ টাকা।
" ৭ নগদে ২,৫০০ টাকার অফিস সাপ্লাইজ ক্রয় করা হলো।
" ১২ অর্জিত আয় ২০,০০০ টাকা, নগদ ৮,০০০ টাকা পাওয়া যায় এবং অবশিষ্ট অর্থ বকেয়া রয়েছে।
" ১৩ প্রদেয় হিসাবকে পরিশোধ করা হলো ১,৪০০ টাকা।
" ২০ প্রাপ্য হিসাব থেকে ৩,০০০ টাকা পাওয়া গেল।
" ২৮ উপযোগ বিল পাওয়া গেল ৪৫০ টাকা যা পরবর্তী মাসে পরিশোধ করতে হবে।

ক. মাস শেষে ভাড়া খরচ ও বিমা খরচের পরিমাণ নির্ণয় কর। (পূর্ণ ১ মাসের জন্য নির্ণয় কর) ২

খ. মে মাসে ১, ৫, ১২ ও ২৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

গ. নগদান হিসাব তৈরি কর। ৪

৫ ▸ মুন কোম্পানি বিশেষ জাবেদা ও সাধারণ জাবেদা ব্যবহার করে। ২০২৩ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুন ১ মুন অতিরিক্ত মূলধন হিসেবে নগদ ৫০,০০০ টাকা বিনিয়োগ করেন।
" ২ মনিকা কোম্পানির নিকট নগদ বিক্রয় ৮,০০০ টাকা (বিক্রীত পণ্যের ব্যয় ৬,৪০০ টাকা)

" ৩ গ্রিন কোম্পানির নিকট হতে পণ্য ক্রয় ৭,২০০ টাকা (চেক নং ১০১)
" ৮ এইচ. ওয়াহিদের নিকট পণ্য বিক্রয় ৯,০০০ টাকা, চালান নং ১০১ শর্ত n/৩০, ব্যয় ৭,২০০ টাকা।
" ১৪ ইনামকে বেতন প্রদান ৩,০০০ টাকা, চেক নং ১০২।
" ১৬ গ্রিন কোম্পানির নিকট হতে পণ্য ক্রয় ৬,০০০ টাকা, শর্ত ২/১০, n/৩০।
" ১৮ এইচ. ওয়াহিদের নিকট হতে ১০১ নং চালান বাবদ ৯,০০০ টাকার চেক প্রাপ্তি।
" ২৬ ২% বাট্টা বাদে গ্রিন কোম্পানিকে দেনা পরিশোধ, চেক নং ১০৩।
" ২৮ ১৫,০০০ টাকার নোট ৫০০ টাকা সুদসহ আদায় হলো।
" ৩০ ভাড়া খরচ পরিশোধ ২,৪০০ টাকা, চেক নং ১০৪।

ক. যেসব লেনদেন নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হবে না সেগুলোর জাবেদা দেখাও। ২
খ. বহুঘরা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. বহুঘরা নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▸ জুলাই, ৩১ তারিখে নাদিয়া কোম্পানির নগদান বইয়ের জেরের সাথে ব্যাংক বিবরণীর জেরের মধ্যে মিলকরণের জন্য নিম্নোক্ত তথ্যসমূহ নিচে উল্লেখ করা হলো :

(i) জুলাই ৩১ তারিখে নগদান বইয়ের ডেবিট জের ২৭,৪৯৭ টাকা এবং ব্যাংক বিবরণীর ক্রেডিট জের দেখানো হলো ২৭,২৩৩ টাকা।
(ii) ৩০৩১ নং চেক- ১,৪৮২ টাকা, ৩০৬৫ নং চেক ৩৮২ টাকা এবং ৩০৬৯ নং চেক-২,২৮১ টাকা অপরিশোধিত রয়েছে।
(iii) ভাড়া খরচ বাবদ ১,২৭০ টাকার চেক সঠিকভাবে লেখা ও উত্তোলন করা হয়েছে কিন্তু ভুলবশত হিসাবের বইতে ১,২৫০ টাকা লেখা হয়েছে।
(iv) জুলাইয়ের ব্যাংক বিবরণীতে ৭,৯৫৫ টাকা (প্রাপ্য নোট ৭,৮০০ টাকা, যোগ সুদ ১৭০ টাকা, বিয়োগ আদায় খরচ ১৫ টাকা) আদায় দেখানো হয়েছে যা নাদিয়ার বইতে লিপিবদ্ধ করা হয়নি।
(v) ব্যাংক বিবরণীতে ৮০৫ টাকা প্রত্যাখ্যাত চেক বাবদ ডেবিট করা হয়েছে যা একজন দেনাদার ইভান ট্রেডার্সের নিকট হতে পাওয়া গিয়েছিল। এটি নাদিয়ার বইয়ে এখনও লেখা হয়নি।
(vi) ব্যাংক বিবরণীতে ব্যাংক সার্ভিস চার্জ বাবদ ২৫ টাকা কর্তন দেখানো হয় যা নাদিয়ার বইতে লিপিবদ্ধ করা হয়নি।
(vii) জুলাই ৩১ তারিখে নাদিয়া তাদের দৈনিক প্রাপ্তি ১১,৫১৪ টাকা নৈশকালীন ব্যাংকে জমা করে যা জুলাইয়ের ব্যাংক বিবরণীতে প্রদর্শিত হয়নি।

ক. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুলাই ৩১ তারিখে নাদিয়া কোম্পানির ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুত কর। (উভয় জের সংশোধন পদ্ধতি) ৪
গ. নাদিয়া কোম্পানির বইতে সমন্বয় জাবেদা দাও। ৪

৭ ▸ ২০২৩ সালের জুলাই মাসের তারা কোম্পানির হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাবলি সংগ্রহ করা হয় :

জুলাই ১ নগদ জের ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমা ৮৫,০০০ টাকা।
" ৩ পণ্য ক্রয় ২৫,০০০ টাকা যার মধ্যে নগদ ২০,০০০ টাকা এবং অবশিষ্ট টাকা চেকে প্রদান করা হয়।
" ৫ অফিসের প্রয়োজনে ১০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে ৪,০০০ টাকা ব্যাংক হতে উত্তোলন করা হয়।
" ৮ রিঙ্গো কোম্পানির নিকট হতে বাকিতে স্টোর সাপ্লাইজ ক্রয় ২,৪০০ টাকা, শর্ত n/৩০।
" ১৪ প্রদেয় নোট স্বীকৃতি প্রদানপূর্বক ব্যাংক হতে ঋণ গ্রহণ ৩৫,০০০ টাকা।
" ১৬ পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকা (নগদে ২৫,০০০ টাকা এবং অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল)
" ১৮ প্রদেয় নোট স্বীকৃতি দিয়ে পণ্য ক্রয় ১২,৫০০ টাকা।
" ২৪ দেনাদারের নিকট হতে ১৫,০০০ টাকার চেক পেয়ে সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।
" ২৫ নগদে জীবন বিমার প্রিমিয়াম প্রদান ২,৫০০ টাকা।
" ৩০ দেনাদার তামারার নিকট পাওনা বাবদ ৬০,০০০ টাকার নোটের স্বীকৃতি পাওয়া গেল।
" ৩১ বিজ্ঞাপন বিল ৪,০০০ টাকা যা পরবর্তী মাসে পরিশোধ করতে হবে।

ক. ব্যক্তিগত উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নগদান বইয়ে লিপিবদ্ধ হবে না এমন লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে দু'ঘরা নগদান বই তৈরি কর। ৪

৮ ▸ ডিসেম্বর ৩১, ২০২৩ তারিখে আল-রায়া জেনারেল স্টোরের হিসাবের জেরসমূহ ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
নগদ	৪,৫০০	মূলধন	১,৩৫,০০০
প্রারম্ভিক মজুদ	১২,০০০	বিক্রয়	২,৬৮,০০০
প্রাপ্য হিসাব	৫১,৮০০	ক্রয়	১,৫০,০০০
সরঞ্জাম	১,৬৭,২০০	নোট বাট্টাকরণের জন্য দায়	২,৫০০
প্রদেয় হিসাব	৭,৫০০	বেতন খরচ	২৫,০০০
সমাপ্তি মজুদ	২৭,৫০০		

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন হিসাবগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. আল-রায়া জেনারেল স্টোরের রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. নিট লাভ ১,০৮,৫০০ টাকা ধরে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৯ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে রবিন ট্রেডার্সের রেওয়ামিল নিচে উপস্থাপন করা হলো :

রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	১৬,০০০	
সাপ্লাইজ	১২,০০০	
আসবাবপত্র	২৫,০০০	
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৭,০০০
রবিনের মূলধন		৩৭,০০০
রবিনের উত্তোলন	৮,০০০	
সেবা আয়		৩৩,০০০
বেতন খরচ	১৬,০০০	
	৭৭,০০০	৭৭,০০০

অতিরিক্ত তথ্যাবলি : (i) চলতি বছরে আসবাবপত্রের অবচয় ধরা হয় ৪,০০০ টাকা; (ii) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৫,০০০ টাকা।

ক. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমন্বয় জাবেদা তৈরি কর। ২
খ. ২০২৩ সালের জন্য ১০ ঘরযুক্ত কার্যপত্র প্রস্তুত কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্তি জাবেদা দাও। ৪

১০ ▸ একটি কোম্পানির হিসাব বই বন্ধ এবং রেওয়ামিল মিলানোর জন্য অনিশ্চিত হিসাব খোলার পর নিম্নোক্ত ভুলগুলো চিহ্নিত করা হয় :

ক্র. নং	ভুলসমূহ
১	১,০০০ টাকা কমিশন প্রাপ্তি কমিশন হিসাবে ডেবিট করা হয়েছে।
২	আসবাবপত্র বিক্রয় ১,৫০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।
৩	২০০ টাকা বাট্টা মঞ্জুর নগদান বই থেকে বাট্টা হিসাবে স্থানান্তর করা হয়নি।
৪	বেতন পরিশোধ ৫,০০০ টাকা বেতন খরচ হিসাবে ডেবিট এবং রহিম হিসাবেও ডেবিট করা হয়েছে।
৫	Y এর নিকট হতে ৪,০০০ টাকার পণ্য ক্রয়, ক্রয় জাবেদায় লেখা হয়েছে কিন্তু পাওনাদার খতিয়ানে Y হিসাবে স্থানান্তর করা হয়নি।
৬	মালিক ব্যক্তিগত প্রয়োজনে ২,৫০০ টাকার পণ্য নেন যা বিবিধ খরচ হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. দুই দিকের ভুল চিহ্নিত করে এর পরিমাণ নির্ণয় কর। ২
খ. এক দিকের ভুলগুলোর জন্য প্রয়োজনীয় সংশোধনী জাবেদা দাখিলা দাও। ৪
গ. অনিশ্চিত হিসাব তৈরি কর, মনে কর অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ১০,৮০০ টাকা। ৪

১১ ▸ শামীম কোম্পানি ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে ২,৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির জাহাজ ভাড়া ও সংস্থাপন খরচ বাবদ ১৩,০০০ টাকা পরিশোধ করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৬ বৎসর ও ভগ্নাবশেষ মূল্য ২৩,০০০ টাকা। শামীম কোম্পানি ডিসেম্বর ৩১ তারিখে হিসাব বই বন্ধ করে।

ক. নতুন মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. অবচয়ের হার ২০% ধরে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম চার বছরের জন্য অবচয় সারণি তৈরি কর। ৪
গ. ২০২২ ও ২০২৩ সালের জন্য জ্ঞমেশিন হিসাব" এবং জ্ঞপুঞ্জীভূত অবচয়– মেশিন হিসাব" তৈরি কর। ৪

যশোর বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ আরিফ ট্রেডার্সের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো :

আরিফ ট্রেডার্সের রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩৭,৫০০	
পণ্য ক্রয় ও বিক্রয়	১,৫০,০০০	২,৬৫,০০০
বেতন (১০ মাস)	৩০,০০০	
পণ্য ফেরত	২,৫০০	৫,৫০০
মূলধন		৬৫,০০০
বিজ্ঞাপন	৭,০০০	
নগদ তহবিল	৫,০০০	
চালানে প্রেরিত পণ্য	৭৫০	
আসবাবপত্র	১,৫০,০০০	
৬% ঋণপত্র (১-৪-২০২২)		৫০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১২,৫০০	৯,৭৫০
	৩,৯৫,২৫০	৩,৯৫,২৫০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ মূল্যায়ন হয়েছে ২৫,০০০ টাকা; (ক্রয়মূল্য ২৭,০০০ টাকা); (২) ভোক্তাদের মধ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ২,০০০ টাকা। মোট বিজ্ঞাপন খরচের $^{১}/_{৩}$ অংশ অবলোপন করতে হবে; (৩) চালানে প্রেরিত পণ্য ১,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে। চালান প্রাপকের কমিশন ৫%; (৪) বিক্রয় বা ফেরত শর্তে প্রেরিত ৫,০০০ টাকা মূল্যের পণ্য বিক্রয় হিসাবে গণ্য হয়নি। (ক্রয়মূল্য ছিল ৪,০০০ টাকা)।

ক. চালানে প্রেরিত পণ্যের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১-১২-২০২৩ তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের একটি আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। (নিট লাভ ৬৪,৭০০) ৪

২ ▸ মি. উৎসবের একটি পর্যটন কুটির আছে। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে পর্যটন কুটিরের রেওয়ামিলটি নিম্নরূপ :

পর্যটন কুটির রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৭০,০০০	
সাপ্লাইজ	৩,৪০,০০০	
অগ্রিম ভাড়া	১,২০,০০০	
যন্ত্রপাতি	৬,০০,০০০	
বেতন খরচ ১২০%	৮০,০০০	
সেবা আয়		৪,২০,০০০
অনুপার্জিত সেবা আয়		১,৫০,০০০
৫% ঋণ (১-৬-২০২৩)		২,৮০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,৮০,০০০	১,০০,০০০
উত্তোলন ও মূলধন	৬০,০০০	৫,০০,০০০
	১৪,৫০,০০০	১৪,৫০,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) অনুপার্জিত সেবা আয়ের ১০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (২) অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৬০,০০০ টাকা; (৩) অগ্রিম ভাড়া $^{৩}/_{৪}$ অংশ মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৪) যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. চলতি বছরের ভাড়া ও বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য বিশদ আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের চলতি দায় ও চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ ২০২৩ সালের ১ মার্চ তারিখে পামেলী নগদ ২৫,০০০ টাকা; ব্যাংক জমা ৩০,০০০ টাকা; যন্ত্রপাতি ৪০,০০০ টাকা ও শাওমীর নিকট থেকে ১৫,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলি সম্পাদিত হয়েছিল :

মার্চ ৫ ভ্যাটসহ পণ্য ক্রয় ২৩,০০০ টাকা।
" ১০ ব্যক্তিগত ব্যবহারের জন্য নগদ উত্তোলন ২,৫০০ টাকা।
" ১৬ চেকে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।
" ১৮ যন্ত্রপাতি সংস্থাপন বাবদ পরিশোধ ৫,০০০ টাকা।
" ২১ মালিকের ব্যক্তিগত ঋণ পরিশোধ ৩,৭০০ টাকা।
" ২৬ ছেলের স্কুলের বেতন প্রদান ৩,০০০ টাকা।
" ৩১ আসবাবপত্র ক্রয় ১,৮০০ টাকা। ভ্যাট প্রদান ১৫%।

ক. প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২

খ. মোট উত্তোলনের পরিমাণ ও ভ্যাট হিসাবের জের নির্ণয় কর। ৪

গ. ৫, ১৮, ২১ ও ৩১ তারিখের লেনদেনগুলির জাবেদা দাখিলা দাও। ৪

৪ ▸ জনাব পামেল ২০২৩ সালের ১ জুলাই নগদ ৭০,০০০ টাকা; ৪০,০০০ টাকার সরঞ্জাম ও ১০,০০০ টাকার প্রদেয় হিসাব নিয়ে ব্যবসা শুরু করে। জুলাই মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলি সম্পাদিত হয় :

জুলাই ৩ ধারে পণ্য ক্রয় ৭০,০০০ টাকা।
" ৮ মিলনের নিকট পণ্য বিক্রয় ৯০,০০০ টাকা।
" ১৩ নগদ বিক্রয় ৫০,০০০ টাকা।
" ২০ ক্রয় ফেরত ২০,০০০ টাকা।
" ২২ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ২৭ ২% বাট্টায় পূর্ণনিষ্পত্তিতে মিলনের নিকট থেকে পাওনা আদায় হলো।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ক্রয় হিসাব ও প্রাপ্য হিসাব তৈরি কর। ৪

গ. হিসাব সমীকরণের উপর জুলাই ১, ৩, ৮ ও ২০ তারিখের লেনদেনগুলির প্রভাব দেখাও। ৪

৫ ▸ সোহানা কোং অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করেন। অগ্রদত্ত টাকার পরিমাণ ছিল ১,০০০ টাকা। ২০২৩ সালের মার্চ মাসে খুচরা খরচের পরিমাণ ছিল ৪০০ টাকা। ২০২৩ সালের এপ্রিল মাসের খুচরা লেনদেনগুলি নিম্নরূপ :

এপ্রিল ১ প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে অগ্রদত্ত টাকা পূরণের জন্য চেক প্রাপ্তি।

" ২ কাগজ ও কলম ক্রয় ১৫০ টাকা।
" ৪ ডাকটিকিট ক্রয় ১০০ টাকা।
" ৬ আপ্যায়ন খরচ ৫০ টাকা।
" ১২ ভিক্ষা প্রদান ২০ টাকা।
" ১৮ বাসাভাড়া প্রদান ৫০ টাকা।
" ২২ পরিচ্ছন্নতা খরচ ৬০ টাকা।

ক. খুচরা নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই তৈরি কর। ৪
গ. উপরিউক্ত লেনদেনগুলির প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▸ মেঘনা ব্রাদার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন–মেঘনা ব্রাদার্স	৮০,০০০	সুনাম	১০,০০০
পণ্য ক্রয়	৭৪,৫০০	কবিলকে ঋণ প্রদান	২০,০০০
ক্রয় পরিবহন	২,০০০	নগদ তহবিল	৩,৫০০
মজুদ পণ্য (১.১.২৩)	২০,০০০	মজুদ পণ্য (৩১.১২.২৩)	২৫,০০০
অনুপার্জিত আয়	১২,০০০	ডেলিভারি খরচ	৩,০০০
উত্তোলন	১০,০০০	ক্রয় ফেরত	১,০০০
বিক্রয়	৯৫,০০০	বিক্রয় ফেরত	২,০০০
অনাদায়ি পাওনা	২,০০০	কমিশন প্রাপ্তি	৩,০০০
সঞ্চিতি			
বকেয়া বেতন	৫০০	আসবাবপত্র	১৫,০০০
সাপ্লাইজ	৩,৫০০	ট্রেডমার্ক	৩০,০০০

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের একটি রেওয়ামিল তৈরি কর। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় ও চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ নিম্নোক্ত রেওয়ামিলটি কে. রিপেয়ার সার্ভিসের বই থেকে নেয়া হয়েছে :

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৩,৮০০	
অগ্রিম বিমা	১,২০০	
রিপেয়ার সাপ্লাইজ	২,০০০	
রিপেয়ার সরঞ্জাম	৪৫,৫০০	
ক্রমযোজিত অবচয় (সরঞ্জাম)		১,০০০
মূলধন		১০,০০০
রিপেয়ার সেবা আয়		৪১,৫০০
	৫২,৫০০	৫২,৫০০

সমন্বয়সমূহ : (১) অগ্রিম বিমা মেয়াদ উত্তীর্ণ হয়েছে ৮০০ টাকা; (২) বছর শেষে রিপেয়ার সাপ্লাইজের পরিমাণ ৬০০ টাকা; (৩) রিপেয়ার সরঞ্জামের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (৪) বকেয়া বেতনের পরিমাণ ছিল ৫০০ টাকা; (৫) অনুপার্জিত রিপেয়ার সেবা আয়ের পরিমাণ ২১,৫০০ টাকা।

ক. রিপেয়ার্স সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪

৮ ▸ ২০২৩ সালের ১ জুন তারিখে কেমি কোম্পানির খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

নগদ ৪০,৫০০ টাকা; প্রদেয় হিসাবসমূহ :

শেফা কোং ১০,০০০ টাকা; করিম কোং ৫,০০০ টাকা; মমি কোং ৮,০০০ টাকা। জুন মাসে নগদ প্রদানসংক্রান্ত লেনদেনগুলি নিম্নরূপ :

জুন ৩ ২% বাট্টায় নগদে পণ্য ক্রয় ৩,০০০ টাকা।
" ১৫ ২% বাট্টায় শেফা কোং কে পরিশোধ ৫,৮৮০ টাকা।
" ২১ করিম কোং কে ৫,০০০ টাকার দেনার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৯০০ টাকা প্রদান করা হলো।
" ৩০ মমি কোম্পানিকে পরিশোধ ৪,০০০ টাকা।

ক. প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. একটি নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪
গ. প্রয়োজনীয় সহকারী খতিয়ানসমূহ তৈরি কর। ৪

৯ ▸ বিশু লি. ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৩০,০০০ টাকার একটি যন্ত্র ক্রয় করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৩ বছর ও ভগ্নাবশেষ মূল্য ২২,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ১০% হারে অবচয় ধার্য করা হয়। ৩১শে ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত হয়।

ক. অবচয় সারণির মাধ্যমে ৩ বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. যন্ত্র হিসাব ও অবচয় হিসাব তৈরি কর। ৪
গ. আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে উপরিউক্ত তথ্যাবলির প্রতিফলন দেখাও। ৪

১০ ▸ ২০২৩ সালের ডিসেম্বর মাসের লিলি কোং এর ব্যাংকসংক্রান্ত লেনদেনগুলি নিম্নে প্রদত্ত হলো :

১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৯,৫৬০ টাকা।
২. ৩,০৮০ টাকার চেক আদায়ের জন্য জমা দেয়া হয়েছে, কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
৩. পাওনাদারদেরকে ৫,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
৪. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৩৭০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে ৪,০০০ টাকা।
৬. ব্যাংক কর্তৃক পাওনাদারকে সরাসরি পরিশোধ ২,০০০ টাকা কিন্তু নগদান বইতে লেখা হয়নি।

ক. নগদান বইতে লেখা হয় নি এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩, ৪, ৫ এবং ৬নং দফাগুলির জাবেদা দাখিলা প্রদান কর। ৪
গ. উপরিউক্ত লেনদেনগুলি নিয়ে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

১১ ▸ গুপ্ত কোম্পানি ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ২,৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। এটার সংস্থাপন খরচ ছিল ২০,০০০ টাকা। আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর ও ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। ২০২৩ সালের ১ জুলাই তারিখে মেশিনটি ২,২০,০০০ টাকায় বিক্রি করা হয়েছিল। ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিনটির বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২২ ও ২০২৩ সালের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. ২০২২ ও ২০২৩ সালের অবচয় সঞ্চিতি হিসাব ও মেশিন হিসাব তৈরি কর। ৪

কুমিল্লা বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ রূপালী ট্রেডার্সের ২০২৩ সালের ডিসেম্বর ৩১ তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

রূপালী ট্রেডার্সের
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
ক্রয় ও বিক্রয়	৪৮,০০০	৭০,০০০
মজুরি	১০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৫০,০০০	২৮,০০০
বেতন	২৩,০০০	
উত্তোলন ও মূলধন	২২,০০০	১,৫২,০০০
যন্ত্রপাতি	৫৮,০০০	
১০% ঋণ (০১-০৭-২০২৩)		৪২,০০০
সাপ্লাইজ	২০,০০০	
ব্যাংক জমা	১০,০০০	
হাতে নগদ	২১,০০০	
	২,৯২,০০০	২,৯২,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) সমাপনী মজুদ পণ্য ২৬,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (৩) অগ্রিম বেতন ৫,০০০ টাকা; (৪) ভোক্তাদের মধ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৬,০০০ টাকা।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ডিসেম্বর ৩১ তারিখে কারবারের মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২৩ সালের ডিসেম্বর ৩১ তারিখে কারবারের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ সীমা এন্টারপ্রাইজের ২০২৩ সালের রেওয়ামিল এবং অন্যান্য তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

সীমা এন্টারপ্রাইজের
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ব্যাংক জমা	১৫,০০০	
দালানকোঠা	৮৫,০০০	
আসবাবপত্র	৪৩,০০০	
ভাড়া	৬,০০০	
উপযোগ খরচ	১০,২০০	
বেতন খরচ	৩৫,০০০	
অনুপার্জিত সেবা আয়		১৬,০০০
মূলধন		১,৩৮,০০০
বিজ্ঞাপন খরচ	১৭,০০০	
উত্তোলন	৯,৮০০	
সেবা আয়		৬৪,০০০
বকেয়া খরচ		৩,০০০
হাতে নগদ	১৫,০০০	
প্রদেয় হিসাব		১৫,০০০
	২,৩৬,০০০	২,৩৬,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) সীমা ১ জুলাই ২০২৩ তারিখে ২৩,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন যা হিসাবভুক্ত হয়নি; (২) মূলধনের উপর ৬% হারে সুদ ধার্য করতে হবে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা চলতি বছর উপার্জিত হয়েছে; (৪) দালানকোঠা ও আসবাবপত্রের উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. সীমা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. সীমা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে জনাব হামিম নগদ ১,০০,০০০ টাকা; ৫০,০০০ টাকার আসবাবপত্র ও ব্যাংক থেকে ১,০০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। প্রথম মাসে তার কারবারের লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ২ বাকিতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৫ ২৫,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারি ভ্যান ক্রয়।
" ১০ ১০% বাট্টায় পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৩ বহিঃফেরত ৬,০০০ টাকা।
" ১৮ অফিস সরঞ্জাম ক্রয় ৮,০০০ টাকা।
" ২২ কমিশন পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ৩১ বেতন প্রদান করা হলো ১৫,০০০ টাকা।

ক. জনাব হামিমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ৫, ১০ ও ১৩ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. ১, ১৮, ২২ ও ৩১ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের ছকে প্রভাব দেখাও। ৪

৪ ▸ সুমন ট্রেডার্সের ২০২৩ সালের জুন মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ নগদ তহবিল ও ব্যাংক জমার উদ্বৃত্ত যথাক্রমে ৩০,০০০ টাকা ও ২৮,০০০ টাকা।
" ৩ করিমের নিকট নগদে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা।
" ৫ ব্যাংক থেকে উত্তোলন করা হলো ১০,০০০ টাকা।
" ৮ রহিমের নিকট থেকে ১০% বাট্টায় ৫,০০০ টাকার পণ্য নগদে ক্রয়।
" ১২ ধারে পণ্য ক্রয় ৪,৫০০ টাকা।
" ১৪ ৫% বাট্টায় ৪,০০০ টাকা দেনা পরিশোধ করা হলো।
" ১৬ পণ্য ক্রয় করে ৮,৫০০ টাকার চেক প্রদান করা হলো।
" ২১ রহমানের নিকট থেকে ৮,৫০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ৮,৩০০ টাকা পাওয়া গেল।
" ২৯ বেতন নগদে ৩,০০০ টাকা এবং চেকে ১,৫০০ টাকা পরিশোধ করা হলো।
" ৩০ ভাড়া প্রাপ্তি ৩,৫০০ টাকা।

ক. নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. সুমন ট্রেডার্সের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. সুমন ট্রেডার্সের নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৫ ▸ জনাব আশরাফের ব্যবসায় ২০২৩ সালের জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছিল।

জুলাই ১ নগদ তহবিল ৮৫,০০০ টাকা এবং ব্যাংক জমার ডেবিট উদ্বৃত্ত ৯০,০০০ টাকা।
" ৫ ১০% বাট্টায় রাহেলের নিকট হতে নগদে পণ্য ক্রয় ৮,০০০ টাকা।
" ৬ নগদে পণ্য বিক্রয় ১০,৫০০ টাকা।
" ১৬ বাকিতে পণ্য ক্রয় ৮,৫০০ টাকা।
" ১৮ ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।

" ২৩ ৩,০০০ টাকা লেনদেনের পূর্ণনিষ্পত্তি শর্তে আবিরের নিকট হতে ২,৭৫০ টাকা পাওয়া গেল।

" ২৮ ১৫,৩০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তি শর্তে রাহীমকে ১৫,০০০ টাকার একটি চেক প্রদান করা হলো।

" ৩০ বেতন প্রদান ১০,০০০ টাকা এবং চেকের মাধ্যমে ভাড়া প্রদান ৬,৫০০ টাকা।

ক. নগদান বহিতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনসমূহের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনসমূহের সমন্বয়ে একটি তিনঘরা নগদান বহি প্রস্তুত কর। ৪

গ. ৫, ১৮, ২৩ ও ২৮ তারিখের লেনদেনসমূহের জাবেদা প্রস্তুত কর। (ব্যাখ্যা প্রয়োজন নেই) ৪

৬ ▸ নিম্নের তথ্যাবলি ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব জাহিদের হিসাব বই থেকে নেয়া হয়েছে :

১. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ১,৩৫,০০০ টাকা।

২. চেক কাটা হয়েছে কিন্তু ভাঙানো হয়নি ৮,০০০ টাকা।

৩. ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের নিকট হতে ৬,০০০ টাকা আদায় হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।

৪. চেক জমা দেয়া হয়েছে কিন্তু আদায় হয়নি ২০,০০০ টাকা।

৫. ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

৬. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১,৩৪,০০০ টাকা।

ক. নগদান বইতে লেখা হয়নি এমন দফাগুলোর মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. একক জের পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উভয় জের সংশোধন পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের জনাব আনোয়ারের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (১-১-২০২৩)	৬৫,০০০
নগদ তহবিল (১-১-২০২৩)	৩৫,০০০
প্রাপ্য হিসাব (১-১-২০২৩)	৩৮,০০০
প্রদেয় হিসাব (১-১-২০২৩)	১৫,০০০
ক্রয়	৫,২৫,০০০
বিক্রয়	৬,০০,০০০
বহিঃফেরত	১০,০০০
আন্তঃফেরত	৫,০০০
শিক্ষানবিশ ভাতা	৫,০০০
অনাদায়ি পাওনা	৫,০০০
আসবাবপত্র	১,৪০,০০০
ব্যাংক ঋণ	২,০০,০০০
বিবিধ খরচ	৫,০০০
নগদ তহবিল (৩১-১২-২০২৩)	১,০০,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০২৩)	২০,০০০
প্রাপ্য হিসাব (৩১-১২-২০২৩)	১,৩০,০০০
প্রদেয় হিসাব (৩১-১২-২০২৩)	৭০,০০০
বেতন খরচ	৩০,০০০
মূলধন	১,৩০,০০০

ক. ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে যে সমস্ত দফা রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তাদের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব আনোয়ারের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব আনোয়ারের মোট সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ইমন এন্টারপ্রাইজের হিসাব বইতে রেওয়ামিল তৈরি করার পূর্বে নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

১. জনাব আমানের নিকট হতে ১২,০০০ টাকা জনাব জামানের হিসাব খাতে ক্রেডিট করা হয়েছে।

২. ইমন কর্তৃক ৬,০০০ টাকার পণ্য উত্তোলন বিক্রয় বহিতে লিপিবদ্ধ করা হয়েছে।

৩. জনাব আলমের নিকট বাকিতে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা ভুলবশত ক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

৪. সালামের নিকট হতে ধারে ১০,০০০ টাকার পণ্য ক্রয় ভুলবশত বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

ক. ১নং ও ২নং ভুলের শ্রেণি উল্লেখ কর। ২

খ. উদঘাটিত ভুলের সংশোধনী জাবেদা দাখিলা লেখ। ৪

গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৩৫,০০০ টাকা বিবেচনা করে বিক্রয় হিসাব তৈরি কর। ৪

৯ ▸ আলম লিমিটেড ২০২০ সালের জুলাই ১ তারিখে ২০,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি আমদানি করে। এটির আমদানি শুল্ক, বহন খরচ ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ২,০০,০০০ টাকা; ৫০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা। যন্ত্রপাতিটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২,০০,০০০ টাকা। প্রতি বছর ডিসেম্বর ৩১ তারিখে হিসাবকাল শেষ হয়। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. যন্ত্রটির অবচয়যোগ্য মূল্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২০ ও ২০২১ সালের জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ নয়ন লিমিটেড ২০২১ সালের ১ জুলাই তারিখে ৩,০০,০০০ টাকা দিয়ে একটি আসবাবপত্র ক্রয় করেন। প্রতিষ্ঠানটি ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকা দিয়ে আরও একটি আসবাবপত্র ক্রয় করে। প্রতি বছর ডিসেম্বর ৩১ তারিখে হিসাবকাল শেষ হয়। অবচয়ের হার ১০%। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে।

ক. সরলরৈখিক পদ্ধতিতে প্রথম দুই বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪

গ. প্রথম দুই বছরের আসবাবপত্র হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ নিম্নে রেওয়ামিলটি জাকির সার্ভিস সেন্টার থেকে নেওয়া হয়েছে :

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব	২৫,০০০	
হাতে নগদ	২৯,০০০	
অগ্রিম ভাড়া	১৮,৫০০	
বেতন খরচ	১৪,৫০০	
অগ্রিম বিমা	২০,০০০	
প্রদেয় হিসাব		২৩,০০০
অফিস সাপ্লাইজ	১০,০০০	
সেবা আয়		১,৩৩,০০০
অনুপার্জিত সেবা আয়		৩১,০০০
মূলধন		৭০,০০০
ভূমি ও দালানকোঠা	১,৩০,০০০	
উত্তোলন	১০,০০০	
	২,৫৭,০০০	২,৫৭,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) ডিসেম্বর ৩১ তারিখে অগ্রিম বিমার পরিমাণ ১২,০০০ টাকা; (২) অনুপার্জিত সেবা আয়ের ১৬,০০০ টাকা অর্জিত হয়েছে; (৩) অফিস সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৫,০০০ টাকা; (৪) ভূমি ও দালানের উপর ১০% অবচয় ধরতে হবে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জাকিরের বইতে প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪

গ. উপরিউক্ত তথ্যাবলি হতে একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ তিশা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

তিশা এন্টারপ্রাইজের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৮০,০০০
৬% ঋণ (১-৭-২৩)		৫০,০০০
বিজ্ঞাপন	৩৬,০০০	
অগ্রিম বিমা	২১,০০০	
নগদ তহবিল	৬৬,০০০	
বেতন	৩২,০০০	
সেবা আয়		১,৫০,০০০
প্রাপ্য হিসাব	৭০,০০০	
প্রদেয় হিসাব		৩০,০০০
অনুপার্জিত সেবা আয়		২০,০০০
আসবাবপত্র	১,৫০,০০০	
উপযোগ খরচ	১৫,০০০	
১০% বিনিয়োগ (১-১০-২৩)	৪০,০০০	
	৪,৩০,০০০	৪,৩০,০০০

সমন্বয়সমূহ : (১) অগ্রিম বিমার ১৮,০০০ টাকা মেয়াদোত্তীর্ণ হয়; (২) সেবা প্রদান করা হয়েছে ১০,০০০ টাকা কিন্তু এখনও বিল করা হয়নি; (৩) অনুপার্জিত সেবা আয় সম্পূর্ণ অর্জিত হয়েছে; (৪) বিজ্ঞাপন খরচ এক-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে।

ক. বিজ্ঞাপন খরচ ও বিনিয়োগের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী তৈরি কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে 'প্রতিদিন স্টোর্সের' রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৬০,০০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	২,৫০,০০০	৪,১০,০০০
ক্রয় পরিবহন	১৫,০০০	
বেতন (১০ মাস)	৩৫,০০০	
বিজ্ঞাপন	১৮,০০০	
উপভাড়া প্রাপ্তি		১২,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৪৫,০০০	২৫,০০০
মূলধন		২,৯৬,০০০
নগদ ও ব্যাংক জমা	৫০,০০০	
অনাদায়ি পাওনা সঞ্চিতি		৩,০০০
অফিস সরঞ্জাম	২,৭০,০০০	
স্থায়ী সম্পদ বিক্রয়জনিত ক্ষতি	৩,০০০	
	৭,৪৬,০০০	৭,৪৬,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫০,০০০ টাকা কিন্তু বাজারমূল্য ৬০,০০০ টাকা; (২) প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) পাওনাদারকে প্রদত্ত ১০,০০০ টাকার চেক প্রত্যাখ্যাত হয়েছে যা হিসাবভুক্ত হয়নি; (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ১,৩৫,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

খ বিভাগ

৩ ▸ শাফিন ট্রেডার্স ২০২৩ সালের ১ জুলাই নগদ ৮০,০০০ টাকা, আসবাবপত্র ৭০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করেন। জুলাই মাসে তার সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ২ বাকিতে মাল ক্রয় ১,২০,০০০ টাকা।
" ৫ দাগকাটা চেকের মাধ্যমে মাল বিক্রয় ১,৫০,০০০ টাকা।
" ৬ অফিস ভাড়া প্রদান ২৫,০০০ টাকা।
" ১২ নগদে মাল বিক্রয় ৫০,০০০ টাকা।
" ২০ ২ তারিখে সংঘটিত লেনদেনের ৬০% পরিশোধ করা হয়েছে।
" ৩১ কর্মচারীর বেতন প্রদান ৩০,০০০ টাকা।

ক. শাফিন ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ৫, ৬ ও ১২ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে কী প্রভাববিস্তার করে তা ট্যাবুলার ছকে উপস্থাপন কর। ৪

গ. চলমান জের ছকে 'বিক্রয় হিসাব' ও 'প্রদেয় হিসাব' তৈরি কর। ৪

৪ ▸ ২০২৩ সালের ১ জানুয়ারি জনাব ইমরানের নগদ ও ব্যাংক উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,২০,০০০ টাকা ও ৭০,০০০ টাকা। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ২ নগদে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা এবং নগদে পণ্য বিক্রয় ৯০,০০০ টাকা।
" ৫ মারুফার নিকট থেকে পণ্য ক্রয় ৭০,০০০ টাকা।
" ৮ দেনাদারের কাছ থেকে প্রাপ্য ১৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা পাওয়া গেল।
" ১১ অবচয় ধার্য করা হলো ২,৫০০ টাকা।
" ১৫ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ২০ মারুফার পাওনার পূর্ণনিষ্পত্তিতে তাকে ৬৯,০০০ টাকা প্রদান করা হলো।
" ২৪ ব্যাংক হতে ব্যবসায়িক প্রয়োজনে উত্তোলন ৭,০০০ টাকা।
" ২৭ বিনামূল্যে পণ্য বিতরণ ৩,০০০ টাকা।
" ৩০ নগদে বেতন প্রদান ৫,০০০ টাকা এবং চেকে ভাড়া পরিশোধ ৪,০০০ টাকা।

ক. অনগদ লেনদেনগুলো উল্লেখ কর। ২

খ. যেসব দফা নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না সেগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৫ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিপা ট্রেডার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫৬,০০০ টাকা।

(২) আদায়ের জন্য প্রেরিত ১৫,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকার মোট তিনটি চেকের মধ্যে ১ম চেকটি আদায় হয়েছে।

(৩) ২০,০০০ টাকার ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৪) ব্যাংক দেনাদার হতে ২৪,০০০ টাকা আদায় করেছে যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ব্যাংক কর্তৃক বিমার কিস্তি পরিশোধ ৭,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৬) ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ৩,০০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১,৫০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. আমানতকারীর বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একক জের পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

৬ ▸ মিরাজ এন্টারপ্রাইজ ২০২২ সালের ১ জুলাই ১,৬০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। ঐ একই তারিখে মেশিনটি সংস্থাপন করা হয় যার জন্য ৪০,০০০ টাকা ব্যয় হয়েছিল। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় গণনা করে এবং প্রতিবছর ৩১ ডিসেম্বর হিসাব বছর শেষ করে।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত? ২
খ. ২০২২ ও ২০২৩ সালের জন্য 'অবচয় হিসাব' ও 'পুঞ্জীভূত অবচয় হিসাব' তৈরি কর। ৪
গ. ২০২২ ও ২০২৩ সালের আর্থিক বিবরণীতে অবচয় ও মেশিন হিসাবের প্রতিফলন দেখাও। ৪

৭ ▸ ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে নাফিস ট্রেডার্সের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	২,৫০,০০০	শেয়ার অধিহার	২০,০০০
ভূমি	১,৫০,০০০	৬% ব্যাংক ঋণ	১,১০,০০০
ইজারা সম্পত্তি	৫০,০০০	সমাপনী মজুদ পণ্য	৪০,০০০
অফিস সরঞ্জাম	১,২০,০০০	বিক্রয়	২,৫০,০০০
সমন্বিত ক্রয়	১,৭৫,০০০	অফিস খরচ	৩০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২৫,০০০	আগুনে বিনষ্ট পণ্য	১৫,০০০
অবচয়	১০,০০০	নগদ ও ব্যাংক জমা	৪৫,০০০
কুঋণ সঞ্চিতি	৫,০০০		

ক. ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ক্রয়কে অন্তর্ভুক্ত করে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

৮ ▸ ২০২১ সালের ১ জানুয়ারি লিমন এন্টারপ্রাইজ ৮,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেন। ২০২৩ সালের ১ অক্টোবর মেশিনটি ৫,০০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতিষ্ঠানটি ২০% ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় গণনা করে এবং প্রতিবছর ৩১শে ডিসেম্বর তারিখে হিসাব শেষ করে।

ক. মেশিন বিক্রয়জনিত লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২২ ও ২০২৩ সালের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. ২০২১ থেকে ২০২৩ পর্যন্ত মেশিন হিসাব তৈরি কর। ৪

৯ ▸ পূর্ণা ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের একটি অশুদ্ধ রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		২,৫২,০০০
ক্রয় ও বিক্রয়	১,৮০,০০০	৩,০০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,২০,০০০	৩০,০০০
যন্ত্রপাতি	১,০০,০০০	
আসবাবপত্র	৭০,০০০	
মজুরি	৫০,০০০	
নগদ ও ব্যাংক জমা	৫০,০০০	
অনিশ্চিত হিসাব	১২,০০০	
	৫,৮২,০০০	৫,৮২,০০০

হিসাব বই যাচাই করে নিম্নলিখিত ভুলগুলো পাওয়া গেল :
(১) ক্রয় হিসাবের যোগফল ৮,০০০ টাকা বেশি দেখানো হয়েছে; (২) যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ৭,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত করা হয়েছে; (৩) প্রদেয় হিসাব পরিশোধ ১০,০০০ টাকা ভুলক্রমে প্রদেয় হিসাবে ক্রেডিট করা হয়েছে; (৪) আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ভুলগুলোর সংশোধনী জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. সংশোধিত রেওয়ামিল তৈরি কর। ৪

১০ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব রিয়াদের রেওয়ামিলটি নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৬০,০০০
ক্রয় ও বিক্রয়	২,৮০,০০০	৪,৮০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৬০,০০০	
প্রাপ্য হিসাব	২,০০,০০০	
বেতন (১০ মাস)	৬০,০০০	
অগ্রিম ভাড়া	৪০,০০০	
	৬,৪০,০০০	৬,৪০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা; (২) ধারে বিক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) অগ্রিম ভাড়া $^{৩}/_{৪}$ অংশ মেয়াদোত্তীর্ণ হয়েছে।

ক. বকেয়া বেতন ও ভাড়া খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪

১১ ▸ মুশফিক ট্রেডার্সের ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে নগদান বই ও ব্যাংক বিবরণীসংক্রান্ত তথ্যগুলো নিম্নে দেওয়া হলো :

(১) নগদান বই অনুসারে ব্যাংক জমার উদ্বৃত্ত ৯০,০০০ টাকা এবং ব্যাংক বিবরণী অনুসারে ব্যাংক জমা ১,২৩,০০০ টাকা।
(২) ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ ৩০,০০০ টাকা এবং শেয়ারের লভ্যাংশ ১০,০০০ টাকা আদায় হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।
(৩) ৪৪,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৪) ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে ৪০,০০০ টাকা উত্তোলন যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ১০,০০০ টাকার জমাকৃত চেক এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
(৬) ২০,০০০ টাকার প্রাপ্য বিল ১৯,০০০ টাকায় বাট্টা করে নগদান বইতে সম্পূর্ণ মূল্যে লেখা হয়েছে।

ক. ক্রেডিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উভয় জের সংশোধন পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. আমানতকারীর বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

সিলেট বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ সাহা ট্রেডার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

সাহা ট্রেডার্স

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২৫,০০০	
ক্রয়	৯৫,০০০	
বিক্রয়		১,৮০,০০০
বেতন খরচ	৩০,০০০	
বিজ্ঞাপন খরচ	৮,০০০	
ভাড়া খরচ	১০,০০০	
পরিবহন খরচ	৪,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
প্রদেয় হিসাব		৫০,০০০
মূলধন		১,৭০,০০০
উত্তোলন	৮,০০০	
আসবাবপত্র	৫০,০০০	
যন্ত্রপাতি	১,০০,০০০	
নগদ তহবিল	১০,০০০	
	৪,০০,০০০	৪,০০,০০০

সমন্বয়সমূহ : (১) বিনামূল্যে পণ্য বিতরণ ৫,২০০ টাকা; (২) ধারে পণ্য ক্রয় হিসাবভুক্ত হয়নি ৬,০০০ টাকা; (৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা; (৪) অপরিশোধিত ভাড়ার পরিমাণ ২,৫০০ টাকা; (৫) সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়পূর্বক মোট মুনাফা নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফার পরিমাণ ২৫,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুতপূর্বক আর্থিক অবস্থার বিবরণীর দায় পার্শ্ব দেখাও। ৪

২ ▸ ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সেবা এন্টারপ্রাইজের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

সেবা এন্টারপ্রাইজ

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	৪০,০০০	
অগ্রিম বিমা খরচ	১২,০০০	
অফিস সরবরাহ	১২,৫০০	
পুঞ্জীভূত অবচয়		৪,০০০
প্রদেয় মজুরি		৬,০০০
অগ্রিম পরিবহন খরচ	৮,৫০০	
সেবা রাজস্ব		৩৫,০০০
অনুপার্জিত সেবা রাজস্ব		৩,০০০
মূলধন		২৫,০০০
	৭৩,০০০	৭৩,০০০

সমন্বয়সমূহ : (১) অব্যবহৃত অফিস সরবরাহ ৪,৫০০ টাকা; (২) অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধার্য কর; (৩) প্রতি মাসে ৬০০ টাকা হারে অগ্রিম বিমা নিঃশেষ হয়; (৪) অনুপার্জিত সেবা রাজস্বের বিপক্ষে ৫০% সেবা প্রদান; (৫) অগ্রিম প্রদত্ত পরিবহন খরচ থেকে ৪,৫০০ টাকার সেবা পাওয়া গেছে।

ক. মোট সেবা রাজস্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায় নির্ণয়পূর্বক কার্যকরী মূলধন দেখাও। ৪

খ বিভাগ

৩ ▸ মি. আরিফ ২০২৩ সালের ১ জুন তারিখে নগদ ৩,২০,০০০ টাকা, ৮০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ১০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায় লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ৩ নগদে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা।
" ৭ বাকিতে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।
" ১০ ১২,০০০ টাকা মাসিক বেতনে একজন কর্মচারী নিয়োগ করা হলো।
" ১৫ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ২৫ বাকিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. ক্রয় হিসাব ও নগদান হিসাব প্রস্তুত কর। ৪

গ. ৩০শে জুন ২০২৩ তারিখে মি. আরিফের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৪ ▸ ২০২৩ সালের মার্চ মাসে মি. হক এন্ড সন্সের ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ নগদ ৩৫,০০০ টাকা ও ৮,০০০ টাকা ব্যাংক জমাতিরিক্ত উদ্বৃত্ত।
" ২ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ৯ রকির নিকট থেকে মাল ক্রয় ১২,০০০ টাকা।
" ১৫ ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো ১৫,০০০ টাকা।
" ১৭ আলমের নিকট পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা।
" ১৮ আসবাবপত্র ক্রয় ৫,০০০ টাকা।
" ২৪ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
" ২৬ রকির পাওনা ২% বাট্টায় পরিশোধ করা হলো।
" ৩০ ব্যাংকে জমা দেওয়া হলো ৩০,০০০ টাকা।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলো লেখ। ২

খ. ২, ৯, ১৫ ও ২৬ তারিখের লেনদেনগুলোর জাবেদা দেখাও। ৪

গ. তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৫ ▸ মনা ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করেন। ২০২৩ সালের এপ্রিল মাসে তার ব্যবসায়ের খুচরা খরচের লেনদেন নিম্নরূপ :

এপ্রিল ১ নগদ তহবিল ১,০০০ টাকা, প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে প্রাপ্তি ২,০০০ টাকা।
" ৩ কাগজ ক্রয় ৩০০ টাকা।
" ৬ কুলি খরচ ১০০ টাকা।
" ১০ ফাইল ক্রয় ১৫০ টাকা।
" ১৫ চা ও কফি ৫০ টাকা।

" ২২ ভ্যান ভাড়া ৪০ টাকা।
" ৩০ বকশিশ ৩০ টাকা।

ক. অগ্রদত্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৬, ১৫, ২২ ও ৩০ তারিখের লেনদেনের জাবেদা দেখাও। ৪
গ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি কর। ৪

৬ ▸ মি. হাবিবের ব্যবসায় ২০২৩ সালের মার্চ মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

মার্চ ১ মূলধন বিনিয়োগ করেন : নগদ ৩০,০০০ টাকা, ব্যাংকে জমা ২০,০০০ টাকা।
" ৫ বাকিতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৭ পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা যার মধ্যে ৩০,০০০ টাকা নগদে।
" ১১ পাওনাদারকে প্রদান ২০,০০০ টাকা।
" ১৫ নগদে উত্তোলন ১,০০০ টাকা।
" ২৫ ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো ৫০,০০০ টাকা।

ক. মি. হাবিবের ব্যবসায় দায়ের পরিমাণ কত? ২
খ. ১ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা প্রস্তুত কর এবং খতিয়ানে স্থানান্তর কর। ৪
গ. ১, ৫, ৭ ও ২৫ তারিখের লেনদেনগুলোর দ্বারা হিসাব সমীকরণের প্রভাব ছকের সাহায্যে দেখাও। ৪

৭ ▸ ওয়ালটন কোম্পানি ১ জানুয়ারি ২০২০ সালে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন বাবদ ৬০,০০০ টাকা ও সংস্থাপন বাবদ ৯০,০০০ টাকা ব্যয় হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা ধরা হয়। প্রতি বছর শেষে ক্রমহ্রাসমান পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর এবং ২০২১ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. প্রথম দুই বছরের অবচয় খরচ হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▸ নিম্নলিখিত লেনদেনগুলো রূপম বিপণির হিসাবের বই থেকে ৩০ জুন ২০২৩ তারিখে নেওয়া হয়েছে :

(i) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ১২,০০০ টাকা।
(ii) ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ ৩,২০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(iii) ব্যাংকে চেক জমা করা হয়েছে ২,১০০ টাকা যা এখনও আদায় হয়নি।
(iv) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংক হিসাবে জমাদান ২,৭০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(v) ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ১০০ টাকা ও ব্যাংক চার্জ ৫০ টাকা যা নগদান বইয়ে লেখা হয়নি।
(vi) পাওনাদার বরাবরে মোট ৫,০০০ টাকার দুটি চেক ইস্যু করা হয়েছিল যার মধ্যে ১,০০০ টাকার একটি চেক ব্যাংকে উপস্থাপন করা হয়েছিল।

ক. আমানতকারীর হিসাবের বইয়ে (v) নং দফার জাবেদা কর। ২
খ. শুধুমাত্র ব্যাংক বিবরণীতে হিসাবভুক্ত করা হয়েছে এইরূপ দফাগুলো চিহ্নিত করে মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৯ ▸ সাহেনা মেশিনারীজ ২০২০ সালে ১ জানুয়ারি তারিখে ৪,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির পরিবহন ব্যয় ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ২০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ধরা হয় ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৫০,০০০ টাকা। প্রতি বছরে ৩১ শে ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. প্রথম ২ বছরের অবচয় সারণি তৈরি কর। ২
খ. ২০২০ ও ২০২১ সালের অবচয় সংশ্লিষ্ট জাবেদা দেখাও। ৪
গ. প্রথম দুই বছরের মেশিন হিসাব ও অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ নাহার ট্রেডার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

নাহার ট্রেডার্স
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৭৫,০০০
সেবা আয়		১,৫০,০০০
আসবাবপত্র	৭০,০০০	
নগদ	১,২৫,০০০	
অগ্রিম বিমা	১৮,০০০	
ভাড়া	২০,০০০	
পুঞ্জীভূত অবচয়		৮,০০০
	২,৩৩,০০০	২,৩৩,০০০

সমন্বয়সমূহ : (১) অনুপার্জিত সেবা আয় ৫,০০০ টাকা, সেবা আয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে; (২) দুই মাসের ভাড়া বকেয়া রয়েছে; (৩) ২০২৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত ১ বছরের বিমা অগ্রিম প্রদত্ত হয়েছে; (৪) আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. ২০২২ সালের ভাড়া খরচ ও বিমা খরচ গণনাসহ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১১ ▸ জোহা ট্রেডার্সের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
সুনাম	১,৪০,০০০	মনিহারি মজুদ (১-১-২৩)	৫,০০০
সোহানকে প্রদত্ত ঋণ	৪০,০০০	বিক্রয়	৫৩,০০০
নগদ তহবিল (৩১-১২-২৩)	৫,০০০	বকেয়া বেতন	৫,০০০
মজুদ পণ্য (৩১-১২-২৩)	২৫,০০০	মনিহারি মজুদ (৩১-১২-২৩)	৮০০
বিক্রয় পরিবহন	৩,২৫০	উত্তোলন	১,০০০
ক্রয় ফেরত	২,০০০	শিক্ষানবিশ সেলামি	১৫,০০০
প্রাপ্য হিসাব	৩১,২০০	আসবাবপত্র	১০,০০০
মূলধন	২,৫০,৪৫০	সম্ভাব্য দায়	৮,০০০
ক্রয়	৬০,০০০	কলকব্জা	২৫,০০০
মজুদ পণ্য (১-১-২৩)	২০,০০০	নগদ তহবিল (১-১-২৩)	৭,০০০
অনুপার্জিত আয়	১০,০০০		

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, এমন দফাগুলো চিহ্নিত কর। ২
খ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. জোহা ট্রেডার্সের হিসাবের বইয়ে ৩১শে ডিসেম্বর ২০২৩ তারিখে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

বরিশাল বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ জনাব হাসানের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	১,২০,০০০	
ব্যাংকে জমা	১,৭৭,৬০০	
মূলধন		২,০০,০০০
উত্তোলন	৪২,০০০	
অনুপার্জিত সেবা আয়		৩৫,০০০
৬% বন্ধকি ঋণ		৬০,০০০
প্রাপ্য হিসাব	৬০,০০০	
প্রদেয় হিসাব		৩০,০০০
সেবা আয়		১,৪৭,০০০
বেতন খরচ (১০ মাস)	২২,০০০	
ভাড়া খরচ (১৫ মাস)	৩৯,০০০	
বিমা খরচ	১৪,০০০	
সাপ্লাইজ	২৮,০০০	
শিক্ষানবিশ সেলামি		৩০,৬০০
	৫,০২,৬০০	৫,০২,৬০০

সমন্বয়সমূহ : (১) সেবা প্রদান করা হয়েছে, কিন্তু বিল এখনও আদায় হয়নি ২৩,০০০ টাকা; (২) বিমা খরচ ৩ বছরের জন্য প্রদান করা হয়েছে; (৩) বছর শেষে ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১৩,০০০ টাকা; (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (৫) অনুপার্জিত সেবা আয়ের দুই-পঞ্চমাংশ উপার্জিত হয়েছে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ মায়া ট্রেডার্সের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

মায়া ট্রেডার্স

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৮,০০০	১০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৫০,০০০	
নগদ তহবিল	৬,০০০	
যন্ত্রপাতি	৭০,০০০	
১০% বিনিয়োগ (১-৭-২৩)	৬০,০০০	
ঋণ		৮০,০০০
পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি		৭,০০০
মূলধন		১,০০,০০০
ক্রয় ও বিক্রয়	৯৫,০০০	১,৪৪,০০০
মজুরি খরচ	৫,০০০	
আসবাবপত্র	৪৫,০০০	
বিজ্ঞাপন	২,০০০	
	৩,৪১,০০০	৩,৪১,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ২০,০০০ টাকা; (২) মজুরি বকেয়া রয়েছে ১,০০০ টাকা; (৩) যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (৪) বিনামূল্যে পণ্য বিতরণ ১,০০০ টাকা। মোট বিজ্ঞাপন খরচের $^{২}/_{৩}$ অংশ বিলম্বিত হবে।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব ফাহাদ ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৩০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ২ তিন মাসের ভাড়া বাবদ ৯,০০০ টাকা পরিশোধ করা হয়।
" ৩ মাসিক ৮,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ দেওয়া হয়।
" ৫ ধারে বিক্রয় করা হয় ২৮,০০০ টাকা।
" ১৫ ২৫,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করেন।
" ২৫ ধারে বিক্রয়ের ১০% অনাদায়ি দেনা ধার্য করা হলো।
" ২৬ মালিক তার ব্যক্তিগত তহবিল হতে ৩,০০০ টাকা আয়কর পরিশোধ করেন।
" ২৭ যন্ত্রপাতির ওপর অবচয় ধার্য করা হলো ২,৭০০ টাকা।
" ২৮ বাকিতে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।
" ৩১ বিজ্ঞাপন বাবদ প্রদান ১,৫০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত কর। ২

খ. ২, ৫, ২৫ ও ২৭ তারিখের লেনদেনগুলোকে আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণিবিন্যাস কর। ৪

গ. ১, ১৫, ২৮ ও ৩১ তারিখের লেনদেনগুলোকে টেব্যুলার ছকের সাহায্যে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▸ ২০২৩ সালের এপ্রিল মাসে জনাব নূরুল মোমেনের ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

এপ্রিল ১ প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ১৫,০০০ টাকা।
" ৬ নগদ ক্রয় ৫,০০০ টাকা এবং চেকে ক্রয় ৩,০০০ টাকা।
" ১২ প্রতীকের দেনার ৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৪,৭০০ টাকার একটি চেক পেয়ে সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১৭ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ১,০০০ টাকা।
" ২২ চেকে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ২৬ ব্যাংকে জমা প্রদান ২০,০০০ টাকা।
" ৩০ আবীরের পাওনার ৪,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৩,৮০০ টাকা প্রদান করা হলো।

ক. মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. এপ্রিল ৬, ১২, ১৭ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. এপ্রিল ১, ১২, ২২, ২৬ ও ৩০ তারিখের লেনদেনের ভিত্তিতে জনাব নূরুল মোমেনের ব্যবসায়ের তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৫ ▸ ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সুমি ট্রেডার্সের হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫৬,০০০ টাকা।
(ii) আদায়ের জন্য প্রেরিত ১৫,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকার মোট তিনটি চেকের মধ্যে ১ম চেকটি আদায় হয়েছে।
(iii) ২০,০০০ টাকার ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(iv) ব্যাংক দেনাদার হতে ২০,০০০ টাকা আদায় করেছে যা নগদান বইতে লেখা হয়নি।
(v) ব্যাংক কর্তৃক বিমার কিস্তি পরিশোধ ৭,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(vi) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ২,৫০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১,৫০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. আমানতকারীর বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একক জের পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ আজাদ ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
বিমা সেলামি	৫,০০০	মূলধন	১,৪২,৫০০
প্রদত্ত বাট্টা	৩,০০০	হাতে নগদ (১-১-২৩)	২৭,০০০
ব্যাংক জমা (১-১-২৩)	১৭,০০০	আমদানি শুল্ক	৩,০০০
হাতে নগদ (৩১-১২-২৩)	৩০,০০০	প্রদেয় হিসাব	১৫,০০০
প্রাপ্য হিসাব	৪২,০০০	বিক্রয়	৭০,০০০
ক্রয়	৪০,০০০	ব্যাংক জমা (৩১-১২-২৩)	৩৪,০০০
বিনিয়োগের সুদ	৪,৫০০	বিনিয়োগ	২৫,০০০
প্রারম্ভিক মজুদ	১১,০০০	আসবাবপত্র	৪৫,০০০
কমিশন প্রাপ্তি	১,০০০		
ব্যাংক জমার সুদ	৫,০০০		

ক. যে সমস্ত দফা রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. মুনাফাজাতীয় আয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য দেখাও। ৪

৭ ▸ লিপটন ট্রেডার্সের হিসাব বইতে রেওয়ামিল তৈরি করার পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

(i) আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা ভুলক্রমে ক্রয় হিসাবে লেখা হয়েছে।
(ii) রহিম থেকে প্রাপ্ত ৫,০০০ টাকা তার হিসাবে ডেবিট করা হয়েছে।
(iii) যন্ত্রপাতি বিক্রয় ১৭,০০০ টাকা, বিক্রয় হিসাবে লিপিবদ্ধ হয়েছে।
(iv) ক্রয় হিসাবের যোগফল ১,১০০ টাকা বেশি দেখানো হয়েছে।

ক. উপর্যুক্ত তথ্য হতে নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত ভুলগুলোর সংশোধনী জাবেদা দাখিলা দাও। ৪
গ. ক্রয় হিসাবের ডেবিট জের ৭০,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ১১,১০০ টাকা ধরে ক্রয় হিসাব ও অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▸ জনাব রনি আহমেদের প্রতিষ্ঠানে ২০২৩ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পন্ন হয় :

জুন ১ নগদ ১৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করা হলো।
" ৫ নগদ ক্রয় ৩,০০০ টাকা।
" ৮ নগদ বিক্রয় ৫,০০০ টাকা।
" ১২ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
" ১৫ অভীকের দেনার ৩,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ২,৮০০ টাকা পাওয়া গেল।
" ২০ শাহীনের পাওনার ২,৫০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ২,৪০০ টাকা পরিশোধ করা হলো।
" ২৫ প্রাপ্য নোটের টাকা নগদে পাওয়া গেল ৪,০০০ টাকা।
" ২৭ প্রদেয় নোটের অর্থ প্রদান ১,৪০০ টাকা।
" ২৮ ধারে ক্রয় ১,২০০ টাকা।
" ৩০ নগদে বেতন প্রদান ১,৭০০ টাকা।

ক. অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

৯ ▸ নিম্নের রেওয়ামিলটি সুমনা ট্রেডার্সের বই হতে সংগৃহীত :

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৫০,০০০
প্রদেয় হিসাব		২৫,০০০
অগ্রিম ভাড়া	১৫,০০০	
প্রাপ্য হিসাব	৪৫,০০০	
অফিস সরঞ্জাম	৫৫,০০০	
সেবা আয়		৮০,০০০
অফিস খরচ	১৭,০০০	
বেতন খরচ	২৩,০০০	
	১,৫৫,০০০	১,৫৫,০০০

সমন্বয়সমূহ : (১) অনুপার্জিত সেবা আয় ১৩,০০০ টাকা সেবা আয়ের অন্তর্ভুক্ত রয়েছে; (২) অগ্রিম ভাড়া ৬,৫০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) অফিস সরঞ্জামের ওপর ১২% অবচয় ধার্য কর; (৪) বেতন বকেয়া রয়েছে ৩,৫০০ টাকা।

ক. মুনাফাজাতীয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে সমন্বয় দাখিলা দেখাও। ৪
গ. দশঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ টাটা কোম্পানি লিমিটেড ১ জানুয়ারি ২০২০ তারিখে ৭,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং মেয়াদ শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা। কোম্পানিটি বর্ষ সংখ্যার পদ্ধতি অনুসরণ করে অবচয় ধার্য করে।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. অবচয় সারণি প্রস্তুত কর। ৪
গ. প্রথম দুই বছরের জন্য জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ মুনলাইট কোম্পানি ২০২১ সালের ১ জুলাই তারিখে ৫,৮০,০০০ টাকা মূল্যের একটি প্রিন্টিং মেশিন আমদানি করে। যার জন্য আমদানি খরচ ৪৫,০০০ টাকা, পরিবহন খরচ ১৫,০০০ টাকা এবং বিশেষজ্ঞের সম্মানী বাবদ ১০,০০০ টাকা ব্যয় করা হয়। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর অনুমান করা হয়। ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০% হারে অবচয় ধার্য করে। প্রতিবছর ৩১শে ডিসেম্বর হিসাব বন্ধ করা হয়।

ক. মেশিনটির প্রারম্ভিক মূল্য নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের অবচয় নির্ণয়পূর্বক পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. প্রথম দুই বছরের আর্থিক বিবরণীতে অবচয় ও মেশিন হিসাব দেখাও। ৪

দিনাজপুর বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ সালমান ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১৮,০০০	
ক্রয়	৬০,০০০	
বিক্রয়		৭০,০০০
মজুরি	৮,০০০	
প্রাপ্য হিসাব	৪৮,০০০	
প্রদেয় হিসাব		২৫,০০০
মনিহারি খরচ	৭,০০০	
সাধারণ খরচ	৮,০০০	
উত্তোলন	৩০,০০০	
মূলধন		১,৬০,০০০
আসবাবপত্র	৫০,০০০	
ব্যাংক জমা	৫,০০০	
৫% ঋণ (৩০-০৪-২০২৩)		২০,০০০
ভাড়া (৩/৪ অংশ)	২১,০০০	
নগদ	২০,০০০	
	২,৭৫,০০০	২,৭৫,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা; (২) বিনামূল্যে পণ্য বিতরণ ৩,৫০০ টাকা; (৩) অলিখিত বিক্রয় ১০,০০০ টাকা; (৪) ব্যবসায়ের প্রয়োজনে নগদ ৪০,০০০ টাকা মূলধন হিসেবে আনলেন।

ক. ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ১৭,৫০০ টাকা ধরে প্রতিষ্ঠানের নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸

আরমান সার্ভিস সেন্টার

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৫০,০০০	
প্রাপ্য হিসাব	১,১০,০০০	
উত্তোলন	১০,০০০	
অফিস সরঞ্জাম	১,২০,০০০	
অনুপার্জিত সেবা আয়		৭০,০০০
প্রদেয় হিসাব		৪২,০০০
বেতন খরচ (১০ মাস)	২০,০০০	
মূলধন		৮০,০০০
ভাড়া খরচ	২২,০০০	
সেবা আয়		১,৩০,০০০
উপযোগ খরচ	৮,০০০	
সুদ আয়		২৩,০০০
অফিস খরচ	৫,০০০	
	৩,৪৫,০০০	৩,৪৫,০০০

সমন্বয়সমূহ : (১) অনুপার্জিত সেবা আয়ের ৫০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (২) ভাড়া প্রদানের মাসিক হার ২,০০০ টাকা; (৩) অফিস সরঞ্জামের উপর ১০% অবচয় ধার্য কর।

ক. বকেয়া বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১শে ডিসেম্বর ২০২৩ তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে দায় ও মালিকানাস্বত্ব নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব হৃদয় একজন আইনজীবী। ২০২৪ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের সংঘটিত ঘটনা ও লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ১ আইন ব্যবসায়ে ৫০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।
" ১ মাসিক ১০,০০০ টাকা বেতনে একজন আইন সহকারী হিসেবে নিয়োগ দেয়া হলো।
" ৩ আইনি সেবা প্রদান করে নগদ পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ৭ ধারে ২৫,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয় করা হলো।
" ১০ মেয়ের স্কুলের বেতন ৪,০০০ টাকা ব্যক্তিগত তহবিল হতে পরিশোধ করা হলো।
" ১৫ জানুয়ারি মাসের ভাড়া প্রদান করা হলো ৭,০০০ টাকা।
" ২২ ৭ তারিখের ক্রয় বাবদ প্রদেয় হিসাব পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
" ৩১ আইন সহকারীর মাসিক বেতন পরিশোধ করা হলো।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত কর। ২

খ. জানুয়ারি ১ থেকে জানুয়ারি ১৫ তারিখ পর্যন্ত লেনদেনের দ্বারা হিসাব সমীকরণের উপাদানসমূহের প্রভাব ছক আকারে দেখাও। ৪

গ. প্রতিটি লেনদেনের সংশ্লিষ্ট হিসাব ও শ্রেণি উল্লেখ কর। (আধুনিক পদ্ধতিতে) ৪

৪ ▸ জনাব হাবীব ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ৪ ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা।
" ১০ আসিফের কাছ থেকে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।
" ১৫ ব্যাংক থেকে উত্তোলন করা হলো ৩০,০০০ টাকা।
" ২০ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ বিক্রয়কর্মী আবিদকে বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ৩১ বিজ্ঞাপন ব্যয় চেকে প্রদান ২,০০০ টাকা।

ক. ব্যাংকের সমাপনী জের নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ১৫ থেকে জানুয়ারি ৩১ তারিখ পর্যন্ত লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

গ. ক্রয় হিসাব এবং নগদান হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ সুরমা ট্রেডার্সের নিম্নলিখিত লেনদেনগুলো ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে সংঘটিত হয়েছে :

ফেব্রু. ৬ মি. রফিকের কাছ থেকে তার ১,২০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ১,১৪০ টাকার একটি চেক পাওয়া গেছে।
" ১২ ১০% বাট্টায় মারুফের নিকট পণ্য বিক্রয় ১২,০০০ টাকা।
" ১৫ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ১,৫০০ টাকা ব্যাংক থেকে উত্তোলন করা হয়েছে।
" ২০ আকিফের কাছ থেকে ১০% বাট্টায় ৩০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।

" ২৫ মারুফের কাছ থেকে ২% বাট্টা বাদে ১০,৫৮৪ টাকা পাওয়া গেল।

" ২৮ শামীমকে ৫% বাট্টায় নগদ প্রদান ১৯,০০০ টাকা।

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. লেনদেনগুলো দ্বারা একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর, ধরি ১ ফেব্রুয়ারিতে নগদ উদ্বৃত্ত ৩৫,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৫,০০০ টাকা। ৪

৬ ▸ ২০২৪ সালের মার্চ মাসে জনাব সুমনের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ নগদ ৭০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

" ৫ ২% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।

" ১০ চেকে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

" ১২ বেতন প্রদান ৫,০০০ টাকা।

" ১৫ সাব্বিরের নিকট পাওনা ৪০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৩৯,২০০ টাকা পাওয়া গেল।

" ২০ ব্যাংকে জমা দেয়া হলো ১৫,০০০ টাকা।

" ২৫ যন্ত্রপাতি ক্রয় ২৫,০০০ টাকা।

" ৩০ সুদ পাওয়া গেল ১,৫০০ টাকা।

" ৩১ সেলিমের ২০,০০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তিতে ১৯,৫০০ টাকা প্রদান করা হলো।

ক. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপরিউক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৭ ▸ শাফিন এন্টারপ্রাইজের ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

১. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।

২. জমাকৃত চেক বা ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৩,০০০ টাকা।

৩. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।

৪. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৫০ টাকা।

৫. ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপন করা হয়নি ২,০০০ টাকা।

৬. ব্যাংকে জমাকৃত চেক যা অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।

৭. আদায়ের জন্য জমাকৃত চেক যা আদায় হয়নি ৩,০০০ টাকা।

৮. ব্যাংক প্রদেয় বিলের অর্থ পরিশোধ করেছে যা নগদান বইতে লেখা হয়নি ৫০০ টাকা।

৯. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা; যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১ থেকে ৫ পর্যন্ত দফাসমূহ দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩, ৪, ৮ এবং ৯ নং লেনদেন দ্বারা জাবেদা প্রস্তুত কর। ৪

৮ ▸ ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে আরিফের বই থেকে একটি অশুদ্ধ রেওয়ামিল এবং অন্যান্য উপাত্ত পাওয়া যায়, যা নিম্নরূপ :

আরিফের

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৩০,০০০
সমাপনী মজুদ		১৪,০০০
ঋণ		১৫,০০০
বিক্রয়		৬০,০০০
বহিঃপরিবহন		২,৬০০
প্রদেয় হিসাব		৬,০০০
শিক্ষানবিশ সেলামি	৩,৬০০	
প্রাপ্য হিসাব	২৯,০০০	
আসবাবপত্র	২৮,০০০	
বকেয়া বেতন	৪,০০০	
মজুরি	১৩,০০০	
আমদানি শুল্ক	৫,০০০	
ক্রয়	৩৫,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	১০,০০০	
	১,২৭,৬০০	১,২৭,৬০০

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. সঠিক রেওয়ামিল তৈরি কর। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▸ মিতু লি. এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
অগ্রিম বিমা	৫,০০০
সেবা আয়	৬০,০০০
বেতন খরচ	১৫,০০০
৭% বিনিয়োগ (০১-০৭-২০২৩)	১০,০০০
উপযোগ খরচ	১২,০০০
হাতে নগদ	১৮,০০০

অসমন্বিত দফাসমূহ : (১) ১,৫০০ টাকা অগ্রিম বিমা মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (২) ধারে ২,৫০০ টাকা সেবা প্রদান করা হয়েছে; (৩) বেতন বকেয়া রয়েছে ১,০০০ টাকা; (৪) উপযোগ খরচ বকেয়া রয়েছে ৩,০০০ টাকা।

ক. বিনিয়োগের অনাদায়ি সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪

গ. দশ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে সায়হাম কোম্পানি লিমিটেড ১,৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা; আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ২০২৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে মেশিনটি ১,১৫,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের হিসাববর্ষ শেষ হয়। প্রতিষ্ঠানটিতে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিন বিক্রয়জনিত লাভ/ক্ষতি নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ২০২১ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ কুশিয়ারা এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি ৩,৭০,০০০ টাকা মূল্যে একটি মেশিন ক্রয় করে। মেশিনটির বহন ব্যয় এবং সংস্থাপন ব্যয় যথাক্রমে ২০,০০০ টাকা ও ১০,০০০ টাকা ছিল। মেশিনটির অনুমিত আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৪০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে মেশিনটির অবচয় ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. অবচয়ের হার ও ১ম বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১ম ২ বছরের জন্য অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

গ. ১ম ২ বছরের জন্য মেশিন হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত কর। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ প্রিয়াংকা স্টুডিও এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

প্রিয়াংকা স্টুডিও
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		২,১০,০০০
৫% বিনিয়োগ (০১.০৩.২০২৩)	১,২০,০০০	
অতিরিক্ত মূলধন		১০,০০০
স্টুডিও যন্ত্রপাতি	২,০০,০০০	
অফিস সাপ্লাইজ	৫,০০০	
১২% প্রদেয় নোট		৫০,০০০
বেতন খরচ (২/৩ অংশ)	১৪,৪০০	
ভাড়া খরচ	১০,০০০	
পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি		৫,০০০
প্রদেয় হিসাব		৪১,০০০
ছবি তোলা হতে আয়		৮৯,৪০০
অনুপার্জিত আয়		১২,০০০
প্রাপ্য হিসাব	৪৭,০০০	
নগদ তহবিল	১৬,০০০	
কমিশন খরচ	৫,০০০	
	৪,১৭,৪০০	৪,১৭,৪০০

সমন্বয়সমূহ : (১) ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুপার্জিত সেবা আয়ের ১০,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (২) অফিস সাপ্লাইজ খরচের পরিমাণ ৪,০০০ টাকা এবং প্রদেয় নোটের ওপর ছয় মাসের সুদ অপরিশোধিত রয়েছে; (৩) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়; (৪) স্টুডিও যন্ত্রপাতির ওপর ৫% হারে অবচয় ধরতে হবে।

ক. বেতন খাতের মোট অপরিশোধিত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে নিট লাভ বা নিট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের প্রিয়াংকা স্টুডিও এর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ বলাকা এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

বলাকা এন্টারপ্রাইজের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন ও মূলধন	২৩,০০০	৯৮,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১৩,৫০০	
ক্রয় ও বিক্রয়	৫৭,০০০	৭৭,০০০
ব্যাংক জমাতিরিক্ত		২০,০০০
জীবন বিমা প্রিমিয়াম	৪,০০০	
বকেয়া বেতন		১,৫০০
বেতন খরচ	১০,০০০	
আইন খরচ	১,৫০০	
আসবাবপত্র	৩০,০০০	
বিক্রয় পরিবহন খরচ	৩,০০০	
সরবরাহ মান	৫০,০০০	
সাধারণ খরচ	৪,৫০০	
	১,৯৬,৫০০	১,৯৬,৫০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৩৪,০০০ টাকা যার ক্রয়মূল্য ৪০,০০০ টাকা; (২) বছর শেষে অব্যবহৃত মনিহারির পরিমাণ ৫০০ টাকা এবং আইন খরচ বাবদ বকেয়া রয়েছে ১,০০০ টাকা; (৩) আসবাবপত্রের ওপর ৫% এবং সরবরাহ মানের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে; (৪) নিম্নমানের জন্য ৩,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।

ক. বলাকা এন্টারপ্রাইজের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. বলাকা এন্টারপ্রাইজের আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. বলাকা এন্টারপ্রাইজের মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ মি. সুমন সাগর ২০২২ সালের ১ মার্চ তারিখে নগদ ৭৫,০০০ টাকা; আসবাবপত্র ৬০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা নিয়ে কারবার শুরু করেন। প্রতিষ্ঠানটির মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ২ বাকিতে মাল ক্রয় ৮০,০০০ টাকা।
" ৫ দাগকাটা চেকের মাধ্যমে মাল বিক্রি ১,২০,০০০ টাকা।
" ৮ অফিস ভাড়া বাবদ অগ্রিম প্রদান ১৯,০০০ টাকা।
" ১২ প্রদেয় হিসাবের বিপরীতে ২৫,০০০ টাকার নোট ইস্যু করা হলো।
" ১৮ নগদে মাল বিক্রয় ৯০,০০০ টাকা।
" ৩০ অফিস কর্মচারীদের বেতন প্রদান ৩২,০০০ টাকা।
" ৩০ পাওনাদারকে নগদ প্রদান ৩০,০০০ টাকা।
" ৩১ অফিস ভাড়া সমন্বয় করা হলো।

ক. উপরিউক্ত তথ্যাবলির আলোকে মি. সুমন সাগরের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৫, ৮, ১২ এবং ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪
গ. ১, ২, ১৮ ও ৩০ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে কী প্রভাব পড়ে তা ট্যাবুলার ছকে উপস্থাপন কর। ৪

৪ ▸ বধুয়া জেনারেল স্টোরের পণ্য বিক্রয়সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২২
মার্চ ৫ মিশু অ্যান্ড ব্রাদার্সের নিকট বাকিতে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা; চালান নং ২০৮।
" ১২ আশিক অ্যান্ড কোং এর নিকট বাকিতে ৫% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা; চালান নং ৩০৪।
" ১৮ জেরিন অ্যান্ড কোং এর নিকট বাকিতে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা; চালান নং ৩০৫।
" ২০ স্বর্ণা অ্যান্ড কোং এর নিকট বাকিতে পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা; চালান নং ৩১২।
" ২২ বিথিকা ব্রাদার্সের নিকট নগদে মাল বিক্রয় ২০,০০০ টাকা।
" ৩১ বেঙ্গল ব্রাদার্সের নিকট বাকিতে কিছু পুরাতন কাগজপত্র বিক্রয় ২০,০০০ টাকা।

ক. বধুয়া জেনারেল স্টোরের বিক্রয় জাবেদায় কোন কোন খাতগুলো হিসাবভুক্ত হবে না? ২
খ. বধুয়া জেনারেল স্টোরের হিসাব বইতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. চলমান জের পদ্ধতির ছকে দেনাদারদের চারটি খতিয়ান প্রস্তুত কর। ৪

৫ ▸ মি. হুমায়ুন ব্রাদার্সের ২০২৩ সালের জুন মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত ৬০,০০০ টাকা।
" ৩ মাল ক্রয় নগদে ২৫,০০০ টাকা এবং বাকিতে ২০,০০০ টাকা।
" ৫ মাল বিক্রয় নগদে ৫০,০০০ টাকা এবং বাকিতে ৩৫,০০০ টাকা।
" ৬ পাওনাদারকে নগদ প্রদান ১০,০০০ টাকা।

" ৮ ৭,৫০০ টাকার দেনাদারের কাছ থেকে পূর্ণ নিষ্পত্তিতে ৭,৩০০ টাকা পাওয়া গেল।
" ১২ ব্যাংকে জমা দেওয়া হলো ১৫,০০০ টাকা।
" ১৮ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৩,৫০০ টাকা।
" ২০ ব্যাংক সুদ মঞ্জুর করেছে ৩০০ টাকা।
" ২৫ কারবারের প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৬৫,০০০ টাকা।
" ২৮ প্রাপ্য হিসাব থেকে প্রাপ্তি ২২,০০০ টাকা।
" ৩০ কারবারের পুরাতন কাগজপত্র বিক্রি ৩,০০০ টাকা।

ক. ৮ এবং ২৫ তারিখের লেনদেন দুটির জাবেদা দেখাও। ২
খ. উল্লিখিত লেনদেনগুলোর নগদ প্রাপ্তি খাতসমূহ দিয়ে একটি 'নগদ প্রাপ্তি জাবেদা' প্রস্তুত কর। ৪
গ. ১, ৩, ৫, ৮, ১২, ২৫ ও ২৮ তারিখের লেনদেনের ভিত্তিতে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▸ মেসার্স বিন্দুবাসিনী ট্রেডার্সের লেনদেনগুলোর মধ্য থেকে নিম্নলিখিত হিসাব খাতগুলো গ্রহণ করা হয়েছে :

২০২৩
জানু. ১ নগদে মূলধন আনা হলো ১,০০,০০০ টাকা।
" ২ মাল ক্রয় (নগদে) ৫০,০০০ টাকা।
" ৫ মাল বিক্রয় (নগদে) ৮০,০০০ টাকা।
" ৮ আসবাবপত্র কেনা হলো ৩০,০০০ টাকা।
" ১২ বৈদ্যুতিক মিস্ত্রীর বিল পরিশোধ ৮০০ টাকা।
" ৩১ কর্মচারীদের বেতন পরিশোধ ৩৫,০০০ টাকা।

ক. ১ ও ৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা প্রস্তুত কর। ২
খ. উপরিউক্ত লেনদেনগুলো দ্বারা চলমান জের ছকে নগদান ও মূলধন হিসাব প্রস্তুত কর। ৪
গ. ১, ৮, ১২ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪

৭ ▸ মহানন্দা ট্রেডার্সের ২০২২ সালের জুন মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ নগদ উদ্বৃত্ত ৯০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ১,১০,০০০ টাকা।
" ৩ ক্রয়–নগদে ২০,০০০ টাকা এবং চেকে ১৫,০০০ টাকা।
" ১০ মালিকের ব্যক্তিগত ঋণ চেকে পরিশোধ করা হলো ২৫,০০০ টাকা।
" ১৮ ৩২,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে মি. আফজালের কাছ থেকে ৩১,২০০ টাকার একখানা চেক পাওয়া গেল।
" ২৫ সরঞ্জাম ক্রয় ৫০,০০০ টাকা।
" ২৮ ১৮ তারিখের প্রাপ্ত চেকটি প্রত্যাখ্যাত হলো।
" ৩০ সরঞ্জামের অবচয় ধরা হলো ১,০০০ টাকা।

ক. নগদ ও ব্যাংক সম্পর্কিত নয় এমন লেনদেনগুলোর মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১০, ১৮, ২৮ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৮ ▸ ইব্রাহিম স্টোরের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ছিল ৫০,০০০ টাকা। কিন্তু উক্ত উদ্বৃত্তের সাথে নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের গরমিল পরিলক্ষিত হয়। গরমিলসমূহ নিম্নরূপ :

১. দেনাদারের কাছ থেকে প্রাপ্ত ৫,০০০ টাকা ও ৬,০০০ টাকার দুটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছিল। কিন্তু ৩১ ডিসেম্বরের মধ্যে শুধু প্রথম চেকটি ব্যাংক কর্তৃক আদায় হয়েছে।
২. প্রাপ্য হিসাবের ৬,০০০ টাকা সরাসরি ব্যাংক কর্তৃক আদায় হয়েছে যা নগদান বইতে লেখা হয়নি।
৩. ইস্যুকৃত চেক এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি ৮,০০০ টাকা।
৪. বিজ্ঞাপন খরচের জন্য ৫,০০০ টাকার চেক ইস্যু করে কিন্তু ভুলে নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংক জমার সুদ ৭৫০ টাকা এবং ব্যাংক চার্জ ৩৫০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

ক. নগদান বইতে লেখা হয়নি এমন দফাগুলোর সমষ্টি নির্ণয় কর। (একক জের পদ্ধতি অনুসারে) ২
খ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে একখানা ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২, ৪ ও ৫ নং দফাগুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৯ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব আহমেদ মুসার ব্যবসায় প্রতিষ্ঠানের খতিয়ানের জেরগুলো ছিল নিম্নরূপ :

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২০,০০০	নগদ তহবিল	৫,০০০
বিক্রয়	১,০০,০০০	ক্রয়	৫০,০০০
প্রদেয় হিসাব	৫০,০০০	প্রাপ্য হিসাব	৪৩,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১০,০০০	যন্ত্রপাতি	২৫,০০০
নগদ তহবিল (১.১.২৩)	১০,০০০	ভূমি	১,০০,০০০
বন্ধকি ঋণ	৭০,০০০	অগ্রিম ভাড়া	৭,০০০
কুঋণ	৫,০০০	উপভাড়া	১০,০০০
সমাপনী মজুদ পণ্য	১০,০০০	বেতন	১৫,০০০
		অফিস সরঞ্জাম	২৫,০০০
		মূলধন	৭৫,০০০

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. সমন্বিত ক্রয়ের জের ধরে উপরিউক্ত খতিয়ানের জেরগুলো অবলম্বন করে একখানা রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. জনাব আহমেদ মুসার চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

১০ ▸ ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুত সেবক এন্টারপ্রাইজের রেওয়ামিলটি নিম্নরূপ :

সেবক এন্টারপ্রাইজের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
বেতন খরচ	৩,২০০	
প্রাপ্য নোট	২,৩০০	
সেবা আয়		১৬,৬২০
নগদ	২০,০০০	
প্রাপ্য হিসাব	৩০,৯২০	
সাপ্লাইজ	১,০৫০	
প্রদেয় হিসাব		১০,০০০
প্রদেয় নোট		১২,৩৫০
মূলধন		২০,০০০
উত্তোলন	৫০০	
	৫৫,৯৭০	৫৫,৯৭০

সমন্বয়সমূহ : (১) সাপ্লাইজ মজুদ আছে ৮৫০ টাকা; (২) সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনও বিল পাওয়া যায় নি ৫০০ টাকা।

ক. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে একটি কার্যপত্র প্রস্তুত কর। (সমন্বিত রেওয়ামিল পর্যন্ত) ৪
গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে সমাপনী জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ মাধব এন্টারপ্রাইজ ২০২২ সালের ১ জানুয়ারি ৩,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন আমদানি করে। যার আমদানি শুল্ক ও জাহাজ ভাড়া যথাক্রমে ৩০,০০০ টাকা ও ২০,০০০ টাকা। মেশিনটি ১ মার্চ তারিখে ১০,০০০ টাকা ব্যয়ে সংস্থাপন করা হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৪০,০০০ টাকা ধারণা করা হয়।

ক. আমদানিকৃত মেশিনটির ক্রয়মূল্য নির্ণয় কর। ২
খ. সরলরৈখিক পদ্ধতিতে ২০২২ ও ২০২৩ সালের অবচয় ধার্যপূর্বক জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ২০২২ ও ২০২৩ সালের জন্য মাধব এন্টারপ্রাইজের অবচয় হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ নিবিড় এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো :

নিবিড় এন্টারপ্রাইজের
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ	২৫,০০০	
ক্রয়	৯০,০০০	
বিক্রয়		১,৮০,০০০
ক্রয় ও বিক্রয় বাট্টা	৫,০০০	৩,০০০
বেতন	৩০,০০০	
বিজ্ঞাপন	৮,০০০	
ভাড়া	১০,০০০	
পরিবহন	৪,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
প্রদেয় হিসাব		৫০,০০০
মূলধন		১,৬৭,০০০
উত্তোলন	৮,০০০	
আসবাবপত্র	৫০,০০০	
যন্ত্রপাতি	১,০০,০০০	
নগদ তহবিল	১০,০০০	
	৪,০০,০০০	৪,০০,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) বিনামূল্যে পণ্য বিতরণ ৫,২০০ টাকা; (২) ধারে পণ্য ক্রয় হিসাবভুক্ত হয়নি ৬,০০০ টাকা; (৩) মালিক কর্তৃক ক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৩,০০০ টাকা যার বাজারমূল্য ৫,০০০ টাকা; (৪) অপরিশোধিত ভাড়া ২,৫০০ টাকা; (৫) সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. একটি আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২৫,০০০ টাকা নিট মুনাফা ধরে মালিকানাস্বত্বের বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ মনা ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

মনা ট্রেডার্সের
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	৪০,০০০	
অগ্রিম বিমা ব্যয়	১২,০০০	
অফিস সরবরাহ	১২,৫০০	
পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম)		৪,০০০
প্রদেয় মজুরি		৬,০০০
অগ্রিম পরিবহন খরচ	৮,৫০০	
সেবা আয়		৩৫,০০০
অনুপার্জিত সেবা আয়		৩,০০০
মূলধন		২৫,০০০
	৭৩,০০০	৭৩,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) অব্যবহৃত অফিস সরবরাহ ৪,৫০০ টাকা; (২) অফিস সরঞ্জামের উপর ১০% হারে অবচয় ধার্য হয়েছে; (৩) প্রতিমাসে ৬০০ টাকা হারে অগ্রিম বিমা নিঃশেষ হয়; (৪) অনুপার্জিত সেবা আয়ের বিপক্ষে ৫০% সেবা প্রদান; (৫) অগ্রিম প্রদত্ত পরিবহন ব্যয় থেকে ৪,৫০০ টাকার সেবা পাওয়া গেছে; (৬) সেবা প্রদত্ত হয়েছে কিন্তু এখনো পাওয়া যায়নি ৫,০০০ টাকা।

ক. মোট রাজস্ব আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ডিসেম্বর ৩১, ২০২২ সালের আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদ পার্শ্ব দেখাও। ৪

খ বিভাগ

৩ ▸ মি. রহমান ২০২২ সালের ১ জুন ব্যাংক জমা ২০,০০০ টাকা, নগদ ৩০,০০০ টাকা, প্রদেয় হিসাব ১৪,০০০ টাকা ও আসবাবপত্র ১৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

২০২২

জুন ৩ ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো ১০,০০০ টাকা।
" ৮ নগদে যন্ত্রপাতি ক্রয় ৫,০০০ টাকা।
" ১৩ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার মধ্যে নগদে পাওয়া গেল ১২,০০০ টাকা।
" ১৭ বেতন প্রদান ৬,০০০ টাকা।
" ২২ নগদে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
" ৩০ ১০% সুদে বিনিয়োগ করা হলো ২০,০০০ টাকা।

ক. উক্ত মাসে রহমানের দায়ের পরিমাণ কত? ২

খ. ১, ১৭, ২২ ও ৩০ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

গ. উক্ত মাসের শেষে মি. রহমানের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৪ ▸ মি. সাকিবের হিসাব বই থেকে নিম্নের ঘটনাগুলো নেওয়া হয়েছে :

২০২২

জানু. ১ মি. সাকিব নগদ ২০,০০০ টাকা; ৫,০০০ টাকার পণ্যদ্রব্য ও ৪,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ৩ ৫,০০০ টাকার মাল ধারে ক্রয় করেন এবং নগদে ক্রয় করেন ৭,০০০ টাকার পণ্য।
" ৯ ২০,০০০ টাকা মাসিক বেতনে ১ জন কর্মচারী নিয়োগ দেন।
" ১৫ নগদে মাল বিক্রয় করেন ১০,০০০ টাকা, ধারে ১৫,০০০ টাকা।
" ২০ আয়কর প্রদান করেন ৩,০০০ টাকা।
" ২৫ মজুরি প্রদান করে ১,৫০০ টাকা।
" ৩১ ক্রয়ের ফরমায়েশ প্রদান ২৫,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত কর। ২

খ. ১, ৩, ১৫ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা কর। ৪

গ. ক্রয় হিসাব ও বিক্রয় হিসাব তৈরি কর। ৪

৫ ▸ মি. করিম ২০২২ সালের ১ জানুয়ারি নগদ ১৫,০০০ টাকা, পণ্যদ্রব্য ৪০,০০০ টাকা, আসবাবপত্র ১০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

২০২২

জানু. ৬ পণ্য বিক্রয় ৮,০০০ টাকা।
" ১০ ভাড়া প্রদান ৪,০০০ টাকা।
" ১৪ বাকিতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১৬ মালিকের ব্যক্তিগত খরচ ব্যবসায় হইতে প্রদান ৫,০০০ টাকা।

" ২৫ পাওনাদারকে পরিশোধ ৪,০০০ টাকা, বাট্টা প্রাপ্তি ১০০ টাকা।
" ৩১ বেতন প্রদান ১,৫০০ টাকা।

ক. ২০২২ সালের ১ জানুয়ারি তারিখের মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১, ১৪, ১৬ এবং ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা তৈরি প্রস্তুত কর। ৪

৬ ▸ শিহাব ট্রেডার্সের হিসাব বইতে লেনদেনগুলো নিম্নরূপ :

২০২২
জুন ১ নগদ উদ্বৃত্ত ১৮,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা।
" ২ প্রাপ্য হিসাব হতে নগদ আদায় ৮,০০০ টাকা এবং চেক মারফত আদায় ১১,৫০০ টাকা।
" ৪ প্রাপ্য হিসাব হতে প্রাপ্ত চেকটি ব্যাংকে জমা দেওয়া হলো।
" ৯ পণ্য ক্রয় ২৮,০০০ টাকা, যার মধ্যে ৯,০০০ টাকা নগদে পরিশোধ করা হলো।
" ২০ চেক মারফত বিদ্যুৎ বিল পরিশোধ ২,০০০ টাকা।
" ২৭ চেক মারফত প্রদেয় হিসাব পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
" ৩০ হাতে নগদ ৪,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা করা হলো।

ক. কন্ট্রা দাখিলার জাবেদা প্রস্তুত কর। ২
খ. একটি দুইঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. ২, ৪, ৯ ও ২০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দেখাও। ৪

৭ ▸ মি. সুমনের ব্যাংক বিবরণী মোতাবেক ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংক জমার পরিমাণ ছিল ৪২,০০০ টাকা। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

(১) ১৫,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপন করা হয় নাই।
(২) ২০,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে যা এখনও আদায় হয় নাই।
(৩) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৫,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয় নাই।
(৪) ব্যাংক কর্তৃক ১০,০০০ টাকার প্রদেয় বিল পরিশোধ যা নগদানভুক্ত হয় নাই।
(৫) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা আদায় হয়েছে, যা নগদান বইতে লেখা হয় নাই।
(৬) ব্যাংক ৫০০ টাকা সার্ভিস চার্জ কর্তন করেছে কিন্তু নগদান বইতে লেখা হয় নাই।

ক. ব্যাংক বিপরীতে লেখা হয়নি, এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২
খ. ৩নং, ৪নং, ৫নং ও ৬নং দফার জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

৮ ▸ হারুন ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
হাতে নগদ (০১-০১-২০২২)	১৫,০০০
কলকব্জা	৪২,০০০
১০% ব্যাংক ঋণ	১০,০০০
বকেয়া ভাড়া	২,০০০
আসবাবপত্র	১০,০০০
ব্যাংক জমার উদ্বৃত্ত (০১-০১-২০২২)	১২,০০০
সুনাম	১০,০০০
হাতে নগদ (৩১-১২-২০২২)	৮,০০০
লভ্যাংশ প্রদান	৫,০০০
মূলধন	৭৫,০০০
ক্রয়	৫০,০০০
বিজ্ঞাপন	৫,০০০
প্রদেয় হিসাব	১৫,০০০
বিক্রয়	৭০,০০০
মজুদ পণ্য (০১-০১-২০২২)	১০,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০২২)	২৮,০০০
বিক্রয় বাট্টা	২,০০০
ব্যাংক জমা (৩১-১২-২০২২)	২০,০০০
প্রাপ্য হিসাব	১০,০০০

ক. যে সকল দফা রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তা এবং তার পরিমাণ দেখাও। ২
খ. মোট সম্পত্তি ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২২ সালের সমাপ্ত বছরে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▸ পলাশ ট্রেডার্স ২০২০ সালের ১ এপ্রিল তারিখে ৫,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ২০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ধরা হয় ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ১,২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর হিসাবকাল শেষ হয়। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম দু বছরের অবচয় সারণি প্রস্তুত কর। ২
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম দু বছরের জাবেদা প্রস্তুত কর। ৪
গ. ২০২২ সাল পর্যন্ত মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ রতন ব্রাদার্সের ৩১ মার্চ ২০২২ সালের প্রথম ত্রৈমাসিক রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

রতন ব্রাদার্সের রেওয়ামিল
৩১ মার্চ, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৪০,০০০
নগদ তহবিল	২০,০০০	
সেবা আয়		৬০,০০০
অনুপার্জিত সেবা আয়		১২,০০০
সাপ্লাইজ	৮,০০০	
বেতন খরচ (৩/৪)	১৮,০০০	
অগ্রিম বিমা	৬,০০০	
যন্ত্রপাতি	৬০,০০০	
	১,১২,০০০	১,১২,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) ৩১ মার্চ অনুত্তীর্ণ বিমার পরিমাণ ২,০০০ টাকা; (২) অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১,২০০ টাকা; (৩) অনুপার্জিত সেবা আয়ের এক-তৃতীয়াংশ অর্জিত হয়েছে; (৪) প্রাপ্য সেবা আয় ২,০০০ টাকা।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. সমন্বিত রেওয়ামিল তৈরি কর। ৪

১১ ▸ ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে মেঘনা কোম্পানি ৬,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। উক্ত তারিখের মেশিনটির পরিবহন ব্যয় বাবদ ২০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ৩০,০০০ টাকা প্রদান করে। মেশিনটির ১ বছরের বিমা খরচ বাবদ সাধারণ বিমাকে ২০,০০০ টাকা প্রদান করে। মেশিনের আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ডিসেম্বর মাসের ৩১ তারিখে হিসাব সমাপ্ত করে এবং সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. মেশিনের অবচয়যোগ্য মূল্য ও বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রথম তিন বছরের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. মেশিন হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব (মেশিন) প্রস্তুত কর (তিন বছরের)। ৪

রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে আলম সার্ভিস সেন্টারের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	২৫,০০০	
সাপ্লাইজ	২০,০০০	
অগ্রিম বিমা	২৪,০০০	
ভূমি	১,৫০,০০০	
অফিস সরঞ্জাম	৭,০০,০০০	
আসবাবপত্র	১,৭০,০০০	
প্রদেয় হিসাব		৫৩,০০০
অনুপার্জিত সেবা আয়		৩৬,০০০
১০% বন্ধকি ঋণ (১-৭-২০২২)		৪,০০,০০০
মূলধন		৫,৫০,০০০
সেবা আয়		৯২,০০০
বিজ্ঞাপন খরচ	৫,০০০	
বেতন খরচ	৩০,০০০	
উপযোগ খরচ	১১,০০০	
কমিশন প্রাপ্তি		৪,০০০
	১১,৩৫,০০০	১১,৩৫,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) অগ্রিম বিমা ৩ বছরের জন্য প্রদত্ত হয়েছে; (২) বছর শেষে সাপ্লাইজ মজুদ আছে ১০,০০০ টাকা; (৩) অনুপার্জিত সেবা আয়ের অর্জিত হয়েছে ২৪,০০০ টাকা; (৪) বেতন অপরিশোধিত ৭,০০০ টাকা।

ক. বন্ধকি ঋণের প্রদেয় সুদ এবং বিমা খরচ কত টাকা? ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▸ রহমান ট্রেডার্সের ২০২২ সালের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২৫,০০০	১৫,০০০
ক্রয় ও বিক্রয়	৯০,০০০	১,৬৮,০০০
বিক্রয় বাট্টা ও ক্রয় বাট্টা	১,০০০	২,০০০
উত্তোলন ও মূলধন	১০,০০০	৪০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২৭,০০০	
বেতন খরচ (৯ মাস)	১৮,০০০	
ভাড়া খরচ (১৫ মাস)	৩০,০০০	
৮% বিনিয়োগ (১-১-২০২২)	২৫,০০০	
বিনিয়োগের সুদ		১,০০০
	২,২৬,০০০	২,২৬,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ২৭,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে যার বাজারমূল্য ৩০,০০০ টাকা; (২) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% হারে কুঋণ সঞ্চিতি রাখতে হবে; (৩) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৪) মূলধনের উপর সুদ ধরতে হবে ৫%।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. নিট লাভ ২৭,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব মামুন নগদ ৮০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনসমূহ সম্পন্ন হয়েছিল :

২০২২

জানু. ২ ব্যাংক হিসাব খোলা হলো ৩০,০০০ টাকা।
" ৫ পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করা হলো ৫,০০০ টাকা।
" ৮ ৮,০০০ টাকা বেতন ধার্যপূর্বক একজন হিসাবরক্ষক নিয়োগ দেওয়া হলো।
" ১০ বাকিতে সাপ্লাইজ ক্রয় ৫,০০০ টাকা।
" ১২ নগদে ভাড়া প্রদান ৮০০ টাকা।
" ২০ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ২৫ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৫০০ টাকা।
" ৩১ পণ্য বিক্রয় ৮,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যাবলির মধ্যে লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত কর। ২

খ. জানুয়ারি ১–১২ তারিখ পর্যন্ত লেনদেনসমূহের সাথে জড়িত হিসাব এবং তাদের স্বাভাবিক জের উল্লেখ কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো হিসাব সমীকরণের উপর প্রভাব ছকের মাধ্যমে দেখাও। ৪

৪ ▸ মুন এন্টারপ্রাইজ অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। অগ্রদত্ত টাকার পরিমাণ ২,০০০ টাকা। ২০২২ সালের মে মাসের খুচরা খরচের পরিমাণ ১,৫০০ টাকা। জুন মাসে উক্ত প্রতিষ্ঠানের খুচরা লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ প্রধান ক্যাশিয়ারের কাছ থেকে অগ্রদত্ত টাকা পূরণের জন্য চেক প্রাপ্তি।
" ২ কাগজ ও কলম ক্রয় ৩০০ টাকা।
" ৫ ডাকটিকিট ক্রয় ১৪০ টাকা।
" ৭ আপ্যায়ন খরচ ৩৫০ টাকা।
" ৮ টেলিফোন বাবদ ব্যয় ২৮০ টাকা।
" ১৫ পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ খরচ ১৫০ টাকা।
" ২২ বাসভাড়া বাবদ প্রদান ২০০ টাকা।
" ২৮ রিকশা ভাড়া বাবদ ২৫০ টাকা।

ক. প্রারম্ভিক খুচরা নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৫ ▸ ২০২২ সালের ৩০ জুন তারিখে অগ্রণী ট্রেডার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ৭,৬০০ টাকা এবং ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার পরিমাণ ৭,১৭২ টাকা। অনুসন্ধান করে দুই বইয়ের উদ্বৃত্তের গরমিলের নিম্নলিখিত কারণসমূহ খুঁজে পাওয়া যায় :

(১) জমাকৃত চেক আদায় হয়নি ১,২০০ টাকা।
(২) ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি ৫০০ টাকা।
(৩) ব্যাংক কর্তৃক প্রদেয় নোট পরিশোধ ৬০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।

(৪) ব্যাংক চার্জসমূহ ১২৮ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(৫) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ২০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(৬) ব্যাংক প্রাপ্য নোট আদায় করেছে ৮০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।

ক. ডেবিট মেমোরান্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্য হতে সংশোধিত জের পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রতিষ্ঠানের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▸ জনাব আকতার ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৬০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা মূল্যের পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়।

২০২২
জানু. ৪ ব্যাংক হিসাব খোলা হলো ২০,০০০ টাকা।
" ৫ অফিসের জন্য টেবিল ক্রয় ৭,০০০ টাকা।
" ৮ অফিসের জন্য ব্যাংক হতে উত্তোলন ৬,০০০ টাকা।
" ১৪ জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৬,০০০ টাকা।
" ১৬ বিজ্ঞাপন বাবদ প্রদান ২,০০০ টাকা।
" ২২ বাড়িভাড়া বাবদ চেক প্রদান ৩,০০০ টাকা।
" ৩০ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর করা হলো ২০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ব্যাংকসংক্রান্ত লেনদেনগুলোর সাধারণ জাবেদা তৈরি কর। ৪
গ. চলমান জের ছকে নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৭ ▸ রাজ্জাক ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (১-১-২০২২)	১,০৫,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০২২)	৩০,০০০
মূলধন	৩,০০,০০০
ক্রয়	২,৬০,০০০
ক্রয় ফেরত	৫,০০০
বিক্রয় ফেরত	৪,০০০
বিক্রয়	৩,৯০,০০০
ব্যাংক জমার উদ্বৃত্ত (১-১-২০২২)	১৮,০০০
ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১-১২-২০২২)	২,৪৫,০০০
শিক্ষানবিশ সেলামি	৪২,০০০
শিক্ষানবিশ ভাতা	৮৫,০০০
অনাদায়ি পাওনা সঞ্চিতি	৪,৫০০
মজুরি	২৪,৫০০
বকেয়া বেতন	১২,০০০
নগদ তহবিল	৩০,০০০

ক. যেসব দফা রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২
খ. একটি রেওয়ামিল তৈরি কর। ৪
গ. মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য কত? ৪

৮ ▸ জনাব জামান ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে একটি সেবামূলক প্রতিষ্ঠান শুরু করেন। ৩১ ডিসেম্বর তাঁর প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
বিমা খরচ	৬০,০০০	
মূলধন		১,৭০,০০০
সাপ্লাইজ	১০,০০০	
হাতে নগদ	২০,০০০	
অনুপার্জিত সেবা আয়		৯৪,০০০
স্থায়ী সম্পত্তি	৩,১৪,০০০	
সেবা আয়		১,২০,০০০
প্রদেয় হিসাব		২০,০০০
	৪,০৪,০০০	৪,০৪,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) সেবা প্রদান ১০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (২) সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৬,০০০ টাকা; (৩) বিমা খরচ অনুত্তীর্ণ রয়েছে ৪৫,০০০ টাকা; (৪) স্থায়ী সম্পত্তির উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

৯ ▸ হামিম ট্রেডার্স ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ১,৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির সংস্থান ব্যয় বাবদ ২০,০০০ টাকা ব্যয় করেন। মেশিনটির আয়ুষ্কাল ১০ বৎসর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে মেশিনটি ১,৫০,০০০ টাকায় বিক্রয় করেন। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করেন এবং সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করেন।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্যের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রতিষ্ঠানের হিসাব বইতে ২০২১ ও ২০২২ সালের জাবেদা দাও। ৪
গ. চলমান জের ছকে ২০২১ ও ২০২২ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব ও মেশিন হিসাব তৈরি কর। ৪

১০ ▸ ইসলাম ট্রেডার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ৬,০০০ টাকা ও পরিবহন ব্যয় ৪,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বৎসর। আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে ২৭,৬০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক ২৫% হারে অবচয় ধরা হয়। প্রতি বৎসর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকাল শেষ হয়।

ক. মেশিনের প্রারম্ভিক মূল্য নির্ণয় কর। ২
খ. অবচয় সারণি প্রস্তুত কর। ৪
গ. প্রথম দুই বৎসরের জন্য অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

১১ ▸ ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল তৈরির পর প্রতিদিন স্টোর্সের হিসাব বহিতে নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

(i) মেশিনের সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা মজুরি হিসাবে ডেবিট করা হয়েছে।
(ii) ক্রয় বহির যোগফল ১,০০০ টাকা কম দেখানো হয়েছে।
(iii) ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় ভুলক্রমে ক্রয় হিসাবে লেখা হয়েছে।
(iv) প্রাপ্ত সুদ ৩,০০০ টাকা; সুদ হিসাবে ডেবিট করা হয়েছে।
(v) হাসিবের নিকট থেকে পণ্য ক্রয় ৮,০০০ টাকা ভুলক্রমে বিক্রয় হিসাবে লিপিবদ্ধ হয়েছে।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. (ii), (iii), (iv) এবং (v) নং ভুলের জন্য সংশোধনী জাবেদা দাখিলা দাও। ৪
গ. রেওয়ামিলে অনিশ্চিত হিসাবের ডেবিট জের ১০,০০০ টাকা ধরে উপর্যুক্ত তথ্যগুলো হতে একটি অনিশ্চিত হিসাব তৈরি কর। ৪

যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে জাহান ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	২,৫০,০০০	
আসবাবপত্র	৩,০০,০০০	
অফিস সাপ্লাইজ	৩০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,২৫,০০০	৮০,০০০
অনাদায়ি পাওনা সঞ্চিতি		৫,০০০
মূলধন		৪,০০,০০০
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৬০,০০০
অনুপার্জিত সেবা আয়		৭৫,০০০
উত্তোলন	৫০,০০০	
সেবা আয়		৩,৫৫,০০০
বেতন খরচ	১,২০,০০০	
ভাড়া খরচ	৬০,০০০	
বিবিধ খরচ	৪০,০০০	
	৯,৭৫,০০০	৯,৭৫,০০০

সমন্বয়সমূহ : (১) ভাড়া এক-চতুর্থাংশ বকেয়া রয়েছে; (২) অনুপার্জিত সেবা আয়ের দুই-তৃতীয়াংশ অর্জিত হয়েছে; (৩) বাকিতে অফিস সাপ্লাইজ ক্রয় ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। সাপ্লাইজ মজুদ আছে ১০,০০০ টাকা; (৪) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৫) প্রাপ্য হিসাবের ৬,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে।

ক. অফিস সাপ্লাইজ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ পদ্মা ট্রেডার্সের ৩০ জুন, ২০২২ সালের সমাপ্ত বছরের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩০ জুন, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	১৫,০০০	
মূলধন		৪০,০০০
উত্তোলন	৫,০০০	
ইজারা সম্পত্তি (১০ বৎসর)	৩০,০০০	
৫% ঋণ (০১-০৭-২০২১)		২০,০০০
মজুদ পণ্য (০১-০৭-২০২১)	১০,০০০	
১৫% ভ্যাটসহ পণ্য ক্রয়	৩৪,৪৭৫	
১৫% ভ্যাটসহ পণ্য বিক্রয়		৫১,৭৫০
মজুরি	৪,০০০	
বেতন	৬,০০০	
প্রাপ্য হিসাব	১৪,০০০	
প্রদেয় হিসাব		৫,৭৫০
বিজ্ঞাপন	১,০০০	
অনাদায়ি পাওনা সঞ্চিতি		২,৫০০
বিমা খরচ	৫২৫	
	১,২০,০০০	১,২০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদপণ্য ১৪,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) বাকিতে পণ্য বিক্রয় ২,৩০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) বিজ্ঞাপন খরচের অর্ধেক (১/২ অংশ) পরবর্তী বছরের জন্য বিলম্বিত করতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

খ. মোট লাভ/মোট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২২ সালে ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের মোট লাভ ৩০,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব সাকিল ২০২২ সালের ১ জুন তারিখে নগদ ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকার অফিস সরঞ্জাম ও ৪০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জুন ২ পণ্য ক্রয় নগদে ১০,০০০ টাকা।
" ৪ আয়কর প্রদান করা হলো ২,০০০ টাকা।
" ৬ অফিস কর্মীকে বেতন প্রদান ৮,০০০ টাকা।
" ১০ অফিসের জন্য একটি ল্যাপটপ ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন ৩,০০০ টাকা।
" ২৮ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

ক. জনাব সাকিলের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ৪, ১০ ও ২৮ তারিখের লেনদেনগুলোর হিসাবখাত নির্ণয় করে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

গ. ১, ৬, ১০ ও ২৮ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব টেবিলের মাধ্যমে উপস্থাপন কর। ৪

৪ ▸ ২০২২ সালের ১ জুলাই তারিখে জনাব আলম নগদ ১,০০,০০০ টাকা, ৭০,০০০ টাকার আসবাবপত্র এবং ৫০,০০০ টাকা কর্জ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জুলাই ২ মি. আকাশের নিকট হতে পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা। ভ্যাট ধার্য করা হলো ১৫%।
" ৫ সাব্বিরের নিকট ভ্যাটসহ মাল বিক্রয় করা হলো ৩৪,৫০০ টাকা।
" ১০ লিটনের নিকট হতে কর্জ নেওয়া হলো ২০,০০০ টাকা।
" ১৫ ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৮০০ টাকা।
" ১৭ বিক্রয়ের উদ্দেশ্যে যন্ত্রপাতি ক্রয় করা হলো ৪০,০০০ টাকা।
" ১৮ কর্জ পরিশোধ করা হলো।
" ২০ জীবন বিমার প্রিমিয়াম পরিশোধ করা হলো ২,০০০ টাকা।
" ২৪ সঞ্চয়পত্র ক্রয় করা হলো ৮০,০০০ টাকা।
" ৩০ যন্ত্রপাতি বিক্রয় করা হলো ২০,০০০ টাকা।
" ৩১ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৩,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ১০, ১৫ ও ১৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪

গ. জনাব আলমের হিসাব বইতে ক্রয় ও কর্জ হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ ২০২২ সালের জানুয়ারি মাসে জনাব তামিমের ব্যবসায়ে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ১ জনাব তামিম নগদ ৪০,০০০ টাকা ও ৯০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৬ চেকে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
" ৮ ২% বাট্টায় নগদে মাল বিক্রয় ২৫,০০০ টাকা।

" ১০ বেতন প্রদান ১৮,০০০ টাকা।
" ১২ লতিফের নিকট পাওনা ৪০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৩৯,০০০ টাকা পাওয়া গেল।
" ২০ অফিস সরঞ্জাম ক্রয় ২৫,০০০ টাকা।
" ২৫ সুদ পাওয়া গেল ১,০০০ টাকা।
" ২৯ রতনের নিকট ২০,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা প্রদান করা হলো।

ক. মোট নগদ বাট্টার পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▸ ২০২২ সালের ১ জুন তারিখে জনাব জামালের নগদ জমার উদ্বৃত্ত ছিল ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ছিল ১০,০০০ টাকা।

জুন ৩ রনির নিকট থেকে পণ্য ক্রয় ৭,০০০ টাকা।
" ৫ নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৮ রশিদের নিকট হতে ২০,০০০ টাকার চেক পাওয়া গেল।
" ১১ নগদে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।
" ১২ নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন ৭,০০০ টাকা।
" ১৭ রনির দেনার পূর্ণনিষ্পত্তিতে প্রদান করা হলো ৬,৮০০ টাকা।
" ২১ রিফাতের নিকট হতে ১০% বাট্টায় ১,৮০০ টাকা পাওয়া গেল।
" ২৮ ব্যাংক হতে অফিস প্রয়োজনে উত্তোলন ২,০০০ টাকা।
" ৩০ নগদ উদ্বৃত্ত ৫,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৫, ১৭, ২১, ২৮ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৭ ▸ বকুল ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। অগ্রদত্ত টাকার পরিমাণ ১,০০০ টাকা। ২০২২ সালের মে মাসে মোট খুচরা পরিমাণ ছিল ৭০০ টাকা। জুন মাসে উক্ত প্রতিষ্ঠানের খুচরা খরচগুলো নিম্নরূপ :

জুন ১ প্রধান ক্যাশিয়ারের নিকট হতে অগ্রদত্ত অঙ্ক পূরণের জন্য চেক প্রাপ্তি।
" ৬ পরিবহন বাবদ প্রদান ৮০ টাকা।
" ৮ প্রিয়নকে বকশিশ প্রদান ২০ টাকা।
" ১২ নাস্তা খরচ ৫০ টাকা।
" ১৭ রিকশা ভাড়া প্রদান ৪০ টাকা।
" ২৩ ক্লাবের চাঁদা প্রদান ২০ টাকা।
" ২৮ কাগজ ও কলম ক্রয় ৫০ টাকা।
" ৩০ ইন্টারনেট খরচ বাবদ প্রদান ১৫০ টাকা।

ক. প্রারম্ভিক খুচরা নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি কর। ৪
গ. খুচরা নগদান বই থেকে জাবেদা দাখিলা দাও। ৪

৮ ▸ ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে এম আলীর ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

(i) নগদান বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত ১,০০,০০০ টাকা।
(ii) প্রদেয় হিসাবকে ১৬,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখন পর্যন্ত ব্যাংকে উপস্থাপন করা হয়নি।
(iii) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ১০,০০০ টাকা আদায় হয়নি।
(iv) বিনিয়োগের সুদ সরাসরি ব্যাংকে জমা ১,২০০ টাকা।
(v) ব্যাংক জমাতিরিক্তের সুদ ৬,০০০ টাকা ধার্য করা হয়েছে।
(vi) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ১০,০০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।
(vii) প্রদেয় হিসাবের ৭,০০০ টাকা ব্যাংক কর্তৃক পরিশোধ যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. ব্যাংকে জমা হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. iv, v, vi ও viiনং লেনদেনের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪
গ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

৯ ▸ সম্পা ডেন্টাল কেয়ারের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যসমূহ নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	১৫,০০০	
অগ্রিম বিমা	৪,৫০০	
সাপ্লাইজ	৩,৫০০	
মূলধন		৫৩,০০০
সেবা আয়		২১,৭৪০
অনুপার্জিত সেবা আয়		২,০০০
উত্তোলন	৩,০০০	
যন্ত্রপাতি	৬০,০০০	
পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি)		১৬,২৬০
বেতন	৪,০০০	
প্রাপ্য হিসাব	১০,০০০	
প্রদেয় হিসাব		৭,০০০
	১,০০,০০০	১,০০,০০০

সমন্বয়সমূহ : (১) অনুপার্জিত সেবা আয়ের ১,৫০০ টাকা অর্জিত হয়েছে; (২) অব্যবহৃত সাপ্লাইজ ২,৫০০ টাকা; (৩) অগ্রিম বিমার ১/৩ অংশ মেয়াদ উত্তীর্ণ হয়নি; (৪) যন্ত্রপাতির উপর অবচয়ের হার ১০%।

ক. ১ ও ২ নং সমন্বয় জাবেদা দাও। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে একটি সমন্বিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. সমাপনী দাখিলা দাও। ৪

১০ ▸ আহম্মদ ট্রেডার্স ২০২২ সালের ১ জুলাই নগদ ৫,৬০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করেন। ইহার পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা। যন্ত্রপাতির আয়ুষ্কাল ১০ বছর। ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত কর।

ক. সরলরৈখিক পদ্ধতিতে প্রথম ২ বছরের অবচয় নির্ণয় কর। ২
খ. সরলরৈখিক পদ্ধতিতে প্রথম ২ বছরের অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪
গ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম ২ বছরের অবচয় তালিকা প্রস্তুত কর। ৪

১১ ▸ রাতুল এন্ড সন্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	হিসাবের নাম	ক্রেডিট টাকা
সুনাম	৩০,০০০	বিক্রয়	২,০০,০০০
মূলধন	১,৩৫,০০০	আন্তঃফেরত	১৫,০০০
নগদ তহবিল : প্রারম্ভিক	২৩,০০০	বকেয়া ভাড়া	৪,০০০
সমাপনী	১০,০০০	শিক্ষানবিশ সেলামি	১৫,০০০
পণ্য ক্রয়	১,৪০,০০০	অনাদায়ি পাওনা আদায়	৩,০০০
মজুদ পণ্য : প্রারম্ভিক	৪০,০০০	কপিরাইট	৮০,০০০
সমাপনী	৫০,০০০	সরঞ্জাম	২৫,০০০
অগ্রিম গ্রহণ	৫,০০০	শিক্ষানবিশ ভাতা	২,০০০
মনিহারি : প্রারম্ভিক	২০,০০০	ক্রয় খতিয়ানের জের	২৬,০০০
বহিঃফেরত	১২,০০০	বিক্রয় খতিয়ানের জের	৩৮,০০০

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ রাফিন ট্রেডার্সের ২০২২ সালের ডিসেম্বর ৩১ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

রাফিন ট্রেডার্সের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২২

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৫০,০০০	
পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ)	২,০৭,০০০	
পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ)		২,৮৭,৫০০
মজুরি	২০,০০০	
বেতন	৩৬,০০০	
বিজ্ঞাপন	২০,০০০	
প্রাপ্য হিসাব	৫০,০০০	
[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ধানসিঁড়ি এন্ড কোং-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

ধানসিঁড়ি এন্ড কোং-এর
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
পণ্য ক্রয়	২,২৫,০০০	
পণ্য বিক্রয়		৪,৬০,৮০০
অফিস সরঞ্জাম	২,৮০,০০০	
আসবাবপত্র	১,৩০,০০০	
মজুদ পণ্য (১-১-২১)	২২,৫০০	
ফেরত	৫,০০০	২,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৯৫,০০০	৬৮,০০০
আমদানি শুল্ক	১৫,০০০	
পরিবহন খরচ	১২,০০০	
ভাড়া খরচ	৩৫,৫০০	
মনিহারি	৪,০০০	
উত্তোলন	৫,০০০	
১০% ঋণ		১,০০,০০০
সাধারণ সঞ্চিতি		৬৫,০০০
মজুরি খরচ	২৪,০০০	
বেতন খরচ	২২,৮০০	
মূলধন		১,৮০,০০০
	৮,৭৫,৮০০	৮,৭৫,৮০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ২৮,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) প্রারম্ভিক মজুদের মধ্যে ৫০০ টাকা এবং সমাপনী মজুদের মধ্যে ১,৫০০ টাকার মনিহারি দ্রব্যাদির মূল্য অন্তর্ভুক্ত রয়েছে; (৩) মজুরি ৬,০০০ টাকা এবং বেতন ৭,২০০ টাকা বকেয়া রয়েছে; (৪) প্রচারের উদ্দেশ্যে ৫,০০০ টাকার পণ্য বিনামূল্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি; (৫) প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্টাংশের উপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ধার্য কর।

ক. চলতি বছরের মনিহারি খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ধানসিঁড়ি এন্ড কোং এর বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. নিট লাভ ৯৯,২০০ টাকা ধরে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে ধানসিঁড়ি এন্ড কোং-এর মালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ স্বাধীন রিপেয়ার'স সার্ভিস এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত রেওয়ামিল ও অন্যান্য তথ্য প্রদত্ত হলো :

স্বাধীন রিপেয়ার'স সার্ভিসের
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
আসবাবপত্র	৫০,০০০	
যন্ত্রপাতি	৭২,০০০	
সেবা আয়		৯৫,০০০
সাপ্লাইজ	৬,০০০	
প্রাপ্য হিসাব	২৮,০০০	
প্রদেয় হিসাব		২১,০০০
উত্তোলন	৬,০০০	
অনুপার্জিত সেবা আয়		২৫,০০০
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৫,০০০
বেতন খরচ	১৫,০০০	
উপভাড়া		৮,০০০
বিনিয়োগ	৪০,০০০	
মূলধন		৭৫,০০০
ভাড়া খরচ	১২,০০০	
	২,২৯,০০০	২,২৯,০০০

সমন্বয়সমূহ : (১) মাসিক বেতন খরচের পরিমাণ ১,৫০০ টাকা; (২) ধারে সেবা প্রদান করা হয়েছে ১৫,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি; (৩) অনুপার্জিত সেবা আয়ের ২/৫ অংশ অর্জিত হয়েছে; (৪) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ছিল ২,৫০০ টাকা; (৫) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের স্বাধীন রিপেয়ার'স সার্ভিসের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তারিখে স্বাধীন রিপেয়ার'স সার্ভিসের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▸ সোনালি ট্রেডার্স ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে প্রতিষ্ঠানটির অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

২০২১
জানু. ৫ পণ্য ক্রয় ৪৮,০০০ টাকা।
" ১২ বাকিতে পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ১৯ উত্তোলন ৬,০০০ টাকা।
" ২৫ ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ৩০ কমিশন পাওয়া গেল ৩,০০০ টাকা।

ক. সোনালি ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১, ১২, ১৯ ও ৩০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪
গ. জানুয়ারি ১, ৫, ১২ ও ১৯ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের উপর প্রভাব দেখাও। ৪

৪ ▸ শঙ্খচিল ট্রেডিং ২০২১ সালের ১ জুলাই নগদ ৮০,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করে। সংশ্লিষ্ট মাসে ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

২০২১
জুলাই ৩ ১০% বাট্টায় জনাব আকাশের নিকট বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৯ ৫% বাট্টায় নগদ ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৮,০০০ টাকা।
" ২০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১৫,০০০ টাকা।
" ২৩ রূপালি লিমিটেডের শেয়ার ক্রয় ৫০,০০০ টাকা।
" ২৭ জুলাই ৩ তারিখে পাওনা ৫% বাট্টায় পূর্ণ নিষ্পত্তিতে আদায় হলো।
" ৩০ নগদ বিক্রয় ২৫,০০০ টাকা।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুলাই ৯, ১৫, ২৩ ও ২৭ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. চলমান জের ছকে আসবাবপত্র হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ ২০২১ সালের এপ্রিল মাসে জনাব সৈকতের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১
এপ্রিল ১ জনাব সৈকত নগদ ৪৫,০০০ টাকা ও ৬৫,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৫ উর্মি ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা, যার মধ্যে নগদ ২০,০০০ টাকার, চেক মারফত ১৫,০০০ টাকার এবং ধারে ১৫,০০০ টাকার পণ্য।
" ১২ ব্যাংকে নগদ জমা দেওয়া হলো ২৫,০০০ টাকা।
" ১৮ জনাব সাগরের নিকট পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা।

" ২১ নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২২ উর্মি ট্রেডার্সের নিকট আমাদের দেনা ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা পরিশোধ করা হলো।
" ২৭ জনাব সাগরের নিকট পাওনা টাকার ৫% বাট্টায় পূর্ণ নিষ্পত্তিতে আদায় হলো।
" ৩০ চেক মারফত কর্মচারীর বেতন প্রদান ১২,০০০ টাকা।

ক. প্রদত্ত নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▸ ব্রহ্মপুত্র এন্ড কোং এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ ছিল ৫২,৪০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণীতে এর ভিন্নতা দেখা যায়, যার কারণসহ নিম্নরূপ :

(i) পরিশোধের জন্য চেক ইস্যু করা হয়েছে ১৫,০০০ টাকা যা উপর্যুক্ত তারিখের মধ্যে ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(ii) আদায়ের জন্য ব্যাংকে ৮,০০০ টাকা ও ১২,০০০ টাকার দুটি চেক জমা দেওয়া হয়েছিল, ব্যাংক উপর্যুক্ত তারিখ পর্যন্ত ১ম চেকটির টাকা আদায় করেছে।
(iii) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের টাকা সরাসরি আদায় ২০,০০০ টাকা যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি
(iv) ৮,০০০ টাকার একটি প্রাপ্য বিল ৪০০ টাকা বাট্টায় ব্যাংকে বাট্টাকরণ করা হয়েছে, কিন্তু নগদান বইতে পূর্ণমূল্য দ্বারা ডেবিট করা হয়েছে।
(v) ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ১,৫০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৫০০ টাকা।
(vi) অফিস ভাড়া ৬,০০০ টাকা ব্যাংক কর্তৃক পরিশোধ করা হয়েছে যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. (iv) নং দফায় ব্যাংকে কত টাকা কম লেখা হয়েছে? ২
খ. উপর্যুক্ত তথ্যাবলি দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ব্রহ্মপুত্র এন্ড কোং এর বইতে (iii), (v) এবং (vi) নং লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

৭ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আফতাব এন্ড মাহতাব কোং এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
আসবাবপত্র	৯০,০০০
উত্তোলন	২০,০০০
ট্রেডমার্ক	১,৩০,০০০
মজুদ পণ্য (১-১-২১)	৪৪,৫০০
পরিবহন খরচ	১৬,৫০০
শিক্ষানবিশ সেলামি	১২,০০০
পণ্য ক্রয়	৩,২০,০০০
পণ্য বিক্রয়	৫,৭৫,০০০
বিমা সেলামি	৩২,০০০
অগ্রিম উপভাড়া	২৪,০০০
মজুরি	২২,০০০
প্রাপ্য হিসাব	৭৮,০০০
বেতন	৩০,০০০
প্রদেয় হিসাব	৬২,০০০
মূলধন	২,৩০,০০০
সুনাম	৮০,০০০
বিজ্ঞাপন	৪০,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০২১)	৫৮,৫০০

ক. অস্পর্শনীয় সম্পদের মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত হতে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. মুনাফাজাতীয় ব্যয় ও আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ রূপালী ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল প্রস্তুতের পর নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে :

(i) ১০,০০০ টাকার মেশিন বিক্রয় করে বিক্রয় হিসাবকে ক্রেডিট করা হয়েছে।
(ii) ধারে বিক্রয় ৩০,০০০ টাকা ভুলবশত বিক্রয় হিসাবে ৩,০০০ টাকা লেখা হয়েছে।
(iii) ২০,০০০ টাকা বেতন প্রদান করে বেতন হিসাবে দু'বার ডেবিট করা হয়েছে।
(iv) স্বত্বাধিকারী কর্তৃক পণ্য উত্তোলন ৮,০০০ টাকা ভুলবশত হিসাবের বইতে লেখা হয়নি।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪
গ. বিক্রয় হিসাবের জের ২,৮৩,০০০ টাকা ধরে বিক্রয় হিসাব এবং অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৪৭,০০০ টাকা ধরে অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ মেসার্স রংধনু ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নরূপ :

মেসার্স রংধনু ট্রেডার্সের
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
আসবাবপত্র	৩৩,০০০	
সেবা আয়		১,১৮,০০০
বেতন খরচ	৩২,০০০	
সাপ্লাইজ	৮,০০০	
অগ্রিম বিমা	৩০,০০০	
অনুপার্জিত আয়		৪৫,০০০
মূলধন		১,০০,০০০
ভূমি ও দালান	১,৬০,০০০	
	২,৬৩,০০০	২,৬৩,০০০

সমন্বয়সমূহ : (১) বেতন বকেয়া রয়েছে ১০,০০০ টাকা; (২) অগ্রিম বিমার ২৪,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৫,০০০ টাকা; (৪) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. বছর শেষে সাপ্লাইজের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত সমন্বয়গুলোর জাবেদা দাখিলা দাও। ৪
গ. একটি ১০ ঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে আবীর এন্ড সন্স ৩,২০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন খরচ ৩০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৫০,০০০ টাকা। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ৫ বছর এবং উক্ত বছর শেষে এটি ২০,০০০ টাকায় বিক্রয় করা যাবে বলে প্রতীয়মান হয়। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব সমাপ্ত করে। বার্ষিক ২০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. ২০২০ এবং ২০২১ সালের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ২০২০ ও ২০২১ সালের জন্য মেশিন হিসাব ও অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ চৌধুরী এন্ড কোং ২০১৮ সালের ১ জুলাই তারিখে ৪,২০,০০০ টাকা মূল্যে একটি যন্ত্র ক্রয় করে। যন্ত্রটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি দ্বৈত ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত হয়।

ক. অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. প্রথম ৪ বছরের একটি অবচয় তালিকা তৈরি কর। ৪
গ. ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ জনাব সাদ হিমেল একজন কনসালটেন্ট। তিনি ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে 'হিমেল কনসালটেন্সি ফার্ম' নামক একটি সেবাধর্মী ব্যবসায় প্রতিষ্ঠান শুরু করেন। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানটির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক	১,২০,০০০	
প্রাপ্য হিসাব	৮০,০০০	
বিমা প্রিমিয়াম	১০,০০০	
অফিস সরঞ্জাম	১,৭০,০০০	
সেবা আয়		১,৪০,০০০
মূলধন		১,৯৩,৫০০
উত্তোলন	৩,৫০০	
অনুপার্জিত সেবা আয়		৩০,০০০
১০% ঋণ (০১-০৭-২০২১)		১,৫০,০০০
সাপ্লাইজ	১২,০০০	
প্রদেয় হিসাব		১৫,০০০
উপযোগ খরচ	১০,০০০	
বেতন	১,১৬,০০০	
ভাড়া	৭,০০০	
	৫,২৮,৫০০	৫,২৮,৫০০

সমন্বয়সমূহ : (১) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৫,০০০ টাকা; (২) বিমা প্রিমিয়াম ২ বছরের জন্য প্রদান করা হয়েছে; (৩) স্থায়ী সম্পত্তির উপর ৫% হারে অবচয় ধার্য কর; (৪) অনুপার্জিত সেবা আয়ের ২০,০০০ টাকা উপার্জিত হয়েছে।

ক. ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. ৩১-১২-২০২১ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩১-১২-২০২১ তারিখে ব্যবসায়ের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ মেসার্স জুনাকী ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

মেসার্স জুনাকী ট্রেডার্সের রেওয়ামিল

৩০ জুন, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৫,০৯,০০০
উত্তোলন	১০,০০০	
নগদ ও ব্যাংক জমা	১,৮১,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	২,৫০,০০০	
ব্যাংক ঋণ		২,৫০,০০০
১০% বিনিয়োগ	২,০০,০০০	
ক্রয় (১৫% ভ্যাটসহ)	৪,৭২,০০০	
বিক্রয় (১৫% ভ্যাটসহ)		৮,২০,০০০
বেতন	৫০,০০০	
মজুরি	৬০,০০০	
প্রাপ্য হিসাব	২,৬০,০০০	
প্রদেয় হিসাব		৩,৫০,০০০
ভ্যাট চলতি হিসাব		২৪,০০০
স্থায়ী সম্পত্তি	৪,৮০,০০০	
বিনিয়োগের সুদ		১০,০০০
	১৯,৬৩,০০০	১৯,৬৩,০০০

সমন্বয়সমূহ : (১) বেতন ১০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে; (২) সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (৩) অনাদায়ি পাওনা হিসাবে ২,০০০ টাকা অবলোপন কর; (৪) স্থায়ী সম্পত্তির উপর ৭.৫% হারে অবচয় ধার্য কর।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. মেসার্স জুনাকী ট্রেডার্সের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩০-৬-২০২১ তারিখে চলতি সম্পদ ও চলতি দায় নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব সালাহউদ্দিন একজন ব্যবসায়ী। তিনি ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা আরম্ভ করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নবর্ণিত লেনদেনগুলো সংঘটিত হয় :

জানু. ৪ ধারে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।
" ৭ সৈকতের নিকট পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা।
" ১২ নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ ক্রয়কৃত পণ্য ফেরত প্রদান ১০,০০০ টাকা।
" ২০ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৪,৫০০ টাকা।
" ২৫ সৈকতের নিকট থেকে ২% বাট্টা প্রদান সাপেক্ষে পাওনা টাকা আদায় করা হলো।
" ৩০ কর্মচারীদের বেতন প্রদান ১২,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ক্রয় হিসাব এবং প্রাপ্য হিসাব প্রস্তুত কর। ৪

গ. জানুয়ারি মাসের ১৫, ২০, ২৫ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা তৈরি কর। ৪

৪ ▸ সিমিন এন্টারপ্রাইজ তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করে। ২০২১ সালের মে মাসে তার ব্যবসায়ের খুচরা নগদসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

২০২১
মে ১ খুচরা নগদ উদ্বৃত্ত ১৫০ টাকা। প্রধান ক্যাশিয়ার থেকে প্রাপ্তি ৬৫০ টাকা।
" ৫ কাগজ ক্রয় ৬০ টাকা।
" ৮ রিকশা ভাড়া প্রদান ৩০ টাকা।
" ১১ কম্পিউটার ক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ ইন্টারনেট বিল ১০০ টাকা।
" ১৬ বিজ্ঞাপন বিল ২,৫০০ টাকা।
" ২১ মনিহারি খরচ ৮০ টাকা।
" ২৬ পিয়নকে বকশিশ প্রদান ২৫ টাকা।
" ৩০ কলম ক্রয় ৭০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো চিহ্নিত কর। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. খুচরা ব্যয়গুলোর খতিয়ান হিসাব তৈরি কর। ৪

৫ ▸ ৩১-১২-২০২১ তারিখে রিমি স্টোর এর হিসাব বইতে রেওয়ামিল তৈরির পূর্বে নিম্নবর্ণিত ভুলগুলো ধরা পড়ে :

(১) শ্যামা এর নিকট থেকে প্রাপ্ত ৫০,০০০ টাকা ইমার হিসাব খাতে ক্রেডিট করা হয়েছে।

(২) স্বত্বাধিকারী কর্তৃক পণ্য উত্তোলন ১০,০০০ টাকা বিক্রয় বইয়ে লেখা হয়েছে।

(৩) বাকিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা বহিঃফেরত বইয়ে লেখা হয়েছে।

(৪) ১০,০০০ টাকার পণ্য ক্রয় বিক্রয় বইয়ে লেখা হয়েছে।

ক. ১ ও ২নং ভুলের শ্রেণি উল্লেখ কর। ২

খ. ভুলগুলোর জন্য সংশোধনী জাবেদা তৈরি কর। ৪

গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ২৫,০০০ টাকা ধরে রিমি স্টোর এর বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▸ জনাব জাহেদ ইকবাল নগদ ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ১-১-২০২১ তারিখে ব্যবসা আরম্ভ করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০২১

জানু. ২ নগদ ১০,০০০ টাকা এবং ধারে ১৫,০০০ টাকার পণ্য ক্রয়।
" ১০ ক্রয় পরিবহন পরিশোধ ৭০০ টাকা।
" ১৫ ক্রয় ফেরত ১,০০০ টাকা।
" ২০ ধারে পণ্য বিক্রয় ২২,০০০ টাকা।
" ৩০ বেতন পরিশোধ ২,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি মাসের ২, ১০, ২০ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা তৈরি কর। ৪

গ. টেবুলার ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৭ ▸ জনাব আজম বুলবুলের ব্যবসায়ের হিসাব বই থেকে নিম্নবর্ণিত লেনদেনগুলো উপস্থাপন করা হলো :

২০২১

মে ১ ব্যাংক জমা ৮০,০০০ টাকা এবং নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।
" ৬ ৫% বাট্টায় নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৯ চেক মারফত বিজ্ঞাপন ব্যয় পরিশোধ ২,০০০ টাকা।
" ১৪ ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।
" ২২ পল্লবকে ৫% বাট্টা মঞ্জুর করে তার নিকট থেকে ২,৮৫০ টাকার চেক পাওয়া গেল।
" ৩০ বিনা মূল্যে পণ্য বিতরণ ৬০০ টাকা।

ক. প্রদত্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. মে মাসের একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

৮ ▸ ঐশী ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিচে দেওয়া হলো :

হিসাবের নাম	টাকা
মূলধন	৮০,০০০
নগদ ও ব্যাংক	২২,০০০
ক্রয়	৫০,০০০
বিক্রয়	৮৫,০০০
প্রাপ্য হিসাব	১০,০০০
সমাপনী মজুদ পণ্য	৬০,০০০
আসবাবপত্র	২০,০০০
বেতন	৩০,০০০
কমিশন প্রাপ্তি	৫,০০০
মজুরি	২০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
প্রারম্ভিক নগদ তহবিল	১২,০০০

ক. কোন কোন দফাগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না চিহ্নিত কর। ২

খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৩১-১২-২০২১ তারিখে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

৯ ▸ জনাব শাকিল রাব্বী ০১-০১-২০২০ তারিখে চীন থেকে ১,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্র আমদানি করেন। মেশিনটির আমদানি শুল্ক ১০,০০০ টাকা। বহন খরচ ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ২৫,০০০ টাকা এবং ৩৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ১০ বছর। ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকার্য সমাপ্ত করা হয়।

ক. যন্ত্রটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২

খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ৪ বছরের অবচয় নির্ণয় কর। ৪

গ. স্থিরকিস্তি পদ্ধতিতে ৪ বছরের মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে তিতলি ট্রেডার্সের নগদ বইয়ের উদ্বৃত্ত ছিল ২৮,০০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণীর সাথে নগদ উদ্বৃত্তের পার্থক্য পরিলক্ষিত হয়। পরীক্ষা-নিরীক্ষার পর নিম্নবর্ণিত গরমিলগুলো পাওয়া যায় :

(১) পরিশোধের জন্য ৬,৫০০ টাকা এবং ৩,৫০০ টাকার দুইটি চেক ইস্যু করা হয়েছে কিন্তু প্রথম চেকটি এখনও ব্যাংকে উপস্থাপন করা হয়নি।

(২) আদায়ের জন্য ব্যাংকে ৩,০০০ টাকার একটি চেক জমা দেওয়া হয়েছে কিন্তু তা নগদান বহিতে লেখা হয়নি।

(৩) ২,৫০০ টাকার একটি প্রদেয় বিল ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে কিন্তু নগদ বহিতে লেখা হয়নি।

(৪) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ১৫০ টাকা নগদ বইয়ে লেখা হয়নি।

ক. ১নং আইটেম অনুযায়ী কত টাকার চেক ব্যাংক পরিশোধ করেছে। ২

খ. নগদান বইয়ে লেখা হয়নি এরূপ টাকার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

১১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে ABC কোং এর একটি রেওয়ামিল নিচে দেওয়া হলো :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৬০,০০০
বিক্রয়		১,৪০,০০০
আসবাবপত্র	২০,০০০	
যন্ত্রপাতি	৬০,০০০	
বিক্রীত পণ্যের ব্যয়	৬৫,০০০	
প্রাপ্য হিসাব	২৫,০০০	
মজুরি	১৫,০০০	
বেতন	৩০,০০০	
প্রদেয় হিসাব		১৫,০০০
	২,১৫,০০০	২,১৫,০০০

অতিরিক্ত তথ্য : (১) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর; (২) মজুরি ২,০০০ টাকা বকেয়া রয়েছে; (৩) ৫% হারে অনাদায়ি পাওনা ধার্য কর।

ক. বকেয়া মজুরির জন্য সমন্বয় জাবেদা প্রস্তুত কর। ২

খ. একটি ৮ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪

গ. সমাপনী জাবেদাগুলো প্রস্তুত কর। ৪

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ মি. সাকিবের ৩১ ডিসেম্বর ২০২১ সালের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৩০,০০০	
বেতন	১২,০০০	
উত্তোলন	৫,০০০	
আসবাবপত্র	৮০,০০০	
১০% প্রদেয় নোট		১৫,০০০
অগ্রিম বিমা	২০,০০০	
সাপ্লাইজ	৭,০০০	
উপযোগ খরচ	৮,০০০	
প্রদেয় হিসাব		১০,০০০
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৪,০০০
অনুপার্জিত সেবা আয়		২০,০০০
বিজ্ঞাপন	২১,০০০	
সেবা আয়		৮০,০০০
প্রাপ্য হিসাব	৩২,০০০	
মূলধন		৮৬,০০০
	২,১৫,০০০	২,১৫,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) সেবা প্রদান করা হয়েছে কিন্তু আদায় হয়নি ২০,০০০ টাকা; (২) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে ১,০০০ টাকা; (৩) সাপ্লাইজ মজুদ রয়েছে ২,০০০ টাকা; (৪) অনুপার্জিত সেবা আয়ের ৫,০০০ টাকা উপার্জিত হয়েছে; (৫) আসবাবপত্রের উপর ৫% হারে অবচয় ধার্য কর।

ক. ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট আয় বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের ৩১ ডিসেম্বর ২০২১ সালের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▸ মাশরাফি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন	৫০,০০০	
হাতে নগদ	১,৫০,০০০	
মজুদ পণ্য (১-১-২০২১)	১,০০,০০০	
মজুরি	৪০,০০০	
ইজারা সম্পত্তি (১০ বছর)	৩,০০,০০০	
পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ)	২,৩০,০০০	
বেতন	৬০,০০০	
প্রাপ্য হিসাব	১,৪৫,০০০	
মূলধন		৪,৫০,০০০
ভ্যাট চলতি হিসাব	৫০,০০০	
অনাদায়ি দেনা	৫,০০০	
পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ)		৪,৬০,০০০
প্রদেয় হিসাব		২,০০,০০০
অনাদায়ি দেনা সঞ্চিতি		৮,০০০
উপভাড়া		১২,০০০
	১১,৩০,০০০	১১,৩০,০০০

সমন্বয় : (১) সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি কর; (৩) বেতন বকেয়া আছে ১০,০০০ টাকা, উপভাড়া অনাদায়ি আছে ৮,০০০ টাকা; (৪) অগ্রিম মজুরি প্রদান ১০,০০০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

খ. মোট লাভ নির্ণয় কর। ৪

গ. মোট লাভ ১,১০,০০০ টাকা ধরে চলতি বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব কামাল ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ৩০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার কারবারের অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

জানু. ৫ তামিমের নিকট নগদে মাল বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৮ নগদে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।
" ১২ ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৩৪,৫০০ টাকা।
" ১৫ বহিঃফেরত ৭,০০০ টাকা।
" ২০ কমিশন পাওয়া গেল ৫,০০০ টাকা।
" ২৩ রুবেলের নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ২৭ ভাড়া প্রদান ১২,০০০ টাকা।
" ৩০ রুবেলকে তার পাওনা টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,৫০০ টাকা প্রদান করা হলো।

ক. জনাব কামালের প্রারম্ভিক মূলধন গণনাসহ নির্ণয় কর। ২

খ. ১২, ১৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ৫, ৮, ২৩ ও ২৭ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▸ জনাব রহিম মিয়া ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

জানু. ৩ মাসিক ১২,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ প্রদান করা হলো।
" ৮ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৮ আলমের নিকট পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২৫ নিজস্ব তহবিল থেকে রহিম মিয়া জীবন বিমা প্রিমিয়াম প্রদান করেন ৫০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন প্রদান ১২,০০০ টাকা।

ক. যে সকল ঘটনা লেনদেন নয় এমন ঘটনার মোট টাকার পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ২

খ. যে সকল ঘটনা লেনদেন সেগুলোর হিসাবখাত উল্লেখপূর্বক আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাস করে দেখাও। ৪

গ. চলমান জের ছকে নগদান হিসাব এবং মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ আলম ব্রাদার্সের ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

(১) নগদান বই মোতাবেক ৩১ ডিসেম্বর ২০২১ ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
(২) জমাকৃত চেক কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৩,০০০ টাকা।
(৩) ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপন করা হয়নি ২,০০০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৫০ টাকা।
(৫) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।
(৬) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদা হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।
(৭) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।
(৮) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক যা আদায় হয়নি ৩,০০০ টাকা।
(৯) ব্যাংক ৫০০ টাকা প্রদেয় বিলের অর্থ পরিশোধ করেছে, যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২
খ. ১, ২, ৩, ৪ ও ৫নং লেনদেন দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৪, ৫, ৬, ও ৭নং লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

৬ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সোনালী ব্রাদার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :

(১) পাস বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।
(২) প্রাপ্য হিসাব কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৭,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৩) ৭,৫০০ টাকার চেক ইস্যু করা হয়েছে যা ব্যাংকে এখনও উপস্থাপন হয়নি।
(৪) ব্যাংক প্রাপ্য বিলের টাকা আদায় করেছে ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ৬,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে যা ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
(৬) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৩৫০ টাকা এবং মঞ্জুরিকৃত সুদ ৪০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ২ ও ৪নং দফার লেনদেনগুলোর জন্য আমানতকারীর বইতে জাবেদা দাও। ২
খ. শুধুমাত্র ব্যাংক বিবরণীতে লেখা হয়েছে এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে উপরিউক্ত লেনদেনগুলো নিয়ে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাগর ব্রাদার্সের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

মূলধন ১,০০,০০০ টাকা, কলকব্জা ৮০,০০০ টাকা, প্রদেয় বিল ১৭,০০০ টাকা, মজুরি ৫,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা, ক্রয় ৪৫,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা, প্রদেয় হিসাব ১৫,০০০ টাকা, ট্রেডমার্ক ৫০,০০০ টাকা, বিক্রয় ৭৫,০০০ টাকা, ডক চার্জ ৪,৫০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২৩,০০০ টাকা, আমদানি শুল্ক ৫,০০০ টাকা, হাতে নগদ ২৫,৫০০ টাকা।

ক. মুনাফাজাতীয় আয় নির্ণয় কর। ২
খ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ হাফিজ অ্যান্ড সন্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
নগদ তহবিল	৯০০	ক্রয়	৫২,০০০
ব্যাংক জমা	১,২০০	প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
প্রাপ্য হিসাব	১০,০০০	যন্ত্রপাতি	৩২,০০০
আসবাবপত্র	২৫,০০০	মজুরি	১৩,০০০
মূলধন	৭৯,০০০	বিক্রয় ফেরত	১,৬০০
নগদ তহবিল (১-১-২১)	১,০০০	বেতন	১৭,০০০
অব্যবহৃত মনিহারি	৫০০	শিক্ষানবিশ ভাতা	২,০০০
বিক্রয়	৮৮,৭০০		
কমিশন প্রাপ্তি	২,০০০		

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য একটি রেওয়ামিল তৈরি কর। ৪

৯ ▸ কর্ণফুলি ট্রেডার্সের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	২,৪২০	
আসবাবপত্র	১১,৫০০	
প্রাপ্য হিসাব	২,৪০০	
ভাড়া	২০,৫০০	
বেতন	১১,২০০	
মূলধন		২৩,৫২০
প্রদেয় হিসাব		১,১০০
বিক্রয়		২৩,৪০০
	৪৮,০২০	৪৮,০২০

অন্যান্য তথ্যাবলি : (১) ধারে বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (২) বকেয়া বেতন ৪,০০০ টাকা।

ক. ১ ও ২নং সমন্বয়ের জাবেদা দাও। ২
খ. উল্লিখিত তথ্যের ভিত্তিতে একটি কার্যপত্র প্রস্তুত কর। (সমন্বিত রেওয়ামিল পর্যন্ত) ৪
গ. সমাপনী জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

১০ ▸ মোহনা ট্রেডার্সের ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানি হিসাব বন্ধ করে এবং স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ ও ২০২১ সালের অবচয়সংক্রান্ত জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ২০২০ ও ২০২১ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

১১ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে হামিম ট্রেডার্স ৪,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৬০,০০০ টাকা প্রদান করল। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,৫০,০০০ টাকা। হামিম ট্রেডার্স ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. অবচয়ের হার এবং প্রথম বছরের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের মেশিন হিসাব এবং অবচয় হিসাব তৈরি কর। ৪
গ. প্রথম দুই বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে শরীফ এন্ড ব্রাদার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন ও মূলধন	৪,০০০	৮০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২১,০০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	২০,০০০	৪৫,০০০
আন্তঃফেরত ও বহিঃফেরত	২,০০০	১,০০০
বিক্রয়ের উপর বাট্টা ও ক্রয়ের উপর বাট্টা	৩,০০০	২,০০০
বেতন খরচ (৮০%)	৮,০০০	
বিজ্ঞাপন খরচ	৬,০০০	
শিক্ষানবিশ সেলামি		৪,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৩০,০০০	১৫,০০০
ব্যাংক চার্জ ও কমিশন	৪,০০০	
কলকব্জা ও যন্ত্রপাতি	৪০,০০০	
প্রাপ্ত বাট্টা		৬,০০০
ব্যাংক জমা	১৫,০০০	
	১,৫৩,০০০	১,৫৩,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার বাজার মূল্য ১২,০০০ টাকা; (২) শিক্ষানবিশ সেলামি ১,০০০ টাকা এখনও উপার্জন হয়নি; (৩) বিজ্ঞাপনের দুই-তৃতীয়াংশ অবলোপন করতে হবে; (৪) কলকব্জা ও যন্ত্রপাতির উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে; (৫) ধারে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা এখনও হিসাবভুক্ত হয়নি।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ১৯,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। (মালিকানাস্বত্ব ৮৪,০০০ টাকা ধরে) ৪

২ ▸ শিশির সার্ভিসিং সেন্টারের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয়সমূহ নিম্নরূপ :

শিশির সার্ভিসিং সেন্টারের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৩৫,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
অগ্রিম বিমা	১০,০০০	
বেতন খরচ	৭,০০০	
ভাড়া খরচ	১৫,০০০	
সাপ্লাইজ	২৪,০০০	
আসবাবপত্র	৩৫,০০০	
উত্তোলন	২,০০০	
মূলধন		৯০,০০০
সেবা আয়		৬৫,০০০
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৫,০০০
অনুপার্জিত সেবা আয়		৮,০০০
প্রদেয় হিসাব		২০,০০০
	১,৮৮,০০০	১,৮৮,০০০

সমন্বয়সমূহ : (i) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা অর্জিত হয়েছে; (ii) প্রতিমাসে বিমা খরচের পরিমাণ ৭৫০ টাকা; (iii) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (iv) সাপ্লাইজ এখনও হাতে রয়েছে ৩,৫০০ টাকা।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট সেবা আয় ৮০,০০০ টাকা বিবেচনাপূর্বক নিট আয় বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফা ১৬,০০০ টাকা বিবেচনাপূর্বক আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▸ শতাব্দী ট্রেডার্সের ৩০ জুন ২০২১ সালের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ : নগদ ৪০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৫০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, প্রদেয় হিসাব ২০,০০০ টাকা। জুলাই মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ২ মালিক নগদ ৫০,০০০ টাকা ও ২৫,০০০ টাকার অফিস সরঞ্জাম ব্যবসায়ের বিনিয়োগ করলেন।
" ৫ পণ্য ক্রয় ৫০,০০০ টাকা (যার ৬০% নগদে ও ৪০% ধারে)
" ১০ বেতন পরিশোধ ২০,০০০ টাকা।
" ১৫ ৫ তারিখের ধারে ক্রয়ের অর্থ পরিশোধ করা হলো।
" ২০ পণ্য বিক্রয় করা হলো ১,০০,০০০ টাকা (যার ৮০% নগদে ও ২০% ধারে)
" ৩০ ভাড়া পরিশোধ করা হলো ২৫,০০০ টাকা।

ক. শতাব্দী ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২

খ. ২, ৫, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উদ্দীপকে উল্লিখিত লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▸ মি. নাঈম আইন শাস্ত্রে স্নাতক পাসের পর নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মূল্যের আইনের বই নিয়ে ১ জানুয়ারি ২০২১ তারিখে আইন পেশা শুরু করেন। প্রথম মাসে তার সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ৫ নগদে অফিস সরঞ্জাম ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ চেম্বারের ভাড়া পরিশোধ ১৮,০০০ টাকা।
" ১২ ধারে সাপ্লাইজ ক্রয় ৫,০০০ টাকা।
" ১৫ মক্কেলকে আইনি সেবা প্রদান করে নগদ প্রাপ্তি ৫০,০০০ টাকা।
" ২০ মক্কেলকে সেবা প্রদানের লক্ষ্যে অগ্রিম গ্রহণ ১৫,০০০ টাকা।
" ২২ ধারে আইনি সেবা প্রদান ২৫,০০০ টাকা এবং নগদে আইনি সেবা প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ উপযোগ খরচ পরিশোধ ৩,০০০ টাকা।

ক. জানুয়ারি মাসে মোট সেবা আয় নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ১, ১৫, ২০ ও ২২ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

গ. চলমান জের ছকে নগদান হিসাব ও সেবা আয় হিসাব তৈরি কর। ৪

৫ ▸ মারুফ ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। মাসিক অগ্রদত্ত টাকার পরিমাণ ১,২০০ টাকা। ২০২১ সালের জুন মাসের খুচরা খরচের পরিমাণ ছিল ৮০০ টাকা। জুলাই মাসে উক্ত প্রতিষ্ঠানের খুচরা লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ১ প্রধান ক্যাশিয়ারের কাছ থেকে অগ্রদত্ত টাকা পূরণের জন্য চেক প্রাপ্তি।
" ৩ কাগজ ও কলম ক্রয় ৩১০ টাকা।
" ৫ ডাকটিকিট ক্রয় ৩০ টাকা।
" ৭ পিয়নকে বকশিশ প্রদান ২০ টাকা
" ১০ রিকশা ভাড়া প্রদান ৪০ টাকা।
" ১৮ মনিহারি ক্রয় ৭০ টাকা।
" ২২ কুরিয়ার ব্যয় ১০০ টাকা।
" ৩০ বাস ভাড়া ৯০ টাকা।

ক. প্রারম্ভিক খুচরা তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. মাস শেষে খুচরা নগদান বইয়ের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

৬ ▸ মিঠু রহমানের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে নিম্নলিখিত তথ্যসমূহ দেওয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা।
(২) ১৫,০০০ টাকার ১টি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
(৩) ১০,০০০ টাকার একটি ইস্যুকৃত চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৪) দেনাদার কর্তৃক ২০,০০০ টাকা সরাসরি ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৫) ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত ৫,০০০ টাকা।
(৬) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় যা নগদান বইতে লেখা হয়নি ১,৫০০ টাকা।
(৭) ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ১,০০০ টাকা ও ধার্যকৃত চার্জ ৪০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনগুলোর তালিকা তৈরি কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি থেকে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৭ ▸ ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে ফাহমিদ ট্রেডার্সের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
বিক্রয়	২,০০,০০০
আসবাবপত্র	২,৫০,০০০
মূলধন	৩,৮০,০০০
প্রাপ্য নোট	৫০,০০০
আয়কর	২০,০০০
প্রদেয় নোট	৩০,০০০
প্রাপ্য হিসাব	৮০,০০০
প্রদেয় হিসাব	৪০,০০০
দীর্ঘমেয়াদি ঋণ	১,৪০,০০০
হাতে নগদ	৫০,০০০
ব্যাংক জমা	১,২০,০০০
সমন্বিত ক্রয়	১,৫৫,০০০
শিক্ষানবিশ সেলামি	১০,০০০
সমাপনী মজুদ	৬০,০০০
অব্যবহৃত সাপ্লাইজ	১৫,০০০

ক. উপর্যুক্ত তথ্যাবলি থেকে মোট আয় নির্ণয় কর। ২
খ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণের পার্থক্য নির্ণয় কর। ৪

৮ ▸ অতনু ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের একটি অশুদ্ধ রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৭০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য)		৮০,০০০
সমাপনী মজুদ পণ্য		৫০,০০০
খুচরা যন্ত্রাংশ	৮,০০০	
আসবাবপত্র	৬০,০০০	
কলকব্জা	৯৭,৫০০	
পণ্য ক্রয়		১,৪৮,৫০০
মজুরি	১০,০০০	
বেতন	১২,০০০	
পণ্য বিক্রয়	২,৮১,০০০	
ভাড়া	২০,০০০	
বিজ্ঞাপন		৭,০০০
ক্রয় পরিবহন		২,০০০
বিক্রয় পরিবহন	৪,০০০	
অনাদায়ি পাওনা	২,০০০	
অনিশ্চিত হিসাব		৩৭,০০০
	৪,৯৪,৫০০	৪,৯৪,৫০০

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি শুদ্ধ রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত রেওয়ামিল হতে মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাহিদ ট্রাভেল এজেন্সির রেওয়ামিল নিম্নরূপ :

সাহিদ ট্রাভেল এজেন্সির রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	১১,২০০	
প্রাপ্য হিসাব	৫,৬২০	
মনিহারি	১,০৫০	
অগ্রিম বিমা	২,৪০০	
অফিস সরঞ্জাম	৩০,০০০	
প্রদেয় বিল		১০,০০০
প্রদেয় হিসাব		১২,৩৫০
মূলধন		২২,০০০
উত্তোলন	৬০০	
সেবা আয়		১১,৪২০
বেতন খরচ	২,২০০	
পরিবহন খরচ	১,৩০০	
ভাড়া খরচ	১,২০০	
বিবিধ খরচ	২০০	
	৫৫,৭৭০	৫৫,৭৭০

সমন্বয়সমূহ : (১) বছর শেষে অব্যবহৃত মনিহারি ৭৫০ টাকা; (২) বছর শেষে অফিস সরঞ্জামের অবচয় ধরা হয়েছে ৫০০ টাকা; (৩) চলতি বছরে বিমা খরচের পরিমাণ ৪০০ টাকা; (৪) সেবা আয় ৫৮০ টাকা এখনও বকেয়া রয়েছে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কার্যপত্রের মাধ্যমে নিট মুনাফা/নিট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. সমাপনী দাখিলা দাও। ৪

১০ ▸ মুশফিক এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি ৮,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন বিদেশ থেকে আমদানি করে। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ২,০০,০০০ টাকা, যার মধ্যে মজুরি অন্তর্ভুক্ত ছিল ৫০,০০০ টাকা। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা অনুমান করা হয়। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ১০ বছর। প্রতিষ্ঠানটির হিসাব বছর শেষ হয় প্রতি বছর ৩১ ডিসেম্বর। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত? ২
খ. প্রথম দুই বছরের জন্য জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম দুই বছরের জন্য মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে শিশির ট্রেডার্সের যন্ত্রপাতি হিসাবের উদ্বৃত্ত ৪,০০,০০০ টাকা (ক্রয়মূল্য) এবং পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল ৫০,০০০ টাকা। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৮,০০,০০০ টাকার একটি নতুন মেশিন ক্রয় করা হয়। প্রতিষ্ঠানটি ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। হিসাব বন্ধের তারিখ ৩১ ডিসেম্বর।

ক. ২০১৯ ও ২০২০ সালের অবচয় নির্ণয়ের সারণি প্রস্তুত কর। ২
খ. ২০১৯ ও ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৯ ও ২০২০ সালের অবচয় খরচ হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আজাদ ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

আজাদ ট্রেডার্সের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুদ পণ্য (০১-০১-২০২১)	৪৫,০০০	
ক্রয় ও বিক্রয়	৪,২৬,০০০	৬,৪৮,৫০০
মূলধন		৫,৫০,০০০
উত্তোলন	৪০,০০০	
হাতে নগদ	২৫,০০০	
প্রাপ্য হিসাব	২,৮০,০০০	
১০% বিনিয়োগ	১,৫০,০০০	
বেতন (১৫ মাস)	২৫,৫০০	
অনাদায়ি পাওনা এবং অনাদায়ি পাওনা সঞ্চিতি	৯,০০০	১৫,০০০
আসবাবপত্র	১,২০,০০০	
ব্যাংকে জমা	৮৫,০০০	
মজুরি	১০,০০০	
বহিঃফেরত		২,০০০
	১২,১৫,৫০০	১২,১৫,৫০০

অন্যান্য তথ্যাবলি : (i) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৭০,০০০ টাকা; (ii) মালিক কর্তৃক নিজ প্রয়োজনে ৮,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন যা হিসাবভুক্ত হয়নি; (iii) প্রাপ্য হিসাবের উপর ৮% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি কর।

ক. অনাদায়ি পাওনার পরিমাণ নির্ণয় কর। ২

খ. আজাদ ট্রেডার্সের মোট লাভ নির্ণয় কর। ৪

গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণীর সম্পদের দিক প্রদর্শন কর। ৪

২ ▸ **রবি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :**

রবি ট্রেডার্সের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সাপ্লাইজ	৩০,০০০	
অগ্রিম বিমা	২৫,০০০	
হাতে নগদ	২১,০০০	
মূলধন		১,২৫,০০০
প্রাপ্য হিসাব	২৬,০০০	
আসবাবপত্র	৯০,০০০	
বেতন	২২,০০০	
ভাড়া	৮,০০০	
সেবা আয়		৯০,০০০
প্রদেয় হিসাব		২৩,০০০
অনুপার্জিত সেবা আয়		১৮,০০০
ব্যাংকে জমা	৩৪,০০০	
	২,৫৬,০০০	২,৫৬,০০০

সমন্বয়সমূহ : (i) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ২০,০০০ টাকা; (ii) অগ্রিম বিমার ৩/৫ অংশ মেয়াদ অতিক্রান্ত হয়েছে; (iii) সেবা প্রদান করা হয়েছে ১২,০০০ টাকা কিন্তু এখনও পাওয়া যায়নি; (iv) অনুপার্জিত সেবা আয়ের ১/২ অংশ অর্জিত হয়েছে।

ক. ১ ও ২নং সমন্বয়ের জাবেদা দাখিলা দাও। ২

খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য বিশদ আয় বিবরণী তৈরি কর। ৪

গ. বছর শেষে মোট সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব তাসকিন ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার সরঞ্জাম নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনসমূহ নিম্নরূপ ছিল :

জানু. ২ মাসিক ৭,৫০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ করা হলো।
" ৫ নগদে পণ্য ক্রয় ২২,০০০ টাকা।
" ১২ নগদে পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা।
" ১৮ ধারে পণ্য ক্রয় ৩৫,০০০ টাকা।
" ২২ ধারে পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা।
" ২৫ নিজস্ব তহবিল থেকে মেয়ের স্কুলের বেতন দেওয়া হলো ২,০০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন পরিশোধ করা হলো।

ক. যে সকল ঘটনা লেনদেন নয় সেসব ঘটনার মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. যে সকল ঘটনা লেনদেন সে সকল লেনদেনগুলোর আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাসসহ হিসাবখাত নির্ণয় কর। ৪

গ. চলমান জের ছকে নগদান হিসাব এবং বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ মিন্টু ব্রাদার্স ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকার আসবাবপত্র এবং ৬০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর কারবারে অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

জানু. ২ আশিকের নিকট থেকে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৭ সোনালি ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা।
" ১০ ধারে ৪৫,০০০ টাকার একটি নতুন আলমারি ক্রয় করা হলো।
" ১৫ তুহিনের নিকট নগদে পণ্য বিক্রয় ১২,০০০ টাকা।
" ১৮ আশিকের পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ২৪,০০০ টাকা নগদে প্রদান করা হলো।
" ৩০ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৬,০০০ টাকা।

ক. মিন্টু ব্রাদার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ২, ১৫ এবং ১৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ১, ৭, ১০ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৫ ▸ নিম্নলিখিত লেনদেনগুলো ২০২১ সালের এপ্রিল মাসের রেজাউল ট্রেডার্সের হিসাব বই হতে নেওয়া হয়েছে :

এপ্রিল ১ নগদ উদ্বৃত্ত ৯০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭৫,০০০ টাকা।
" ৪ আজাদের পাওনা ২০,০০০ টাকা ৫% বাট্টা বাদে ৫০% নগদে এবং ৫০% চেকে পরিশোধ করা হলো।
" ১২ দেনাদার হাসিমের নিকট থেকে ১২,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৬,০০০ টাকা নগদে এবং ৫,৭০০ টাকার একখানি চেক পাওয়া গেল, চেকটি ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১৭ নগদ উত্তোলন ৯,০০০ টাকা এবং পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
" ২২ কারবার হতে মালিকের ছেলের কলেজের বেতন প্রদান ১,০০০ টাকা।
" ২৪ ব্যাংকে জমা দেওয়া হলো ৮,০০০ টাকা।
" ২৫ নগদে একটি ল্যাপটপ ক্রয় করা হয়েছে ৪৫,০০০ টাকা।
" ২৮ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ১,০০০ টাকা।
" ৩০ নগদে পণ্য ক্রয় ৭,০০০ টাকা।

ক. যে সকল লেনদেন নগদান বইয়ের অন্তর্ভুক্ত হবে না, সেসব লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২
খ. ১, ৪, ১২ এবং ২৪ তারিখের লেনদেনগুলোকে নিয়ে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪
গ. ১৭, ২২, ২৫ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর অবলম্বনে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▸ আবির ট্রেডার্স খুচরা খরচের জন্য খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২১ সালের জুন মাসে তাঁর ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ প্রারম্ভিক খুচরা নগদ তহবিল ৬০০ টাকা। প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে প্রাপ্তি ১,৮০০ টাকা।
" ৩ কাগজ ক্রয় ১৪০ টাকা।
" ৫ প্যাকিং খরচ ৬০ টাকা।
" ৭ ইন্টারনেট খরচ ২০০ টাকা।
" ৮ বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ১,২০০ টাকা।
" ৯ আপ্যায়ন খরচ ৮০ টাকা।
" ১০ কাগজ ও কলম ক্রয় ১৩০ টাকা।
" ১১ রিকশা ও বাস ভাড়া প্রদান ২৮০ টাকা।
" ১৪ নগদে পণ্য ক্রয় ২,০০০ টাকা।
" ১৮ টেলিগ্রাম খরচ ২৫ টাকা।
" ২৫ ডাক খরচ ১২ টাকা।
" ৩০ পুরাতন খবরের কাগজ বিক্রয় ১৮০ টাকা।

ক. খুচরা নগদান বই বহির্ভূত লেনদেনগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩, ৯, ১১ এবং ১৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই তৈরি কর। ৪

৭ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে হানিফ এন্টারপ্রাইজের নগদান বই ও ব্যাংক বিবরণীর গরমিলের কারণসমূহ নিম্নে বর্ণিত হলো :

(১) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ ১,৬০,০০০ টাকা।
(২) ৩০,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৩) ব্যাংক কর্তৃক প্রদেয় হিসাবের ৫৫,০০০ টাকা পরিশোধ করা হয়েছে যা নগদান বইতে লেখা হয়নি।
(৪) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ১২,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ১,০০০ টাকা যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৬) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের ২০,০০০ টাকা সরাসরি আদায় যা নগদান বইতে লেখা হয়নি।
(৭) ৮০,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ৪

৮ ▸ রকি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
মজুদ (০১-০১-২০২১)	৪৫,০০০
বিক্রয়	২,৪০,০০০
হাতে নগদ (০১-০১-২০২১)	২৫,০০০
ক্রয়	২,১০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১৭,৫০০
প্রাপ্য হিসাব	১০,৫০০
বহিঃফেরত	৪,৫০০
প্রদেয় হিসাব	৪২,০০০
মূলধন	৩,০৬,৫০০
মজুদ পণ্য (৩১-১২-২০২১)	৯০,০০০
শিক্ষানবিশ ভাতা	৯,০০০
ব্যাংক জমাতিরিক্তের সুদ	১,৫০০
আসবাবপত্র	২,০৪,০০০
হাতে নগদ (৩১-১২-২০২১)	১৫,০০০
সম্ভাব্য দায়	৯৫,০০০
বকেয়া ভাড়া	৩,৫০০
১০% বাদশাকে প্রদত্ত ঋণ	১,০০,০০০
অগ্রিম বেতন	৮,০০০
উত্তোলন	১১,০০০

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৯ ▸ মেসার্স সজিব ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

মেসার্স সজিব ট্রেডার্সের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৮৫,০০০
সেবা আয়		৬০,০০০
আসবাবপত্র	১,৬৫,০০০	
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৩০,০০০
অনুপার্জিত সেবা আয়		২৫,০০০
মনিহারি	৪,০০০	
অগ্রিম বিমা	২০,০০০	
হাতে নগদ	১১,০০০	
	২,০০,০০০	২,০০,০০০

সমন্বয়সমূহ : (i) অব্যবহৃত মনিহারি ১,৫০০ টাকা; (ii) সেবা প্রদান ৮,০০০ টাকা যা এখনও পাওয়া যায়নি; (iii) হিসাবকাল শেষে অনুপার্জিত সেবা আয় ১৩,০০০ টাকা ছিল; (iv) অগ্রিম বিমা প্রতি মাসে ১,০০০ টাকা করে মেয়াদ উত্তীর্ণ হয়।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় দাখিলা দাও। ৪
গ. একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ রাফি এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি ১৬,৫০,০০০ টাকা মূল্যের একটি মেশিন জাপান থেকে আমদানি করে। মেশিনটির আমদানি শুল্ক ২,০০,০০০ টাকা, পরিবহন খরচ ১,০০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৫০,০০০ টাকা একই তারিখে নির্বাহ করা হয়েছে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ধরা হয়েছে ২,৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে। রাফি এন্টারপ্রাইজ স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ২০২০ সালের বার্ষিক অবচয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০২০ এবং ২০২১ সালের জন্য মেশিন হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ জনাব সামাদ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১০,০০,০০০ টাকার একটি নতুন মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৮ বছর। আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ১,২০,০০০ টাকা। জনাব সামাদ প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে তাঁর হিসাব বন্ধ করেন। তিনি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করেন।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম চার বছরের অবচয় তালিকা তৈরি কর। ৪
গ. ২০১৮ এবং ২০১৯ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাকিব ব্রাদার্সের রেওয়ামিল নিম্নরূপ :

সাকিব ব্রাদার্সের

রেওয়ামিল

ডেবিট — ৩১ ডিসেম্বর, ২০২১ — ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (০১-০১-২১)	৫০,০০০	সাকিবের মূলধন	১,০৫,০০০
আসবাবপত্র	৪০,০০০	বিক্রয়	৫,২০,০০০
ব্যাংক হিসাবের উদ্বৃত্ত	২৪,০০০	প্রদেয় হিসাব	২৯,০০০
নগদ তহবিল	৩৬,০০০	বাট্টা প্রাপ্তি	৬,০০০
ক্রয়	৩,৭০,০০০	৬% ঋণ (০১-০১-২১)	৪০,০০০
প্রাপ্য হিসাব	৮৫,০০০	ক্রয় বাট্টা	২৫,০০০
ক্রয় পরিবহন	৪,৪০০		
মজুরি	১০,০০০		
বিক্রয় বাট্টা	২০,০০০		
বেতন	৫১,০০০		
বাট্টা প্রদান	৯,০০০		
ভাড়া	২৫,৬০০		
	৭,২৫,০০০		৭,২৫,০০০

সমন্বয়সমূহ : (i) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৪৫,০০০ টাকা; (ii) ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ৫,৬০০ টাকা; (iii) বকেয়া রয়েছে : বেতন ৭,০০০ টাকা ও মজুরি ৯,০০০ টাকা; (iv) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য কর; (v) অনাদায়ি পাওনা সঞ্চিতি ৫% সৃষ্টি করতে হবে।

ক. প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট পরিচালন ব্যয় নির্ণয় কর। ৪

গ. নিট আয় ৩৪,৯৫০ টাকা ধরে মালিকানাস্বত্বের পরিমাণ ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রায়হান ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

রায়হান ট্রেডার্সের

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
ক্রয় ও বিক্রয়	১,৬২,০০০	২,৩০,০০০
বিক্রয় ফেরত	৫,০০০	
উত্তোলন ও মূলধন	২০,০০০	২,১০,০০০
মজুরি	৮,০০০	
ক্রয় পরিবহন	১০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬০,০০০	৪২,০০০
বিক্রয় বাট্টা	২,০০০	
আসবাবপত্র	১,৬০,০০০	
বিক্রয় পরিবহন	৫,০০০	
বেতন (১০ মাস)	২০,০০০	
	৪,৮২,০০০	৪,৮২,০০০

সমন্বয়সমূহ : (i) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা যার মধ্যে ৩,৫০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে; (ii) মালিক নিজ প্রয়োজনে ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন যা হিসাবভুক্ত হয়নি; (iii) নিম্নমানের জন্য সরবরাহকারীকে ২,০০০ টাকার পণ্য ফেরত প্রদান করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট ক্রয় ও নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য একটি আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ রোহান টেডার্সের ২০২১ সালের জানুয়ারি মাসে সংঘটিত লেনদেনসমূহ নিম্নে উপস্থাপন করা হলো :

২০২১

জানু. ১ ব্যাংক জমা ৬৫,০০০ টাকা, নগদ ৭০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলেন।
" ৫ কবিরের নিকট হতে ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৭ মনিরের নিকট পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ৯ নগদে বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৭ কবিরের নিকট হতে চেক পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ১৯ বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা।
" ৩১ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ২,০০০ টাকা।

ক. রোহান ট্রেডার্সের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ১৭, ১৯ ও ৩১ তারিখের লেনদেনসংশ্লিষ্ট হিসাব খাতগুলো দেখাও। ৪

গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৪ ▸ জামাল এন্ড সন্সের নিম্নোক্ত লেনদেনসমূহ ২০২০ সালের জুন মাসের :

জুন ১ নগদ উদ্বৃত্ত ১৭,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ১২,০০০ টাকা।
" ৫ সুজনের নিকট বিক্রয় ৭,০০০ টাকা।
" ৭ চেকের মাধ্যমে ক্রয় ৫,০০০ টাকা।
" ১০ দেনাদারের নিকট হতে ৫,৫০০ টাকা, দেনার পূর্ণনিষ্পত্তিতে ৫,২০০ টাকার চেক প্রাপ্তি।
" ১৪ প্রদেয় বিলের অর্থ পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।
" ১৬ ব্যাংকে জমা দেওয়া হলো ৪,০০০ টাকা।
" ২০ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২,০০০ টাকা।
" ২৫ ব্যাংক সুদ মঞ্জুর করল ৩০০ টাকা।
" ২৮ ঋণ গ্রহণ করা হলো ২০,০০০ টাকা।
" ৩০ বহিঃফেরত ১,০০০ টাকা।

ক. ধারে লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ২

খ. সংশ্লিষ্ট লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. ১, ১০, ১৬ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৫ ▸ মনির ট্রেডিং কোং-এর একটি স্বতন্ত্র নগদান বিভাগ আছে। এই বিভাগ প্রত্যেক সপ্তাহে অগ্রদত্ত নিয়মে খুচরা নগদান বই সংরক্ষণ করে থাকে। নিম্নলিখিত তথ্যাবলি ২০২১ সালের নভেম্বর মাসে সংঘটিত হয় :

২০২১

নভে. ১ প্রধান ক্যাশিয়ারের নিকট হতে নগদ প্রাপ্তি ৩০০ টাকা।
" ২ আসবাবপত্র মেরামত ১৫ টাকা।
" ২ টেলিফোন বিল প্রদান ২০ টাকা।
" ৩ পেন্সিল ক্রয় ৬ টাকা।
" ৪ কার্বন ক্রয় ২০ টাকা।
" ৪ টাইপরাইটার মেরামত বাবদ ব্যয় ১৩ টাকা।
" ৫ বৈদ্যুতিক বাল্ব ক্রয় ১৮ টাকা।
" ৬ ডাক ও তার খরচ প্রদান ৯ টাকা।
" ৭ রিকশা ভাড়া প্রদান ২১ টাকা।

ক. নভেম্বর ১ তারিখের লেনদেনের জাবেদা দাও। ২

খ. উপরিউক্ত তথ্যাবলি অনুসরণ করে অগ্রদত্ত নিয়মে খুচরা নগদান বই তৈরি কর। ৪

গ. খুচরা নগদান বইতে লিপিবদ্ধ হিসাবগুলো খতিয়ানে স্থানান্তর দেখাও। ৪

৬ ▸ নিচের খতিয়ান উদ্বৃত্তগুলো ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেসার্স জমির এন্ড কোং-এর হিসাব বই হতে নেওয়া হয়েছে :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	৯০,০০০	সুনাম	২৫,০০০
পণ্য ক্রয়	৮০,৫০০	প্রাপ্য হিসাব	২১,০০০
মজুদ পণ্য (০১-০১-২১)	২০,০০০	নগদ তহবিল (৩১-১২-২১)	৫,০০০
ক্রয় পরিবহন	২,০০০	মজুদ পণ্য (৩১-১২-২১)	৮,০০০
অগ্রিম গ্রহণ	১২,০০০	বিক্রয় পরিবহন	৩,০০০
উত্তোলন	১০,০০০	ক্রয় ফেরত	১,০০০
পণ্য বিক্রয়	১,১০,০০০	বিক্রয় ফেরত	২,০০০
অনাদায়ি পাওনা সঞ্চিতি	২,০০০	শিক্ষানবিশ সেলামি	৩,০০০
বকেয়া বেতন	৫০০	আসবাবপত্র	১০,০০০
নগদ তহবিল (০১-০১-২১)	৭,০০০	কলকব্জা	৪০,০০০

ক. যে সমস্ত দফাসমূহ রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে না তাদের সমষ্টি নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত উদ্বৃত্তসমূহ থেকে রেওয়ামিল তৈরি কর। ৪
গ. স্থায়ী সম্পদ ও চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ জনাব সিফাতের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৯৪,০০০
বিমা সেলামি	৫,০০০	
বেতন	১০,০০০	
প্রাপ্য হিসাব	৩০,০০০	
কমিশন প্রাপ্তি		২,০০০
প্রদেয় হিসাব		২০,০০০
উত্তোলন	১০,০০০	
ক্রয়	৩০,০০০	
বিনিয়োগ	১৫,০০০	
ব্যাংক জমার সুদ		৫০০
আসবাবপত্র	৪০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	২৫,০০০	
ব্যাংক জমা	৬,০০০	
বিনিয়োগের সুদ		৩,০০০
বিক্রয়		৬৫,০০০
আমদানি শুল্ক	৩,৫০০	
অনিশ্চিত হিসাব	১০,০০০	
	১,৮৪,৫০০	১,৮৪,৫০০

হিসাবের প্রাথমিক বই ও খতিয়ান পরীক্ষা করে নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ল :

(i) ক্রয় হিসাবের যোগফল কম দেখানো হয়েছে ৫,০০০ টাকা।
(ii) বেতন পরিশোধ ৩,০০০ টাকা নগদান হিসাবে ক্রেডিট করা হলেও বেতন হিসাবে ডেবিট করা হয়নি।
(iii) বিক্রয় হিসাবের যোগফল বেশি দেখানো হয়েছে ২,০০০ টাকা।
(iv) আসবাবপত্র মেরামত ৩,০০০ টাকা, আসবাবপত্র হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. (i) ও (iv) নং ভুলের জন্য জাবেদা দাখিলা দাও। ২
খ. অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪
গ. ভুল সংশোধনের পর সংশোধিত রেওয়ামিল তৈরি কর। ৪

৮ ▸ জনাব রহিম একজন ব্যবসায়ী। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের ব্যাংক হিসাব এবং নগদান বই পর্যালোচনা করে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩২,৫০০ টাকা কিন্তু ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২১,৫০০ টাকা।
(ii) পাওনাদার বরাবর ইস্যুকৃত মোট ৬০,০০০ টাকার তিনটি চেকের মধ্যে মোট ৪৫,০০০ টাকার দুটি চেক ডিসেম্বর মাসে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।
(iii) দেনাদারের নিকট হতে প্রাপ্ত মোট ৪৫,০০০ টাকার দুটি চেক এবং ২০,০০০ টাকার একটি প্রাপ্য বিল ব্যাংকে জমা দেওয়া হলেও এই হিসাব বছরে শুধুমাত্র প্রাপ্য বিলের টাকা ব্যাংক কর্তৃক আদায় হয়েছে।
(iv) ৩,০০০ টাকার একখানা প্রাপ্য বিল ২,৫০০ টাকায় বাট্টা করা হলেও নগদান বইতে পূর্ণমূল্যে লিপিবদ্ধ করা হয়েছে।
(v) বিনিয়োগের সুদ ১৫,৫০০ টাকা ব্যাংক কর্তৃক সরাসরি আদায় হয়েছে কিন্তু নগদানভুক্ত হয়নি।
(vi) আদায়ের জন্য ৫,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দিলেও তা নগদানভুক্ত হয়নি।
(vii) ব্যাংক জমার সুদ ১,০০০ টাকা এবং ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ২,৫০০ টাকা নগদানভুক্ত হয়নি।

ক. অপরিশোধিত চেক এবং অনাদায়ি চেকের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

৯ ▸ পদ্মা এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩০ জুন তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ :

পদ্মা এন্টারপ্রাইজের
রেওয়ামিল
৩০ জুন, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৬,০০০	
প্রাপ্য হিসাব	৮,০০০	
মজুদ পণ্য (৩০-০৬-২০২১)	৪,০০০	
প্রদেয় হিসাব		২,০০০
মূলধন		১১,০০০
বিক্রয়		৬০,০০০
বিক্রীত পণ্যের ব্যয়	৪০,০০০	
পরিচালন ব্যয়	১৫,০০০	
	৭৩,০০০	৭৩,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) ধারে বিক্রয়ের পরিমাণ ৬,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (ii) মালিক কর্তৃক মূলধন আনয়ন ৭,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

ক. পদ্মা এন্টারপ্রাইজের বইতে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দাও। ২
খ. পদ্মা এন্টারপ্রাইজের বইতে ১০ কলাম বিশিষ্ট একখানা কার্যপত্র প্রস্তুত কর। ৪
গ. পদ্মা এন্টারপ্রাইজের বইতে হিসাবকাল শেষে প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও। ৪

১০ ▸ সাদিয়া এন্টারপ্রাইজ ১ জানুয়ারি ২০১৬ সালে ২,৫০,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করে। যন্ত্রপাতির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং আয়ুষ্কাল শেষে এর ভগ্নাবশেষ মূল্য হবে ৫০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয় এবং হিসাব বছর শেষ হয় ৩১ ডিসেম্বর তারিখে।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. প্রথম চার বছরের অবচয় তালিকা প্রস্তুত কর। ৪
গ. প্রথম চার বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ ফাহাদ ট্রেডার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১০,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন ও সংস্থাপন বাবদ আরও ১,০০,০০০ টাকা ব্যয় করেন। ২০১৮ সালের ১ এপ্রিল তারিখে প্রতিষ্ঠানটি ৩,০০,০০০ টাকা দিয়ে আরও একটি মেশিন ক্রয় করেন যার ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। উভয় মেশিনের আয়ুষ্কাল ১০ বছর। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতিবছরের ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

ক. দ্বিতীয় মেশিনের অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের অবচয় খরচ হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ বাবুল ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

বাবুল ট্রেডার্সের রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ব্যাংক জমা	৭০,০০০	
প্রাপ্য হিসাব	৪২,০০০	
যন্ত্রপাতি	৫৬,০০০	
পুঞ্জীভূত অবচয় – যন্ত্রপাতি		৫,৬০০
প্রদেয় হিসাব		২৪,০০০
৬% ঋণপত্র (০১-০৯-২০২১)		৫০,০০০
মজুদ পণ্য (০১-০১-২০২১)	৭৫,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয়	৪,৫২,০০০	৬,৯০,০০০
পণ্য ফেরত	১২,০০০	৮,০০০
মনিহারি	৮,০০০	
আন্তঃপরিবহন	২৫,০০০	
বহিঃপরিবহন	৪০,০০০	
বিক্রয়কর্মীর কমিশন	১৫,০০০	
বিজ্ঞাপন	৯০,০০০	
মূলধন		১,৫০,০০০
উত্তোলন	৩৮,০০০	
অনাদায়ি দেনা	৭,০০০	
অনাদায়ি দেনা সঞ্চিতি		২,৪০০
	৯,৩০,০০০	৯,৩০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ১,১০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার মধ্যে ৬,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে; (২) অলিখিত বিক্রয় ৮,০০০ টাকা এবং ধারে পণ্য ক্রয় ৬,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) বিজ্ঞাপনের $^{১}/_{৪}$ অংশ অবলোপন করতে হবে; (৫) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ২,৪০,০০০ টাকা ধরে ২০২১ সালের জন্য প্রতিষ্ঠানের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর সুন্দরবন ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৫০,০০০	
মনিহারি	১০,২০০	
প্রদেয় হিসাব		৭,০০০
অনুপার্জিত আয়		১৮,০০০
১০% বিনিয়োগ (০১-০৭-২০২১)	১,০০,০০০	
মূলধন		১,৩৮,০০০
উত্তোলন	৪৯,৮০০	
কমিশন আয়		১০,০০০
সেবা আয়		৮৪,০০০
বেতন (১০ মাস)	২৫,০০০	
প্রদত্ত ভাড়া	২৭,০০০	
সুদ আয়		৫,০০০
	২,৬২,০০০	২,৬২,০০০

সমন্বয়সমূহ : (১) হিসাবকাল শেষে মনিহারি অব্যবহৃত আছে ৭০০ টাকা; (২) সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনো বিল পাওয়া যায়নি ২,০০০ টাকা; (৩) বছর শেষে সেবা আয় অনুপার্জিত রয়েছে ৬,০০০ টাকা; (৪) ভাড়া অগ্রিম প্রদান ২,০০০ টাকা।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. একধাপবিশিষ্ট আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

খ বিভাগ

৩ ▸ ২০২২ সালের ১ মার্চ তারিখে মিস অহনা নগদ ৭০,০০০ টাকা, ৩০,০০০ টাকার যন্ত্রপাতি ও রিমার নিকট হতে ৪০,০০০ টাকা কর্জ নিয়ে কারবার আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ২ ১৫% ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৬৯,০০০ টাকা।
" ৭ রাজিবের নিকট নগদে মাল বিক্রয় ৭০,০০০ টাকা।
" ১০ বহিঃফেরত ৬,০০০ টাকা।
" ১৮ নগদে ল্যাপটপ ক্রয় ৩০,০০০ টাকা।
" ২০ আরিফের নিকট পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ২৬ ভাড়া প্রদান ১০,০০০ টাকা।
" ৩১ আরিফের নিকট পাওনার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকা পাওয়া গেল।

ক. মিস অহনার ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ১০, ২০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪

গ. ১, ৭, ১৮ ও ২৬ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব টেবিলের মাধ্যমে উপস্থাপন কর। ৪

৪ ▸ ২০২২ সালের ১ ফেব্রুয়ারি তারিখে মিস এশা নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭,৮০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

ফেব্রু ৫ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার তিন-চতুর্থাংশ ব্যাংকে জমা দেওয়া হলো।
" ৭ শিউলির পাওনা ৮,০০০ টাকা ৫% বাট্টায়, ৬০% নগদে ও অবশিষ্টাংশ চেকে পরিশোধ করা হলো।
" ১০ মাহিনের নিকট হতে ২০,০০০ টাকা পাওনার ৩% বাট্টায়, ৯,৪০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল এবং চেকখানি ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১২ স্বীকৃত বিলের মাধ্যমে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা ও ধারে ক্রয় ১২,০০০ টাকা।
" ১৫ ইমনের নিকট ৮% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করা হলো।
" ২২ জয়ের নিকট পাওনা ৪,২০০ টাকার প্রেক্ষিতে ৪,০০০ টাকার চেক পেয়ে বিজয়ের ৪,১০০ টাকা দেনা পরিশোধিত হলো।
" ২৫ রুমাকে চেকে পরিশোধ ৪,৮৫০ টাকা, বাট্টা পাওয়া গেল ১৫০ টাকা।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হবে না এমন দফাগুলো চিহ্নিত কর। ২

খ. ৭, ১০, ১২ ও ১৫ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪

গ. ১, ৫, ১০, ২২ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৫ ▸ ১ নভেম্বর, ২০২১ তারিখে প্রিয়ন্তী ট্রেডার্সের প্রদেয় হিসাব সম্পর্কিত সহকারী খতিয়ানের জেরসমূহ ছিল নিম্নরূপ :

জামান এন্ড সন্স ১২,০০০ টাকা, আবুল এন্ড সন্স ১৫,০০০ টাকা নভেম্বর মাসের নগদ প্রদান সম্পর্কিত লেনদেনগুলো নিম্নরূপ :

নভে. ১ মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন আনয়ন ২০,০০০ টাকা।
" ২ তিন মাসের ভাড়া অগ্রিম প্রদান ১,৫০০ টাকা।
" ৭ আবুল এন্ড সন্সের নিকট ১০,০০০ টাকা দেনা ৩% বাট্টা বাদে প্রদান করা হলো।
" ১০ কমিশন পাওয়া গেল ২০০ টাকা।
" ১৫ নগদে পণ্য ক্রয় ৬,০০০ টাকা।
" ২০ জামান এন্ড সন্সের নিকট আমাদের দেনা ৭,০০০ টাকা ২% বাট্টা বাদে পরিশোধ করা হলো।
" ২৮ মেয়াদ শেষে প্রদেয় নোটের ৩,০০০ টাকা প্রদান করা হলো।

ক. যে সকল লেনদেন নগদ প্রদান জাবেদা বইতে লিপিবদ্ধ হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনসমূহ দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪
গ. সাধারণ খতিয়ানে প্রদেয় হিসাব এবং প্রদেয় হিসাব সম্পর্কিত সহকারী খতিয়ানগুলো তৈরি কর। ৪

৬ ▸ সাহা স্টোরস-এর ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :
(১) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১-০৩-২০২২) ৩০,০০০ টাকা।
(২) আদায়ের জন্য জমাকৃত চেক কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৭,০০০ টাকা।
(৩) চেক কাটা হয়েছে, যা ব্যাংকে উপস্থাপন করা হয়নি ৫,০০০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ২,০০০ টাকা।
(৫) ব্যাংক চার্জ ১,২০০ টাকা।
(৬) জমাকৃত চেক যা অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ৩,০০০ টাকা।
(৭) ৬,০০০ টাকার একখানি প্রাপ্য বিল ৫,৭০০ টাকায় ব্যাংকে বাট্টা করা হলেও নগদান বইতে পূর্ণমূল্যে লিপিবদ্ধ করা হয়েছে।
(৮) ব্যাংক কর্তৃক সরাসরি প্রদেয় বিল পরিশোধ করেছে, যা এখন পর্যন্ত নগদান বইতে লিপিবদ্ধ হয়নি ১,০০০ টাকা।
(৯) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা, যা নগদান বইতে লেখা হয়নি ৩,০০০ টাকা।

ক. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত লেনদেন দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

৭ ▸ গড়াই কোম্পানির ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিচে দেওয়া হলো :

হিসাবের নাম	টাকা
নগদ তহবিল (৩১-১২-২০২১)	৬০০
ব্যাংকে জমা (৩১-১২-২০২১)	২,০০০
প্রাপ্য হিসাব (৩১-১২-২০২১)	১৩,০০০
প্রাপ্য হিসাব (০১-০১-২০২১)	২০,০০০
নগদ তহবিল (০১-০১-২০২১)	৮০০
মজুদ পণ্য (০১-০১-২০২১)	১০,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০২১)	১২,০০০
প্রদত্ত ঋণ	১৬,০০০
মূলধন	৫২,০০০
ক্রয়	৬০,২০০
অব্যবহৃত মনিহারি	৩০০
যন্ত্রপাতি	৩২,৭০০
মজুরি	৪,০০০
বিক্রয় ফেরত	২,৫০০
বকেয়া বেতন	৩,০০০
শিক্ষানবিশ ভাতা	১,৫০০
বিক্রয়	৮২,৫০০
কমিশন প্রাপ্তি	৩,৩০০
অনাদায়ি বিনিয়োগের সুদ	৫০০
শিক্ষানবিশ সেলামি	২,২০০

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনসমূহের পরিমাণ কত? ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য উপরিউক্ত উদ্বৃত্তগুলো নিয়ে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮ ▸ রূপসা ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

রূপসা ট্রেডার্সের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২০

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সেবা আয়		৮০,০০০
মূলধন		৭০,০০০
উত্তোলন	২১,৩০০	
বেতন	৪০,০০০	
বিমা খরচ	৩৬,০০০	
প্রাপ্য হিসাব	৯০,০০০	
প্রদেয় হিসাব		১৮,০০০
অনুপার্জিত সেবা আয়		২২,০০০
সাপ্লাইজ	২,৭০০	
	১,৯০,০০০	১,৯০,০০০

সমন্বয়সমূহ : (১) অব্যবহৃত সাপ্লাইজ ৭০০ টাকা; (২) বিমা খরচের ১২,০০০ টাকা পরবর্তী বছরের জন্য; (৩) অনুপার্জিত সেবা আয়ের $^{৩}/_{৪}$ অংশ অর্জিত হয়েছে; (৪) বেতন বকেয়া আছে ২ মাসের।

ক. (২) ও (৩) নং সমন্বয়ের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ২
খ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি কার্যপত্র প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে সমাপনী দাখিলা দাও। ৪

৯ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি নবগঙ্গা ট্রেডার্স ৩,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন এবং ৫০,০০০ টাকার সংস্থাপন ব্যয় নির্বাহ করে। যার আয়ুষ্কাল ৫ বছর শেষে ২০,০০০ টাকা পাওয়া যাবে। কোম্পানি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে এবং ৩১ ডিসেম্বর তারিখে প্রতিবছর হিসাব বছর শেষ করে। ২০২১ সালের ৩১ অক্টোবর তারিখে মেশিনটি ৩,২০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

ক. মেশিন বিক্রয়জনিত লাভ/ক্ষতি নির্ণয় কর। ২
খ. প্রথম ৩ বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম ৩ বছরের অবচয় হিসাব ও যন্ত্রপাতি হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০২১ সালের ১ জুন তারিখে জনাব সিয়াম নগদ ৭০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র মূলধনস্বরূপ আনয়ন করে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :

২০২১
জুন ২ আসাদ স্টোরের নিকট ১৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দেওয়া হলো।
" ৫ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১২ ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে পণ্য উত্তোলন ৭,০০০ টাকা।
" ২০ নিজস্ব তহবিল হতে ছেলের জন্য একটি ল্যাপটপ ক্রয় করলেন ৩৫,০০০ টাকা।
" ২৫ মিরাজের নিকট নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৩০ কর্মচারী মতিনকে চলতি মাসের বেতন প্রদান ১৬,০০০ টাকা।

ক. যে ঘটনাগুলো লেনদেন নয় সেগুলো শনাক্ত করে তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. লেনদেনগুলোর সাথে সংশ্লিষ্ট হিসাবগুলোর আধুনিক পদ্ধতিতে কারণসহ শ্রেণিবিন্যাস দেখাও। ৪
গ. চলমান জের ছক অনুযায়ী নগদান হিসাব ও ক্রয় হিসাব তৈরি কর। ৪

১১ ▸ আযম এন্টারপ্রাইজের হিসাব বইতে রেওয়ামিল তৈরির পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :
(১) যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা, যা ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।
(২) বিক্রয় হিসাবের যোগফল ৭,০০০ টাকা কম দেখানো হয়েছে।
(৩) জীবন বিমা প্রিমিয়াম ২,৩০০ টাকা প্রদান করে বিমা হিসাবে ডেবিট করা হয়েছে।
(৪) যন্ত্রপাতি মেরামত ব্যয় ২,৭০০ টাকা যন্ত্রপাতি হিসাবে ডেবিট করা হয়েছে।
(৫) ৯,৫০০ টাকার পুরাতন যন্ত্রপাতি বিক্রয় করে যন্ত্রপাতি হিসাবে ৮,৭০০ লেখা হয়েছে।
(৬) প্রদেয় হিসাব পরিশোধ ৩,০০০ টাকা কিন্তু তার হিসাবে লেখা হয়নি।

ক. উপরিউক্ত তথ্যাবলি হতে নীতিগত ভুল/ভুলসমূহ চিহ্নিত করে তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২, ৩, ৪ ও ৫নং তথ্যগুলোর ভুল সংশোধনী জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৪,৮০০ টাকা ধরে একটি অনিশ্চিত হিসাব তৈরি কর। ৪

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ আবির ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সুদ খরচ	৫,০০০	
মূলধন		৭৫,০০০
আসবাবপত্র	৮৫,০০০	
মজুদ পণ্য (০১-০১-২০২১)	২০,০০০	
ক্রয় ও বিক্রয়	৭০,০০০	১,৫০,০০০
ফেরতসমূহ	৪,০০০	২,০০০
অনাদায়ি পাওনা সঞ্চিতি		৩,০০০
ডেলিভারি খরচ	৬,০০০	
মজুরি	১৫,০০০	
অফিস খরচ	১৪,০০০	
হাতে নগদ	১১,০০০	
	২,৩০,০০০	২,৩০,০০০

অতিরিক্ত তথ্যাবলি : (১) হিসাবকাল শেষে মজুদ পণ্য ২২,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) পণ্য ধারে বিক্রয় হয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি ৫,০০০ টাকা; (৩) অনাদায়ি পাওনা সঞ্চিতি ৫,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৪) আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধরতে হবে।

ক. আবির ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সমাপ্ত বছরের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফার পরিমাণ ৭০,০০০ টাকা ধরে নিয়ে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে 'শাকিল এন্টারপ্রাইজের' রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুদ পণ্য (০১-০১-২০২১)	৭৫,০০০	
ক্রয় ও বিক্রয়	১,৫০,০০০	৩,০০,০০০
ফেরত	৫,০০০	৬,০০০
মজুরি	৭,০০০	
ক্রয় পরিবহন	১৪,০০০	
উত্তোলন ও মূলধন	১৫,০০০	২,৫০,০০০
প্রশাসনিক ও বিক্রয় খরচ	৯০,০০০	
১০% বিনিয়োগ	২,০০,০০০	
	৫,৫৬,০০০	৫,৫৬,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ৭০,০০০ টাকা (বাজারমূল্য ৬০,০০০ টাকা); (২) বছর শেষে বিক্রয়কৃত ৮,০০০ টাকার পণ্য ক্রেতাকে সরবরাহ করা হয়নি যা সমাপনী মজুদের অন্তর্ভুক্ত আছে। উক্ত পণ্যের ক্রয়মূল্য ৬,০০০ টাকা এবং বাজারমূল্য ৫,১০০ টাকা; (৩) মালিক কর্তৃক প্রদত্ত ৫,০০০ টাকা বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে; (৪) মজুরি অপ্রদত্ত রয়েছে ৩,০০০ টাকা।

ক. সমাপনী মজুদ পণ্যের প্রকৃত মূল্যের পরিমাণ কত টাকা? ২

খ. ২০২১ সালে সমাপ্ত বছরের আয় বিবরণীর মাধ্যমে মোট লাভের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট লাভ ২৪,০০০ টাকা ধরে নিয়ে একটি মালিকানাস্বত্ব বিবরণী তৈরি কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব খোকন ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৪০,০০০ টাকা এবং ১০,০০০ টাকার খুচরা যন্ত্রাংশ নিয়ে একটি 'মোবাইল সার্ভিসিং সেন্টার' নামে প্রতিষ্ঠান আরম্ভ করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয় :

জানু. ২ দোকান ভাড়া বাবদ নগদ ৪,০০০ টাকা প্রদান করেন।

" ১০ জনাব খোকন একটি মেশিন ক্রয় করেন ৫০,০০০ টাকা যার মধ্যে ২০,০০০ টাকা নগদ প্রদান করেন এবং অবশিষ্ট টাকার জন্য একটি প্রদেয় নোটে স্বীকৃতি দেন।

" ১৫ তিনি এক বছরের বিমা প্রিমিয়াম বাবদ নগদ ২,৪০০ টাকা প্রদান করেন।

" ১৮ পত্রিকায় বিজ্ঞাপন প্রদান ২,০০০ টাকা; যা এখনো পরিশোধ করা হয়নি।

" ৩১ মোবাইল সেবা বাবদ এ মাসে ২৪,০০০ টাকা পাওয়া গেল।

ক. প্রারম্ভিক সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ২, ১০, ১৫ ও ১৮ তারিখের লেনদেনসমূহের আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

গ. জানুয়ারি ১, ২, ১০ ও ৩১ তারিখের লেনদেনসমূহ নিয়ে ছক আকারে হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪ ▸ ABC কোম্পানি ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ৬,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেছিল। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৬০,০০০ টাকা। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর শেষ হয়। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. প্রথম ৪ বছরের জন্য অবচয় সারণি তৈরি কর। ৪

গ. প্রথম ২ বছরের জন্য অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

৫ ▸ সুজন এন্টারপ্রাইজ ১ এপ্রিল ২০২১ সালে ব্যবসায় আরম্ভ করেন। এপ্রিল ৩০ তারিখে তার রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

এপ্রিল ৩০, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অগ্রিম বিমা	৩৬,০০০	
স্থায়ী সম্পদসমূহ	২,৮০,০০০	
১২% প্রদেয় নোট		১,০০,০০০
অনুপার্জিত সেবা আয়		৪২,০০০
সেবা আয়		৭৪,০০০
মূলধন		১,০০,০০০
	৩,১৬,০০০	৩,১৬,০০০

সমন্বয়সমূহ : (১) ১ এপ্রিল হতে দুই বছরের জন্য বিমা খরচ প্রদত্ত হয়েছে; (২) প্রদেয় নোটের ওপর ১ মাসের সুদ বকেয়া হয়েছে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ২০,০০০ টাকা অর্জিত হয়েছে; (৪) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল করা হয়নি ১০,০০০ টাকা।

ক. মেয়াদ উত্তীর্ণ বিমা খরচের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দেখাও। ৪

গ. একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

৬ ▸ জনাব শাহীন ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ৯,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেছিলেন। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ৯০,০০০ টাকা এবং বহন খরচ বাবদ ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়। মেশিনটির আনুমানিক ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৩০,০০০ টাকা। উক্ত যন্ত্রপাতির উৎপাদন একক যথাক্রমে ২০১৯ — ১০,০০০ একক; ২০২০ — ১৫,০০০ একক; ২০২১ — ১০,০০০ একক; ২০২২ — ৮,০০০ একক এবং ২০২৩ — ৭,০০০ একক।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২

খ. উৎপাদন একক পদ্ধতিতে এককপ্রতি অবচয়ের হার নির্ণয়পূর্বক প্রথম দুই বছরের প্রয়োজনীয় জাবেদা লিখন দেখাও। ৪

গ. যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ৫ বছর ধরে নিয়ে বর্ষ সংখ্যা সমষ্টি পদ্ধতিতে অবচয় সারণি প্রস্তুত কর। ৪

৭ ▸ জনাব নাজমুলের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
নাজমুলের মূলধন	৩০,০০০
যন্ত্রপাতি	৩,০০০
ক্রয়	১,০৭,২০০
আন্তঃপরিবহন	১,০০০
বিজ্ঞাপন	৭০০
বেতন	৬,০০০
বিক্রয়	১,৩৪,৪০০
মজুরি	৭,০০০
ভাড়া ও কর	৯০০
প্রাপ্য হিসাবাদি	১৮,৬০০
প্রদেয় হিসাবাদি	১০,৪০০
বিনিয়োগ	১৪,০০০
নগদ ও ব্যাংক জমা	১৩,৪০০
প্রাপ্য সুদ	৪,০০০
প্রাপ্ত কমিশন	১,০০০

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ মি. জামানের ২০২১ সালের ১ জুন তারিখে নগদ ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৪৫,০০০ এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা ছিল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনসমূহ নিম্নরূপ :

জুন ২ নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।
" ৫ অতিরিক্ত মূলধন আনয়ন ৪০,০০০ টাকা।
" ১০ স্বীকৃত নোটের মাধ্যমে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১৪ মাসুমের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ১৮ নগদে পুরাতন আসবাবপত্র বিক্রয় ১৫,০০০ টাকা।
" ২৬ নাহিদের নিকট হতে ১০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তি সাপেক্ষে ৯,৫০০ টাকা পাওয়া গেল।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২

খ. ২, ৫, ১৮ ও ২৬ তারিখের লেনদেনগুলোর সাহায্যে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের আলোকে সাধারণ খতিয়ান বইতে নগদান হিসাব এবং প্রাপ্য হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ ২০২১ সালের ৩১ জুলাই তারিখে শাফিন ট্রেডার্সের নগদান বইয়ের উদ্বৃত্ত ছিল ২৫,০০০ টাকা এবং ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২১,৩২০ টাকা, গরমিলের কারণসমূহ নিম্নরূপ :

(১) দেনাদার কর্তৃক সরাসরি জমাদান ১,৩০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(২) ব্যাংকে জমাকৃত চেক আদায় হয়নি ৯,২০০ টাকা।
(৩) মালিক কর্তৃক ব্যাংক হতে উত্তোলন ১৫০ টাকা; যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৪) ইস্যুকৃত চেক যা এখনো ভাঙানো হয়নি ৩,৬০০ টাকা।
(৫) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৭৭০ টাকা।

ক. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়নি এমন লেনদেনের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. উভয় জের সংশোধন পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

১০ ▸ নিয়ামুল ট্রেডার্সের ২০২১ সালের নভেম্বর মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

নভে. ১ প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৪০,০০০ টাকা।
" ৬ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ১১ ব্যাংকে জমা দেওয়া হলো ২৫,০০০ টাকা।
" ১৬ বাকিতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ২২ ইসলাম ট্রেডার্সের নিকট হতে ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা পাওয়া গেল।
" ২৪ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৫,০০০ টাকা।
" ২৬ নাবা ট্রেডার্সকে ১৫,০০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তিতে ১৪,৫০০ টাকার চেক প্রদান করা হলো।
" ৩০ বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ২

খ. নভেম্বর ১৬, ২২, ২৪ ও ২৬ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১১ ▸ নিম্নোক্ত তথ্যাদি জনাব নাহিদের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে নেওয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
(২) ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপন হয়নি ২,০০০ টাকা।
(৩) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৫০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।
(৫) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।
(৬) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৭) আদায়ের জন্য জমাকৃত চেক যা ব্যাংক কর্তৃক আদায় হয়নি ৬,০০০ টাকা।
(৮) ব্যাংক কর্তৃক স্থায়ী নির্দেশনা মোতাবেক বিমা প্রিমিয়াম পরিশোধ ১,০০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।

ক. ব্যাংকের ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ কত টাকা? ২

খ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে সনাতন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতপূর্বক ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত নির্ণয় কর। ৪

গ. ৩, ৪, ৫ ও ৬নং তথ্যাবলির আলোকে জাবেদা প্রস্তুত কর (ব্যাখ্যার দরকার নেই)। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে শওকত ট্রেডার্স-এর রেওয়ামিল নিম্নরূপ :

শওকত ট্রেডার্স রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২০,০০০	
ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৮০,৫০০	১,১৫,০০০
মজুরি	৩,০০০	
কু-ঋণ	১০,০০০	
কু-ঋণ সঞ্চিতি		২,৫০০
বিজ্ঞাপন	৮,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২০,০০০	১২,০০০
মূলধন		১,৫০,০০০
উত্তোলন	৫,০০০	
যন্ত্রপাতি	১,৩০,০০০	
বেতন	৩,০০০	
	২,৭৯,৫০০	২,৭৯,৫০০

অন্যান্য তথ্যাবলি : (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ২৫,০০০ টাকা; (২) বেতন ১০ মাসের প্রদত্ত হয়েছে; (৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১,৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৪) যন্ত্রপাতির উপর ৭ $\frac{১}{২}$% অবচয় ধার্য কর।

ক. নিট ক্রয়ের পরিমাণ কত? ২

খ. মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট লাভ ৩০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸

কাসেম ব্রাদার্স-এর রেওয়ামিল

৩১ মার্চ, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৫,০০,০০০
উত্তোলন	৮,০০০	
সেবা আয়		৮০,০০০
অনুপার্জিত সেবা আয়		১০,০০০
মজুরি ও বেতন	৫,০০০	
বিমা সেলামি	১২,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৪০,০০০	৩৫,০০০
১০% বিনিয়োগ (০১-০৬-২০২০)	২,০০,০০০	
বকেয়া বেতন		৫,০০০
হাতে নগদ	৩,৪০,০০০	
মনিহারি খরচ	২৫,০০০	
	৬,৩০,০০০	৬,৩০,০০০

সমন্বয়সমূহ : (১) অনুপার্জিত সেবা আয়ের ৪,০০০ টাকা অর্জিত হয়েছে; (২) বছর শেষে অব্যবহৃত মনিহারি ১২,০০০ টাকা; (৩) মূলধনের উপর ১০% সুদ ধরতে হবে; (৪) বিজ্ঞাপন বাবদ ২,৫০০ টাকা খরচ হয়, যা হিসাবভুক্ত হয়নি; (৫) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ১০,০০০ টাকা।

ক. নিট সেবা আয়ের পরিমাণ কত? ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▸ জনাব হাসিব ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা; ৭০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ৩০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০২০

জানু. ৩ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ৬ সোনালী ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ৫,০০০ টাকা।
" ৮ তানজিলার নিকট ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৫০% নগদে ও ৫০% চেকে প্রাপ্তি।
" ১৪ জীবন বিমার প্রিমিয়াম প্রদান করা হলো ২,০০০ টাকা।
" ১৮ তানজিলার চেকটি ব্যাংকে জমা দেওয়া হলো।
" ২৩ ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।
" ৩১ ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১,৫০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. জানুয়ারি ১, ৮, ১৪ ও ১৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. জানুয়ারি ১, ৬, ৮, ২৩ ও ৩১ তারিখের লেনদেনগুলোর প্রভাব হিসাব সমীকরণে দেখাও। (টেবুলার ছকে) ৪

৪ ▸ পদ্মা ট্রেডার্স-এর ২০২০ সালের ১ জানুয়ারি নগদ উদ্বৃত্ত ১,২০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত ৮০,০০০ টাকা ছিল। উক্ত মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০২০

জানু. ২ ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ২৩,০০০ টাকা।
" ৩ তিন মাসের ভাড়া প্রদান ৩০,০০০ টাকা।
" ৭ ২২,০০০ টাকার পণ্য ক্রয় করে ১০,০০০ টাকা নগদে এবং ১০,০০০ টাকা চেকে প্রদান।
" ১১ ১০% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা।
" ১৬ একজন দেনাদার সরাসরি ব্যাংকে টাকা জমা দিল ৮,০০০ টাকা।
" ২২ বিনামূল্যে পণ্য বিতরণ ২,৫০০ টাকা।
" ৩০ মুনাফা বিহীন বিক্রয় ৩,০০০ টাকা।

ক. ৩১ জানুয়ারি তারিখে ব্যাংক হিসাবের উদ্বৃত্ত কত? ২

খ. জানুয়ারি ৩, ৭, ১১ ও ২২ তারিখের লেনদেনগুলোর আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণি উল্লেখ কর। ৪

গ. জানুয়ারি ২, ৭, ১১ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

৫ ▸ শিরিন ট্রেডার্স-এর ২০২১ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১

মার্চ ১ নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ২ বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ৪ দুই বছরের জন্য বিমা প্রিমিয়াম প্রদান ২,৪০০ টাকা।
" ৮ কমিশন পাওয়া গেল ৪,০০০ টাকা।
" ১০ রূপায়ণ ট্রেডার্স-এর কাছ থেকে ১২,০০০ টাকার পণ্য ক্রয়।
" ১৩ সাদাবকে তার পাওনা ৪,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,২০০ টাকা প্রদান।
" ১৬ নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৯ রাকিবের দেনা ৫,০০০ টাকা পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ৪,৭৫০ টাকা প্রাপ্তি।

" ২৩ ঋণের সুদ প্রদত্ত হলো ২,৫০০ টাকা।
" ৩০ বাকিতে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।

ক. অনগদ লেনদেনের পরিমাণ কত? ২
খ. নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▸ জনাব শহিদুলের ব্যবসায়ের রেওয়ামিলটি নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন	১,৮০,০০০	
আয়কর	২,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য		২৮,০০০
পণ্য ক্রয়	৫০,০০০	
পণ্য বিক্রয়		২,০০,০০০
বহিঃফেরত	২,৫০০	
ব্যাংক জমাতিরিক্ত	৩০,০০০	
বিবিধ দেনাদার		৪০,০০০
বিবিধ পাওনাদার	৫০,০০০	
আন্তঃপরিবহন		৮,০০০
বকেয়া বেতন	৩,৫০০	
বিমা খরচ		২০,০০০
প্রাপ্য সুদ		৩০,০০০
ইজারা সম্পত্তি (৫ বছর)		৫০,০০০
আসবাবপত্র	৫৮,০০০	
	৩,৭৬,০০০	৩,৭৬,০০০

ক. চলতি দায়ের পরিমাণ কত? ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সঠিক রেওয়ামিলটি প্রস্তুত কর। ৪

৭ ▸ ২০১৭ সালের ১ মার্চ তারিখে শামীম এন্ড কোং ১,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। মেশিনটি আনয়ন বাবদ পরিবহন ব্যয় ৩০,০০০ টাকা এবং সংস্থাপন বাবদ ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। হিসাব বন্ধকাল ৩১ ডিসেম্বর।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয় হার নির্ণয় কর। ২
খ. ২০১৭ ও ২০১৮ সালের জাবেদা দাখিলা দাও। ৪
গ. মেশিন হিসাব ও অবচয় হিসাব প্রস্তুত কর। (দুই বছরের জন্য)। ৪

৮ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে শাপলা ট্রেডার্স-এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৮৮,২০০ টাকা ছিল। কিন্তু উক্ত তারিখে ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের মিল ছিল না। অনুসন্ধান করে নিম্নলিখিত কারণগুলো খুঁজে পাওয়া যায় :

(১) ইস্যুকৃত চেক ভাঙানো হয়নি ৫,০০০ টাকা।
(২) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংক জমা ৩,০০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(৩) আদায়ের জন্য জমাকৃত ১০,০০০ টাকা ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
(৪) ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত চেক ৮,০০০ টাকা।
(৫) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১,৫০০ টাকা।
(৬) ব্যাংক চার্জ ৩০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. ক্রমিক নং ৪ এর জাবেদা দাখিলা দাও। ২
খ. প্রচলিত পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. কেবলমাত্র ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এমন লেনদেনের পরিমাণ কত? ৪

৯ ▸ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে হাবিব ব্রাদার্স-এর মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। ২০২০ সালের ১ জুন তারিখে ১,২০,০০০ টাকায় নতুন একটি মেশিন ক্রয় করা হয়, যার সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা নির্বাহ করা হয়। ২০২১ সালের ১ মার্চ তারিখে নতুন আরও একটি মেশিন ৫০,০০০ টাকায় ক্রয় করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক ১৫% অবচয় ধার্য করা হয়। হিসাব বন্ধকাল ৩১ ডিসেম্বর।

ক. ২০২০ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম ২ বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর (২ বছরের)। ৪

১০ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সুরমা লি.-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি ছিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২১

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৪০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২৫,০০০	৪০,০০০
সাপ্লাইজ	২০,০০০	
দালানকোঠা	১,০০,০০০	
মূলধন		১,৩৫,০০০
উত্তোলন	৭,০০০	
সেবা আয়		৭৫,০০০
অনুপার্জিত সেবা আয়		৮,০০০
বেতন খরচ	২৪,০০০	
বিজ্ঞাপন খরচ	১৩,০০০	
উপযোগ খরচ	২৯,০০০	
	২,৫৮,০০০	২,৫৮,০০০

সমন্বয়সমূহ : (i) বছর শেষে ৫,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে; (ii) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ৩,০০০ টাকা; (iii) বেতন বকেয়া ২,০০০ টাকা; (iv) দালানকোঠার অবচয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট সেবা আয়ের পরিমাণ কত? ২
খ. সমন্বয় জাবেদা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি কর। ৪

১১ ▸ কবীর ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে নগদান বই সংরক্ষণ করে। ২০২১ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১
মার্চ ১ প্রধান ক্যাশিয়ারের কাছ থেকে প্রাপ্তি ৫,০০০ টাকা।
" ৩ কাগজ ও কলম ক্রয় ৫০ টাকা।
" ৪ রিকশা ভাড়া প্রদান ৩০ টাকা।
" ৭ টেলিগ্রাম খরচ ২৫ টাকা।
" ১১ আপ্যায়ন খরচ ১০০ টাকা।
" ১৮ কাগজ ক্রয় ২০ টাকা।
" ২০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা।
" ২১ ডাক খরচ ৪০ টাকা।
" ২৮ নগদে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।

ক. খুচরা নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনগুলো চিহ্নিত কর। ২
খ. খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. মনিহারি হিসাব, ডাক ও তার হিসাব প্রস্তুত কর। ৪

ঢাকা বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 3

সময়–৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. NSF শব্দের পূর্ণরূপ কী?
K Not Suitable Fund
L Non Significant Fund
M Not Sufficient Fund
N Net Saving Fund

২. দ্বৈত জের সংশোধন পদ্ধতির ব্যাংক সমন্বয় বিবরণী–
i. নগদান বই ও ব্যাংক বিবরণী উভয় উদ্বৃত্ত নিয়ে করা হয়
ii. মিলকরণের পর উভয় উদ্বৃত্ত সমান হয়
iii. ব্যাংকের সঠিক উদ্বৃত্ত পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মেশিন সংস্থাপন ব্যয় ৫০,০০০ টাকা ভুলে মজুরির মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩. এটি কোন ধরনের ভুল?
K লেখার ভুল L পরিপূরক ভুল
M করণিক ভুল N নীতিগত ভুল

৪. উপর্যুক্ত ভুলের কারণে–
i. রেওয়ামিল মিলে যাবে
ii. সম্পদের পরিমাণ হ্রাস পাবে
iii. খরচের পরিমাণ হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. প্রারম্ভিক মজুদ ২৫,০০০ টাকা, ক্রয় ১,৫০,০০০ টাকা, বিক্রয় ২,০০,০০০ টাকা ও সমাপনী মজুদ ৩০,০০০ টাকা হলে সমন্বিত ক্রয় কত হবে?
K ১,২৫,০০০ টাকা L ১,৪৫,০০০ টাকা
M ১,৭৫,০০০ টাকা N ২,০৫,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
২০২৩ ১ মার্চ মি. মোস্তাক ২/১০, N/৩০ এই শর্তে ২০,০০০ টাকার পণ্য ক্রয় করে।

৬. ১০ মার্চ তারিখে উক্ত পণ্যের মূল্য পরিশোধ করা হলে বাট্টার পরিমাণ কত হবে?
K ২০০ টাকা L ৪০০ টাকা
M ২,০০০ টাকা N ২,৪০০ টাকা

৭. ১২ মার্চ তারিখে পাওনাদারকে পরিশোধ করলে নিট কত টাকা পরিশোধ করতে হবে?
K ২০,০০০ L ১৯,৬০০
M ১৮,০০০ N ১৪,০০০

৮. কোনটি অবচয়ের বাহ্যিক কারণ?
K অপ্রচলন L সময়ের আবর্তন
M সম্ভোগ N ব্যবহারজনিত ক্ষতি

৯. নিচের কোনটি কাল্পনিক সম্পদ?
K গ্রন্থ স্বত্ব L সুনাম
M ইজারা সম্পত্তি N অবলেখকের কমিশন

১০. রেওয়ামিলে ভ্যাটসহ ক্রয় ৭১,০০০ টাকা; ক্রয় ফেরত ২,০০০ টাকা দেওয়া আছে। ক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা?
K ১০,৯৫০ L ১০,৬৫০
M ৯,০০০ N ৮,০০০

১১. ক্রয়মূল্যের ওপর লাভের হার ২৫% হলে বিক্রয়মূল্যের ওপর লাভের হার কত?
K ২০% L ২৫%
M ৩০% N ৩৫%

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শাফি একজন ব্যবসায়ী। তিনি জনাব নিরবের নিকট ৮০,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় বিক্রয় করে নগদ ২০,০০০ টাকা ও ৪০,০০০ টাকার একটি চেক পেলেন। পরবর্তীতে তিনি জনাব নিরবকে ৫০০ টাকার বাট্টা প্রদান করে অবশিষ্ট অর্থ নগদে গ্রহণ করেন।

১২. ধারে বিক্রয়ের পরিমাণ কত টাকা?
K ২,০০০ L ৪,০০০
M ৮,০০০ N ১৬,০০০

১৩. বাট্টা প্রদানের ফলে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে–
i. ব্যয় বৃদ্ধি ২,০০০ টাকা, সম্পদ হ্রাস ৫০০ টাকা
ii. সম্পদ হ্রাস ৫০০ টাকা, ব্যয় বৃদ্ধি ৫০০ টাকা
iii. নগদ বৃদ্ধি ১৫,৫০০ টাকা, মালিকানাস্বত্ব হ্রাস ৫০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. জনাব আকিব ২০২১ সালে শুরুতে ১,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ধরা হয় ৫ বছর এবং সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। ২০২৩ সালের শেষে মেশিনটি ৫০,০০০ টাকায় বিক্রয় করা হলে কত টাকা মুনাফা বা ক্ষতি হয়?
K ক্ষতি ৫০,০০০ L মুনাফা ৫০,০০০
M মুনাফা ১০,০০০ N ক্ষতি ১০,০০০

১৫. হিসাববিজ্ঞান হলো–
K হিসাব ব্যবস্থা L তথ্য ব্যবস্থা
M নিরীক্ষা ব্যবস্থা N বিবরণী ব্যবস্থা

১৬. 'অগ্রিম বিমা' আধুনিক পদ্ধতিতে কোন শ্রেণির হিসাব?
K সম্পদ L দায়
M ব্যয় N মালিকানাস্বত্ব

১৭. ডেবিট নোটে উল্লেখ থাকে–
i. পণ্যের পরিমাণ
ii. পণ্যের দর
iii. কারবারি বাট্টা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
২০২৩ সালের ১ লা জানুয়ারি মি. ফাহিম নগদ ৩,০০,০০০ টাকা, পণ্যদ্রব্য ১,০০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন।

১৮. ৬০,০০০ টাকা ঋণ গ্রহণ করায় হিসাব সমীকরণের কোন কোন উপাদান প্রভাবিত হবে?
K L,OE L A,OE
M A,L N A,L,OE

১৯. মি. ফাহিমের মূলধন কত টাকা?
K ৩,০০,০০০ L ৩,৬০,০০০
M ৪,০০,০০০ N ৪,৬০,০০০

২০. একটি দ্রব্যের তালিকা মূল্য ৩০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০% এবং নগদ বাট্টা ৫% অনুমোদন করা হলে, নগদ বাট্টার পরিমাণ কত টাকা?
K ১,৩৫০ L ১,৫০০
M ৩,০০০ N ৪,৫০০

২১. Deposit in transit বলতে কী বোঝায়?
K সঞ্চিত চেক L বকেয়া চেক
M প্রত্যাখ্যাত চেক N পরিবহনাধীন চেক

২২. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ–
i. নগদান বইতে ক্রেডিট করা হয়
ii. ব্যাংক বিবরণীতে ডেবিট করা হয়
iii. ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২৩. সাধারণত ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে–
i. আয়
ii. ব্যয়
iii. সম্পদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. নিচের কোনটি ব্যবসায়ের সম্পদ?
K মূলধনজাতীয় প্রাপ্তি L মুনাফাজাতীয় প্রাপ্তি
M মূলধনজাতীয় ব্যয় N মুনাফাজাতীয় ব্যয়

২৫. চলতি বছরে বিনিয়োগের সুদ বাবদ ৫,০০০ টাকা পাওয়া গিয়েছে আরও ৫০০ টাকা পাওনা হয়েছে। বিনিয়োগের সুদের হার ১০% হলে বিনিয়োগের পরিমাণ কত?
K ৫,০০০ L ৫,৫০০
M ৫০,০০০ N ৫৫,০০০

২৬. আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য রচিত মান হলো–
K GAAP L IASC
M GAAS N GAAT

২৭. রেওয়ামিলে বেতন প্রদান ৩০,০০০ টাকা। যদি উক্ত বেতনের মধ্যে ৩ মাসের অগ্রিম বেতন প্রদান অন্তর্ভুক্ত থাকে তাহলে চলতি বছরের বেতন বাবদ খরচের পরিমাণ কত টাকা?
K ৬,০০০ L ২৪,০০০
M ৩০,০০০ N ৩৬,০০০

২৮. জুবায়ের ট্রেডার্সের একটি মেশিনের আয়ুষ্কাল ১০ বছর। বার্ষিক অবচয় ২০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২৫,০০০ টাকা হলে মেশিনের ক্রয়মূল্য কত টাকা?
K ৪,৫০,০০০ L ২,২৫,০০০
M ২,০০,০০০ N ১,৭৫,০০০

২৯. অবচয় একটি–
i. আন্তঃলেনদেন
ii. ব্যবসায়িক লেনদেন
iii. অনগদ লেনদেন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. কন্ট্রা সম্পদ কোনটি?
K পুঞ্জীভূত অবচয় L শেয়ার অবহার
M পেটেন্ট N সুনাম

রাজশাহী বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হিসাববিজ্ঞানকে ব্যবসায়ের কী বলা হয়?
K কৌশল L ভাষা
M প্রক্রিয়া N ব্যবস্থাপনা

২. নিচের কোন বিবরণীর মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল জানা যায়?
K বিশদ আয় বিবরণী L নগদ প্রবাহ বিবরণী
M আর্থিক অবস্থার বিবরণী
N মালিকানাস্বত্ব বিবরণী

৩. 'বকেয়া চেক' বলতে কী বোঝায়?
K জমাকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে
L ইস্যুকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে
M ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপিত হয়নি
N জমাকৃত চেক যা আদায় হয়নি

৪. কোন হিসাবটির জন্য সমাপনী দাখিলা প্রয়োজন?
K উত্তোলন L মূলধন
M অনুপার্জিত আয় N অগ্রিম বিমা

৫. কোনটি লেনদেন নয়?
K পণ্যক্রয়ের ফরমায়েশ প্রদান
L অফিস ভাড়া প্রদান
M গ্রাহককে নগদে আয়কর পরামর্শ প্রদান
N অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে

৬. প্রকৃত অর্থে কার্যপত্র কী?
K একটি জাবেদা L একটি খতিয়ান
M একটি খসড়াপত্র
N একটি আর্থিক বিবরণী

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সুমন ট্রেডার্সের ৩০-০৬-২০২৩ তারিখের রেওয়ামিলে অগ্রিম বিমা ১,২০,০০০ টাকা আছে, যা ২ বছরের জন্য ০১-০৪-২০২৩ তারিখে পরিশোধ করা হয়েছিল।

৭. সুমন ট্রেডার্সের ৩০-০৬-২০২৩ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণীতে বিমা খরচ কত হবে?
K ১৫,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ১,২০,০০০ টাকা

৮. সুমন ট্রেডার্স যদি ৩০-০৬-২০২৩ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণীতে বিমা খরচ না দেখায় তাহলে হিসাববিজ্ঞানের কোন নীতি লঙ্ঘন করা হবে?
K পূর্ব প্রকাশ L চলমান ব্যবসায়
M হিসাবকাল N মিলকরণ

৯. হিসাবচক্রের কোন ধাপে লেনদেন শনাক্তকরণ হয়?
K প্রথম L দ্বিতীয়
M তৃতীয় N চতুর্থ

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সমীরনের ২০২১ সালের জুন মাসের নগদ প্রদান জাবেদাটি নিম্নরূপ ছিল :

তারিখ ২০২১	ডেবিট হি. খাত	সূত্র	ক্রয় হি. ডেবিট	প্রদেয় হি. ডেবিট	অন্যান্য হি. ডেবিট	নগদান হি. ক্রেডিট	বাট্টা হি. ক্রেডিট
জুন ২	ক্রয়		৫,০০০			৫,০০০	
" ১৭	প্রদেয় হি. হিমু			৮,০০০		৮,০০০	
" ১৯	প্রদেয় হি. সোহাগ			৪,১০০		৪,০০০	১০০
" ৩০	ক্রয়		১৫,০০০			১৫,০০০	
মোট			২০,০০০	১২,১০০	০	৩২,০০০	১০০

জনাব সমীরনের জুন মাসের ক্রয় জাবেদার যোগফল ছিল ৩০,০০০ টাকা

১০. উদ্দীপকে ব্যবহৃত জাবেদাটি কোন ধরনের?
K সাধারণ জাবেদা L বিশেষ জাবেদা
M সমন্বয় জাবেদা N সমাপনী জাবেদা

১১. জনাব সমীরনের ২০২১ সালের জুন মাসের মোট ক্রয়ের পরিমাণ কত?
K ২০,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৩২,০০০ টাকা N ৫০,০০০ টাকা

১২. সমাপনী দাখিলা প্রদানের পর কোন হিসাবের জের শূন্য হয়?
K সেবা আয় L সাপ্লাইজ
M পুঞ্জীভূত অবচয় N অগ্রিম বিমা

১৩. অদৃশ্যমান সম্পদের ব্যয় বণ্টন প্রক্রিয়াকে কী বলে?
K অবচয় L অবলোপন
M নিঃশেষকরণ N আবণ্টন

১৪. কোনটি অন্য তিনটি হতে ভিন্ন?
K শিক্ষানবিশ সেলামি L শিক্ষানবিশ ভাতা
M বিমা সেলামি N উপযোগ খরচ

১৫. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলে কোন হিসাবটি ডেবিট করা হবে?
K আসবাবপত্র L সাপ্লাইজ
M স্থায়ী সম্পদ N ক্রয়

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মনীষা এন্টারপ্রাইজের ২০২২ সালের জুন মাসের ব্যাংক হিসাবের আংশিক রূপ নিচে দেওয়া হলো :

তারিখ ২০২২	ডেবিট হি. খাত	জা. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা	জের	
					ডেবিট	ক্রেডিট
জুন ১	ব্যালেন্স					৪,০০০
" ০৯	বিক্রয়		৫০,০০০			
" ২০	ক্রয়			৩০,০০০		
" ৩০	ব্যাংক চার্জ			১,০০০		

১৬. ২০২২ সালের ০১ জুন তারিখে ব্যাংক হিসাবের জের প্রতিষ্ঠানের কী প্রকাশ করে?
K দায় L আয়
M সম্পদ N প্রতি সম্পদ

১৭. ২০২২ সালের ৩০ জুন তারিখে ব্যাংক হিসাবের জের কত?
K ১৫,০০০ টাকা ক্রেডিট
L ১৫,০০০ টাকা ডেবিট
M ২৩,০০০ টাকা ডেবিট
N ২৩,০০০ টাকা ক্রেডিট

১৮. অনুপার্জিত আয়ের সমন্বয় দ্বারা কী নির্দেশ করে?
K সম্পদ বৃদ্ধি এবং আয় বৃদ্ধি
L সম্পদ হ্রাস এবং আয় হ্রাস
M দায় হ্রাস এবং আয় বৃদ্ধি
N দায় বৃদ্ধি এবং আয় হ্রাস

১৯. পাওনাদারকে দেয় মোট টাকা থেকে কিছু টাকা মওকুফ পাওয়া গেলে তাকে কী ধরনের বাট্টা বলে?
K কারবারি L প্রদত্ত
M প্রাপ্ত N পরিমাণ

২০. ব্যাংক সমন্বয় বিবরণীর মূল উদ্দেশ্য কী?
K নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত নির্ণয় করা
L নগদান বই ও ব্যাংক বিবরণীর মধ্যে ত্রুটি ও অসংগতি শনাক্ত করা
M ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমা নির্ণয় করা
N নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের পার্থক্য নির্ণয় করা

২১. নিচের কোন লেনদেনটি প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার কাঠামোগত পরিবর্তন ঘটায়?
K জীবন বিমার প্রিমিয়াম প্রদান
L বেতন প্রদান
M নগদে বিক্রয়
N নগদে সম্পদ ক্রয়

২২. নিচের কোনটি মুনাফাজাতীয় খরচের উদাহরণ?
K ক্রয়কৃত মেশিনের আমদানি শুল্ক
L ক্রয়কৃত মেশিনের পরিবহন খরচ
M ক্রয়কৃত মেশিনের সংস্থাপন খরচ
N মেশিনের রক্ষণাবেক্ষণ খরচ

২৩. ব্যাংক সুদ মঞ্জুর করল ৫০০ টাকা এবং চার্জ আদায় করল ৫০০ টাকা। এর ফলে ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের উদ্বৃত্তের মধ্যে পার্থক্য কত হবে?
K ০ টাকা L ৫০০ টাকা
M ১,০০০ টাকা N ১,৫০০ টাকা

২৪. নিচের কোনটি অপরিচালন খরচ?
K অফিস ভাড়া L ঋণের সুদ
M কুঋণ N বিজ্ঞাপন

২৫. বিপরীত ব্যয় হিসাব কোনটি?
K বিক্রয় ফেরত L প্রদত্ত বাট্টা
M ক্রয় ফেরত N পুঞ্জীভূত অবচয়

২৬. প্রদত্ত বাট্টা ৫৫০ টাকা বাট্টা হিসাবে ক্রেডিট দিকে ৪৫০ টাকা লেখা হয়েছে। উক্ত ভুলের কারণে রেওয়ামিলে কত টাকা অমিল হবে?
K ১০০ টাকা L ৪৫০ টাকা
M ৫৫০ টাকা N ১,০০০ টাকা

২৭. কোনটি নীতিগত ভুল?
K একটি লেনদেন একেবারেই লিপিবদ্ধ করা হয়নি
L একটি লেনদেন ৫২৫ টাকার স্থলে ৫৫২ টাকা লেখা হয়েছে
M একটি মূলধনজাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় হিসেবে ধরা হয়েছে
N একটি ভুল অপর একটি ভুল দ্বারা সংশোধিত হয়েছে

২৮. অবচয় হলো একটি–
i. অনগদ খরচ
ii. ব্যয় বণ্টন প্রক্রিয়া
iii. অদৃশ্যমান লেনদেন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
অনিক লি.
রেওয়ামিল (আংশিক)
ডিসেম্বর ৩১, ২০২৩

ক্রমিক নং	হিসাব শিরোনাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১	মেশিন		৫,০০,০০০	
২	পুঞ্জীভূত অবচয় মেশিন			৯৫,০০০

মেশিনটি ১ জানুয়ারি, ২০২১ তারিখে ক্রয় করা হয়েছিল। ১০ বৎসর আয়ুষ্কাল শেষে এর ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

২৯. মেশিনটির প্রথম বছরের অবচয়ের পরিমাণ কত?
K ৪০,৫০০ টাকা L ৪৮,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৫২,০০০ টাকা

৩০. রেওয়ামিলের তারিখে মেশিনটি ৫,৫০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মেশিন বিক্রয়জনিত মুনাফা কত হবে?
K ৩০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ১,৪৫,০০০ টাকা N ১,৮৫,৫০০ টাকা

যশোর বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. "হিসাববিজ্ঞানের বকেয়া ভিত্তি" সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?
K অধিকাংশ ক্ষেত্রে এটি আর্থিক বিবরণী সম্পর্কে ভুল চিত্র উপস্থাপন করে
L যখনই আয় অর্জিত হয় তখনই আয় হিসাবে চিহ্নিত করা হয়
M সর্বজন গ্রাহ্য হিসাবনীতি অনুসরণ করে না
N যখনই আয় নগদে আদায় হয় তখনই আয় হিসাবে লিপিবদ্ধ করা হয়

২. ধারে বিক্রয় লিপিবদ্ধ করার জন্য নিচের কোন বিশেষ জাবেদা ব্যবহার করা উচিত?
K নগদ প্রাপ্তি জাবেদা L বিক্রয় ফেরত জাবেদা
M নগদ প্রদান জাবেদা N বিক্রয় জাবেদা

৩. নিচের কোনটি লিপিবদ্ধকরণ প্রক্রিয়ার অংশ নয়?
K লেনদেন বিশ্লেষণ
L লেনদেনের জাবেদাভুক্তকরণ
M জাবেদা থেকে খতিয়ানে স্থানান্তর
N আর্থিক বিবরণী প্রস্তুতকরণ

৪. নিচের কোন হিসাবটি রেওয়ামিলের ক্রেডিট পাশে দেখানো হয়?
K বিক্রয় বাট্টা L দীর্ঘমেয়াদি বিনিয়োগ
M অনাদায়ি পাওনা সঞ্চিতি
N বিক্রয় ফেরত ও ভাতা

৫. একটি ব্যবসায় প্রতিষ্ঠান অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। হিসাবরক্ষক মাসের শুরুতে পেটি ক্যাশিয়ারকে ১,০০০ টাকা প্রদান করল এবং পেটি ক্যাশিয়ার সারা মাসে ৮০০ টাকা খরচ করল। পরবর্তী মাসের শুরুতে হিসাবরক্ষক পেটি ক্যাশিয়ারকে কত টাকা প্রদান করবে?
K ২০০ টাকা L ৮০০ টাকা
M ১,০০০ টাকা N ১,৮০০ টাকা

৬. কামাল ট্রেডার্স একজন খরিদ্দারের নিকট হতে ২,০০০ টাকা অগ্রিম গ্রহণ করল। এ ঘটনার ফলে–
i. ২,০০০ টাকা সম্পত্তি বৃদ্ধি পাবে
ii. ২,০০০ টাকা মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
iii. ২,০০০ টাকা দায় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. নিচে উল্লিখিত কোন হিসাবটির স্বাভাবিক জের ডেবিট নয়?
K আয় L নগদান
M পেটেন্ট N মজুদপণ্য

৮. জুন ১৩ তারিখে ধারে বিক্রয় ৭,৫০০ টাকা, ঋণ শর্ত ২/১০, এন/৩০। জুন ১৫ তারিখে খরিদ্দার ৫০০ টাকার পণ্য ফেরত দেয়। জুন ২৩ তারিখে পূর্ণনিষ্পত্তি সাপেক্ষে কত টাকা আদায় হবে?
K ৬,৮৬০ টাকা L ৭,০০০ টাকা
M ৭,৩৫০ টাকা N ৭,৫০০ টাকা

৯. পথিমধ্যে জমা ৫,০০০ টাকা। উভয় জের সংশোধন পদ্ধতিতে ব্যাংক মিলকরণ বিবরণীতে কীভাবে উক্ত দফাটি সমন্বয় করা হয়?
K নগদান বইয়ের জের থেকে বাদ দেয়া হয়
L নগদান বইয়ের জেরের সাথে যোগ করা হয়
M ব্যাংক বিবরণীর জেরের সাথে যোগ করা হয়
N ব্যাংক বিবরণীর জের থেকে বিয়োগ করা হয়

১০. 'পুঞ্জীভূত অবচয়' কোন ধরনের হিসাব?
K বিপরীত সম্পত্তি হিসাব
L ব্যয় হিসাব
M মালিকানাস্বত্ব হিসাব
N দায় হিসাব

১১. সমন্বয় জাবেদা নিশ্চিত করে–
i. যে হিসাবকালে ব্যয় নির্বাহ করা হয় সে হিসাবকালে ব্যয় চিহ্নিত করা
ii. আয় অর্জিত হলে আয় হিসাবে লিপিবদ্ধ করা
iii. আয় বিবরণীসমূহের সঠিক চিত্র প্রদর্শন করা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তন্ময় কোং ৪২,০০০ টাকা ব্যয়ে একটি সরঞ্জাম ক্রয় করেন। জাহাজ ভাড়া ও সংস্থাপন বাবদ ৩,০০০ টাকা খরচ করেন। উক্ত সরঞ্জামের আনুমানিক আয়ুষ্কাল ৬ বছর শেষে ভগ্নাবশেষ মূল্য ৬,০০০ টাকা ধরা হয়। কোম্পানি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে উক্ত সরঞ্জামটি নগদ ২০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

১২. সরঞ্জামের বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
K ৬,০০০ টাকা L ৬,৫০০ টাকা
M ৭,০০০ টাকা N ৭,৫০০ টাকা

১৩. সরঞ্জাম বিক্রয়ে লাভ বা ক্ষতির পরিমাণ কত?
K ক্ষতি ১,০০০ টাকা L ক্ষতি ২,৫০০ টাকা
M ক্ষতি ৫,৫০০ টাকা N ক্ষতি ৭,০০০ টাকা

১৪. হিসাববিজ্ঞানের সঠিক জ্ঞানের অভাবে যে ভুল সংঘটিত হয় কী ভুল বলে?
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M নীতিগত ভুল N পরিপূরক ভুল

১৫. নিচের কোনটি হিসাবচক্রের ধাপসমূহের সঠিক ক্রম নির্দেশ করে?
K লেনদেন বিশ্লেষণ→ জাবেদা → রেওয়ামিল
L জাবেদা → খতিয়ান → আর্থিক বিবরণী
M লেনদেন বিশ্লেষণ→ জাবেদা → খতিয়ান
N খতিয়ান → জাবেদা → রেওয়ামিল

১৬. নিচের কোন নীতি অনুযায়ী অনুমান করা হয় যে ব্যবসায় প্রতিষ্ঠান অনির্দিষ্টকাল ধরে চলতে থাকবে?
K চলমান ব্যবসায় L হিসাবকাল
M সত্তা নীতি N ঐতিহাসিক ব্যয়

১৭. বাকিতে সেবা প্রদানের ফলে মৌলিক হিসাব সমীকরণের উপাদানগুলোর ওপর প্রভাব হবে–
i. দায় বৃদ্ধি
ii. সম্পত্তি বৃদ্ধি
iii. মালিকানাস্বত্ব বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :
প্রারম্ভিক মজুদ ৬০,০০০ টাকা; ক্রীত পণ্যের ব্যয় ৩,৮০,০০০ টাকা; সমাপ্তি মজুদ ৫০,০০০ টাকা; পরিচালন খরচ ১৫,০০০ টাকা এবং বিক্রয় আয় ৪,৫০,০০০ টাকা।

১৮. বিক্রীত পণ্যের ব্যয় কত?
K ৩,৩০,০০০ টাকা L ৩,৯০,০০০ টাকা
M ৪,৩০,০০০ টাকা N ৪,৪০,০০০ টাকা

১৯. মোট লাভ ও নিট লাভের পরিমাণ কত?
K ১০,০০০ টাকা ও ৫,০০০ টাকা
L ২০,০০০ টাকা ও ৫,০০০ টাকা
M ৬০,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা
N ১,২০,০০০ টাকা ও ১,০৫,০০০ টাকা

২০. নিচের কোন ঘটনাটি সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করা হয়?
K ধারে পণ্য বিক্রয় L নগদে পণ্য ক্রয়
M ধারে পণ্য ক্রয় N স্থায়ী সম্পত্তির অবচয়

২১. হিসাব সমীকরণের উপাদানগুলো হলো–
i. সম্পত্তি
ii. দায়
iii. মালিকানাস্বত্ব
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. ব্যাংক মিলকরণ বিবরণীতে মিলকরণকৃত কোন দফাটির জন্য আমানতকারীর বইতে সমন্বয় জাবেদা প্রয়োজন হবে?
K ব্যাংক সার্ভিস চার্জ L ব্যাংকের ভুল
M পথিমধ্যে জমা N অপরিশোধিত চেক

২৩. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করার সময় শিরোনাম হিসাবে যে সব বিষয়গুলো লেখা হয়–
i. ব্যবসায় প্রতিষ্ঠানের নাম
ii. আর্থিক বিবরণীর নাম
iii. বিবরণী প্রস্তুতের তারিখ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. "প্রতিটি লেনদেন দুই বা ততোধিক হিসাবকে প্রভাবিত করে"– এই নিয়মটি নিচের কোন হিসাব ধারণা অনুযায়ী করা হয়?
K দ্বৈতসত্তা L সত্তা নীতি
M হিসাবকাল N চলমান ব্যবসায়

২৫. একটি কোম্পানি বেতন বাবদ বকেয়া ৩৫,০০০ টাকা সমন্বয় করতে ভুলে গেছে। এর প্রভাব কী হবে?
K নিট লাভ ৩৫,০০০ টাকা কম প্রদর্শিত হবে
L নিট লাভ ৩৫,০০০ টাকা বেশি প্রদর্শিত হবে
M মালিকানাস্বত্ব ৩৫,০০০ টাকা হ্রাস পাবে
N সম্পত্তির মূল্য ৩৫,০০০ টাকা কম প্রদর্শিত হবে

২৬. যে সব উপাদান অবচয় নির্ণয়কে প্রভাবিত করে তা হলো–
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. আনুমানিক আয়ুষ্কাল
iii. আনুমানিক ভগ্নাবশেষ মূল্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৭. নিচের কোন হিসাবটির জন্য সমাপ্তি জাবেদা করতে হয় না?
K সুদ আয় L বিক্রয় আয়
M পুঞ্জীভূত অবচয় N বেতন খরচ

উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :
৩১ জুলাই তারিখে মার্টিনেজ কোম্পানির ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমা ৭,৪২০ টাকা, অপরিশোধিত চেক ৭৬২ টাকা, পথিমধ্যে জমা ১,১২০ টাকা, ব্যাংক কর্তৃক নোটের অর্থ আদায় ২,২০০ টাকা এবং ব্যাংক সার্ভিস চার্জ ২০ টাকা।

২৮. ব্যাংক বিবরণীর শুদ্ধকৃত জেরের পরিমাণ কত? (উভয় জের সংশোধন পদ্ধতি ব্যবহার কর)।
K ৬,৬৫৮ টাকা L ৭,৪২০ টাকা
M ৭,৭৭৮ টাকা N ৮,৫৪০ টাকা

২৯. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ কত? (একক জের পদ্ধতি ব্যবহার কর।)
K ৫,৫৯৮ টাকা L ৬,৬৫৮ টাকা
M ৭,৪২০ টাকা N ৭,৭৭৮ টাকা

৩০. রেওয়ামিল তৈরি করার মূল উদ্দেশ্য নিচের কোনটি?
K ব্যবসায়ের লাভ ক্ষতি নির্ণয় করা
L ব্যবসায়ের আর্থিক অবস্থা নির্ণয় করা
M খতিয়ান হিসাবখাতের গাণিতিক শুদ্ধতা যাচাই করা
N ব্যবসায়ের আর্থিক সচ্ছলতা পরিমাপ করা

কুমিল্লা বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করেন?
K ব্যাংক কর্তৃপক্ষ L আমানতকারী
M নিরীক্ষক N ঋণগ্রহীতা

২. NSF চেক কোনটি?
K জমাকৃত চেক প্রত্যাখ্যান
L জমাকৃত চেক আদায়
M ইস্যুকৃত চেক পরিশোধ
N ইস্যুকৃত চেক অপরিশোধিত

৩. রেওয়ামিলে ধরা পড়ে না–
i. বাদ পড়ার ভুল
ii. নীতিগত ভুল
iii. পরিপূরক ভুল
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২০% হলে ক্রয়মূল্যের ওপর মুনাফার হার কত হবে?
K ১৬.৬৭% L ২০%
M ২৫% N ৩৩.৩৩%

৫. নিট মুনাফার পরিমাণ ৬০,০০০ টাকার পরিবর্তে ৮০,০০০ টাকা হয় তবে মোট সম্পদের পরিমাণ কত হবে?
K ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
L ২০,০০০ টাকা হ্রাস পাবে
M ৮০,০০০ টাকা বৃদ্ধি পাবে
N ৮০,০০০ টাকা হ্রাস পাবে

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আবির ট্রেডার্স এর যন্ত্রপাতি ক্রয় ৫,০০,০০০ টাকা ভুলক্রমে ক্রয় হিসাবে দেখানো হয়েছে।

৬. এটি কোন ধরনের ভুল?
K পরিপূরক ভুল L লেখার ভুল
M বাদ পড়ার ভুল N নীতিগত ভুল

৭. উক্ত ভুল সংশোধনের জন্য 'সংশোধনী দাখিলা' হবে–
i. যন্ত্রপাতি হিসাব ডেবিট
ii. ক্রয় হিসাব ক্রেডিট
iii. অনিশ্চিত হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৮. বকেয়া বেতনের বিপরীত দাখিলা হবে–
K বেতন খরচ ডেবিট ও নগদান হিসাব ক্রেডিট
L বকেয়া বেতন ডেবিট ও বেতন খরচ ক্রেডিট
M বকেয়া বেতন ডেবিট ও নগদান হিসাব ক্রেডিট
N আয় বিবরণী ডেবিট ও বেতন খরচ ক্রেডিট

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
পণ্যক্রয় ৪,০০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদপণ্য ৩০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৩,০০,০০০ টাকা ও মোট লাভ ২,০০,০০০ টাকা।

৯. বিক্রয়ের পরিমাণ কত?
K ৫,০০,০০০ L ৫,৩০,০০০
M ৬,০০,০০০ N ৭,০০,০০০

১০. সমাপনী মজুদ পণ্যের মূল্য কত?
K ৭০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,৩০,০০০ টাকা N ১,৭০,০০০ টাকা

১১. নিচের কোনটি মূলধনজাতীয় আয়?
K জমি বিক্রয় L পণ্য বিক্রয়
M সেবা আয় N কমিশন আয়

১২. রেওয়ামিল নিচের কোনটির মধ্যে যোগসূত্র স্থাপন করে?
K জাবেদা ও নগদান বই
L খতিয়ান ও আর্থিক বিবরণী
M জাবেদা ও খতিয়ান
N সমন্বয় দাখিলা ও সমাপনী দাখিলা

১৩. প্রদেয় হিসাব পরিশোধ করলে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়বে?
K সম্পদ হ্রাস ও স্বত্বাধিকারী হ্রাস
L স্বত্বাধিকারী বৃদ্ধি ও দায় হ্রাস
M স্বত্বাধিকারী হ্রাস ও দায় হ্রাস
N সম্পদ হ্রাস ও দায় হ্রাস

১৪. মালিকের ব্যক্তিগত অর্থ দ্বারা কারবারের জন্য পণ্য ক্রয় করলে, সঠিক জাবেদা হবে কোনটি?
K ক্রয় ডেবিট ও মূলধন ক্রেডিট
L ক্রয় হিসাব ডেবিট ও প্রদেয় হিসাব ক্রেডিট
M ক্রয় ডেবিট ও নগদান ক্রেডিট
N মূলধন ডেবিট ক্রয় ক্রেডিট

১৫. নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা হতে জানা যায় –
i. মোট নগদ প্রাপ্তি
ii. মোট নগদ প্রদান
iii. মোট প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৬. নিচের কোনটি বিক্রীত পণ্যের ব্যয়ের অংশ?
K আন্তঃপরিবহন L অফিস ভাড়া
M বেতন ও মজুরি N বহিঃপরিবহন

১৭. কার্যপত্র হতে জানা যায় না কোনটি?
K নিট লাভ L মোট লাভ
M মোট সম্পদ N মোট দায়

১৮. ৮ কলাম কার্যপত্রে নিচের কোনটি থাকে না?
K রেওয়ামিল L সমন্বয়
M সমন্বিত রেওয়ামিল N আয় বিবরণী

১৯. হিসাব চক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N কার্যপত্র

২০. কোন স্থায়ী সম্পদের ওপর অবচয় ধার্য করা হয় না?
K ভূমি L দালানকোঠা
M আসবাবপত্র N যন্ত্রপাতি

২১. অগ্রিম খরচ সমন্বয়করণ বাদ পড়লে আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
K আয় হ্রাস ও সম্পদ বৃদ্ধি
L আয় হ্রাস ও সম্পদ হ্রাস
M আয় বৃদ্ধি ও সম্পদ বৃদ্ধি
N আয় বৃদ্ধি ও সম্পদ হ্রাস

২২. একটি মেশিনের ক্রয়মূল্য ৪,০০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর ধরে সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক ৩৫,০০০ টাকা অবচয় ধার্য করলে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য কত?
K ৩৫,০০০ টাকা L ৩৬,৫০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

২৩. ম্যানেজার নিট মুনাফার ১০% হারে কমিশন পায়। ম্যানেজারের কমিশনসহ নিট মুনাফা ৪৪,০০০ টাকা হলে কমিশনের পরিমাণ কত?
K ৪,০০০ টাকা L ৪,৪০০ টাকা
M ৩৯,৬০০ টাকা N ৪০,০০০ টাকা

২৪. দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কোনটি?
K ১৪৮৪ L ১৪৯৪
M ১৮৪০ N ১৯৫০

২৫. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তিস্থান কোথায়?
K ভেনিস L রোম
M ব্যাবিলন N প্যারিস

২৬. বাংলাদেশে ভ্যাট আইন চালু হয় কোন সালে?
K ১৯৩২ সালে L ১৯৯১ সালে
M ১৯৯২ সালে N ১৯৯৪ সালে

২৭. হিসাব সমীকরণের 'OE' বর্ধিত রূপ কোনটি?
K C + D + R – E
L C – D – R + E
M C – D + R – E
N C + D – R – E

২৮. হিসাবের পাকা বহি কোনটি?
K রেওয়ামিল L জাবেদা
M খতিয়ান N নগদান বই

২৯. হিসাবচক্রের প্রথম ধাপ কোনটি?
K জাবেদাভুক্তিকরণ
L খতিয়ানভুক্তিকরণ
M লেনদেন শনাক্তকরণ
N রেওয়ামিল প্রস্তুতকরণ

৩০. দু'তরফা দাখিলা পদ্ধতি একটি–
i. পূর্ণাঙ্গ পদ্ধতি
ii. আধুনিক পদ্ধতি
iii. বিজ্ঞানসম্মত পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

চট্টগ্রাম বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ব্যাংক চার্জ ২৬০ টাকা নগদান বইয়ে ভুলক্রমে ৬২০ টাকা ডেবিট করা হয়েছে। এর ফলে নগদান বই এবং ব্যাংক উদ্বৃত্তের মধ্যে গরমিলের পরিমাণ কত টাকা হবে?
K ২৬০ L ৩৬০
M ৬২০ N ৮৮০

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। ব্যাংক বিবরণী সংশোধনের নিমিত্তে দেখা যায় ব্যাংকে জমাকৃত চেক ১০,০০০ টাকার স্থলে হিসাবরক্ষক ১,০০০ টাকা লিপিবদ্ধ করেছেন।

২. ব্যাংক সমন্বয় বিবরণীতে ব্যাংকে জমাকৃত চেক বাবদ নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে কত টাকা যোগ বা বিয়োগ করতে হবে?
K ৯,০০০ টাকা বিয়োগ
L ৯,০০০ টাকা যোগ
M ১০,০০০ টাকা যোগ
N ১১,০০০ টাকা যোগ

৩. উক্ত গরমিল সংশোধন করা হলে আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়বে?
i. হাতে নগদ বৃদ্ধি পাবে
ii. চলতি দায় বৃদ্ধি পাবে
iii. চলতি সম্পদ বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না?
K সমাপনী মনিহারি L বকেয়া বেতন
M প্রারম্ভিক মজুদ পণ্য N অনুপার্জিত আয়

৫. সম্পত্তি বিক্রয় করে বিক্রয় হিসাব ক্রেডিট করা হলে কোন ধরনের ভুল হয়?
K পরিপূরক L নীতিগত
M বাদ পড়ার N লেখার

৬. রেওয়ামিলে যাবে না–
i. প্রারম্ভিক ব্যাংক উদ্বৃত্ত
ii. প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত
iii. সমাপনী মজুদ পণ্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. বঙ্গজ লিমিটেড ২০২৩ সালে ৮ বছরের জন্য ১,২০,০০০ টাকা বিনিয়োগ করে। বিনিয়োগের সুদের হার ১০%। ৩১ ডিসেম্বর বকেয়া সুদ বাবদ ৫,০০০ টাকা সমন্বয় দাখিলা প্রদান করা হয়। সারা বছর ধরে কোনো সুদ প্রাপ্তি ছিল না। কোন তারিখে বিনিয়োগ করা হয়?
K আগস্ট-১ L সেপ্টেম্বর-১
M অক্টোবর-১ N নভেম্বর-১

৮. হিসাবকাল শেষে কোনো হিসাবকে হালনাগাদ করার জন্য কী ধরনের জাবেদা দাখিলা দিতে হয়?
K সাধারণ জাবেদা L সমন্বয় জাবেদা
M সমাপনী জাবেদা N বিপরীত জাবেদা

৯. অগ্রিম আয় সমন্বয় করলে–
K আয় ও সম্পত্তি বৃদ্ধি করে
L দায় হ্রাস ও আয় বৃদ্ধি করে
M আয় ও সম্পত্তি হ্রাস করে
N ব্যয় ও দায় বৃদ্ধি করে

১০. পুস্তক মূল্য = ?
K ক্রয়মূল্য + মুনাফা
L ক্রয়মূল্য – পুঞ্জীভূত অবচয়
M ক্রয়মূল্য – ভগ্নাবশেষ মূল্য
N ক্রয়মূল্য + সংস্থাপন ব্যয়

১১. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের ক্ষেত্রে বিবেচনা করা হয়–
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য
iii. আনুমানিক আয়ুষ্কাল
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জাকির ট্রেডার্স এর ব্যবসায় প্রতিষ্ঠানের যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করে। ৫০,০০০ টাকা পুস্তক মূল্যের একটি যন্ত্রপাতির পুঞ্জীভূত অবচয় ১৫,০০০ টাকা।

১২. যন্ত্রপাতির ক্রয়মূল্য কত টাকা?
K ১৫,০০০ L ৩৫,০০০
M ৫০,০০০ N ৬৫,০০০

১৩. যন্ত্রপাতির বর্তমান বিক্রয়মূল্য ৪৫,০০০ টাকা হলে কত টাকা লাভ বা ক্ষতি হবে?
K ৫,০০০ টাকা লাভ হবে
L ৫,০০০ টাকা ক্ষতি হবে
M ৩০,০০০ টাকা লাভ হবে
N ৩০,০০০ টাকা ক্ষতি হবে

১৪. বিক্রীত পণ্যের ব্যয় ১,০০,০০০ টাকা এবং বিক্রয়ের ওপর মুনাফার হার ২০% হলে বিক্রয়ের পরিমাণ কত টাকা?
K ১,০০,০০০ L ১,১৬,৬৬৭
M ১,২০,০০০ N ১,২৫,০০০

১৫. ব্যবসায়ের পরিচালন ব্যয় হলো–
i. পণ্য ক্রয়
ii. বিজ্ঞাপন খরচ
iii. ঋণের সুদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. বিক্রয়কারীর নিকট ভ্যাট কোন ধরনের হিসাব?
K আয় L দায় M সম্পদ N খরচ

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ পণ্যের পরিমাণ ছিল ৫০,০০০ টাকা। চলতি বছরে নিট ক্রয়ের পরিমাণ ১,২৫,০০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৫,০০০ টাকা।

১৭. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত টাকা?
K ৯০,০০০ L ১,১০,০০০
M ১,৪০,০০০ N ১,৬০,০০০

১৮. সমাপনী মজুদ পণ্যের বাজার মূল্য ১২,০০০ টাকা হলে মোট লাভের ওপর কী প্রভাব পড়বে?
K ৩,০০০ টাকা হ্রাস পাবে
L ৩,০০০ টাকা বৃদ্ধি পাবে
M ১২,০০০ টাকা হ্রাস পাবে
N ১২,০০০ টাকা বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৫. হিসাবচক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N কার্যপত্র

২৬. NSF চেক ব্যাংক সমন্বয় বিবরণীতে কীভাবে প্রদর্শিত হয়?
K নগদান বহির ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ
L নগদান বহির ব্যাংক উদ্বৃত্ত হতে বিয়োগ
M ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ
N ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত হতে বিয়োগ

২৭. জনাব মামুনের ২০২২ সালে বিজ্ঞাপন খরচ ছিল ৩০,০০০ টাকা। তিনি ২০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করেন যা হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপন খরচের ৩/৪ অংশ বিলম্বিত করা হলে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
K ৭,৫০০ টাকা L ১২,৫০০ টাকা
M ২২,৫০০ টাকা N ৩৭,৫০০ টাকা

২৮. নিচের কোনটি বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়?
K বিজ্ঞাপন L বকেয়া বেতন
M অবচয় N অগ্রিম বিমা

২৯. অবচয় হলো–
i. ব্যয় বণ্টন প্রক্রিয়া
ii. স্থায়ী সম্পত্তি বণ্টন প্রক্রিয়া
iii. দায় বণ্টন প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৩০. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?
K ভাড়া খরচ L মজুরি খরচ
M কমিশন খরচ N বিজ্ঞাপন খরিচ

সিলেট বোর্ড ২০২৩

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কোনটি অদৃশ্যমান সম্পত্তি?
K শেয়ার অবহার L বিলম্বিত বিজ্ঞাপন
M সুনাম N প্রাথমিক খরচ

২. রেওয়ামিলে কোনো কলামেই বসে না–
i. সমাপনী মজুদ
ii. সমাপনী নগদ
iii. প্রারম্ভিক ব্যাংক জমা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৩. আর্থিক বিবরণীতে সম্পদসমূহ লিপিবদ্ধ হয়–
i. রক্ষণশীল নীতি অনুযায়ী
ii. পূর্ণ প্রকাশ নীতি অনুযায়ী
iii. ঐতিহাসিক মূল্য নীতি অনুযায়ী
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৪. ব্যাংক বিবরণী অনুযায়ী অপরিশোধিত চেক–
K নগদ উদ্বৃত্তের সাথে যোগ হবে
L নগদ উদ্বৃত্ত থেকে বাদ যাবে
M ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ হবে
N ব্যাংক উদ্বৃত্ত থেকে বাদ যাবে

■ নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :
ময়না এন্টারপ্রাইজ ১ জুলাই, ২০২০ তারিখ ৬০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে যার আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

৫. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ কত হবে?
K ৭,৫০০ টাকা L ৮,০০০ টাকা
M ১০,০০০ টাকা N ১২,০০০ টাকা

৬. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে অবচয়ের পরিমাণ কত হবে?
K ৫,৭০০ টাকা L ৯,০০০ টাকা
M ১০,৮০০ টাকা N ১২,৬০০ টাকা

৭. কোনটি রেওয়ামিলের ডেবিট পার্শ্বে দেখানো হয়?
K সাধারণ সঞ্চিতি
L প্রাপ্য হিসাবের বাট্টা সঞ্চিতি
M প্রদেয় হিসাবের বাট্টা সঞ্চিতি
N অনাদায়ি পাওনা সঞ্চিতি

৮. অবচয় কোন শ্রেণির হিসাব?
K খরচ L আয়
M সম্পদ N বিপরীত সম্পদ

৯. মূলধন বৃদ্ধি –
K দায় বৃদ্ধি L উত্তোলন বৃদ্ধি
M ব্যয় বৃদ্ধি N সম্পদ বৃদ্ধি

১০. মমতা ট্রেডার্স ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে ১০% বাট্টায় ৫০,০০০ টাকার পণ্য ক্রয় করেন। ৩০ জুন তারিখে ১০% বাট্টায় পণ্যের অর্ধেক মূল্য পরিশোধ করেন। হিসাবভুক্ত বাট্টার পরিমাণ কত?
K ২,৫০০ টাকা L ৪,৫০০ টাকা
M ৪,৭৫০ টাকা N ৫,০০০ টাকা

১১. ব্যাংকে টাকা জমা দিলে ব্যাংক বিবরণীতে ক্রেডিট দেখানো হয় কেন?
K ব্যাংকের সম্পদ বৃদ্ধি পায়
L ব্যাংকের দায় বৃদ্ধি পায়
M ব্যাংকের সম্পদ হ্রাস পায়
N ব্যাংকের দায় হ্রাস পায়

১২. কোন হিসাব হতে মেয়াদ পূর্তির পূর্বে টাকা উঠানো যায় না?
K চলতি হিসাব L সঞ্চয়ী হিসাব
M স্থায়ী হিসাব N মোবাইল হিসাব

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :
মায়া ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্ত নিম্নরূপ :
নগদ তহবিল ১০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৮,০০০ টাকা, প্রদেয় হিসাব ২,০০০ টাকা, ভাড়া ব্যয় ৭,০০০ টাকা, ক্রয় ১৫,০০০ টাকা, মূলধন ২০,০০০ টাকা, বিক্রয় ১২,০০০ টাকা, মজুদ পণ্য (৩১-১২-২০২২) ৪,০০০ টাকা।

১৩. মায়া ট্রেডার্সের অনিশ্চিত হিসাবের পরিমাণ কত?
K ০,০০০ টাকা L ৫,০০০ টাকা
M ৬,০০০ টাকা N ১০,০০০ টাকা

১৪. কোন হিসাবের উদ্বৃত্ত বৃদ্ধি করলে অনিশ্চিত হিসাবের প্রয়োজন পড়বে না?
i. আয়
ii. দায়
iii. সম্পদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৫. বাট্টা প্রদান করলে হিসাব সমীকরণে (A = L +OE) কী প্রভাব ঘটে?
K মূলধন (OE) ও দায় (L) হ্রাস পায়
L সম্পদ (A) ও দায় (L) হ্রাস পায়
M দায় (L) ও ব্যয় (Exp) হ্রাস পায়
N সম্পদ (A) ও মালিকানাস্বত্ব (OE) হ্রাস পায়

১৬. কোনটিকে আর্থিক অবস্থার বিবরণীর দায় পার্শ্বে দেখানো হয়?
K অনিঃশেষিত ব্যয় L প্রাপ্য আয়
M অগ্রিম ব্যয় N অনুপার্জিত আয়

১৭. অগ্রদত্ত নিয়মে খুচরা নগদান বই সংরক্ষণ করলে–
i. তহবিলের যথাযথ ব্যবহার হয়
ii. ক্যাশিয়ারকে নিয়ন্ত্রণ করা সহজ হয়
iii. রেওয়ামিল প্রস্তুত সহজ হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১৮. অবচয় ধার্যের ফলে–
K ব্যয় ও সম্পদ হ্রাস পায়
L ব্যয় বৃদ্ধি ও সম্পদ হ্রাস পায়
M ব্যয় ও সম্পদ বৃদ্ধি পায়
N সম্পদ ও দায় হ্রাস পায়

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
মৌমিতা ট্রেডার্সের ২০২২ সালের সারা বছরের নিট বিক্রয় ৬,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২০% মুনাফায় পণ্য বিক্রয় করে এবং মোট মুনাফার ৬০% দ্বারা পরিচালন ব্যয় মিটিয়ে থাকে।

১৯. প্রতিষ্ঠানটির বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?
K ৪,৫০,০০০ টাকা L ৪,৮০,০০০ টাকা
M ৫,০০,০০০ টাকা N ৫,১০,০০০ টাকা

২০. প্রতিষ্ঠানটির নিট মুনাফার পরিমাণ কত?
K ৬০,০০০ টাকা L ৪৮,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৩৬,০০০ টাকা

২১. অনাদায়ি ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি কী?
K সম্ভাব্য আয় L সম্ভাব্য দায়
M সম্ভাব্য সম্পদ N সম্ভাব্য ক্ষতিপূরণ

২২. বিক্রয়কারীর নিকট আদায়কৃত ভ্যাট একটি–
K সম্পদ L দায়
M আয় N ব্যয়

২৩. কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?
K প্রারম্ভিক নগদ তহবিল
L প্রারম্ভিক মনিহারি
M প্রারম্ভিক ব্যাংক জমা
N প্রারম্ভিক প্রাপ্য হিসাব

২৪. উত্তোলন হিসাব বন্ধ করার জন্য প্রয়োজন–
K সমন্বয় দাখিলা L সংশোধনী দাখিলা
M বিপরীত দাখিলা N সমাপনী দাখিলা

২৫. মি. হাসির দায় ছিল ৩০,০০০ টাকা এবং মূলধন ছিল ৪০,০০০ টাকা। যদি দায় ১০,০০০ টাকা হ্রাস পায় এবং সম্পদ ১০,০০০ টাকা বৃদ্ধি পায় তবে তার মূলধন কত বৃদ্ধি পাবে?
K ২০,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৬০,০০০ টাকা

২৬. কোনটি হিসাবচক্রের শেষের ধাপ?
K কার্যপত্র L সমন্বয় দাখিলা
M বিপরীত দাখিলা N সমাপনী দাখিলা

২৭. আন্না ট্রেডার্স তার ব্যবসায় পরিচালনার সুবিধার্থে দালানকোঠা ক্রয় করেন। চুক্তি সম্পাদনের জন্য ১,০০০ টাকার একটি স্ট্যাম্প ক্রয় করে এবং চুক্তিসংক্রান্ত ব্যয় সম্পাদনের জন্য ৪,০০০ টাকা অন্যান্য খরচ হয়। জমিসহ দালানের ক্রয়মূল্য ২,০৫,০০০ টাকা। আন্না ট্রেডার্সের মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ কত?
K ২,১০,০০০ টাকা L ২,০৯,০০০ টাকা
M ২,০৬,০০০ টাকা N ২,০৫,০০০ টাকা

২৮. বছর শেষে মুনাফাজাতীয় ব্যয় হিসাবভুক্ত না হলে আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
i. মোট মুনাফা বৃদ্ধি পাবে
ii. নিট মুনাফা বৃদ্ধি পাবে
iii. নিট সম্পত্তি বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৯. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা। ১০,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক তা আদায় হয়নি, পক্ষান্তরে ২০,০০০ টাকার একটি চেক ইস্যু করা হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক তা পরিশোধিত হয়নি। নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত?
K ৬০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ২০,০০০ টাকা

৩০. কোনটি বিজ্ঞানসম্মত হিসাবরক্ষণ পদ্ধতি?
K নগদানভিত্তিক হিসাব পদ্ধতি
L বকেয়াভিত্তিক হিসাব পদ্ধতি
M একতরফা হিসাব পদ্ধতি
N তিনতরফা হিসাব পদ্ধতি

বরিশাল বোর্ড ২০২৩

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কোন পদ্ধতিতে সকল আর্থিক বৎসরে অবচয়ের পরিমাণ সমান থাকে?
K সরলরৈখিক L ক্রমহ্রাসমান
M বর্ষাগুণন সংখ্যা N উৎপাদন পদ্ধতি

২. নিচের কোনটি বাধ্যতামূলক নয়?
K জাবেদা L খতিয়ান
M আর্থিক বিবরণী N কার্যপত্র

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা যা মজুরির অন্তর্ভুক্ত হয়েছে।

৩. নিচের কোনটি ভুল সংশোধনী জাবেদা?
K যন্ত্রপাতি হিসাব ডেবিট ১০,০০০ টাকা
মজুরি হিসাব ক্রেডিট ১০,০০০ টাকা
L যন্ত্রপাতি হিসাব ডেবিট ১০,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ১০,০০০ টাকা
M মজুরি হিসাব ডেবিট ১০,০০০ টাকা
যন্ত্রপাতি হিসাব ক্রেডিট ১০,০০০ টাকা
N সংস্থাপন ব্যয় হিসাব ডেবিট ১০,০০০ টাকা
যন্ত্রপাতি হিসাব ক্রেডিট ১০,০০০ টাকা

৪. উপরের ভুল সংশোধনের ফলে ব্যবসায়ের আর্থিক অবস্থার ওপর কীরূপ প্রভাব ফেলবে?
K ব্যয় বৃদ্ধি পাবে L সম্পদ হ্রাস পাবে
M আয় হ্রাস পাবে N ব্যয় হ্রাস পাবে

৫. পর্যাপ্ত ফান্ডের অভাবে অমর্যাদাকৃত চেককে কী বলে?
K বাহক চেক L একাউন্ট পেয়ি চেক
M দাগকাটা চেক N এনএসএফ চেক

৬. ৫০,০০০ টাকা বিজ্ঞাপন খরচের $^{2}/_{5}$ অংশ অবলোপন করা হলে বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় কত হবে?
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

৭. নিচের কোনটি হিসাবের প্রাথমিক বই?
K রেওয়ামিল L খতিয়ান
M জাবেদা N কার্যপত্র

৮. পাশ বইয়ের ডেবিট উদ্বৃত্ত দ্বারা বোঝায়–
K ব্যাংক জমা L নগদ উদ্বৃত্ত
M ব্যাংক জমাতিরিক্ত N নগদ উত্তোলন

■ নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :
আগমনী ট্রেডার্স ২০২১ সালে নতুন পণ্য চালু করার লক্ষ্যে নগদে বিজ্ঞাপন বাবদ খরচ করে ১,৮০,০০০ টাকা এবং খরিদ্দারের মধ্যে বিনামূল্যে ২০,০০০ টাকার পণ্য বিতরণ করে। কোম্পানি বিজ্ঞাপন খরচকে ৪ বছরে সমানভাবে অবলোপন করার সিদ্ধান্তগ্রহণ করে।

৯. প্রতিষ্ঠানটি ২০২১ সালের বিশদ আয় বিবরণীতে বিজ্ঞাপন খরচ কত টাকা দেখাবে?
K ২০,০০০ টাকা L ৪৫,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ১,৮০,০০০ টাকা

১০. প্রতিষ্ঠানটি ২০২২ সালের আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞাপন কত টাকা দেখাবে?
K ৫০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,৫০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

১১. পদ্মা কোম্পানি ১,০০,০০০ টাকার একটি এসি ক্রয় করে। বার্ষিক ১০% হারে অবচয় ধার্য করলে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে দ্বিতীয় বছরের অবচয়ের পরিমাণ কত?
K ৯,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ১৮,০০০ টাকা N ২০,০০০ টাকা

১২. ম্যানেজার মুনাফার ৪% কমিশন পান। কমিশন পরবর্তী মুনাফা ৪,০০০ টাকা হলে, কমিশন কত?
K ১৫০.০০ টাকা L ১৫৩.৮৫ টাকা
M ১৬০.০০ টাকা N ১৬৬.৬৭ টাকা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ, প্রারম্ভিক নগদ তহবিল, সমন্বিত ক্রয়, সমাপনী মজুদ, ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন, সমাপনী নগদ তহবিল।

১৩. উল্লিখিত দফাসমূহের মধ্যে রেওয়ামিলে আসবে–
i. সমন্বিত ক্রয়
ii. সমাপনী মজুদ
iii. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iiii
M i ও iii N i, ii ও iii

১৪. উদ্দীপকের ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন হিসাবকে রেওয়ামিলের ক্রেডিট দিকে লিপিবদ্ধ করার কারণ–
i. খতিয়ানের ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে
ii. এটি ব্যবসায়ের দায়
iii. এটি মুনাফা হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iiii
M i ও iii N i, ii ও iii

১৫. মুনাফাবিহীন বিক্রয় বিশদ আয় বিবরণীতে বাদ যাবে–
i. ক্রয় থেকে
ii. সমাপনী মজুদ পণ্য থেকে
iii. বিক্রয় থেকে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৬. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কী?
K চালান L ভাউচার
M লেনদেন N মালিকানাস্বত্ব

১৭. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
K পাওনাদার L কর কর্তৃপক্ষ
M মালিক N ব্যাংক

১৮. কোন বইকে সকল বহির রাজা বলা হয়?
K জাবেদা L খতিয়ান
M ক্রয় বই N বিক্রয় বই

১৯. ধারে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে হিসাব সমীকরণের কোন উপাদানের পরিবর্তন হবে?
K A ও L L A ও OE
M L ও OE N A, L ও OE

২০. মাসের শুরুতে পেটি ক্যাশিয়ারের হাতে নগদ ছিল ২০০ টাকা। এ মাসে পেয়েছেন ৮০০ টাকা। তার অগ্রদত্ত টাকার পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ৮০০ টাকা
M ৬০০ টাকা N ২০০ টাকা

২১. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না–
i. প্রারম্ভিক নগদ তহবিল
ii. প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
iii. প্রারম্ভিক মজুদ পণ্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
একটি ব্যবসায়ের প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা, ক্রয় ৫০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা, ক্রয় পরিবহন ৫,০০০ টাকা, মজুরি ৫,০০০ টাকা, বিক্রয় পরিবহন ২,০০০ টাকা, বেতন ৪,০০০ টাকা, ভাড়া ১,০০০ টাকা, ভাড়া বকেয়া আছে ১,০০০ টাকা এবং বেতন অগ্রিম প্রদান করা হয়েছে ৫০০ টাকা।

২২. বিক্রীত পণ্যের ব্যয় কত?
K ৫০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৭২,০০০ টাকা

২৩. পরোক্ষ ব্যয়ের পরিমাণ কত?
K ৭,৫০০ টাকা L ৮,০০০ টাকা
M ১৩,০০০ টাকা N ১৮,০০০ টাকা

২৪. নিচের কোনটি মুনাফাজাতীয় ব্যয়?
K প্রাপ্ত ভাড়া L আসবাবপত্র ক্রয়
M বিজ্ঞাপন খরচ N প্রাপ্ত কমিশন

■ নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :
জনাব X পণ্য বিক্রয়ের ২৫,০০০ টাকা চেকের মাধ্যমে আদায় করে ব্যাংক হিসাবে জমা করেন। পরবর্তীতে চেকটি ব্যাংক হতে প্রত্যাখ্যাত হয়ে ফেরত আসে।

২৫. জনাব X এর চেকটি কোন বইতে লিপিবদ্ধ হবে?
K নগদান বই L ক্রয় বই
M বিক্রয় বই N বিক্রয় ফেরত বই

২৬. জনাব X এর অমর্যাদাকৃত চেক দ্বারা প্রভাবিত হয়–
i. প্রাপ্য হিসাব
ii. বিক্রয় হিসাব
iii. ব্যাংক হিসাব
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৭. নগদান বইয়ের কন্ট্রা এন্ট্রি হয়–
i. ব্যবসায়ের টাকা ব্যাংকে জমা দিলে
ii. কোনো পক্ষের নিকট থেকে চেক পেয়ে তৎক্ষণাৎ ব্যাংকে জমা দিলে
iii. অফিসের প্রয়োজনে ব্যাংক হতে টাকা উত্তোলন করলে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৮. নিচের কোনটি অদৃশ্যমান সম্পত্তি?
K সুনাম L কলকব্জা
M দেনাদার N প্রাপ্যবিল

২৯. অবচয় কোন জাতীয় খরচ?
K মুনাফাজাতীয় L মূলধনজাতীয়
M বিলম্বিত মুনাফাজাতীয়
N বিলম্বিত মূলধনজাতীয়

৩০. অগ্রিম শিক্ষানবিশ সেলামি একটি–
i. চলতি সম্পদ
ii. চলতি দায়
iii. অনুপার্জিত আয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

দিনাজপুর বোর্ড ২০২৩

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি নিচের কোন দেশে?
K ইটালি L গ্রিস
M স্পেন N ফিনল্যান্ড

২. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?
K ব্যাংক ঋণ L মূলধন
M প্রদেয় হিসাব N প্রদেয় মজুরি

৩. হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য কী?
K হিসাব সংরক্ষণ L আর্থিক ফলাফল নির্ণয়
M তথ্য সরবরাহ N ঘটনা বিশ্লেষণ

৪. প্রদেয় হিসাবের টাকা পরিশোধ করলে, হিসাব সমীকরণে এর কী প্রভাব পড়বে?
K সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস
L সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি
M সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি
N সম্পদ হ্রাস ও দায় হ্রাস

৫. ডেবিট নোট কে তৈরি করেন?
K ক্রেতা L সরবরাহকারী
M বিক্রেতা N ব্যাংক

৬. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে–
i. সম্পদ
ii. খরচ
iii. আয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৭. ২/১০, নিট ৩০ শর্তে ১০,০০০ টাকার প্রাপ্য হিসাব হতে পাওনা আদায় হলে বাট্টার পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ৬০০ টাকা
M ৩০০ টাকা N ২০০ টাকা

৮. একটি দ্রব্যের তালিকা বিক্রয়মূল্য ২০,০০০ টাকা। বিক্রয়মূল্যের কারবারি বাট্টা ১০% এবং নগদ বাট্টা ৫% অনুমোদন হলে প্রাপ্য হিসাবের পরিমাণ কত?
K ২০,০০০ টাকা L ১৯,০০০ টাকা
M ১৮,০০০ টাকা N ১৭,১০০ টাকা

৯. ব্যাংক সমন্বয় বিবরণীকে তৈরি করেন?
K ব্যাংক L দেনাদার
M আমানতকারী N পাওনাদার

১০. কোনটির জন্য ব্যাংক ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করে থাকে?
K প্রাপ্য নোট আদায়
L জমাকৃত চেক প্রত্যাখ্যান
M দেনাদার কর্তৃক জমাদান
N ব্যাংক উদ্বৃত্তের সুদ

১১. নগদান বই ও ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক ব্যালেন্সের গরমিলের কারণ–
i. ব্যাংক কর্তৃক সরাসরি অর্থ পরিশোধ
ii. ব্যাংকে জমাকৃত চেকের প্রত্যাখ্যান
iii. বিনিয়োগের সুদ নগদে পাওয়া গেল
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১২. নিচের কোন ধরনের ভুলটি রেওয়ামিলে ধরা পড়ে?
K বাদপড়ার ভুল L বেদাখিলার ভুল
M লেখার ভুল N পরিপূরক ভুল

১৩. অগ্রিম প্রদত্ত ভাড়া উত্তীর্ণ হয়েছে এর জন্য সমন্বয় দাখিলায় ক্রেডিট হবে কোনটি?
K প্রদত্ত ভাড়া L প্রদেয় ভাড়া
M প্রাপ্ত ভাড়া N অগ্রিম প্রদত্ত ভাড়া

১৪. ১০% হারে ৬ মাসের অবচয় ২,০০০ টাকা হলে, সম্পত্তির মূল্য কত?
K ১২,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩২,০০০ টাকা N ৪০,০০০ টাকা

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :
সুমন ট্রেডার্স একটি মোটরগাড়ি ৮০,০০০ টাকায় ক্রয় করেছিল। বর্তমানে এর পুঞ্জীভূত অবচয়ের উদ্বৃত্ত ৪৮,০০০ টাকা। সুমন ট্রেডার্স মোটরগাড়িটি ৪০,০০০ টাকায় বিক্রয় করল।

১৫. গাড়িটি বিক্রয়জনিত লাভ বা ক্ষতি কত?
K লাভ ৮,০০০ টাকা
L ক্ষতি ৮,০০০ টাকা
M লাভ ৩২,০০০ টাকা
N ক্ষতি ৪০,০০০ টাকা

১৬. গাড়িটির বিক্রয়জনিত লেনদেনে প্রতিষ্ঠানের হিসাব সমীকরণে–
i. সম্পদ হ্রাস পাবে
ii. সম্পদ বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৭. একটি সম্পত্তির মোট ক্রয়মূল্য ও পুঞ্জীভূত অবচয়ের পার্থক্যকে কী বলা হয়?
K অবচয়যোগ্য মূল্য L বইমূল্য
M বাজার মূল্য N ভগ্নাবশেষ মূল্য

১৮. মূলধনজাতীয় আয় নিচের কোনটি?
K অস্থায়ী সম্পত্তি বিক্রয়ের অর্থ
L পণ্য বিক্রয় হতে প্রাপ্ত অর্থ
M স্থায়ী সম্পত্তি বিক্রয়ে মুনাফা
N অতিরিক্ত মূলধন আনয়ন

১৯. অপরিচালন ব্যয়–
i. ব্যাংক জমাতিরিক্তের সুদ
ii. শিক্ষানবিশ ভাতা
iii. প্রদেয় নোটের সুদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২০. ক্রয়সংক্রান্ত খরচ কোনটি?
K বিমা খরচ L ভ্রমণ খরচ
M ক্রয় বাট্টা N ক্রয় পরিবহন

২১. কোন পণ্য বিক্রয় করে বিক্রয়মূল্যের ৩৩$\frac{১}{৩}$% লাভ করলে ক্রয়মূল্যের ওপর লাভের হার কত হবে?
K ১৬$\frac{২}{৩}$% L ২০%
M ২৫% N ৫০%

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
সাগর এন্টারপ্রাইজের প্রারম্ভিক মূলধন ১,৭০,০০০ টাকা, উত্তোলন ২০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ১,৬০,০০০ টাকা এবং বিক্রয় ২,৭০,০০০ টাকা। এ বছর তাদের নিট লাভ হয়েছে ৫০,০০০ টাকা।

২২. সাগর এন্টারপ্রাইজের ব্যবসায়ে মালিকানাস্বত্বের পরিমাণ কত?
K ১,৫০,০০০ টাকা L ২,০০,০০০ টাকা
M ২,২০,০০০ টাকা N ২,৪০,০০০ টাকা

২৩. বিক্রীত পণ্যের ব্যয় ১০% কম হলে ব্যবসায়ের আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
i. নিট লাভ বৃদ্ধি পাবে
ii. বিক্রয় আয় বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৪. অনুপার্জিত আয় দ্বারা নিচের কোনটিকে বোঝায়?
K সম্পদ L দায়
M আয় N ব্যয়

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
প্রীতম ট্রেডার্স ব্যবসায়ের জন্য ৫০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে এবং আমদানি শুল্ক বাবদ ৫,০০০ টাকা প্রদান করে। মেশিনটির বহন খরচ ৩,০০০ টাকা এবং অপারেটরের বেতন বাবদ ১,০০০ টাকা প্রদান করা হয়। বার্ষিক অবচয় হার ১০%।

২৫. কলকব্জা হিসাবে কত টাকা লিপিবদ্ধ করতে হবে?
K ৫০,০০০ টাকা L ৫৫,০০০ টাকা
M ৫৮,০০০ টাকা N ৫৯,০০০ টাকা

২৬. অবচয় হিসাবভুক্তির ফলে আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
K মুনাফা হ্রাস পাবে ৫,৮০০ টাকা
L সম্পদ হ্রাস পাবে ৫,৫০০ টাকা
M মালিকানাস্বত্ব হ্রাস পাবে ৫,৯০০ টাকা
N মুনাফা হ্রাস পাবে ৫,০০০ টাকা

২৭. অনুপার্জিত সেবা আয়ের পরিমাণ ৪০,০০০ টাকা। উহার ৫% অংশ উপার্জিত হলে হিসাবকাল শেষে চলতি দায়ের পরিমাণ কত হবে?
K ১৬,০০০ টাকা L ২৪,০০০ টাকা
M ৩২,০০০ টাকা N ৪০,০০০ টাকা

২৮. নিচের কোনটি অনগদ লেনদেন?
K প্রাপ্ত কমিশন L প্রাপ্ত ভাড়া
M প্রদত্ত সুদ N নগদ বাট্টা

২৯. 'পুঞ্জীভূত অবচয়' কোন ধরনের হিসাব?
K দায় L বিপরীত সম্পত্তি
M ব্যয় N মালিকানাস্বত্ব

৩০. ১৫% ভ্যাটসহ মনিহারি ক্রয় ২,৩০০ টাকা এক্ষেত্রে মনিহারি হিসাবে কত টাকা ডেবিট হবে?
K ১,৯৫৫ টাকা L ২,০০০ টাকা
M ২,৩০০ টাকা N ২,৬৪৫ টাকা

ময়মনসিংহ বোর্ড ২০২৩

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. প্রদেয় নোটের টাকা পরিশোধ করলে হিসাব সমীকরণের প্রভাব কী?
K সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি
L সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস
M দায় বৃদ্ধি ও দায় হ্রাস
N সম্পদ হ্রাস ও দায় হ্রাস

২. স্বত্বাধিকার হ্রাসের কারণ কী?
K ব্যয় ও উত্তোলন বেড়ে গেলে
L ব্যয় ও উত্তোলন হ্রাস হলে
M আয় ও দায় বেড়ে গেলে
N উত্তোলন ও দায় বেড়ে গেলে

৩. তিনঘরা নগদান বইয়ের জের টানা হয়–
i. নগদ কলামের
ii. ব্যাংক কলামের
iii. বাট্টা কলামের
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :
জনাব সাব্বির ৭০,০০০ টাকা মূল্যের পণ্য সুগন্ধা লিমিটেড এর নিকট হতে ক্রয় করে নগদ ৫,০০০ টাকা ও ১৫,০০০ টাকার চেক প্রদান করেন। পরবর্তীতে জনাব সাব্বির ৫% বাট্টা প্রাপ্তিসাপেক্ষে অবশিষ্ট টাকা পরিশোধ করেন।

৪. জনাব সাব্বির সুগন্ধা লি.কে কত টাকা পরিশোধ করবেন?
K ৪৭,৫০০ টাকা L ৫২,৫০০ টাকা
M ৬১,৭৫০ টাকা N ৬৬,৫০০ টাকা

৫. প্রাপ্ত বাট্টার ফলে কারবারের–
i. ২,৫০০ টাকার আয় বৃদ্ধি পাবে
ii. ২,৫০০ টাকার সম্পদ বৃদ্ধি পাবে
iii. ২,৫০০ টাকার স্বত্বাধিকার বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৬. নিচের কোনটি ক্রেডিট মেমোরেন্ডামের অন্তর্ভুক্ত?
K ব্যাংক সার্ভিস চার্জ L ওভারড্রাফট সুদ
M অর্জিত সুদ N চেক প্রিন্টিং চার্জ

৭. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংকের ডেবিট উদ্বৃত্ত ৪০,০০০ টাকা। ব্যাংকে জমাকৃত চেক যা ব্যাংক ক্রেডিট করেনি ৫,০০০ টাকা। ব্যাংকের সঠিক উদ্বৃত্ত কত টাকা?
K ৩০,০০০ টাকা L ৩৫,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৪৫,০০০ টাকা

৮. আসবাবপত্র বিক্রয় করে ভুলে বিক্রয় হিসাবে ক্রেডিট করা হলে ইহা কোন ধরনের ভুল?
K লেখার ভুল L বে-দাখিলার ভুল
M নীতিগত ভুল N পরিপূরক ভুল

■ নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :
রূপা ট্রেডার্সের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ান উদ্বৃত্তসমূহ ছিল নিম্নরূপ :
প্রাপ্য হিসাব ২০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৭,০০০ টাকা, উত্তোলন হিসাব ৫,০০০ টাকা, মূলধন হিসাব ৫০,০০০ টাকা, ক্রয় হিসাব ২৫,০০০ টাকা এবং আগাম গ্রহণ হিসাব ৩,০০০ টাকা। পরবর্তীতে দেখা যায় ক্রয় হিসাবে ১০,০০০ টাকা কম লেখা হয়েছে।

৯. রূপা ট্রেডার্সের রেওয়ামিলে অনিশ্চিত হিসাবের পরিমাণ কত টাকা?
K ৪,০০০ টাকা L ৫,০০০ টাকা
M ১০,০০০ টাকা N ৩০,০০০ টাকা

১০. পণ্য ক্রয় সঠিক লিপিবদ্ধ করে সংশোধনের ফলে আর্থিক বিবরণীতে কী পরিবর্তন হবে–
i. প্রত্যক্ষ ব্যয় বৃদ্ধি পাবে
ii. মোট মুনাফা হ্রাস পাবে
iii. সমাপনী মূলধন হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১১. কোন ভিত্তিক হিসাব ব্যবস্থার চলতি বছরের সাথে সংশ্লিষ্ট আয় ও ব্যয়গুলো হিসাবভুক্ত করা হয়?
K নগদভিত্তিক L বকেয়াভিত্তিক
M বকেয়া ও অগ্রিমভিত্তিক
N নগদ ও বকেয়াভিত্তিক

১২. বকেয়া ঋণের সুদের বিপরীত জাবেদা নিচের কোনটি?
K ঋণের সুদ ডেবিট বকেয়া ঋণের সুদ ক্রেডিট
L বকেয়া ঋণের সুদ ডেবিট ঋণের সুদ ক্রেডিট
M ঋণের সুদ ডেবিট নগদান ক্রেডিট
N লাভ-ক্ষতি হিসাব ডেবিট ঋণের সুদ ক্রেডিট

১৩. সমাপনী দাখিলা প্রস্তুতের উদ্দেশ্য কী?
K আয়-ব্যয় হিসাব বন্ধ করা
L দায় হিসাব বন্ধ করা
M সম্পদ হিসাব বন্ধ করা
N মূলধন হিসাব বন্ধ করা

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :
জনাব সাকিব নগদ ৫০,০০০ টাকা, বাকিতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা ও ১০% ঋণ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করেন।

১৪. জনাব সাকিবের প্রারম্ভিক মূলধনের পরিমাণ হবে–
K ২৫,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৭৫,০০০ টাকা N ১,২৫,০০০ টাকা

১৫. বছর শেষে ঋণের সুদ হিসাবভুক্ত না হলে আর্থিক বিবরণীতে প্রভাব হবে–
i. ৫,০০০ টাকার ব্যয় কমবে
ii. ৫,০০০ টাকার দায় কমবে
iii. ৫,০০০ টাকার স্বত্বাধিকার কমবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৬. হিসাবের মেয়াদান্তে হাতে নগদের সাথে কোন টাকা যোগ করলে অগ্রদত্ত টাকার পরিমাণ সমান হয়?
K প্রারম্ভিক নগদ তহবিল
L অগ্রদত্ত অর্থ
M মোট খরচ N নগদ প্রাপ্তি

১৭. অদৃশ্যমান লেনদেন হলো–
i. আসবাবপত্র ক্রয় ৫,০০০ টাকা
ii. ইজারা সম্পত্তির অবলোপন ৩,০০০ টাকা
iii. সুনামের অবলোপন ৫,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৮. কোন পদ্ধতিতে এককপ্রতি অবচয় খরচ নির্ণয় করা হয়?
K সরলরৈখিক L যন্ত্রঘণ্টা হার
M বর্ষসংখ্যা সমষ্টি N উৎপাদন একক

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
রনি লি. এর অফিস সরঞ্জাম ক্রয়মূল্য ১০,০০,০০০ টাকা এর ওপর ১০% হারে ক্রয় ভ্যাট প্রদত্ত হয় এবং পরিবহন খরচ ২০,০০০ টাকা। সম্পদটির আয়ুষ্কাল ১০ বছর। ভগ্নাবশেষ মূল্য ৭০,০০০ টাকা।

১৯. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় পরিমাণ কত টাকা?
K ৯৫,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,০৫,০০০ টাকা N ১,১০,০০০ টাকা

২০. যদি প্রতিষ্ঠানটি প্রথম বছরে সরলরৈখিক পদ্ধতির পরিবর্তে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে তবে আর্থিক বিবরণীতে পরিবর্তন হবে?
i. পরিচালন মুনাফা ১,১৯,০০০ টাকা হ্রাস পাবে
ii. স্থায়ী সম্পদের মূল্য ১,১৯,০০০ টাকা হ্রাস পাবে
iii. মালিকানাস্বত্ব ১,১৯,০০০ টাকা হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২১. প্রদত্ত বাট্টার সঠিক জাবেদা নিচের কোনটি?
K বাট্টা খরচ ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট
L বাট্টা খরচ ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
M প্রদেয় হিসাব ডেবিট, বাট্টা হিসাব ক্রেডিট
N বাট্টা খরচ ডেবিট, প্রদেয় হিসাব ক্রেডিট

২২. মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুতের উদ্দেশ্য কী?
K অতিরিক্ত মূলধন নির্ণয়
L প্রারম্ভিক মূলধন নির্ণয়
M সমাপনী মূলধন নির্ণয়
N অবণ্টিত মুনাফা নির্ণয়

২৩. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতে নিচের কোনটি বিবেচ্য হবে?
K সরবরাহকারীকে নগদ প্রদান
L পাওনাকৃত টাকা নগদ আদায়
M ব্যাংক সুদ উভয় বহিতে লিপিবদ্ধ
N অপরিশোধিত চেক

■ নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :
কোনো একটি ফার্মের বিক্রয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা, মোট মুনাফা ৭৫,০০০ টাকা, সমাপনী মজুদের মূল্য ১৫,০০০ টাকা এবং পণ্যের ক্রয়মূল্য ১,৩০,০০০ টাকা।

২৪. ফার্মের প্রারম্ভিক মজুদের পরিমাণ কত টাকা?
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৭০,০০০ টাকা

২৫. যদি সমাপনী মজুদের মূল্য ৫,০০০ টাকা বৃদ্ধি করা হয় তবে–
i. প্রারম্ভিক মজুদের মূল্য বৃদ্ধি পাবে
ii. চলতি সম্পদের মূল্য বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৬. একটি মেশিনের ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা। এর সংস্থাপন ব্যয় ৪০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০% হারে দ্বিতীয় বছরের বার্ষিক অবচয় কত টাকা?
K ১৯,২০০ টাকা L ২২,৪০০ টাকা
M ২৪,০০০ টাকা N ২৮,০০০ টাকা

২৭. বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?
K ডেবিট নোট L ক্রেডিট নোট
M ডেবিট ভাউচার N ক্রেডিট ভাউচার

২৮. কোনটি অবস্তুগত সম্পদ?
K গ্রন্থস্বত্ব L অফিস সরঞ্জাম
M প্রদত্ত ঋণ N ব্যাংক উদ্বৃত্ত

২৯. যদি পণ্য বিক্রয় ২,০০০ টাকা কম লেখা হয় এবং বাট্টা আয় ২,০০০ টাকা বেশি দেখানো হয় তবে এ ধরনের ভুলকে কী বলে?
K বেদাখিলার ভুল L লেখার ভুল
M নীতিগত ভুল N পরিপূরক ভুল

৩০. বিক্রয়ের মাধ্যমে ভ্যাট আদায় হলে উক্ত ভ্যাট কোন ধরনের হিসাব?
K আয় L দায়
M সম্পদ N ব্যয়

ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হিসাবের স্থায়ী ধাপ কোনটি?
K জাবেদা L সমীকরণ
M খতিয়ান N রেওয়ামিল

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদের মূল্যায়ন করা হয় ৪০,০০০ টাকা। কিন্তু ঐ তারিখে সমাপনী মজুদের বাজার মূল্য ছিল ৫০,০০০ টাকা।

২. সমাপনী মজুদ পণ্যের মূল্য বাবদ কত টাকা আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত হবে?
K ৪০,০০০ L ৯০,০০০
M ৫০,০০০ N ১০,০০০

৩. সমাপনী মজুদ মূল্যায়নে কোন নীতি অনুসরণ করা হয়েছে?
K ব্যয়নীতি L কালান্তিক ধারণা
M স্বত্ব ধারণা N রক্ষণশীলতার নীতি

৪. ব্যবসায় সংগঠনের নিটলাভ নির্দেশ করে–
K সম্পদ L বহির্দায়
M অভ্যন্তরীণ দায় N উৎপাদন

৫. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কী?
K নগদ প্রাপ্তি জানা L নগদ প্রদান জানা
M ব্যাংক উদ্বৃত্ত জানা N গরমিলের কারণ জানা

৬. হিসাববিজ্ঞান হলো–
i. একটি তথ্য ব্যবস্থা
ii. ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা
iii. আর্থিক অবস্থা পরিমাপ করা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৭. বাট্টা সাধারণত কত প্রকার হয়?
K ১ L ২ M ৩ N ৪

৮. FASB এর পূর্ণরূপ কী?
K Financial Accounting Standard Board
L Final Accounting Standard Board
M Fundamental Accounting Standard Board
N Financial Accounting Standard Bureau

৯. রেওয়ামিলের ডেবিট পাশে দেখানো হয়–
K সকল সম্পদ ও আয় L সকল সম্পদ ও ব্যয়
M সকল ব্যয় ও আয় N সকল সম্পদ ও দায়

১০. যদি কর্মচারীর বেতন পরিশোধ করা হয় তাহলে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়ে?
K সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়
L দায় ও মূলধন বৃদ্ধি পায়
M সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস পায়
N দায় ও মূলধন হ্রাস পায়

১১. নগদান বইয়ে লেখা হয়–
K সকল নগদ প্রদান L সকল নগদ প্রাপ্তি
M নগদ বিক্রয় N নগদ প্রাপ্তি ও প্রদান

১২. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সময় বিবেচনা করা হয়–
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির বিক্রয়মূল্য
iii. সম্পত্তির আনুমানিক আয়ুষ্কাল
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. আধুনিক পদ্ধতিতে হিসাবকে কয় ভাগে ভাগ করা হয়?
K ২ L ৪
M ৫ N ৩

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
একটি ব্যবসায় প্রতিষ্ঠানের প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা, আন্তঃপরিবহন ১,০০০ টাকা, বহিঃপরিবহন ৫০০ টাকা, ক্রয় ৫০,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা, ভাড়া ১,৫০০ টাকা।

১৪. মোট লাভের পরিমাণ কত?
K ৫০,০০০ টাকা L ৫৪,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৪৫,০০০ টাকা

১৫. পরোক্ষ ব্যয়ের পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ২,০০০ টাকা
M ২,৫০০ টাকা N ১০,০০০ টাকা

১৬. কোন পদ্ধতিতে প্রত্যেক আর্থিক বছরে অবচয়ের পরিমাণ সমান হয়?
K সরলরৈখিক পদ্ধতি
L ক্রমহ্রাসমান পদ্ধতি
M উৎপাদন একক পদ্ধতি
N বর্ষ সংখ্যার যোগফল পদ্ধতি

১৭. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
K সরকার L শেয়ারহোল্ডার
M পাওনাদার N আয়কর কর্তৃপক্ষ

১৮. যদি বকেয়া খরচের সমন্বয় দাখিলা দেয়া না হয় তাহলে হিসাবের ওপর কী প্রভাব পড়বে?
i. লাভ বেশি দেখানো হবে
ii. ব্যয় কম দেখানো হবে
iii. লাভ কম দেখানো হবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M i, ii ও iii N ii ও iii

১৯. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?
K ব্যাংক ঋণ L মূলধন
M পাওনাদার N ঋণপত্র

২০. A = L + OE সমীকরণটিতে OE কী নির্দেশ করে?
K সম্পদ L মালিকানাস্বত্ব
M দায় N মুনাফা

২১. নিচের কোনটি আর্থিক বিবরণীতে দেখানো হয় না?
K মূলধন সঞ্চিতি L বিশেষ সঞ্চিতি
M সাধারণ সঞ্চিতি N গোপন সঞ্চিতি

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
যন্ত্রপাতির ক্রয়মূল্য ২,০০,০০০ টাকা, যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা, আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা।

২২. সংস্থাপন ব্যয় কোন ধরনের ব্যয়?
K মুনাফাজাতীয় ব্যয় L মূলধনজাতীয় ব্যয়
M বিলম্বিত ব্যয় N নিমজ্জিত ব্যয়

২৩. ক্রমহ্রাসমান পদ্ধতিতে প্রথম দুই বছরের অবচয়ের পরিমাণ কত?
K ২০,০০০ ও ৩০,০০০ টাকা
L ১৫,০০০ ও ২৫,০০০ টাকা
M ২২,০০০ ও ১৯,৮০০ টাকা
N ২০,০০০ ও ১৮,০০০ টাকা
*[বি.দ্র. সঠিক উত্তর : **৪৪,০০০ ও ৩৫,২০০ টাকা**।]

২৪. যদি কমিশন প্রাপ্তি ১,০০০ টাকা ডেবিট করা হয়, তাহলে এটি কোন ধরনের ভুল?
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M বেদাখিলার ভুল N নীতিগত ভুল

২৫. সমাপনী দাখিলা কেন প্রয়োজন?
i. ব্যয় বন্ধ করার জন্য
ii. আয় বন্ধের জন্য
iii. মূলধন জাতীয় ব্যয় বন্ধের জন্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৬. বহুল ব্যবহৃত কার্যপত্র তৈরি করতে কয়টি কলামের প্রয়োজন?
K ১২ L ১০ M ৮ N ৬

২৭. b/d এর পূর্ণরূপ কোনটি?
K Bring down L Brought down
M Balance down N Brought discount

২৮. নিচের কোনটি স্পর্শনীয় স্থায়ী সম্পদ?
K বিলম্বিত বিজ্ঞাপন L সুনাম
M পেটেন্ট N দালানকোঠা

২৯. প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় + আন্তঃপরিবহন – সমাপনী মজুদ = ?
K বিক্রয় L বিক্রীত পণ্যের ব্যয়
M ক্রয়মূল্য N উৎপাদন ব্যয়

৩০. নগদান বই হলো–
i. জাবেদা
ii. খতিয়ান
iii. রেওয়ামিল
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. অবচয় নির্ধারণে কোনটি বিবেচ্য নয়?
K ক্রয়মূল্য L বাজারমূল্য
M ভগ্নাবশেষ মূল্য N অবচয়যোগ্য মূল্য

২. অবচয় হলো–
i. অনগদ লেনদেন
ii. অদৃশ্যমান লেনদেন
iii. স্থায়ী সম্পত্তির ব্যয় বণ্টন প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
পদ্মা লি.-এর যন্ত্রপাতির ক্রয়মূল্য ৪,০০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ৪০,০০০ টাকা এবং ১৫% ভ্যাট প্রদান করেন। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা।

৩. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
K ৪০,০০০ টাকা L ৪৪,০০০ টাকা
M ৪৮,০০০ টাকা N ৫০,০০০ টাকা

৪. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের ফলে আর্থিক বিবরণীতে প্রভাব পড়বে–
i. সম্পত্তির মূল্য হ্রাস পাবে
ii. মুনাফা বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. বিক্রয় দ্বারা বৃদ্ধি পায়–
i. মালিকানাস্বত্ব
ii. সম্পত্তি
iii. দায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬. কোনটি বিপরীত সম্পদ?
K সুনাম L পুঞ্জীভূত অবচয়
M প্রাথমিক খরচাবলি N বিনিয়োগ

৭. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৬৯,০০০ টাকা হলে ভ্যাটের পরিমাণ কত?
K ৬,৯০০ টাকা L ৯,০০০ টাকা
M ১০,৩৫০ টাকা N ৬০,০০০ টাকা

৮. ডেবিট নোট কে তৈরি করে?
K ক্রেতা L বিক্রেতা
M ব্যাংক N বিনিয়োগকারী

৯. ধারে ক্রয়ের ফলে কালান্তিক মজুদ পদ্ধতিতে হিসাব সমীকরণের (A = L + OE) কোন উপাদানের পরিবর্তন হবে?
K A ও OE L A ও L
M L ও OE N A, L ও OE

১০. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?
K ক্রয় জাবেদা L প্রারম্ভিক জাবেদা
M বিক্রয় জাবেদা N নগদ প্রাপ্তি জাবেদা

১১. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হলো–
i. মুনাফা নির্ধারণ
ii. ব্যয় নিয়ন্ত্রণ
iii. আর্থিক অবস্থা নির্ণয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. হিসাবচক্রের দ্বিতীয় ধাপ কোনটি?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N লেনদেন শনাক্তকরণ

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
২০২২ সালের ১ জানুয়ারি তারিখে মি. রহিম ২৫,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করে, শর্ত ২/১০, n/৩০।

১৩. ১০ জানুয়ারি তারিখে পাওনাদারকে পরিশোধ করলে বাট্টার পরিমাণ কত হবে?
K ২৫০ টাকা L ৫০০ টাকা
M ১,২৫০ টাকা N ২,৫০০ টাকা

১৪. ১২ জানুয়ারি তারিখে পাওনাদারকে পরিশোধ করলে নিট কত টাকা পরিশোধ করতে হবে?
K ২২,৫০০ টাকা L ২৪,৫০০ টাকা
M ২৪,৭৫০ টাকা N ২৫,০০০ টাকা

১৫. সাধারণত ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে–
i. আয়
ii. ব্যয়
iii. সম্পদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
বিক্রীত পণ্যের ব্যয় ৬,০০,০০০ টাকা
পরিচালন ব্যয় ৫৫,০০০ টাকা
মূলধনের সুদ ২০,০০০ টাকা
বিক্রয়ের উপর মুনাফার হার ২০%

১৬. বিক্রয়মূল্য কত?
K ২,৫০,০০০ টাকা L ৭,০০,০০০ টাকা
M ৭,২০,০০০ টাকা N ৭,৫০,০০০ টাকা

১৭. নিট মুনাফার পরিমাণ কত?
K ৭৫,০০০ টাকা L ১,০৫,০০০ টাকা
M ১,২০,০০০ টাকা N ৫,২৫,০০০ টাকা

১৮. ৮ ঘরা কার্যপত্রে নিচের কোন শিরোনাম প্রয়োজন নাই?
K সমন্বয় জাবেদা L সমন্বিত রেওয়ামিল
M আয় বিবরণী N উদ্বর্তপত্র

১৯. কার্যপত্র–
i. হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ
ii. ৮/১০/১২ ঘর বিশিষ্ট হতে পারে
iii. বছরের শুরুতে প্রস্তুত করা হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. খতিয়ানের সমাপনী উদ্বৃত্তের তালিকাকে কী বলে?
K কার্যপত্র L রেওয়ামিল
M সমন্বিত রেওয়ামিল
N সমাপনীত্তোর রেওয়ামিল

২১. কোনটি মুনাফাজাতীয় আয়?
K অতিরিক্ত মূলধন L সম্পদ বিক্রয়
M ঋণ গ্রহণ N বিনিয়োগের সুদ

২২. কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে দেখানো হয়?
K অনুপার্জিত আয় L শিক্ষানবিশ ভাতা
M পেনশন ফান্ড N বিনিয়োগ সঞ্চিতি

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
২০২২ সালের ১ মে তারিখে মি. ফাহিম নগদ ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা এবং ১০% ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :
মে ৫, নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা
১০, পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা
৩০, বেতন প্রদান ১০,০০০ টাকা

২৩. মি. ফাহিমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?
K ১,০০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ১,৭৫,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

২৪. মি. ফাহিমের সমাপনী মূলধনের পরিমাণ কত টাকা?
K ১,২০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ১,৬০,০০০ টাকা N ২,৪০,০০০ টাকা

২৫. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করেন কে?
K ব্যাংক কর্তৃপক্ষ L বিনিয়োগকারী
M আমানতকারী N ঋণগ্রহণকারী

২৬. নগদান বই ও ব্যাংক বিবরণীর ব্যালেন্সের গরমিলের কারণ–
i. ব্যাংক কর্তৃক সরাসরি আদায়
ii. ব্যাংক কর্তৃক সরাসরি পরিশোধ
iii. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
যমুনা ট্রেডার্সের পাস বহি অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ ৬০,৮০০ টাকা।
(i) চেক ইস্যু করা হয়েছে কিন্তু উপস্থাপন হয়নি ১৪,৮০০ টাকা (ii) ব্যাংক লভ্যাংশ আদায় করেছে ১৩,২০০ টাকা যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি (iii) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪,০০০ টাকা।

২৭. যমুনা ট্রেডার্সের নগদান বহি অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত হবে?
K ২৮,৮০০ টাকা L ৩২,৮০০ টাকা
M ৩৬,৮০০ টাকা N ৫৫,২০০ টাকা

২৮. যমুনা ট্রেডার্সের নগদান বহি অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা হলে পাস বহি অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত কত?
K ৫৯,২০০ টাকা L ৬০,৮০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৭৪,০০০ টাকা

২৯. অনিশ্চিত হিসাব কোন ধরনের হিসাব?
K স্থায়ী L সাময়িক M মূলধন N মুনাফা

৩০. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়–
i. প্রারম্ভিক মনিহারি
ii. প্রারম্ভিক মজুদ পণ্য
iii. প্রারম্ভিক ব্যাংক জমা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণের সময় ব্যাংক হিসাবের জের হতে নিম্নের কোনটি বিয়োগ করতে হবে?
K বকেয়া চেকসমূহ
L ব্যাংক সার্ভিস চার্জ
M ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায়
N দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা

২. অগ্রিম প্রাপ্ত আয় কারবারের জন্য–
K আয় L দায় M সম্পদ N ব্যয়

৩. নিম্নের কোনটি আলগা পাতায় প্রস্তুত করা হয়?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N কার্যপত্র

৪. জনাব জামান তাঁর প্রতিষ্ঠানে অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করেন। নির্ধারিত অগ্রদত্ত টাকার পরিমাণ ৬,৫০০ টাকা। ২০২১ সালের জুন মাসে মোট খুচরা খরচের পরিমাণ ৪,২০০ টাকা, জুলাই, ২০২১ মাসের শুরুতে পেটি ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে খুচরা খরচের জন্য কত টাকার চেক পাবে?
K ২,৩০০ টাকা L ৪,২০০ টাকা
M ৬,৫০০ টাকা N ১০,৭০০ টাকা

৫. রহমান ব্রাদার্সের নিকট ২/১০, নিট/৩০ শর্তে ৪০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো, এতে–
i. ১০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ৮০০ টাকা বাট্টা পাওয়া যাবে
ii. ২ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ৪,০০০ টাকা বাট্টা পাওয়া যাবে
iii. ৩০ দিনের মধ্যে অবশ্যই মূল্য পরিশোধ করতে হবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :
মুনতাসির কোম্পানি ১ জানুয়ারি ২০২০ তারিখে একটি মেশিন ক্রয় করল। মেশিনটির ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা; আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা।

৬. ক্রমহ্রাসান জের পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত হবে?
K ১০% L ২০% M ৩০% N ৪০%

৭. ক্রমহ্রাসান জের পদ্ধতিতে ২য় বছরের অবচয় কত টাকা?
K ১০,০০০ L ১৬,০০০
M ১৯,০০০ N ২০,০০০

৮. ইতালির কোন শহরে সর্বপ্রথম দু'তরফা দাখিলা পদ্ধতির প্রচলন হয়?
K ভ্যাটিক্যানসিটি L রোম
M ভেনিস N ফ্লোরেন্স

৯. হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য কী?
K হিসাব তথ্য সরবরাহ করা
L লেনদেনের সুষ্ঠু লিপিবদ্ধকরণ
M খরচসমূহ লিপিবদ্ধ করা
N লেনদেনের ডেবিট ও ক্রেডিট বর্ণনা করা

১০. পুঞ্জীভূত অবচয় হিসাব একটি–
K সম্পদ হিসাব L দায় হিসাব
M বিপরীত দায় হিসাব N বিপরীত সম্পদ হিসাব

উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :
সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১,৫০,০০০ টাকা এবং বাজারমূল্য ১,৭০,০০০ টাকা। উক্ত মজুদ পণ্যের ৬,০০০ টাকা মূল্যের পণ্য আগুনে বিনষ্ট হয়েছে; যা বিমা করা ছিল। বিমা কোম্পানি ৫০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। সমাপনী মজুদ পণ্যের মধ্যে ৪,০০০ টাকার অব্যবহৃত মনিহারি দ্রব্যাদি অন্তর্ভুক্ত ছিল।

১১. আর্থিক অবস্থার বিবরণীতে সমাপনী মজুদ বাবদ কত টাকা দেখাতে হবে?
K ১,৪০,০০০ L ১,৪৪,০০০
M ১,৪৬,০০০ N ১,৬০,০০০

১২. চলতি বছরে আগুনে বিনষ্ট ব্যয় বাবদ আয় বিবরণীতে কত টাকা দেখাতে হবে?
K ৬,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ২,০০০ টাকা

১৩. লেনদেনের কাঠামোগত পরিবর্তন হবে–
i. পণ্যদ্রব্য ক্রয় করা হলে
ii. জমি ক্রয় করা হলে
iii. বহির্মূল্যে যন্ত্রপাতি বিক্রয় করা হলে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. জনাব কাসেম ৫০,০০০ টাকার পণ্য বিক্রি করেন। বিক্রয়ের উপর ১৫% হারে ভ্যাট ধার্য করা হলে প্রাপ্য হিসাবের পরিমাণ কত?
K ৭,৫০০ টাকা L ৪২,৫০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৫৭,৫০০ টাকা

১৫. আসবাবপত্র ক্রয়, ক্রয় হিসাবে ডেবিট করা হয় এটা কোন ধরনের ভুল?
K নীতিগত ভুল L লেখার ভুল
M পরিপূরক ভুল N বাদপড়ার ভুল

১৬. স্থায়ী সম্পত্তি ৬০,০০০ টাকা, মোট দায় ৫০,০০০ টাকা, মালিকানাস্বত্ব ৯০,০০০ টাকা হলে, চলতি সম্পত্তির পরিমাণ কত?
K ২০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

১৭. A কোম্পানি B কোম্পানি থেকে ১৫,০০০ টাকার যন্ত্রপাতি নগদে ক্রয় করেছে। A কোম্পানির হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?
K সম্পদ এবং দায় বৃদ্ধি
L সম্পদ এবং দায় হ্রাস
M সম্পদ বৃদ্ধি এবং সম্পদ হ্রাস
N দায় বৃদ্ধি এবং দায় হ্রাস

১৮. ব্যাংক তার গ্রাহককে সেবা প্রদানের জন্য ৬০০ টাকা ব্যাংক চার্জ ধার্য করেছে; যা গ্রাহক এখনও জানে না। ব্যাংক মিলকরণ বিবরণীতে এ সেবা সম্পর্কীয় হিসাব কীভাবে দেখাবে?
K ব্যাংক ব্যালেন্স থেকে ৬০০ টাকা বিয়োগ
L নগদ ব্যালেন্সের সাথে ১,২০০ টাকা যোগ
M ব্যাংক ব্যালেন্সের সাথে ৬০০ টাকা যোগ
N নগদ ব্যালেন্স থেকে ৬০০ টাকা বিয়োগ

১৯. প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয়– সমাপনী মজুদ পণ্য=?
K ক্রয় L সমন্বিত ক্রয়
M বিক্রয় N প্রদেয় হিসাব

২০. সম্পত্তি দীর্ঘদিন ব্যবহারের ফলে মূল্য হ্রাসকে বলে–
K অপচয় L মুনাফা
M অবচয় N খরচ

২১. কোনটি মুনাফাজাতীয় খরচ?
K মেশিন ক্রয়ের জন্য ব্যয়
L মেশিনের সংস্থাপন মজুরি
M মেশিনের জাহাজ ভাড়া
N মেশিনের বার্ষিক বিমা খরচ

২২. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
K আমানতকারী L নিরীক্ষক
M প্রাপ্য হিসাব N ব্যাংক হিসাব

২৩. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় ধার্যে যে বিষয়টি বিবেচনা করা হয় না তা হলো–
K সম্পত্তির ক্রয়মূল্য
L সম্পত্তির আনুমানিক নিঃশেষিত মূল্য
M সম্পত্তির আনুমানিক কার্যকাল
N সম্পত্তির উপর জমাকৃত অবচয়ের জের

২৪. ট্রেডমার্ক কোন ধরনের সম্পত্তি?
K স্থায়ী সম্পদ L চলতি সম্পদ
M অস্পর্শনীয় সম্পদ N অলীক সম্পদ

২৫. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী–
K ব্যবস্থাপনা কর্তৃপক্ষ L সরকার
M বিনিয়োগকারী N কর কর্তৃপক্ষ

২৬. একটি হিসাবের জের ৯০ টাকা, যা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্যান্য সবকিছু সঠিক হলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে?
K ৪৫ টাকা L ৯০ টাকা
M ১৩৫ টাকা N ১৮০ টাকা

২৭. কন্ট্রা বা বিপরীত দাখিলা হবে–
i. দেনাদার কর্তৃক ব্যাংকে জমাদান
ii. নগদ টাকা ব্যাংকে জমাদান
iii. কারবারের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. কার্যপত্র তৈরি করা হয় সাধারণত–
K খতিয়ান তৈরির পর
L রেওয়ামিল তৈরির পূর্বে
M আর্থিক বিবরণী তৈরির পূর্বে
N আর্থিক বিবরণী তৈরির পর

উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
বিজ্ঞাপন খরচ ৫০,০০০ টাকা এবং বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা যা ৫ বছরে অবলোপন করতে হবে।

২৯. চলতি বছরের বিজ্ঞাপন খরচ কত টাকা?
K ৬০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১০,০০০ টাকা

৩০. বিলম্বিত বিজ্ঞাপনের সমন্বয় দাখিলা কোনটি?
K বিজ্ঞাপন হিসাব ১০,০০০
বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ১০,০০০
L বিজ্ঞাপন হিসাব ১২,০০০
বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ১২,০০০
M বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ৪০,০০০
বিজ্ঞাপন হিসাব ৪০,০০০
N বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ৪৮,০০০
বিজ্ঞাপন হিসাব ৪৮,০০০

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. বাংলাদেশে মূসকের প্রচলন হয় কোন তারিখে?
K ১ জুলাই, ১৯৯০ L ১ জুলাই, ১৯৯১
M ১ জুলাই, ১৯৯২ N ১ জুলাই, ১৯৯৩

২. IAS-এর পূর্ণরূপ কোনটি?
K International Accounting Standard
L International Accounting Standards
M Internationally Accounting Standard
N Internationally Accounting Standards

৩. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হয়–
i. নগদে বিক্রয়
ii. সুদ প্রাপ্তি
iii. ঋণ গ্রহণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইশরাক ১ জুলাই, ২০২১ সালে নগদ ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

পণ্য ক্রয়	৬০,০০০ টাকা
ভাড়া প্রদান	৫,০০০ টাকা
ধারে পণ্য বিক্রয়	৮০,০০০ টাকা
আয়কর পরিশোধ	২৫,০০০ টাকা

৪. জনাব ইশরাকের স্বত্বাধিকারের পরিমাণ কত?
K ২,০০,০০০ টাকা L ২,২০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ২,৭০,০০০ টাকা

৫. ধারে পণ্য বিক্রয়ের জন্য হিসাব সমীকরণ A = L + OE এর কোন উপাদানের পরিবর্তন ঘটবে?
K A ও L L A ও OE
M L ও OE N A, L ও OE

৬. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
K ব্যাংক L আমানতকারী
M প্রাপ্য হিসাব N ব্যাংক ও আমানতকারী

৭. একটি সম্পদের আয়ুষ্কাল ৮ বছর হলে উক্ত সম্পদের সরলরৈখিক পদ্ধতিতে আয়ের হার কত?
K ১০% L ১২% M ১২.৫% N ২৫%

৮. আর্থিক বিবরণী প্রস্তুতের Road Map কোনটিকে বলা হয়?
K খতিয়ান L রেওয়ামিল
M কার্যপত্র N আর্থিক বিবরণী

৯. রেওয়ামিলে বিমা প্রিমিয়াম ২,৪০০ টাকা এবং সমন্বয়ে বলা ছিল প্রত্যেক বছর ৩১ মার্চ তারিখে বাৎসরিক ভিত্তিতে প্রদান করা হয়। আয় বিবরণীতে বিমার প্রিমিয়াম কত হবে?
K ১,৬০০ টাকা L ১,৮০০ টাকা
M ২,৪০০ টাকা N ৩,০০০ টাকা

১০. সমাপনী জাবেদার পর কোন হিসাবের জের শূন্য হবে?
K বকেয়া বেতন L অগ্রিম ভাড়া
M সেবা আয় N পুঞ্জীভূত অবচয়

১১. আর্থিক বিবরণী তথ্য সরবরাহ করে–
i. আর্থিক ফলাফলের
ii. আর্থিক অবস্থার
iii. নগদ প্রবাহের
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. আসবাবপত্রের ক্রয়মূল্য ৩,৫০০ টাকা এবং অবচয়ের হার ১০% (সরলরৈখিক পদ্ধতি) পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ ২,১০০ টাকা হলে আসবাবপত্রটি কত বছর পূর্বে ক্রয় করা হয়েছিল?
K ২ বছর L ৪ বছর
M ৫ বছর N ৬ বছর

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
পায়রা ট্রেডার্স ৩১ ডিসেম্বর ২০২১ সালের আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ৫,০০,০০০ টাকা, ১২% ঋণ ১,০০,০০০ টাকা, ঋণের বকেয়া সুদ ১২,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, অগ্রিম প্রাপ্ত ভাড়া ৪,০০০ টাকা এবং স্থায়ী সম্পদ ৩,০০,০০০ টাকা উল্লেখ আছে।

১৩. বছর শেষে চলতি দায়ের পরিমাণ কত?
K ৫২,০০০ টাকা L ৫৬,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ১,৫৬,০০০ টাকা

১৪. প্রতিষ্ঠানটির মোট সম্পদের পরিমাণ কত হবে?
K ৫,০০,০০০ টাকা L ৬,০০,০০০ টাকা
M ৬,৫৬,০০০ টাকা N ১,৫৬,০০০ টাকা

১৫. আর্থিক বিবরণীকে সর্বজন গ্রাহ্য করার জন্য গৃহীত মান কোনটি?
K GAAP L GAAS M GAAT N IASC

১৬. হিসাববিজ্ঞানের প্রবেশ দ্বার কোনটি?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N নগদান বই

১৭. মৌলিক হিসাব সমীকরণ হিসাববিজ্ঞানের কোন ধারণার উপর প্রতিষ্ঠিত?
K সত্তা ধারণা L মিলকরণ ধারণা
M হিসাবকাল ধারণা N চলমান ধারণা

১৮. অবচয়যোগ্য মূল্যকে আয়ুষ্কাল দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়?
K অবচয় L ক্ষতি M অপচয় N লাভ

১৯. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী কারা–
i. পাওনাদার
ii. ব্যবস্থাপক
iii. সরকার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. 'দুটি পক্ষ ব্যতীত দেনদেন হয় না"– লেনদেনের এ বৈশিষ্ট্যকে কী বলে?
K দাতা-গ্রহীতা L স্বয়ংসম্পূর্ণতা
M পরিপূর্ণতা N দ্বৈতসত্তা

২১. মি. আবিদের সমাপনী মূলধন ৩০,০০০ টাকা যা প্রারম্ভিক মূলধনের চেয়ে ২০% কম। মূলধনের সুদ ৫% হলে সুদের পরিমাণ কত?
K ১,২০০ টাকা L ১,৫০০ টাকা
M ১,৮০০ টাকা N ১,৮৭৫ টাকা

২২. নিচের কোনটি অলীক সম্পত্তি?
K প্রাথমিক খরচাবলি L পেটেন্ট
M সুনাম N গ্রন্থস্বত্ব

২৩. ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের মধ্যে গরমিলের কারণ–
i. ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত না হলে
ii. ব্যাংকে জমাকৃত চেক আদায় হলে
iii. তৃতীয় পক্ষের চেক সরাসরি ব্যাংকে জমা হলে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. ব্যাংক কলামের ক্রেডিট জের কী নির্দেশ করে?
K ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
L ব্যাংক জমা বাদ পড়া
M ব্যাংক জমা
N ব্যাংক কলামের ডেবিট উদ্বৃত্ত

২৫. মুনাফাজাতীয় হিসাব বন্ধ করার জন্য যে দাখিলার প্রয়োজন হয় –
K সংশোধনী জাবেদা L সমন্বয় জাবেদা
M সমাপনী জাবেদা N প্রারম্ভিক জাবেদা

২৬. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?
K ধারে ক্রয় থাকলে L ধারে বিক্রয় থাকলে
M প্রারম্ভিক মজুদ না থাকলে
N সমন্বিত ক্রয় থাকলে

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাকিব একজন ব্যবসায়ী। তিনি ৫% কারবারি বাট্টার ১০,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করেন। পরবর্তীতে উক্ত পণ্যের মূল্য ১০% নগদ বাট্টায় পরিশোধ করা হয়।

২৭. ক্রয় হিসাবে কত টাকা লেখা হবে?
K ৮,৫০০ টাকা L ৯,০০০ টাকা
M ৯,৫০০ টাকা N ১০,০০০ টাকা

২৮. মি. রাকিব নগদ কত টাকা পরিশোধ করেন?
K ৯,৫০০ টাকা L ৯,২৫০ টাকা
M ৯,০০০ টাকা N ৮,৫৫০ টাকা

২৯. রেওয়ামিলের অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে–
i. আর্থিক অবস্থা নির্ণয় করা
ii. চূড়ান্ত হিসাব প্রণয়নে সহায়তা করা
iii. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. উদ্বর্তপত্র মিলে যায় কেন?
K দুতরফা দাখিলা পদ্ধতির কারণে
L রেওয়ামিলের যোগফল সমান হওয়ার কারণে
M হিসাব চক্রের ধাপ অনুসরণ করার কারণে
N সকল লেনদেন হিসাবভুক্ত হওয়ার কারণে

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. সম্পত্তি, দায় ও মূলধনের মধ্যে সম্পর্ক প্রকাশ করে–
K ডেবিট এবং ক্রেডিট L দ্বৈতসত্তা
M উদ্বৃত্তপত্র N হিসাব সমীকরণ

২. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কী?
K চালান L ক্যাশমেমো
M লেনদেন N ভাউচার

৩. সাপ্লাইজ কোন শ্রেণির হিসাব?
K দায় L মালিকানাস্বত্ব
M সম্পদ N ব্যয়

৪. আকিবের নিকট নগদে মাল বিক্রয় ২৫,০০০ টাকা। এ লেনদেনটির জন্য ব্যবহৃত প্রামাণ্য দলিল–
i. ক্যাশমেমো
ii. ক্রেডিট নোট
iii. ক্রেডিট ভাউচার
নিচের কোনটি সঠিক?
K i ও iii L i ও ii M ii ও iii N i, ii ও iii

৫. মালিকানাস্বত্ব হ্রাসের কারণ হচ্ছে–
K উত্তোলন ও নগদ কমে যাওয়া
L উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া
M খরচ ও দায় কমে যাওয়া
N খরচ ও দায় বেড়ে যাওয়া

৬. ক্রয় জাবেদায় কোন ধরনের লেনদেন লেখা হয়?
K সম্পদ ক্রয় L চেকে ক্রয়
M নগদে ক্রয় N ধারে ক্রয়

৭. কোন সম্পর্কটি সঠিক?
K ক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব
L ক্রয় বাট্টা ও প্রাপ্য হিসাব
M ক্রয় বাট্টা ও বিক্রয় বাট্টা
N বিক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব

৮. প্রাপ্য হিসাব প্রভাবিত হবে এমন লেনদেন–
i. ধারে বিক্রয়
ii. বিক্রয় ফেরত
iii. প্রাপ্য হিসাব আদায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৯. মাসের শুরুতে পেটি ক্যাশিয়ারের হাতে নগদ ছিল ২০০ টাকা। এ মাসে পেয়েছেন ৮০০ টাকা। তার অগ্রদত্ত টাকার পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ৮০০ টাকা
M ৬০০ টাকা N ২০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব অরন্য একজন ব্যবসায়ী। তিনি জনাব সুমনের নিকট ৪০,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় বিক্রয় করে নগদ ১০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার একটি চেক পেলেন। পরবর্তীতে তিনি জনাব সুমনকে ২০০ টাকা বাট্টা প্রদান করে অবশিষ্ট অর্থ নগদে গ্রহণ করেন।

১০. ধারে বিক্রয়ের পরিমাণ কত?
K ৮,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ২৮,০০০ টাকা N ৩০,০০০ টাকা

১১. বাট্টা প্রদানের ফলে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে–
i. ব্যয় বৃদ্ধি ১,২০০ টাকা; সম্পদ হ্রাস ২০০ টাকা
ii. সম্পদ হ্রাস ২০০ টাকা; ব্যয় বৃদ্ধি ২০০ টাকা
iii. নগদ বৃদ্ধি ৭,৮০০ টাকা; মালিকানাস্বত্ব হ্রাস ২০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও iii L i ও ii M ii ও iii N i, ii ও iii

১২. পর্যাপ্ত ফান্ডের অভাবে অমর্যাদাকৃত চেককে কী বলে?
K বাহক চেক L একাউন্ট পেয়ি চেক
M দাগকাটা চেক N এন এস এফ চেক

১৩. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ–
i. পাস বইতে ক্রেডিট করা হয়
ii. পাস বইতে ডেবিট করা হয়
iii. নগদান বইতে ডেবিট করা হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. আসিফ ট্রেডার্সের ব্যাংক বিবরণী অনুযায়ী ডেবিট ব্যালেন্স ১০,০০০ টাকা। ব্যাংক বিবরণীর এ ডেবিট ব্যালেন্স আসিফ ট্রেডার্সের জন্য কী?
K আয় L ব্যয় M সম্পত্তি N দায়

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রোহানের হিসাব বই অনুযায়ী ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ছিল ২৮,০০০ টাকা। অনুসন্ধানে দেখা যায়, ২,৭৫০ টাকার একটি চেক ইস্যু করা হয়েছিল কিন্তু ব্যাংকে উপস্থাপন করা হয়নি। ৭৫০ টাকা লভ্যাংশ ব্যাংক কর্তৃক আদায় হয়েছে কিন্তু নগদানভুক্ত হয়নি।

১৫. নগদান বই ও ব্যাংক বিবরণীর মধ্যে গরমিলের পরিমাণ কত?
K ৭৫০ টাকা L ২,০০০ টাকা
M ২,৭৫০ টাকা N ৩,৫০০ টাকা

১৬. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত?
K ২৪,৫০০ টাকা L ২৫,২৫০ টাকা
M ২৬,০০০ টাকা N ২৮,৭৫০ টাকা
*[বি.দ্র. : সঠিক উত্তর : ৩১,৫০০ টাকা।]

১৭. নিচের কোন হিসাব রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?
K প্রারম্ভিক মজুদ, সমন্বিত ক্রয় ও শিক্ষানবিশ সেলামি
L মোট মুনাফা, সমাপনী মজুদ পণ্য ও অগ্রিম বিমা
M প্রারম্ভিক, মনিহারি মজুদ, অব্যবহৃত মনিহারি ও প্রদেয় মজুরি
N প্রারম্ভিক মজুদ, বিক্রীত পণ্যের ব্যয় ও উত্তোলন

১৮. দুতরফা দাখিলা পদ্ধতির উদ্ভব কোন দেশে?
K ইটালি L গ্রিস M ইংল্যান্ড N ফ্রান্স

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাহাত একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ৩,০০,০০০ টাকার আসবাবপত্র ১০% বাট্টায় 'স্টার ফার্নিচার' এর নিকট হতে ক্রয় করে ভুলবশত আসবাবপত্র হিসাব ডেবিট করেন। তিনি ৩,০০০ টাকা মূল্যের একটি টেবিল ব্যবসায় ব্যবহারের জন্য গ্রহণ করেন এবং ক্রয়কৃত পণ্যের অর্ধাংশ ১,৫০,০০০ টাকায় বিক্রয় করেন যার পরিবহন ব্যয় ৬০০ টাকা নির্বাহ করা হয়।

১৯. জনাব রাহাতের হিসাব সংরক্ষণে কোন ধরনের ভুল সংঘটিত হয়েছে?
K করণিক ভুল L নীতিগত ভুল
M পরিপূরক ভুল N বাদ পড়ার ভুল

২০. লেনদেনের জন্য প্রতিষ্ঠানের নিট মুনাফা কত হবে?
K ১১,৪০০ টাকা L ১২,০০০ টাকা
M ১৪,৪০০ টাকা N ১৫,০০০ টাকা

২১. কোনটি হিসাব সংরক্ষণের কোনো স্থায়ী রেকর্ড নয়?
K নগদান বই L খতিয়ান
M আর্থিক বিবরণী N কার্যপত্র

২২. সমাপনী দাখিলা দ্বারা–
i. নামিক হিসাব বন্ধ করা হয়
ii. উত্তোলনকে মূলধনে সমন্বয় করা হয়
iii. চলতি সম্পদ হিসাব বন্ধ করা হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৩. বকেয়া খরচ সমন্বয় করা না হলে–
K মুনাফা বেশি ও খরচ কম দেখানো হবে
L খরচ কম ও মুনাফা কম দেখানো হবে
M মুনাফা কম ও খরচ বেশি দেখানো হবে
N খরচ বেশি ও মুনাফা বেশি দেখানো হবে

২৪. নিচের কোন হিসাবটি চলতি সম্পদ?
K পুঞ্জীভূত অবচয় L নগদান হিসাব
M ১০% বিনিয়োগ N কলকব্জা

২৫. নিচের কোনটি প্লান্ট সম্পত্তি?
K মজুদ পণ্য L সরঞ্জাম
M প্রাপ্য হিসাব N অগ্রিম ভাড়া

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
পদ্মা কোম্পানির ক্রয়কৃত যন্ত্রপাতির অবচয়যোগ্য মূল্য ১,৮০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। অবচয়ের হার ১০%। ১ম বছরের বার্ষিক অবচয় ২০,০০০ টাকা।

২৬. পদ্মা কোম্পানির ক্রয়কৃত যন্ত্রপাতির ক্রয়মূল্য কত?
K ১,৬০,০০০ টাকা L ১,৮০,০০০ টাকা
M ২,০০,০০০ টাকা N ২,২০,০০০ টাকা

২৭. পদ্মা কোম্পানি কোন পদ্ধতিতে অবচয় ধার্য করে?
K সরলরৈখিক পদ্ধতি
L ক্রমহ্রাসমান পদ্ধতি
M উৎপাদন একক পদ্ধতি
N বর্ষসংখ্যার সমষ্টি পদ্ধতি

২৮. আয় বিবরণীতে নিচের কোনটি দেখানো হয়?
K অগ্রিম খরচ L প্রদত্ত খরচ
M প্রদেয় খরচ N প্রাপ্য আয়

২৯. মাহিম ট্রেডার্সের ৩১ ডিসেম্বর তারিখে ঋণের পরিমাণ ৭০,০০০ টাকা; যার ২০,০০০ টাকা পরবর্তী বছরে পরিশোধ করতে হবে। মাহিম ট্রেডার্সের দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ কত?
K ২০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

৩০. ২০,০০০ টাকা বিজ্ঞাপন খরচের $\frac{৩}{৫}$ অংশ অবলোপন করা হলে বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় কত হবে?
K ৪,০০০ টাকা L ৮,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৬,০০০ টাকা

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. প্রাপ্ত ভাড়া ৫,০০০ টাকা ভাড়া হিসাবে ডেবিট করা হলে এটি কোন ধরনের ভুল?
K লেখার ভুল L নীতিগত ভুল
M বাদ পড়ার ভুল N বেদাখিলার ভুল

২. দায় পদ্ধতিতে অগ্রিম আয় সমন্বয় করার ফল কী হবে?
K সম্পদ বৃদ্ধি ও ব্যয় হ্রাস
L সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি
M দায় হ্রাস ও আয় বৃদ্ধি
N দায় বৃদ্ধি ও আয় হ্রাস

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রতিষ্ঠানের অফিস সরঞ্জামের অবচয়ের হার ১০%, অফিস সরঞ্জামের পুস্তক মূল্য ৫০,০০০ টাকা এবং অফিস সরঞ্জামের পুঞ্জীভূত অবচয়ের উদ্বৃত্ত ১০,০০০ টাকা।

৩. অফিস সরঞ্জামের ক্রয়মূল্যের পরিমাণ কত টাকা?
K ৪০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৬৬,০০০ টাকা

৪. যদি অফিস সরঞ্জামটি ৪০,০০০ টাকায় বিক্রয় করা হয় তবে কত টাকা লাভ বা ক্ষতি হবে?
K ১০,০০০ টাকা লাভ হবে
L ১০,০০০ টাকা ক্ষতি হবে
M ২০,০০০ টাকা লাভ হবে
N ২০,০০০ টাকা ক্ষতি হবে

৫. প্রাপ্য বিনিয়োগের সুদ কোন জাতীয় হিসাব?
K সম্পদ হিসাব L দায় হিসাব
M আয় হিসাব N ব্যয় হিসাব

৬. ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত দ্বারা বোঝায়–
K ব্যাংক উদ্বৃত্ত L ব্যাংক জমাতিরিক্ত
M নগদ উদ্বৃত্ত N নগদ উত্তোলন

৭. সদ্য ক্রয়কৃত মেশিনের সংস্থাপন ব্যয় কোন ধরনের ব্যয়?
K মুনাফাজাতীয়
L বিলম্বিত মুনাফাজাতীয়
M মূলধনজাতীয়
N মূলধন ও মুনাফাজাতীয়

৮. অতি দ্রুত নগদে রূপান্তরযোগ্য সম্পদকে কী বলে?
K তরল সম্পদ L অলীক সম্পদ
M স্পর্শনীয় সম্পদ N অস্পর্শনীয় সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
চিত্রা ট্রেডার্সের আর্থিক বছরের বিক্রয়মূল্য ২,০০,০০০ টাকা। সমাপনী মজুদ মূল্য ৩০,০০০ টাকা। প্রতিষ্ঠানের বিক্রীত পণ্যের ব্যয় ১,৪০,০০০ টাকা এবং পরিচালনা ব্যয় বিক্রীত পণ্য ব্যয়ের ৫০%।

৯. চিত্রা ট্রেডার্সের মোট লাভের পরিমাণ কত হবে?
K ৩০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

১০. প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণীর ফলাফলের প্রভাবে–
i. ১০,০০০ টাকার মূলধন হ্রাস পাবে
ii. উত্তোলন ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
iii. ব্যবসায়ের অন্তঃদায় ১০,০০০ টাকা হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. বিক্রয়মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত ভ্যাট কোন ধরনের হিসাব?
K আয় L ব্যয় M দায় N সম্পদ

১২. সুনামের অবলোপন কোন ধরনের লেনদেন?
K আন্তঃলেনদেন L বহিঃলেনদেন
M নগদ লেনদেন N দৃশ্যমান লেনদেন

১৩. নিচের কোনটি অনগদ লেনদেন?
K প্রাপ্ত কমিশন L প্রাপ্ত সুদ
M প্রাপ্ত ভাড়া N নগদ বাট্টা

১৪. কোন ধারণার ভিত্তিতে হিসাবচক্রের পুনরাবৃত্তি ঘটে?
K হিসাবকাল ধারণা
L ঐতিহাসিক মূল্যধারণা
M সামঞ্জস্যতা ধারণা
N চলমান ব্যবসায় ধারণা

১৫. খতিয়ানের উদ্বৃত্ত দ্বারা রেওয়ামিল প্রস্তুতের কাজকে কী বলে?
K চিহ্নিতকরণ L শ্রেণিবদ্ধকরণ
M স্থানান্তরকরণ N সংক্ষিপ্তকরণ

১৬. আমানতকারীকে বিভিন্ন সেবা প্রদানের জন্য ব্যাংক কর্তন করে–
i. কমিশন
ii. ব্যাংক চার্জ
iii. মঞ্জুরিকৃত সুদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
যদি ১ জানুয়ারি তারিখে ব্যাংক উদ্বৃত্ত ৩০,০০০ টাকা হয়, ১০ জানুয়ারি ১০,০০০ টাকার চেক পেয়ে ব্যাংকে জমা দেয়া হয় পক্ষান্তরে ১৫ জানুয়ারি তারিখে উক্ত চেকটি ব্যাংক হতে প্রত্যাখ্যাত হয়।

১৭. ১৫ জানুয়ারি তারিখে প্রতিষ্ঠানের ব্যাংক উদ্বৃত্ত ছিল কত টাকা?
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

১৮. চেকটি প্রত্যাখ্যানের কারণে–
i. প্রাপ্য হিসাব ডেবিট হবে
ii. প্রদেয় হিসাব ক্রেডিট হবে
iii. ব্যাংক হিসাব ক্রেডিট হবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. ১৫% ভ্যাটসহ মনিহারি ক্রয় ২,৩০০ টাকা এক্ষেত্রে মনিহারি হিসাবে কত টাকা ডেবিট হবে?
K ১,৯৫৫ টাকা L ২,০০০ টাকা
M ২,৩০০ টাকা N ২,৬৪৫ টাকা

২০. যদি প্রারম্ভিক মজুদ ৪০,০০০ টাকা ও সমাপনী মজুদ ৬০,০০০ টাকা এবং বিক্রীত পণ্য ব্যয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা হয় তবে পণ্যের ক্রয়মূল্য হবে কত টাকা?
K ১,৮০,০০০ টাকা L ২,২০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ২,৬০,০০০ টাকা

২১. লেনদেনের কাঠামোগত পরিবর্তন হয়–
i. অগ্রিম বিমা খরচ হলে
ii. যন্ত্রপাতি নগদে ক্রয় হলে
iii. আসবাবপত্র নগদে বিক্রয় হলে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. সমাপনী জাবেদা প্রস্তুতের কারণে নিচের কোন হিসাবের উদ্বৃত্ত শূন্য হবে?
K সেবা আয় L অনুপার্জিত আয়
M বিলম্বিত বিজ্ঞাপন N অগ্রিম বেতন

২৩. 'পুঞ্জীভূত অবচয়' কোন ধরনের হিসাব?
K বিপরীত সম্পত্তি L দায়
M বিপরীত দায় N মালিকানাস্বত্ব

২৪. প্রভা লি. এর অগ্রদত্ত অর্থের পরিমাণ ৫,০০০ টাকা। জুন মাসের শেষে হাতে অগ্রদত্ত নগদ উদ্বৃত্ত ১,৫০০ টাকা হলে জুন মাসের খুচরা খরচের পরিমাণ কত টাকা?
K ১,৫০০ L ৩,৫০০ M ৫,০০০ N ৬,৫০০

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
অর্পা ৯৫০ টাকার সাপ্লাইজ ক্রয় করে সাপ্লাইজ হিসাবে ৯০০ টাকা লিখেন। তাই সাপ্লাইজ হিসাবে ৫০ টাকা কম দেখানো হয়।

২৫. উপর্যুক্ত কারণে সংশোধনী জাবেদা নিচের কোনটি?
K সাপ্লাইজ হিসাব ডেবিট ৫০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৫০ টাকা
L সাপ্লাইজ হিসাব ডেবিট ৫০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৫০ টাকা
M সাপ্লাইজ হিসাব ডেবিট ৯০০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৯০০ টাকা
N সাপ্লাইজ হিসাব ডেবিট ৯৫০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৯৫০ টাকা

২৬. ভুলের কারণে–
i. রেওয়ামিলে ডেবিট যোগফল ৫০ টাকা কম হবে
ii. রেওয়ামিলে ক্রেডিট যোগফল ৫০ টাকা বেশি
iii. রেওয়ামিলে ডেবিট ৫০ অনিশ্চিত হিসাব দিয়ে মিলবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৭. পুস্তকমূল্য বা বইমূল্য বলতে কী বোঝায়?
K ক্রয়মূল্য-আনুষঙ্গিক ব্যয়
L ক্রয়মূল্য-অবচয় ব্যয়
M ক্রয়মূল্য-পুঞ্জীভূত অবচয়
N ক্রয়মূল্য-ভগ্নাবশেষ মূল্য

২৮. আন্তঃফেরত কোন ধরনের হিসাব?
K দায় হিসাব L সম্পদ হিসাব
M আয় হিসাব N বিপরীত আয় হিসাব

২৯. প্রাপ্য হিসাবের টাকা দ্রুত আদায়ের জন্য বাট্টা ধার্য হয় তাকে কোন বাট্টা বলে?
K প্রদত্ত বাট্টা L প্রাপ্ত বাট্টা
M ক্রয় বাট্টা N বিক্রয় বাট্টা

৩০. বকেয়া বেতন পরিশোধের কারণে হিসাব সমীকরণের প্রভাব নিচের কোনটি?
K A ও L বৃদ্ধি L A ও L হ্রাস
M L বৃদ্ধি OE হ্রাস N L হ্রাস OE বৃদ্ধি

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
K পাওনাদার L কর কর্তৃপক্ষ
M ব্যবস্থাপক N ব্যাংক

২. 'আগুনে বিনষ্ট পণ্য' হিসাব সমীকরণে এর প্রভাব কী?
K Aহ্রাস L OE বৃদ্ধি এবংহ্রাস
M A এবং OEহ্রাস N Lহ্রাস

৩. কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?
K সাধারণ সঞ্চিতি L দেনাদার বাট্টা সঞ্চিতি
M অনাদায়ি পাওনা
N অনাদায়ি পাওনা সঞ্চিতি

৪. কোনটি ব্যক্তিগত হিসাবের ক্রেডিট জের প্রকাশ করে?
K সম্পদ L দায় M আয় N খরচ

৫. জাবেদা এর বিকল্প নাম–
i. সহকারী বই
ii. পাকা বই
iii. প্রাথমিক বই
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৬. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি হলো–
i. দাতা ও গ্রহীতা দুটি পক্ষ থাকে
ii. গ্রহীতার হিসাব ডেবিট এবং দাতার হিসাব ক্রেডিট
iii. ডেবিট অঙ্ক সর্বদা ক্রেডিট অঙ্কের সমান হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
ওয়াসিফাহ এর নিকট হতে ৩০,০০০ টাকার পণ্য ১০% কারবারি বাট্টায় ক্রয় করা হলো। মূল্য বাবদ ১০ দিন পর ৫% বাট্টায় চেকের মাধ্যমে পরিশোধ করা হলো।

৭. ক্রয় হিসাব কত টাকা দ্বারা ডেবিট হবে?
K ২৫,৬৫০ L ২৭,০০০
M ২৮,৫০০ N ৩০,০০০

৮. ব্যাংক হিসাবে ক্রেডিট হবে কত টাকা?
K ৩০,০০০ L ২৮,৫০০
M ২৭,০০০ N ২৫,৬৫০

৯. ধারে পণ্য বিক্রয়ের ফলে–
i. আয় বৃদ্ধি পায়
ii. স্থায়ী সম্পদ বৃদ্ধি পায়
iii. প্রাপ্য হিসাব বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১০. C/d এর পূর্ণরূপ কোনটি?
K Carried down L Credit discount
M Carried discount N Credit down

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আফিফ ২০২১ সালের ১লা জুন নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার নগদ বিক্রয় ২০,০০০ টাকা; বেতন প্রদান ১৫,০০০ টাকা এবং নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।

১১. জনাব আফিফের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?
K ১,০০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ১,৭০,০০০ টাকা N ১,৮৫,০০০ টাকা

১২. জনাব আফিফের নগদান হিসাবের জের কত?
K ১,২০,০০০ টাকা L ১,০৫,০০০ টাকা
M ৯৫,০০০ টাকা N ৮০,০০০ টাকা

১৩. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করেন?
K ব্যাংক L আমানতকারী
M দেনাদার N পাওনাদার

১৪. নিম্নের কোন প্রকার চেকের টাকা সরাসরি ব্যাংক হতে উঠানো যায় না?
K হুকুম চেক L বাহক চেক
M ভ্রমণকারীর চেক N দাগকাটা চেক

১৫. ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত বলতে কী বোঝায়?
K ব্যাংক তহবিল L ব্যাংক জমা
M ব্যাংক জমাতিরিক্ত N নগদ তহবিল

১৬. কোন নীতি অনুযায়ী ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়?
K রক্ষণশীল L পূর্ণপ্রকাশ
M সামঞ্জস্যতা N আয়-ব্যয়

১৭. NSF চেক অর্থ কী?
K জমাকৃত চেক প্রত্যাখ্যান
L জমাকৃত চেক আদায়
M ইস্যুকৃত চেক উপস্থাপন
N ইস্যুকৃত চেক উপস্থাপন হয়নি

১৮. একজন দেনাদার ব্যাংকে সরাসরি ২৫,০০০ টাকা জমা দিয়েছে। এর জন্য–
i. নগদ হিসাব বাড়বে
ii. ব্যাংক হিসাব বাড়বে
iii. দেনাদার হিসাব কমবে
নিচের কোনটি সঠিক?
K i L ii M iii N ii ও iii

১৯. রেওয়ামিল কী?
K একটি হিসাব
L হিসাবের উদ্বৃত্তের তালিকা
M আর্থিক বিবরণীর অংশ
N হিসাবের সহকারী বই

২০. সমন্বিত ক্রয় সম্পর্কে নিচের কোনটি সঠিক?
K বিক্রয় + সমাপনী মজুদ পণ্য – ক্রয়
L প্রারম্ভিক মজুদ + ক্রয় + সমাপনী মজুদ
M প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনী মজুদ
N প্রারম্ভিক মজুদ – ক্রয় + সমাপনী মজুদ

২১. মূলধনী খরচ হলো–
i. মেশিন ক্রয়
ii. মেশিনের সংস্থাপন ব্যয়
iii. মেশিনের মেরামত ব্যয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২২. মুনাফাজাতীয় হিসাব বন্ধ করার জন্য কোন দাখিলার প্রয়োজন হয়?
K সংশোধনী জাবেদা L প্রারম্ভিক জাবেদা
M সমাপনী জাবেদা N সমন্বয় জাবেদা

২৩. কোনটি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ?
K রেওয়ামিল L খতিয়ান
M জাবেদা N কার্যপত্র

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জুন ৩০, ২০২১ তারিখে সোনালী ট্রেডার্স ৫০,০০০ টাকা দ্বারা একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ৭,০০০ টাকা; বহন খরচ ৩,০০০ টাকা; ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা এবং আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১শে ডিসেম্বর তারিখে হিসাব শেষ করে।

২৪. সরলরৈখিক পদ্ধতিতে ২০২১ সালের অবচয় কত টাকা হবে?
K ৫,৫০০ টাকা L ১০,০০০ টাকা
M ১১,০০০ টাকা N ১২,০০০ টাকা

২৫. যদি প্রতিষ্ঠানটি দ্বিগুণ ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে, তবে অবচয়ে হার কত হবে?
K ১৬.৩৬% L ১৮.৯১%
M ২০% N ৪০%

২৬. বিক্রীত পণ্যের ব্যয় + মোট মুনাফা = কী?
K ক্রয় L বিক্রয়
M পরিচালন ব্যয় N পরিচালন আয়

২৭. কারখানা খরচ $\frac{২}{৩}$ অংশ বাবদ ৪,০০০ টাকা প্রদান করা হয়েছে। তাহলে বকেয়া কারখানা খরচের পরিমাণ কত?
K ২,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৬,০০০ টাকা N ১২,০০০ টাকা

২৮. মুনাফাবিহীন বিক্রয় বিশদ আয় বিবরণীতে বাদ যাবে–
i. ক্রয় থেকে
ii. সমাপনী মজুদ পণ্য থেকে
iii. বিক্রয় থেকে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৯. সাধারণত কোন সম্পত্তির অবচয় হয় না?
K ভূমি L দালানকোঠা
M মোটরগাড়ি N যন্ত্রপাতি

৩০. কোনটি অপরিচালন আয় নয়?
K উত্তোলনের সুদ L বিনিয়োগের সুদ
M প্রাপ্ত কমিশন N বিক্রয় আয়

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ফলাফল নিট আয় হবে যখন–
K সম্পদ দায়ের চেয়ে বেশি
L সম্পদ আয়ের চেয়ে বেশি
M খরচ আয়ের চেয়ে বেশি
N আয় খরচের চেয়ে বেশি

২. নিচের কোনটি অলীক সম্পত্তি?
K সুনাম L ব্যবসায় চিহ্ন
M প্রাথমিক খরচ N কপিরাইট

৩. সংস্থাপন ব্যয় মজুরি হিসাবে ডেবিট করা হলে, আয় বিবরণীতে কী প্রভাব পড়বে?
K মোট লাভ হ্রাস পাবে
L নিট লাভ বৃদ্ধি পাবে
M যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি পাবে
N মোট সম্পদ বৃদ্ধি পাবে

৪. যদি প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ি পাওনা প্রভিশন ধার্য করা হয় তা হলে আর্থিক অবস্থার ওপর কী প্রভাব পড়বে?
K সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস পাবে
L সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
M সম্পদ হ্রাস ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
N দায় হ্রাস ও স্বত্বাধিকার বৃদ্ধি পাবে

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
বিজ্ঞাপন খরচ প্রদান ৪০,০০০ টাকা; বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা; মোট বিজ্ঞাপন খরচের $^{১}/_{৩}$ অংশ অবলোপন কর।

৫. বিলম্বিত বিজ্ঞাপন খরচের পরিমাণ কত?
K ৩০,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ১৩,৩৩৩ টাকা N ১১,৬৬৭ টাকা

৬. বিনামূল্যে পণ্য বিতরণের ফলে–
i. মোট মুনাফা হ্রাস পাবে
ii. মোট মুনাফা বৃদ্ধি পাবে
iii. নিট মুনাফা হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. সাধারণত নিচের কোন হিসাবসেটের ডেবিট উদ্বৃত্ত থাকে?
K আয়, মূলধন, সম্পদ
L দায়, মূলধন, ব্যয়
M সম্পদ, উত্তোলন, খরচ
N বিক্রয়, উত্তোলন, বাট্টা

৮. নিচের কোনটি বিপরীত দায়ের উদাহরণ?
K কুঋণ সঞ্চিতি L কুঋণ
M প্রাপ্য বিলের বাট্টা সঞ্চিতি
N প্রদেয় বিলের বাট্টা সঞ্চিতি

৯. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি সম্পর্কে নিচের কোন বিষয়টি সামঞ্জস্যপূর্ণ?
i. লেনদেনে একটি হিসাবখাত থাকে
ii. লেনদেনে দুটি পক্ষ থাকে
iii. লেনদেনের মোট ফলাফলের জন্য ডেবিট ও ক্রেডিট টাকা সমান হবে
নিচের কোনটি সঠিক?
K ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
সুমন লিমিটেড বিক্রয়মূল্যের উপর ২৫% মোট লাভে পণ্য বিক্রয় করে থাকে। ব্যবসায়ের বিক্রীত পণ্যের ব্যয় ৬,০০,০০০ টাকা।

১০. ব্যবসায়ের বিক্রয়ের পরিমাণ কত?
K ৬,৫০,০০০ টাকা L ৭,০০,০০০ টাকা
M ৭,৫০,০০০ টাকা N ৮,০০,০০০ টাকা

১১. ব্যবসায়ের মোট লাভের পরিমাণ কত?
K ২,০০,০০০ টাকা L ১,৮৭,৫০০ টাকা
M ১,৭৫,০০০ টাকা N ১,৬২,৫০০ টাকা

১২. নিচের লেনদেনের কোনটি উদ্বৃত্তপত্রের সমষ্টিকে প্রভাবিত করবে না?
K মালিক কর্তৃক ৮,০০০ টাকা উত্তোলন
L ৩,০০০ টাকা বকেয়া খরচ পরিশোধ
M প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়
N ধারে ৫,০০০ টাকার পণ্য ক্রয়

১৩. কোনটি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ?
K বিপরীত দাখিলা L সমন্বিত রেওয়ামিল
M বিশেষ জাবেদা N রেওয়ামিল

১৪. মেশিন সংস্থাপনের জন্য ৫,০০০ টাকা মজুরি প্রদত্ত হলে ডেবিট হবে–
K মেরামত হিসাব L মজুরি হিসাব
M রক্ষণাবেক্ষণ হিসাব N যন্ত্রপাতি হিসাব

১৫. ক্রয়কৃত পণ্য মেরামত হিসাবে ডেবিট করা হলে সমন্বয় জাবেদা কী হবে?
K ক্রয় হিসাব ডেবিট
মেরামত হিসাব ক্রেডিট
L মেরামত হিসাব ডেবিট
ক্রয় হিসাব ক্রেডিট
M নগদান হিসাব ডেবিট
ক্রয় হিসাব ক্রেডিট
N ক্রয় হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট

১৬. হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত হয় তাকে কী ভুল বলে?
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M বেদাখিলার ভুল N পরিপূরক ভুল

১৭. নিম্নের কোনগুলো নীতিগত ভুল নয়?
i. মেশিন ক্রয়, ক্রয় হিসাবে লেখা হয়েছে
ii. পণ্য বিক্রয় ২০০ লিপিবদ্ধ হয়নি
iii. মুন্নার নিকট বিক্রয় মান্নার হিসাবে লেখা হয়েছে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৮. যন্ত্রপাতি ক্রয়, ক্রয় হিসাবে লেখা হয়েছে সঠিক সংশোধনী জাবেদা হবে–
K ক্রয় হিসাব – ডেবিট
নগদান হিসাব – ক্রেডিট
L যন্ত্রপাতি হিসাব – ডেবিট
ক্রয় হিসাব – ক্রেডিট
M যন্ত্রপাতি হিসাব – ডেবিট
নগদান হিসাব – ক্রেডিট
N ক্রয় হিসাব – ডেবিট
যন্ত্রপাতি হিসাব – ক্রেডিট

১৯. কোনটি ক্রেডিট মেমোর‍্যান্ডাম?
K ব্যাংক সার্ভিস চার্জ L অপর্যাপ্ত তহবিল চেক
M চেক প্রিন্টিং খরচ N ব্যাংক সুদ আয়

২০. ব্যাংক টাকা জমা দিলে ব্যাংক বিবরণীতে ক্রেডিট দেখানো হয় কেন?
K ব্যাংকের সম্পদ হ্রাস পায়
L ব্যাংকের দায় বৃদ্ধি পায়
M ব্যাংকের ব্যয় বৃদ্ধি পায়
N ব্যাংকের আয় হ্রাস পায়

২১. ৩০ জুন ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে অন্তর্ভুক্ত হবে–
i. ২৭শে জুন আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ২৯ জুন আদায় হয়েছে
ii. পরিশোধের জন্য ইস্যুকৃত চেক ব্যাংকে যথাসময়ে উপস্থিত হয়
iii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত প্রাপ্য বিল ৩রা জুলাই আদায় হয়েছে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii
*[**সঠিক উত্তর :** (iii)]

২২. নিম্নের কোন অবচয় পদ্ধতিটি $r = \left(1 - \sqrt[n]{\frac{s}{c}}\right) \times 100$ সূত্রে নির্ণয় করা হয়?
K সরলরৈখিক পদ্ধতি
L ক্রমহ্রাসমান জের পদ্ধতি
M বর্ষ সংখ্যার যোগফল পদ্ধতি
N উৎপাদন একক পদ্ধতি

২৩. অবচয় একটি–
K দৃশ্যমান ব্যয় L অদৃশ্যমান ব্যয়
M কাল্পনিক ব্যয় N নগদ ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
রংধনু ট্রেডার্স ৩,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন আমদানি করে। মেশিনটির আমদানি শুল্ক ৩০,০০০ টাকা; জাহাজ ভাড়া ২০,০০০ টাকা; পরিবহন খরচ ১০,০০০ টাকা; সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা এবং মেশিনটি চালু করার জন্য বিশেষজ্ঞ ভাড়া প্রদান করে ১০,০০০ টাকা।

২৪. আমদানিকৃত মেশিনটির মোট মূল্য কত?
K ৩,০০,০০০ টাকা L ৩,৭৫,০০০ টাকা
M ৩,৫০,০০০ টাকা N ৩,৬০,০০০ টাকা

২৫. যদি মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর হয়, তবে সরলরৈখিক পদ্ধতি বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
K ৩০,০০০ টাকা L ৩৫,০০০ টাকা
M ৩৬,০০০ টাকা N ৩৭,৫০০ টাকা

২৬. আর্থিক বিবরণী তৈরির পূর্বে কোনটি তৈরি করা সহায়ক?
K বিপরীত দাখিলা L ব্যাংক সমন্বয় বিবরণী
M কার্যপত্র N সমাপনী দাখিলা

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
অহনের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো হলো– চেকের মাধ্যমে বিক্রয় ১২,০০০ টাকা; ধারে বিক্রয় ২২,০০০ টাকা; নগদে ক্রয় ৮,০০০ টাকা। সোহাগের নিকট থেকে ক্রয় ৩০,০০০ টাকা এবং আরিফের নিকট থেকে কম্পিউটার ক্রয় ১৬,০০০ টাকা।

২৭. অহন বকেয়া ভিত্তিতে হিসাব সংরক্ষণ করলে কত টাকার লেনদেন হিসাবভুক্ত হবে?
K ৮৮,০০০ টাকা L ৭২,০০০ টাকা
M ৬৮,০০০ টাকা N ২০,০০০ টাকা

২৮. নগদান ভিত্তি অনুসারে অহনের নিট আয় কত হবে?
K ৪,০০০ টাকা L ১২,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৩৬,০০০ টাকা

২৯. সমন্বয় দাখিলার ভিত্তি হচ্ছে হিসাববিজ্ঞানের–
i. হিসাবকাল ধারণা ii. বকেয়া ভিত্তি
iii. আয় চিহ্নিতকরণ ও আয়-ব্যয় সংযোগ নীতি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. নিট লাভ বন্ধের জাবেদা কী?
K আয়-বিবরণী হিসাব – ডেবিট
মূলধন হিসাব – ক্রেডিট
L মূলধন হিসাব – ডেবিট
আয়-বিবরণী হিসাব – ক্রেডিট
M আয় বিবরণী হিসাব – ডেবিট
নিট আয়-বিবরণী – ক্রেডিট
N নিট লাভ হিসাব – ডেবিট
আয়-বিবরণী হিসাব – ক্রেডিট

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–২০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কোনটি?
K ঘটনা L হিসাব
M লেনদেন N জাবেদা

২. অপরিচালন আয় কোনটি?
K বিক্রয় L বন্ধকি ঋণের সুদ
M ক্রয় বাট্টা N শিক্ষানবিশ সেলামি

৩. অফিসে ব্যবহারের জন্য কাগজ ও কালি ক্রয়, কোন হিসাবকে ডেবিট করবে?
K ক্রয় হিসাব L কাগজ ও কালি ক্রয় হিসাব
M মনিহারি হিসাব N উপযোগ হিসাব

৪. চেকে পণ্য ক্রয় এটি–
i. অনগদ লেনদেন
ii. বহিঃলেনদেন
iii. দৃশ্যমান লেনদেন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
শাফিন ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ৫,০০,০০০ টাকা; ১০% ঋণ ১,০০,০০০ টাকা; ঋণের বকেয়া সুদ ১০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৫০,০০০ টাকা; অগ্রিম প্রাপ্ত ভাড়া ২০,০০০ টাকা ও স্থায়ী সম্পদ ৩,০০,০০০ টাকা।

৫. বছরান্তে প্রতিষ্ঠানের চলতি দায়ের পরিমাণ কত?
K ৫০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৮০,০০০ টাকা

৬. বছরান্তে প্রতিষ্ঠানের চলতি সম্পদের পরিমাণ কত?
K ৩,০০,০০০ টাকা L ৩,৮০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ৫,০০,০০০ টাকা

৭. বেতন প্রদত্ত হয়েছে (১০ মাসের) ১,২০,০০০ টাকা; বকেয়া বেতনের পরিমাণ কত?
K ১০,০০০ টাকা L ১২,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ২৪,০০০ টাকা

৮. অবচয় একটি–
i. আন্তঃলেনদেন
ii. কারবারি লেনদেন
iii. অনগদ লেনদেন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. সকল বহির রাজা বলা হয় কোন বইকে?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N নগদান বই

১০. আমানতকারীর ব্যাংক হিসাবের প্রতিচ্ছবি কোনটি?
K জমা রশিদ L ব্যাংক বিবরণী
M স্থায়ী আমানত N চলতি আমানত

১১. কোন ভুল অনিশ্চিত হিসাবকে প্রভাবিত করে?
K হিসাবের উদ্বৃত্ত নির্ণয়ে ভুল
L নীতিগত ভুল
M পরিপূরক ভুল N বাদ পড়ার ভুল

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
সাজিদ ট্রেডার্স এর হিসাব বইতে প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা; ক্রয় ১,৫০,০০০ টাকা; বিক্রয় ২,০০,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা।

১২. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?
K ৮০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,২০,০০০ টাকা N ২,২০,০০০ টাকা

১৩. সাজিদ ট্রেডার্স এর নিট লাভ ৫০,০০০ টাকা হলে পরিচালন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।
K ৩০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ১,২০,০০০ টাকা

১৪. মালিকের ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীদের বেতন দেয়া হলো ১,০০০ টাকা। জাবেদা দাখিলা হবে কোনটি?
K বেতন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
L বেতন হিসাব ডেবিট, মূলধন হিসাব ক্রেডিট
M বেতন হিসাব ডেবিট, উত্তোলন হিসাব ক্রেডিট
N মূলধন হিসাব ডেবিট, বেতন হিসাব ক্রেডিট

১৫. নগদ টাকার বিকল্প হিসাবে কাজ করে কোনটি?
K স্টক L শেয়ার
M প্রাপ্য হিসাব N চেক

১৬. যন্ত্রপাতি মেরামত ১০,০০০ টাকা যন্ত্রপাতি হিসাবে দেখানো হলো– এটি কোন ধরনের ভুল?
K লেখার ভুল L নীতিগত ভুল
M বাদ পড়ার ভুল N পরিপূরক ভুল

১৭. ১০% বাট্টায় রিয়াদের নিকট হতে পাওয়া গেল ৯,০০০ টাকা, বাট্টার পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ৯৫০ টাকা
M ৯০০ টাকা N ৮১০ টাকা

১৮. কোনটির জন্য ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করা হয়?
K ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ
L ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায়
M ব্যাংক কর্তৃক প্রাপ্য নোট আদায়
N ব্যাংক সার্ভিস চার্জ

১৯. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় কোনটি?
K প্রারম্ভিক নগদ তহবিল
L প্রারম্ভিক ব্যাংক জমা
M সমাপনী নগদ তহবিল
N সমাপনী মজুদ পণ্য

২০. চলতি বছরে বেতন বাবদ ৩০,০০০ টাকা প্রদত্ত হয়েছে এবং আরও ২০,০০০ টাকা বেতন বকেয়া রয়েছে। এ বছরের মুনাফাজাতীয় ব্যয় কত?
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

২১. অর্জিত কমিশন ৫,০০০ টাকা এখনও হিসাবভুক্ত হয়নি– এ লেনদেনটি লিপিবদ্ধকরণে ডেবিট হবে কোন হিসাব?
K প্রাপ্য কমিশন হিসাব
L কমিশন হিসাব
M বকেয়া কমিশন হিসাব
N অনুপার্জিত কমিশন হিসাব

২২. সমাপনী দাখিলা দেয়ার পর কোন হিসাবের উদ্বৃত্ত থেকে যায়?
K আয় হিসাব L ব্যয় হিসাব
M সম্পদ হিসাব N উত্তোলন হিসাব

২৩. কোনটি রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে?
K বিক্রয় বাট্টা L ক্রয় বাট্টা
M প্রদত্ত বাট্টা N কারবারি বাট্টা

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মৌনতা ট্রেডার্সের ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে অনাদায়ি পাওনা সঞ্চিতির জের ছিল ১০,০০০ টাকা। ঐ বছর ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ৩,২০,০০০ টাকা এবং অলিখিত অনাদায়ি পাওনা ছিল ২০,০০০ টাকা। বছর শেষে প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে।

২৪. নতুন অনাদায়ি পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
K ১০,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ১৬,০০০ টাকা N ২৫,০০০ টাকা

২৫. বিশদ আয় বিবরণীতে অনাদায়ি পাওনা সঞ্চিতি হিসাবে কত টাকা দেখাতে হবে?
K ১০,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ২৫,০০০ টাকা

২৬. সাফওয়ান ট্রেডার্সের একটি মেশিনের আয়ুষ্কাল ১০ বছর। বার্ষিক অবচয় ২০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা হলে মেশিনটির ক্রয়মূল্য কত?
K ৩,০০,০০০ টাকা L ২,১০,০০০ টাকা
M ২,০০,০০০ টাকা N ১,৯০,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম ১০,০০,০০০ টাকার একটি মেশিন আমদানি করে ১,০০,০০০ টাকা শুল্ক ও ডকচার্জ এবং ৫০,০০০ টাকা পরিবহন বিমা পরিশোধ করেন। এছাড়াও মেশিন সংস্থাপন বাবদ ১,০০,০০০ টাকা ব্যয় করেন। ১০ বছর আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা অনুমান করা হয়।

২৭. এ বিমা খরচটি কোন ধরনের ব্যয়?
K মূলধনজাতীয় ব্যয়
L মুনাফাজাতীয় ব্যয়
M বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
N উপযোগ ব্যয়

২৮. সরলরৈখিক পদ্ধতিতে ২য় বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।
K ১,৩০,০০০ টাকা L ১,২৫,০০০ টাকা
M ১,২০,০০০ টাকা N ১,১০,০০০ টাকা

২৯. কোনটি নামিক হিসাব?
K অনুপার্জিত হিসাব L বকেয়া বেতন
M অগ্রিম ভাড়া N প্রত্যক্ষ মজুরি

৩০. কোনটি চলতি দায়?
K সাধারণ সঞ্চিতি L অগ্রিম ব্যয়
M অগ্রিম আয় N বন্ধকি ঋণ

সকল বোর্ডের
শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র

SURESUCCESS

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ শাহাজাদা এন্ড সন্স এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল ও অন্যান্য তথ্যসমূহ নিম্নরূপ :

শাহাজাদা এন্ড সন্স এর রেওয়ামিল

২০২৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

ক্র. নং	হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	উত্তোলন ও মূলধন		৩০,০০০	১,৫০,০০০
২.	পণ্য ক্রয় ও বিক্রয়		৮০,০০০	১,৪০,০০০
৩.	ফেরত		৫,০০০	৮,০০০
৪.	আন্তঃপরিবহন		৩,০০০	
৫.	বহিঃপরিবহন		২,০০০	
৬.	ভাড়া খরচ (৮ মাস)		৫,০০০	
৭.	বেতন (১৫ মাস)		৭,৫০০	
৮.	শুল্ক		২,০০০	
৯.	সাধারণ খরচ		১,০০০	
১০.	ইজারা সম্পদ (১০ বছর)		১,০০,০০০	
১১.	যন্ত্রপাতি		৫০,০০০	
১২.	দেনাদার ও পাওনাদার		১৭,০০০	৬,০০০
১৩.	৬% ঋণ			১৫,০০০
১৪.	সাধারণ সঞ্চিতি			৭,০০০
১৫.	মজুরি		১৮,০০০	
১৬.	বিজ্ঞাপন		৫০০	
১৭.	প্রারম্ভিক মজুদ পণ্য		৫,০০০	
			৩,২৬,০০০	৩,২৬,০০০

সমন্বয়সমূহ : (i) সমাপনী মজুদ পণ্য ৩২,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (ii) মনিহার ক্রয় ৪০০ টাকা সাধারণ খরচের মধ্যে অন্তর্ভুক্ত; (iii) বিনামূল্যে পণ্য বিতরণ ৪,৫০০ টাকা। মোট বিজ্ঞাপনের ১/৫ অংশ অবলোপন কর; (iv) দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ি দেনা সঞ্চিতি ধার্য কর; (v) যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য কর।

ক. চলতি বছরের সাধারণ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফা ৮০,০০০ টাকা বিবেচনাপূর্বক প্রতিষ্ঠানের মালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মামুন রিপেয়ারস সার্ভিস সেন্টার এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিম্নোক্ত রেওয়ামিল ও অন্যান্য তথ্যসমূহ প্রদত্ত হলো :

রেওয়ামিল

২০২৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

ক্র. নং	হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	অফিস সরঞ্জাম		১,৬০,০০০	
২.	ঋণ			৩০,০০০
৩.	ভাড়া আয়			১৫,০০০
৪.	মূলধন			৮০,০০০
৫.	বিনিয়োগ		৩০,০০০	
৬.	শিক্ষানবিশ সেলামি (২ বছর)			১০,০০০
৭.	বেতন খরচ		২০,০০০	
৮.	পুঞ্জীভূত অবচয় অফিস সরঞ্জাম			৫,০০০
৯.	অগ্রিম সেবা আয়			১৫,০০০
১০.	সেবা আয়			১,০০,০০০
১১.	প্রাপ্য ও প্রদেয় হিসাব		৩২,০০০	৫,০০০
১২.	সাপ্লাইজ		১০,০০০	
১৩.	উত্তোলন		৮,০০০	
			২,৬০,০০০	২,৬০,০০০

সমন্বয়সমূহ : (i) বকেয়া বেতন ৫,০০০ টাকা; (ii) অগ্রিম সেবা আয়ের ৫,০০০ টাকা অর্জিত হয়েছে; (iii) বছর শেষে সাপ্লাইজ মজুদের পরিমাণ ২,০০০ টাকা; (iv) অফিস সরঞ্জামের উপর ১০% হারে অবচয় ধার্য কর; (v) বাকিতে সেবা প্রদান করা হয়েছে ২০,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. একটি আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. মামুন রিপেয়ারস সার্ভিস সেন্টার এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▶ মি. ওয়াসিক এর ২০২৪ সালের জানুয়ারি মাসের ব্যবসায়িক লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ১ নগদ ৫,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা মূল্যের আলমারি এবং ২,০০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ৮ গ্রাহককে সেবা প্রদান ৮০,০০০ টাকা এবং চেক প্রাপ্তি ২০,০০০ টাকা।
" ১৫ দেয়াল ঘড়ি ক্রয় ৫,০০০ টাকা।
" ২৫ মালিকের নিজস্ব তহবিল হতে ব্যাংক ঋণ পরিশোধ ১,০০,০০০ টাকা।
" ৩১ সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৩,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেন হতে হিসাবের শ্রেণিবিন্যাস দেখাও। ৪

গ. টেব্যুলার ছকের সাহায্যে হিসাব সমীকরণে প্রদর্শন কর। ৪

৪ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে নাহার ফ্যাশনের লেনদেনসমূহ নিম্নরূপ :

২০২৪
ডিসে. ১ আইটি শপ হতে কম্পিউটার ক্রয় ১,০০,০০০ টাকা।
" ৮ পণ্য বিক্রয় ২,৫০,০০০ টাকা (চেকে ৬০%)।
" ১০ ভাড়া প্রদান ১৫,০০০ টাকা, এর মধ্যে ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে যা ২০২৫ সালের জানুয়ারি মাসের জন্য প্রদান করা হয়েছে।
" ১৪ নতুন মেশিনের সংস্থাপন মজুরি ১০,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত।
" ১৮ পুরাতন কম্পিউটার বিক্রয় ১০,০০০ টাকা।
" ২৬ পূর্ববর্তী মাসের বিমা সেলামি প্রদান ১৫,০০০ টাকা।

ক. নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ডিসেম্বর ০১, ১০, ১৪ এবং ২৬ তারিখের লেনদেনসমূহের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. চলমান জের ছকে অফিস সরঞ্জাম হিসাব ও নগদান হিসাবের খতিয়ান প্রস্তুত কর। ৪

৫ ▶ জানুয়ারি ২০২৪ এ ঢাকার আবদুল এন্ড কোং হিসাব বই হতে নিম্নোক্ত লেনদেনগুলো গৃহীত হলো :

জানু. ১ তালহা স্টোরস চট্টগ্রাম হতে ধারে ক্রয়: প্রতি ডজন ৩০০ টাকা দরে ২০০ ডজন লিচু জুস, কারবারি বাট্টা ১০%, প্যাকিং খরচ ২,০০০ টাকা। চালান নং ১৩১। শর্ত ২/১৫, নিট ৫০।

" ১৭ হামিম বিতান, বরিশাল হতে পণ্য ক্রয়: প্রতি ডজন ১০০ টাকা দরে ৬০০ ডজন কমলার জুস, কারবারি বাট্টা ১০%, ডেলিভারি খরচ ২,০০০ টাকা, চালান নং ২৮৩, শর্ত ২/১৩, নিট ৩৫।

" ৩১ ইভান কোং চাঁদপুর হতে ক্রয়: প্রতি কেজি ৬০০ টাকা দরে ৫০০ কেজি চা, কারবারি বাট্টা ৫%, পরিবহন খরচ ১,০০০ টাকা। চালান নং ২২০, শর্ত ২/২৫, নিট ৪০।

ক. আনুষঙ্গিক খরচের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেন হতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. আবদুল এন্ড কোং এর সাধারণ খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

৬ ▶ লিমন ট্রেডার্স-এর জুলাই, ২০২৪ সালের লেনদেনসমূহ নিম্নরূপ :

জুলাই ১ নগদ জের ১,০০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ২,৫০,০০০ টাকা।

" ৫ আহমেদকে তার ১,০০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯৭,০০০ টাকা প্রদান।

" ১০ পণ্য ক্রয় ৫০,০০০ টাকা (নগদ প্রদান ২০,০০০ টাকা)।

" ১২ জিসানের নিকট বিক্রয় ২,৫০,০০০ টাকা (নগদ ১,৫০,০০০ টাকা)।

" ২০ জিসান হতে ৫০,০০০ টাকার চেক প্রাপ্তি।

" ২৮ দেনাদার হতে তার ৫০,০০০ টাকার দেনার পূর্ণ নিষ্পত্তিতে ৪৮,০০০ টাকা প্রাপ্তি।

" ৩০ পাওনাদারকে তার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ২৮,০০০ টাকা প্রদান।

" ৩১ ব্যাংক সুদ মঞ্জুর ৫,০০০ টাকা।

ক. অ -নগদ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ২

খ. একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেন হতে একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

৭ ▶ মাসনুন এন্ড কোং-এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমা উদ্বৃত্ত ৯৮,০০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণী মোতাবেক এটির মিল নেই। নিম্নে অমিলের কারণগুলো উল্লিখিত:

i. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ১৭,০০০ টাকা, যা নগদান বইতে অলিখিত।

ii. প্রত্যাখ্যাত চেক ২৫,০০০ টাকা।

iii. আদায়ের জন্য জমাকৃত চেকের টাকা আদায় হয়নি ২০,০০০ টাকা।

iv. ব্যাংক চার্জ কর্তন ৩,৫০০ টাকা।

v. ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ৫,০০০ টাকা।

vi. ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ১৭,০০০ টাকা, যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

vii. ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি ৪০,০০০ টাকা।

viii. ব্যাংকে জমাকৃত চেকের অর্থ ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ১৫,০০০ টাকা।

ix. বকেয়া বাড়িভাড়া ব্যাংক কর্তৃক পরিশোধ ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ডেবিট মেমোরেন্ডাম ও বকেয়া চেকের পরিমাণ নির্ণয় কর। ২

খ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

৮ ▶ হাসান ট্রেডার্স এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের খতিয়ান জেরসমূহ নিম্নরূপ :

ক্র. নং	হিসাব শিরোনাম	টাকা
১.	সাধারণ সঞ্চিতি	২,৮০,০০০
২.	সুনাম	২,৯০,০০০
৩.	নগদ তহবিল (সমাপনী)	১,২০,০০০
৪.	ক্রয়	২,০০,০০০
৫.	উপভাড়া	১৮,০০০
৬.	শিক্ষানবিশ ভাতা	২২,০০০
৭.	অগ্রিম বিমা	১৬,০০০
৮.	প্রদেয় বিল	২৮,০০০
৯.	বিক্রয়	২,৬০,০০০
১০.	ঋণের সুদ	১২,০০০
১১.	ব্যাংক জমার সুদ	৩০,০০০
১২.	প্রদেয় বেতন	১৪,০০০
১৩.	প্রাপ্য হিসাব	২৪,০০০
১৪.	বাট্টা প্রাপ্তি	৬,০০০
১৫.	বিক্রয় পরিবহন	১৬,০০০
১৬.	কুঋণ সঞ্চিতি	৪,০০০
১৭.	মূলধন	৫,০০,০০০
১৮.	ভূমি ও দালানকোঠা	৪,০০,০০০

ক. স্বল্পমেয়াদি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্যাবলি হতে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পার্থক্যের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের বাতেন ট্রেডার্স এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

রেওয়ামিল

২০২৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

ক্র. নং	হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	মূলধন			১,০০,০০০
২.	হাতে নগদ		৮০,০০০	
৩.	সেবা আয়			১,২৬,০০০
৪.	যন্ত্রপাতি		১,৩০,০০০	
৫.	অগ্রিম বিমা সেলামি		৬,০০০	
৬.	ভাড়া (৩/৪ অংশ)		১৮,০০০	
৭.	অগ্রিম সেবা আয়			৫,০০০
৮.	বকেয়া মজুরি			৯,০০০
৯.	সাপ্লাইজ		৬,০০০	
			২,৪০,০০০	২,৪০,০০০

সমন্বয়সমূহ : (i) বছর শেষে অগ্রিম বিমা সেলামির উদ্বৃত্ত ২,০০০ টাকা; (ii) সাপ্লাইজ মজুদ আছে ৪,০০০ টাকা; (iii) অগ্রিম সেবা আয়ের ১/৫ অংশ অর্জিত হয়েছে; (iv) ধারে সেবা প্রদান ১০,০০০ টাকা।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনের সমন্বয় দাখিলা দাও। ৪

গ. একটি দশ ঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▶ বড়ুয়া এন্টারপ্রাইজ ২০২৩ সালের জানুয়ারি মাসে ১০,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করেন। এর সংস্থাপন ব্যয় ১,০০,০০০ টাকা। এটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৮০,০০০ টাকা। প্রতিটি হিসাব বছর শেষ হয় ৩১ ডিসেম্বর।

ক. বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩-২০২৪ সালের জাবেদা দাখিলা দাও। ৪

গ. ২০২৩-২০২৪ সালের যন্ত্রপাতি হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব তৈরি কর। ৪

১১ ▶ ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে মুন ট্রেডার্স ৪,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করেন এবং ২০২৩ সালের ১ এপ্রিলে তারা ৫,০০,০০০ টাকা মূল্যের আরও একটি যন্ত্রপাতি ক্রয় করেন। তাদের প্রতিষ্ঠানের সিদ্ধান্ত মোতাবেক ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ১০% স্থায়ী সম্পদের উপর অবচয় ধার্য করা হয়। প্রতিষ্ঠানের হিসাবে বছর শেষ হয় ৩১ ডিসেম্বর তারিখে।

ক. ২০২২-২০২৪ সালের অবচয় সারণী দেখাও। ২

খ. ২০২২-২০২৪ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪

গ. ২০২২-২০২৪ সালের অবচয় খরচ হিসাব ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ যমুনা ব্রাদার্সের রেওয়ামিল নিচে দেয়া হলো–

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
হাতে নগদ	৪০,০০০	
আসবাবপত্র	৩,০০,০০০	
পুঞ্জীভূত অবচয়		৫৮,০০০
১০% লগ্নি (০১.০৭.২৩)	১,০০,০০০	
প্রদেয় হিসাব		৫০,০০০
প্রাপ্য হিসাব	৯০,০০০	
ক্রয় ও বিক্রয়	৪,৫০,০০০	৬,৮২,০০০
পরিবহন	১০,০০০	
শুল্ক	৮,০০০	
ভাড়া	১২,০০০	
বেতন (১০ মাস)	২০,০০০	
বিজ্ঞাপন	১৫,০০০	
মনিহারি	৪,০০০	
৬% বন্ধকি ঋণ (০১.০৯.২৩)		১,০০,০০০
অনাদায়ি পাওনা	১৩,০০০	
অনাদায়ি পাওনা সঞ্চিতি		১২,০০০
উত্তোলন ও মূলধন	৩০,০০০	২,২০,০০০
	১১,২২,০০০	১১,২২,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৪২,০০০ টাকা কিন্তু এর মধ্যে ২,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত রয়েছে; (২) ধারে বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। মোট বিজ্ঞাপনের এক-চতুর্থাংশ অবলোপন কর; (৪) প্রাপ্য হিসাবে ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% সঞ্চিতি ধার্য কর; (৫) আসবাবপত্রের উপর অবচয় ৫% ধার্য কর।

ক. নিট আসবাবপত্রের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মেঘনা সার্ভিসিং সেন্টারের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৪০,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
অগ্রিম বিমা	১০,০০০	
মূলধন		১,০০,০০০
সেবা আয়		৮০,০০০
বেতন খরচ	১২,০০০	
ভাড়া খরচ	১৫,০০০	
অনুপার্জিত সেবা আয়		১০,০০০
সাপ্লাইজ	২৪,০০০	
আসবাবপত্র	৫০,০০০	
প্রদেয় হিসাব		২৩,০০০
উত্তোলন	২,০০০	
	২,১৩,০০০	২,১৩,০০০

সমন্বয়সমূহ : (১) দুই মাসের বেতন বকেয়া রয়েছে; (২) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয় ৬০০ টাকা; (৩) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৪,০০০ টাকা; (৪) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা অর্জিত হয়েছে; (৫) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

খ বিভাগ

৩ ▶ ২০২৪ সালের জুলাই মাসের আরিজ ট্রেডার্সের সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমা (ক্রে.) ২০,০০০ টাকা।
" ৪ পণ্য বিক্রয় নগদ ১৫,০০০ টাকা।
" ১০ ব্যাংকে জমা দেওয়া হলো ২০,০০০ টাকা।
" ১২ আজাদ ব্রাদার্সের নিকট হতে ১০% বাট্টায় ৮,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করা হলো।
" ১৫ দেনাদার হতে ১০,০০০ টাকার চেক প্রাপ্তি।
" ১৮ জাহিদের নিকট হতে পাওনা ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৮০০ টাকা পাওয়া গেল।
" ২৫ আকাশ ট্রেডার্সকে চেক মারফত ১৮,০০০ টাকা পরিশোধ করে ৪০০ টাকা বাট্টা পাওয়া গেল।
" ৩০ বেতন নগদে ১০,০০০ টাকা পরিশোধ করা হলো এবং ভাড়া চেক মারফত ৫,০০০ টাকা পরিশোধ করা হলো।

ক. নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৪ ▶ আকাশ ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সেবা আয়		১,৫০,০০০
মূলধন		১,০০,০০০
উত্তোলন	৪৭,০০০	
বেতন	১,০০,০০০	
অগ্রিম বিমা	৩০,০০০	
প্রাপ্য হিসাব	১,২০,০০০	
প্রদেয় হিসাব		২০,০০০
অনুপার্জিত সেবা আয়		৩০,০০০
সাপ্লাইজ	৩,০০০	
	৩,০০,০০০	৩,০০,০০০

সমন্বয়সমূহ : (১) সেবা আয় অনুপার্জিত হয়েছে ১০,০০০ টাকা; (২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২৪,০০০ টাকা; (৩) সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে ৫০০ টাকা; (৪) দুই মাসের বেতন বকেয়া রয়েছে।

ক. (১) ও (২) নং এর বিপরীত দাখিলা দাও। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

৫ ▶ সানমুন কোম্পানি ১লা জানুয়ারি ২০২৪ সালে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। উক্ত মেশিনের পরিবহন ব্যয় ৬০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ৯০,০০০ টাকা খরচ হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১শে ডিসেম্বর তারিখে হিসাববর্ষ শেষ হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. প্রথম ২ বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম ৪ বছরের অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▶ জনাব আহসান ২০২৪ সালের জানুয়ারি ১ তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হলো :

জানু. ৩ নগদে পণ্য ক্রয় করা হলো ২০,০০০ টাকা।
" ৭ রহিমের নিকট থেকে ধারে ক্রয় ৩০,০০০ টাকা।
" ১০ ধারে পণ্য বিক্রয় করা হলো ৮০,০০০ টাকা।
" ১৪ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৪,০০০ টাকা।
" ১৮ মনিহারি ক্রয় করা হলো ৫,০০০ টাকা।
" ৩০ অফিসের ব্যবহারের জন্য আসবাবপত্র ক্রয় করা হলো ৩০,০০০ টাকা। (৮০% ধারে)

ক. আসবাবপত্র ক্রয়ে নগদ অর্থের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মাস শেষে মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. হিসাব সমীকরণে ১, ৩, ১০ ও ৩০ তারিখের লেনদেনগুলোর প্রভাব টেবুলার ছকে দেখাও। ৪

৭ ▶ ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে জনাব আরহামের ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

(i) নগদান বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত ১,০০,০০০ টাকা।
(ii) প্রদেয় হিসাবকে ১৬,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখন পর্যন্ত ব্যাংকে উপস্থাপন করা হয়নি।
(iii) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ১০,০০০ টাকা আদায় হয়নি।
(iv) বিনিয়োগের সুদ সরাসরি ব্যাংকে জমা ১,২০০ টাকা।
(v) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ১০,০০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।
(vi) ব্যাংক জমাতিরিক্তের সুদ ৬,০০০ টাকা ধার্য করা হয়েছে।
(vii) প্রদেয় হিসাবের ৭,০০০ টাকা ব্যাংক কর্তৃক পরিশোধ যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংকে জমা হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. (iv), (v), (vi) ও (vii) লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

৮ ▶ মেসার্স অদ্রিকা ট্রেডার্সের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখের।

হিসাবের নাম	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১৮,০০০
মজুরি	১০,০০০
বিক্রয়	১,২০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৪,৪০০
ক্রয়	৭৫,০০০
আয়কর	১,৫০০
বিক্রয় খতিয়ানের জের	২০,০০০
ক্রয় খতিয়ানের জের	৬,৫০০
মূলধন	৩৮,০০০
পেটেন্ট	১,০০০
সুনাম	১৫,০০০
সমাপনী মজুদ পণ্য	৬,০০০
প্রাপ্য বিল	২৬,০০০
প্রদেয় বিল	২,৩০০
বিক্রয়ের উপর বাট্টা	৫,০০০

ক. অস্পর্শনীয় সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২
খ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৯ ▶ ৩১-১২-২০২১ তারিখে অর্ণব স্টোর এর হিসাব বইতে রেওয়ামিল তৈরির পূর্বে নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

(১) আনিকার নিকট থেকে প্রাপ্ত ৫০,০০০ টাকা মনিকার হিসাব খাতে ক্রেডিট করা হয়েছে।
(২) স্বত্বাধিকারী কর্তৃক পণ্য উত্তোলন ১০,০০০ টাকা বিক্রয় বইতে লেখা হয়েছে।
(৩) বাকিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা বহিঃফেরত বইয়ে লেখা হয়েছে।
(৪) ১০,০০০ টাকার পণ্য ক্রয় বিক্রয় বইতে লেখা হয়েছে।

ক. ১ ও ২নং ভুলের শ্রেণি উল্লেখ কর। ২
খ. ভুলগুলোর জন্য সংশোধনী জাবেদা দাও। ৪
গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ২৫,০০০ টাকা ধরে অর্ণবের বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▶ ২০২৪ সালের জনাব রাহাতের জুলাই মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২৪
জুলাই ১ নগদ তহবিল ও ব্যাংক জমার উদ্বৃত্ত যথাক্রমে ১৫,০০০ টাকা এবং ২০,০০০ টাকা।
" ২ মামুন স্টোর এর নিকট নগদে পণ্য বিক্রয় ৩,০০০ টাকা।
" ৪ ব্যাংক হতে উত্তোলন করা হলো ৫,০০০ টাকা।
" ৭ রাতুল এন্টারপ্রাইজের নিকট হতে ১০% বাট্টায় ৬,০০০ টাকার পণ্য নগদে ক্রয়।
" ১০ ধারে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
" ১২ ৫% বাট্টায় ৪,০০০ টাকার দেনা পরিশোধ করা হলো।
" ১৫ পণ্য ক্রয় করে ৮,৪০০ টাকার চেক প্রদান করা হলো।
" ২০ আলিয়ার নিকট হতে ৭,৫০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ৭,২০০ টাকা পাওয়া গেল।
" ২৮ বেতন নগদে ২,০০০ টাকা এবং চেকে ১,০০০ টাকা পরিশোধ করা হলো।
" ৩০ উপভাড়া প্রাপ্তি ৩,০০০ টাকা।

ক. নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. রাহাতের নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪
গ. রাহাতের নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

১১ ▶ জনাব আলতাফ তার ব্যবসায়িক কার্যাবলি সম্পাদনের জন্য ২০২২ সালের ১লা জানুয়ারি তারিখে ৪,৭৫,০০০ টাকা মূল্যের একটি মোটরগাড়ি ক্রয় করেন। উক্ত গাড়িটির রেজিস্ট্রেশন বাবদ খরচ হয় ২৫,০০০ টাকা। অনুমান করা হয় গাড়িটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা। ২০২৪ সালের ১ অক্টোবর গাড়িটি ৩,৬৫,০০০ টাকায় বিক্রয় করে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মোটর গাড়ি বিক্রয়জনিত লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২২ থেকে ২০২৪ পর্যন্ত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. ২০২২ থেকে ২০২৪ পর্যন্ত মোটরগাড়ি হিসাব প্রস্তুত কর। ৪

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ 'তানিশা এন্টারপ্রাইজের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

তানিশা এন্টারপ্রাইজের রেওয়ামিল

২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৭৫,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		৩৫,০০০
মজুদ পণ্য (০১-০১-২০২০)	২,৫০,০০০	
৯% বিনিয়োগ (০১-০৭-২০১৯)	২,৫০,০০০	
যন্ত্রপাতি	১,৫৫,০০০	
১০% বন্ধকি ঋণ (০১-০৬-২০২০)		৩,০০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২,৭৫,৫০০	১,১৯,০০০
মূলধন		২,৮৫,০০০
ক্রয় পরিবহন	৪০,০০০	
বেতন খরচ	৭০,০০০	
বিজ্ঞাপন খরচ	১,০০,০০০	
পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ)	৫,০০,০০০	
পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ)		৯,০০,০০০
ভ্যাট চলতি হিসাব		৬৫,০০০
ঋণের সুদ ও বিনিয়োগের সুদ	৯,০০০	২০,০০০
ফেরত	৪,৫০০	৫,০০০
	১৭,২৯,০০০	১৭,২৯,০০০

অন্যান্য তথ্য : (১) হিসাবকাল শেষে মজুদ পণ্য ৩,৫০,০০০ টাকায় মূল্যায়ন হয়েছে; (২) প্রচারের জন্যে ১০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে; (৩) প্রদত্ত বিজ্ঞাপন খরচের মধ্যে ৫,০০০ টাকা পরবর্তী হিসাবকালের জন্য প্রদান করা হয়েছে; (৪) প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে সন্দেহজনক সঞ্চিতির ব্যবস্থা কর।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরের মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ অগ্রণী ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

অগ্রণী ট্রেডার্সের রেওয়ামিল

২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	১৫,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬০,০০০	৫০,০০০
যন্ত্রপাতি	৩,০০,০০০	
অফিস সাপ্লাইজ	৯,০০০	
৫% বিনিয়োগ (০১-০৩-২০২০)	৬০,০০০	
বেতন খরচ (১৫ মাস)	৩০,০০০	
ভাড়া খরচ	৬,০০০	
পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি)		১০,০০০
ক্রয় ও বিক্রয়	৯০,০০০	১,৬০,০০০
মজুরি	৪০,০০০	
উত্তোলন ও মূলধন	১০,০০০	৪,০০,০০০
	৬,২০,০০০	৬,২০,০০০

অন্যান্য তথ্য : (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৬০,০০০ টাকা; (২) ১০,০০০ টাকার মাল ক্রয় করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি এবং মূল্যও পরিশোধ হয়নি; (৩) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৪) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য কর; (৫) অফিস সাপ্লাইজ খরচ হয়েছে ৫,০০০ টাকা; (৬) ক্যাশবাক্স হতে দুটি ২০০ টাকার নোট চুরি হয়েছে, যা এখনও হিসাবভুক্ত হয়নি।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৮৫,০০০ টাকা ধরে নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ জনাব কামাল ২০২০ সালের ১ মার্চ তারিখে নগদ ৫০,০০০ টাকা; ব্যাংক জমা ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনা ঘটে :

২০২০

মার্চ ২ ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা।

" ৫ পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। (৪০% ধারে)।

" ১০ মাসিক ১০,০০০ টাকা বেতনে ১ জন কর্মচারী নিয়োগ।

" ১৫ ৪০,০০০ টাকার পণ্য বিক্রয়ের ফরমায়েশ প্রাপ্তি।

" ২০ ৫ তারিখের ক্রয় বাবদ পাওনা পরিশোধ করা হলো।

" ৩০ জনাব কামাল তার ব্যক্তিগত গাড়ি ৫০,০০০ টাকায় বিক্রি করে কারবারে ৩০,০০০ টাকা প্রদান করেন।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনার সমষ্টি নির্ণয় কর। ২

খ. ব্যবসায়িক লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ মি. আতিকের ২০২০ সালের মার্চ ১ তারিখে নগদ ২০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ৫,০০০ টাকা ছিল। উক্ত মাসে অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

মার্চ ৩ পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। (৫০% নগদে, ৩০% চেকে এবং ২০% ধারে)

" ৪ মি. রহিমের পাওনা ১০,০০০ টাকা ৫% বাট্টায়, ৫০% নগদে ও ৫০% চেকের মাধ্যমে পরিশোধ করা হলো।

" ৫ নগদে বিক্রয় ৪০,০০০ টাকা, যার অর্ধেক সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।

" ৮ দেনাদার মিজানের কাছ থেকে ২% বাট্টায়, ২০,০০০ টাকার পাওনা নগদে ৯,৬০০ টাকা এবং অবশিষ্ট টাকার চেক পাওয়া গেল, চেকটি সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।

" ১০ স্বীকৃত বিলের মাধ্যমে ক্রয় ১০,০০০ টাকা।

" ১২ মাসুমের কাছ থেকে ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করা হলো।

" ১৫ মাসুমের পাওনা ৩০০ টাকা বাট্টায় নগদে ৫০% এবং চেকের মাধ্যমে ৫০% পরিশোধ করা হলো।

" ২৫ ব্যাংক চার্জ ধার্য করা হলো ২০০ টাকা।

ক. নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ৩, ৪, ৫ ও ১২ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৫ ▶ ২০১৯ সালের ডিসেম্বর ৩১ তারিখে মারুফ ব্রাদার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ ছিল ৬৮,০০০ টাকা। উক্ত তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্তের সাথে ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক উদ্বৃত্তের পার্থক্য পরিলক্ষিত হয়। যথারীতি পরীক্ষার পর নিচে উল্লিখিত ভুলগুলো ধরা পড়ল :

(১) পাওনাদারকে ১৩,০০০ টাকার একটি চেক ইস্যু করা হয়েছে। কিন্তু চেকটি ৩১-১২-২০১৯ তারিখের মধ্যে পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপন করা হয়নি। (২) ব্যাংকে বাট্টাকৃত ১২,০০০ টাকার একটি প্রাপ্য নোট প্রত্যাখ্যাত হয়েছে। কিন্তু এটি নগদানভুক্ত করা হয়নি। (৩) ২০-১২-২০১৯

তারিখে ৫,০০০ টাকা এবং ৩,০০০ টাকার দুটি চেক ব্যাংকে জমা দেওয়া হয়। কিন্তু দ্বিতীয় চেকটি ৩-১-২০২০ তারিখে আদায় হয়েছে। (৪) ব্যাংক ২,৫০০ টাকা সুদ মঞ্জুর করেছে এবং ব্যাংক চার্জ বাবদ ১,০০০ টাকা কর্তন করেছে, যা নগদান বইতে লেখা হয়নি। (৫) ব্যাংক বিনিয়োগের সুদ বাবদ ৫,০০০ টাকা আদায় করে ব্যাংক বিবরণীতে ক্রেডিট করেছে, কিন্তু নগদান বইতে কোনো দাখিলা দেওয়া হয়নি। (৬) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৬,০০০ টাকা নগদানভুক্ত করা হয়নি। (৭) ব্যাংক ভুলে অন্য হিসাবের ৪,০০০ টাকার চেক আমাদের হিসাবে জমা করেছে।

ক. ক্রেডিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নগদান বইতে লিপিবদ্ধ হয়নি এরূপ লেনদেনের সমষ্টি নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মমিন ব্রাদার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ ছিল ২০,৫০০ টাকা। নগদান বই ও ব্যাংক বিবরণী পরীক্ষা করে নিম্নোক্ত তথ্যাবলি উদ্‌ঘাটিত হলো :

(১) চেক জমা দেওয়া হয়েছে, কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয়নি ১,৪০০ টাকা; (২) চেক ইস্যু হয়েছে কিন্তু ব্যাংকে উপস্থাপিত হয়নি ২,৮০০ টাকা; (৩) ব্যাংক বিনিয়োগের সুদ আদায় করেছে ৫০০ টাকা যা নগদানভুক্ত হয়নি; (৪) জমাতিরিক্ত উত্তোলনের সুদ ২০০ টাকা নগদান বইতে লেখা হয়নি; (৫) লভ্যাংশ বাবদ ৪০০ টাকা ব্যাংক সরাসরি আদায় করেছে। কিন্তু নগদান বইতে লেখা হয়নি; (৬) ব্যাংক ২,১০০ টাকার একটি বিলের বিপরীতে ২,০০০ টাকা আদায় করেছে। কিন্তু উক্ত বিলের সম্পূর্ণ মূল্য দ্বারা নগদানভুক্ত হয়েছে; (৭) ব্যাংকে জমা দেওয়া ৩,০০০ টাকার একটি চেক প্রত্যাখ্যাত হয়েছে যানগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. বিল আদায় বাবদ মোট ব্যয়ের পরিমাণ কত? ২

খ. ৩, ৪, ৫ এবং ৭ নং এর জন্য মমিন ব্রাদার্সের বইতে জাবেদা দাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▶ জনাব আনোয়ারের ব্যবসায়ের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ :

জনাব আনোয়ার-এর রেওয়ামিল

২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৫৪,০০০
আসবাবপত্র	৬২,০০০	
প্রাপ্য হিসাব	৭,০০০	
নগদ তহবিল	১৬,৪০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	৪৩,৫০০	
ক্রয়	১,০৫,০০০	
বিক্রয়		১,৫০,৫০০
মজুরি	১৮,০০০	
বিক্রয় ফেরত	২,৫০০	
প্রদেয় হিসাব		৩,০০০
বেতন	৮,১০০	
যন্ত্রপাতি	৬০,০০০	
শিক্ষানবিশ সেলামি		১৫,০০০
	৩,২২,৫০০	৩,২২,৫০০

রেওয়ামিল তৈরির পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে : (১) আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে; (২) ক্রয় ৮,০০০ টাকা লিপিবদ্ধকরণ বাদ পড়েছে; (৩) বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা ভুলে হিসাবের বইতে লেখা হয়নি; (৪) ৫,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয়; আসবাবপত্র হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. উপর্যুক্ত ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ২

খ. ভুল সংশোধনের সাথে সম্পর্কিত খতিয়ান হিসাবগুলো তৈরি কর। ৪

গ. ভুল সংশোধনের পর সংশোধিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮ ▶ ১ জানুয়ারি ২০১৮ তারখে অহনা কোম্পানি লি. ৯,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করে, ঐ একই তারিখে কোম্পানিটি বহন খরচ ও বসানো খরচ বাবদ যথাক্রমে ১০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা নির্বাহ করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানিটি তার হিসাব বই বন্ধ করে। কোম্পানি মেশিনটির ওপর সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত টাকা? ২

খ. ২০১৮ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত সময়ের কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. প্রথম তিন বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▶ নিচের তথ্যাবলির ভিত্তিতে প্রশ্নগুলোর উত্তর দাও :

বাধন ট্রেডার্সের রেওয়ামিল

২০২১ সালের ৩১ মার্চ সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	২,৫০০	
দেনাদার	১,৮০০	
সাপ্লাইজ	১,১০০	
পুঞ্জীভূত অবচয় (ইকুইপমেন্ট)		১,২০০
ইকুইপমেন্ট	৬,০০০	
পাওনাদার		১,৪০০
অনার্জিত আয়		৩০০
মূলধন		৭,০০০
উত্তোলন	৬০০	
সেবা আয়		৩,০০০
বেতন	৭০০	
বিবিধ খরচ	২০০	
	১২,৯০০	১২,৯০০

অন্যান্য তথ্যাবলি : (i) মার্চ মাসের শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১৪০ টাকা; (ii) মার্চ মাসের অবচয় ২০০ টাকা; (iii) মার্চ মাস শেষে অনার্জিত আয়ের পরিমাণ ২০০ টাকা; (iv) অগ্রিম বেতন ২০০ টাকা বেতনের অন্তর্ভুক্ত আছে।

ক. মার্চ মাসের পরিচালন খরচ কত? ২

খ. দশ কলাম বিশিষ্ট একটি কার্যপত্র প্রস্তুত কর। ৪

গ. সমাপনী দাখিলাগুলো প্রদান কর। ৪

১০ ▶ ১ জুলাই ২০১৯ তারিখে পিয়াস ট্রেডার্স ১,২০,০০০ টাকা মূল্যের অফিস সরঞ্জাম ক্রয় করেন। ফিটিং বাবদ আরও ৫,০০০ টাকা ব্যয় হয়।

১ অক্টোবর তারিখে আরও ৬০,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয় করা হয়। পরিবহন ও ফিটিং বাবদ যথাক্রমে ২,০০০ টাকা ও ৩,০০০ টাকা খরচ হয়। হিসাব বছর ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০% হারে অবচয় ধার্য করা হয়।

ক. ২০১৯ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০১৯ সালের জন্য প্রয়োজনীয় জাবেদা লিখন দাও। ৪

গ. ২০১৯ ও ২০২০ সালের অফিস সরঞ্জাম ও অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▶ A, B ও C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল : যথাক্রমে ২,০০,০০০ টাকা; ৩,০০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা। A ও C মাসিক ৫,০০০ টাকা ও ৩,০০০ টাকা বেতন প্রাপ্ত হবেন। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক মাসের শেষ তারিখে A, B ও C যথাক্রমে ৪,০০০ টাকা, ৫,০০০ টাকা ও ৬,০০০ টাকা কারবার হতে নগদ উত্তোলন করেছিলেন। A ২০২০ সালের ১ জুলাই ৫০,০০০ টাকা কারবারকে ঋণস্বরূপ প্রদান করে। উপর্যুক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট লাভ ৩,০০,০০০ টাকায় উপনীত হয়।

ক. A এর ঋণের সুদ গণনা কর। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. A ও C এর মূলধন হিসাব তৈরি কর। ৪

রাজশাহী কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ মেসার্স সাজনিন এন্ড কোং এর হিসাব বই থেকে সংগ্রহ করা হয়েছে :

সাজনিন এন্ড কোং
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০২৩

ক্র. নং	হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	মূলধন			৪,০০,০০০
২.	উত্তোলন		৩৫,০০০	
৩.	ভ্যাট চলতি হিসাব			২০,০০০
৪.	মজুরি (২/৩)		২২,০০০	
৫.	ক্রয় ও বিক্রয় (ভ্যাটসহ)		৫,৬০,০০০	৭,৯০,০০০
৬.	৬% ঋণ			৮০,০০০
৭.	বিবিধ দেনাদার ও বিবিধ পাওনাদার		৩,২৫,০০০	১,৯০,০০০
৮.	নগদ তহবিল		৩০,০০০	
৯.	ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন			৩০,০০০
১০.	আয়কর		২৫,০০০	
১১.	দালানকোঠা		২,৫০,০০০	
১২.	আসবাবপত্র		৭০,০০০	
১৩.	বহিঃপরিবহন		১০,০০০	
১৪.	প্রাপ্য বিল ও প্রদেয় বিল		২৭,০০০	২৪,০০০
১৫.	অনাদায়ি পাওনা ও অনাদায়ি পাওনা সঞ্চিতি		৫,০০০	৩,০০০
১৬.	বেতন		৪৮,০০০	
১৭.	ভাড়া		৫০,০০০	
১৮.	ব্যাংক জমা		৩৫,০০০	
১৯.	বিজ্ঞাপন		৪৫,০০০	
			১৫,৩৭,০০০	১৫,৩৭,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদের মূল্যায়ন করা হয়েছে ৬৫,০০০ টাকা; (২) আসবাবপত্র ও দালানকোঠার উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (৩) অনাদায়ি পাওনা সঞ্চিতিকে আরও ৮,৫০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে; (৪) ভাড়া প্রদানের মাসিক হার ৫,০০০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২
খ. মেসার্স সাজনিন ট্রেডার্সের ক্রয়-বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

২ ▶ নিম্নলিখিত রেওয়ামিলটি মি. ইমরান ব্যবসায় হিসাবের বই হতে ২০২৩ সালের ৩০শে জুন তারিখে প্রস্তুত করা হয়।

মি. ইমরানের রেওয়ামিল
৩০শে জুন ২০২৩

ডেবিট ব্যালেন্স	টাকা	ক্রেডিট ব্যালেন্স	টাকা
উত্তোলন	৩০,০০০	মূলধন	২,৫০,০০০
দালান	১,০০,০০০	বিক্রয়	৩,৫০,০০০
আসবাবপত্র	৩০,০০০	বিবিধ পাওনাদার	১২,০০০
ক্রয়	২,০০,০০০	ব্যাংক জমাতিরিক্ত	৪০,০০০
মজুদ (১.৭.২৩)	৫০,০০০	শিক্ষানবিশ সেলামি	৫,০০০
মজুরি ও বেতন	৬০,০০০		
কর ও অভিকর	২,০০০		
অফিস খরচ	৭০,০০০		
বিমা	১৩,০০০		
বিবিধ দেনাদার	৩০,০০০		
জাহাজ ভাড়া	২০,০০০		
হাতে নগদ	১,০০০		
১০% বিনিয়োগ (১.১.২৩ তারিখে বিনিয়োগকৃত)	৫১,০০০		
	৬,৭৫,০০০		৬,৭৫,০০০

সমন্বয়সমূহ : (১) ৩০শে জুন, ২০২৩ তারিখে মজুদ মালের পরিমাণ ৩০,০০০ টাকা; (২) ২৮শে জুন, ২০১৮ তারিখে ব্যবসায়ে অগ্নিকাণ্ড সংঘটিত হয় এবং তাতে ১৫,০০০ টাকার মাল বিনষ্ট হয়। বিমা কোম্পানি ক্ষতিপূরণ বাবদ ১২,০০০ টাকা প্রদান করতে সম্মত হয়; (৩) বার্ষিক বিমা চার্জ ১৫,০০০ টাকা; (৪) শিক্ষানবিশ সেলামি ৪ বছরের জন্য পাওয়া গেছে; (৫) দালানের উপর ৬% এবং আসবাবপত্রের উপর ৮% অবচয় ধার্য করতে হবে।

ক. আসবাবপত্র ও দালানকোঠা হিসাব উদ্বৃত্তপত্রে কত টাকা দেখানো হবে তা নির্ণয় কর। ২
খ. উক্ত বছরে মোট লাভের পরিমাণ ৮৫,৫৫০ টাকা হলে নিট লাভের পরিমাণ কত? ৪
গ. ৩০ জুন ২০২৩ তারিখে জনাব ইমরানের ব্যবসার মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ ২০২৩ সালের ১লা জানুয়ারি মেসার্স সাবানা ট্রেডার্স নগদ ৯০,০০০ টাকা; অফিস সরঞ্জাম ৬০,০০০ টাকা; ভূমি ও দালানকোঠা ১,২০,০০০ টাকা; দেনাদার ৩০,০০০ টাকা ও পাওনাদার ২০,০০০ টাকা। উক্ত জানুয়ারি মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নে দেয়া হলো :

জানু. ২ ১০% প্রদেয় নোটে স্বীকৃতিদানের মাধ্যমে ব্যাংক হতে ঋণ গ্রহণ ৪০,০০০ টাকা।
" ৫ পণ্য ক্রয় নগদে ১০,০০০ টাকা এবং ধারে ৩০,০০০ টাকা।
" ৭ ৩ মাসের শোরুম ভাড়া অগ্রিম প্রদান ২১,০০০ টাকা।
" ৮ ১০,০০০ টাকা মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ।
" ১০ ইন্স্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ ১,৫০০ টাকা।
" ১৫ ৫% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা (নগদে ৫০%, ধারে ৫০%)
" ২০ মালিক কর্তৃক নগদ উত্তোলন ১০,০০০ টাকা।
" ২৮ একজন দেনাদারের নিকট হতে ৩৫,০০০ টাকা পাওয়া গেল।

ক. মেসার্স সাবানা ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা দেখাও। ২
খ. হিসাব সমীকরণে লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪
গ. ২০২৩ সালের ৩১শে জানুয়ারি সমাপ্ত মাসের জন্য আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৪ ▶ ২০২৩ সালের ১লা জানুয়ারি তারিখে জনাব শাহিন এন্ড কোং নগদ উদ্বৃত্ত ৭২,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন নিম্নরূপ :

জানু. ৪ পণ্য বিক্রয় বাবদ নগদ ২৮,৫০০ টাকা এবং চেকে ২১,৫০০ টাকা পাওয়া গেল। চেক সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হলো।
" ৫ নগদে সেবা প্রদান ৪০,০০০ টাকা এবং ধারে সেবা প্রদান ৩০,০০০ টাকা।
" ৬ ব্যাংকে জমা দেয়া হলো ১৫,০০০ টাকা।
" ৮ নগদে আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
" ১০ কর্মচারীদের মজুরি প্রদান ৪,০০০ টাকা।
" ১৫ চেকে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।
" ২০ রাফিকে প্রদান ৭,৯৫০ টাকা এবং বাট্টা মঞ্জুর ৫০ টাকা।
" ২২ অফিসের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২০,০০০ টাকা।
" ২৩ কাজলের নিকট হতে পাওনা ৩,৩০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩,১০০ টাকার চেক পাওয়া গেল এবং রহিমকে তার পাওনা ৩,১৫০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে চেকটি প্রদান করা হলো।
" ২৪ ৮,০০০ টাকার প্রাপ্য বিল আদায়ের জন্য এবং ৫,০০০ টাকার প্রদেয় বিল পরিশোধের জন্য ব্যাংকের প্রতি নির্দেশ দেওয়া হলো।
" ২৫ ৫০০ টাকার প্রাপ্য নোট ৪৮০ টাকায় বাট্টা করা হলো।
" ২৮ ২৫ তারিখের প্রাপ্য বিলখানি অমর্যাদা হলো।
" ৩০ ব্যাংক জমাতিরিক্তের সুদ ধার্য করা হলো ৩০০ টাকা।
" ৩১ সমাপনী নগদ উদ্বৃত্তের ৫০% টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেয়া হলো।

ক. উক্ত লেনদেনগুলোর মধ্যে কন্ট্রা এন্ট্রি চিহ্নিত কর। ২
খ. জানুয়ারি ২৩ ও ২৪ তারিখের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৫ ▶ জনাব তাহসানের নগদান বই ৫৫,৫০০ টাকা ব্যাংক জমার উদ্বৃত্ত প্রদর্শন করলেও ব্যাংক বিবরণীর সাথে কোনো মিল নেই।

১. ৩৫,৬০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দিলেও উহা এখনও আদায় হয়নি।
২. ব্যাংক ৭,২০০ টাকা চার্জ করলেও নগদান বইতে লেখা হয়নি।
৩. ব্যাংক কর্তৃক জমাতিরিক্তের উপর ৯৫০ টাকা ধার্য করলেও নগদান বইতে লেখা হয়নি।
৪. ১৭,৫০০ টাকার একটি চেক ইস্যু করা হলেও তা ব্যাংকে উপস্থাপন করা হয়নি।
৫. ব্যাংক কর্তৃক ৮,৮৫০ টাকা সুদ আদায় করলেও তা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৩নং থেকে ৫নং পর্যন্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▶ মেসার্স অনাবিল ট্রেডার্সের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে :

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
মজুদ পণ্য (১.১.২৩)	১২,০০০	নৌবিমা ও অগ্নিবিমা সেলামি	৪,৫০০
জমি ও ইমারত	৪০,০০০	লাইসেন্স নবায়ন	১,৫৫০
মোটরগাড়ি	৫৫,০০০	১০% ঋণপত্রে লগ্নি	৪০,০০০
নিরীক্ষা ফিস	৮,০০০	মূলধনের সুদ	৫,৫০০
আইন খরচ	৫,০০০	আসবাবপত্র	২৫,০০০
ইজারা সম্পত্তি (১২ বছর)	১২,০০০	বিবিধ দেনাদার	৭,৫০০
খুচরা যন্ত্রাংশ	৩,০০০	বিক্রয়	১,৪০,৮০০
প্যাকিং খরচ	১,৭৫০	অবচয় সঞ্চিতি	৫,০০০
পণ্য খালাস ও শুদামজাতকরণ	১,৫০০	আদায়কৃত অনাদায়ি পাওনা	১,০০০
অনাদায়ি পাওনা	১,৫০০	উত্তোলন	২,৫০০
মনিহারি	৩,২৫০	মূলধন	১,৭০,০০০
স্থায়ী আমানত	২০,০০০	মেরামত ও নবায়ন	২,৫০০
অনাদায়ি পাওনা সঞ্চিতি	১,২৫০	ভাড়া	৬,০০০
পাওনাদারবৃন্দ	১৮,৫০০	ক্রয়	৮০,০০০

ক. মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি অবলম্বনে একটি রেওয়ামিল নির্ণয় কর। ৪
গ. মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▶ জনাব মোহিনের ৩১শে ডিসেম্বর ২০২৩ তারিখে নিম্নোক্ত অসমন্বিত ও সমন্বিত রেওয়ামিলটি নিম্নরূপ :

হিসাবের নাম	অসমন্বিত রেওয়ামিল		সমন্বিত রেওয়ামিল	
	ডেবিট টাকা	ক্রেডিট টাকা	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	২০,৮০০		২০,৮০০	
দেনাদার	১৭,৬০০		১৭,৬০০	
খুচরা দ্রব্যাদি	৪,৬০০		১,০০০	
অগ্রিম বিমা	৮,০০০		৬,০০০	
অফিস সরঞ্জাম	২৮,০০০		২৮,০০০	
পুঞ্জীভূত অবচয়		৭,২০০		৯,০০০
পাওনাদার		১১,৬০০		১১,৬০০
বকেয়া বেতন				২,২০০
মূলধন		৩১,২০০		৩১,২০০
সেবা আয়		৬৮,০০০		৬৮,০০০
বেতন খরচ	৩৯,০০০		৪১,২০০	
খুচরা দ্রব্যাদির খরচ			৩,৬০০	
বিমা খরচ			২,০০০	
অবচয়			১,৮০০	
	১,১৮,০০০	১,১৮,০০০	১,২২,০০০	১,২২,০০০

ক. মুনাফাজাতীয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. সমন্বয় দাখিলা প্রস্তুত কর। ৪
গ. কার্যপত্রটি সম্পন্ন কর। ৪

৮ ▶ দিপন ট্রেডার্সের ২ বছরের যন্ত্রপাতি ক্রয়ের তথ্য নিম্নরূপ :

ক্রয়ের তারিখ	ক্রয়মূল্য টাকা	সংস্থাপন ব্যয়	শুল্ক	আয়ুষ্কাল	ভগ্নাবশেষ মূল্য
০১.০১.১৯	৪,৭০,০০০	১,০০,০০০	২০,০০০	৮	২০,০০০
০১.১০.১৯	৬০,০০০	—	৮০,০০০	৪	৬,০০০
০১.০৭.২০	৭৫,০০০	—	—	১৫	

কোম্পানি স্থির কিস্তি পদ্ধতিতে হিসাব করার সিদ্ধান্ত গ্রহণ করল।

ক. ২০১৯ সালে ২০২০ অবচয়ের পরিমাণ দেখাও। ২
খ. আধুনিক পদ্ধতিতে মেশিন হিসাব দেখাও। ৪
গ. আধুনিক পদ্ধতিতে ক্রমযোজিত অবচয় দেখাও। ৪

৯ ▶ ২০২৩ এপ্রিল মাসে মেসার্স জনতা এন্টারপ্রাইজের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

এপ্রিল ১ মালিক ১,০০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত বিনিয়োগ করেন।
" ৫ নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৬ নগদে পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ১২ বিজ্ঞাপন খরচ প্রদান ১০,০০০ টাকা।
" ১৬ কাজলের নিকট পাওনা ৩৪,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩৩,৮০০ টাকা নগদে পাওয়া গেল।
" ১৮ নিরবের নিকট দেনা ১০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা প্রদান করা হলো।
" ২২ অফিস সরঞ্জামাদি ক্রয় ৪০,০০০ টাকা যার (৬০% নগদে এবং ৪০% ধারে)
" ২৬ রহিমের নিকট প্রাপ্য ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা পাওয়া গেল।
" ২৮ সুদ পাওয়া গেল ৫,০০০ টাকা।
" ৩০ সালামের নিকট দেনা ৩০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ২৮,৫০০ টাকা প্রদান করা হলো।

ক. নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের জাবেদা দেখাও। ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

১০ ▶ লাভলী টওয়ার লি. এর ৩১শে ডিসেম্বর, ২০২২ সালের তথ্যাদি নিম্নরূপ :

১. ৩১শে ডিসেম্বর, ২০২২ তারিখে পাস বইয়ের ক্রেডিট উদ্বৃত্ত ছিল ১,৫৫,৮০০ টাকা।
২. ২৫শে ডিসেম্বর তারিখে ৬০,০০০ টাকা; ৪০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকায় তিনখানি চেক কাটা হয়েছে কিন্তু ৩১শে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ভাঙানো হয়নি।
৩. ২৭শে ডিসেম্বর, ২০২২ তারিখে ৫০,০০০ টাকা; ৭০,০০০ টাকা এবং ৩৫,০০০ টাকার তিনখানি চেক জমা হয়েছে কিন্তু ঐ সময়ের মধ্যে তা আদায় হয় নাই।
৪. ব্যাংক কর্তৃক সরাসরি প্রাপ্য বিলের টাকা আদায় ২৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংক কর্তৃক সরাসরি প্রদেয় বিলের অর্থ পরিশোধ করা হয়েছে ৩০,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
৬. ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৪,৫০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১,৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৭. নগদান বইয়ের ডেবিট উদ্বৃত্ত ১,৯৭,৮০০ টাকা।

ক. উভয় পক্ষের বইতে ব্যাংক চার্জ ও ব্যাংক সুদের জাবেদা দাও। ২
খ. দ্বিপক্ষীয় সংশোধন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. পাস বইয়ের উদ্বৃত্ত ব্যবহার করে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

১১ ▶ মেসার্স বাহাদুর এন্ড কোং এর নিম্নোক্ত রেওয়ামিলটি অশুদ্ধভাবে তৈরি করা হয়েছে :

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	হিসাবের নাম	খ. পৃ.	ক্রেডিট টাকা
উত্তোলন		১,২০০	নগদ তহবিল (১.১.২৩)		৭৫০
কলকব্জা		২,০০০	মূলধন		৫,০০০
নগদ তহবিল		২,০০০	আসবাবপত্র		৮০০
বিবিধ দেনাদার		১২,০০০	বিবিধ পাওনাদার		৯,০০০
অনাদায়ি			প্রাপ্য বিল		২,০০০
পাওনা সঞ্চিতি		৪০০	পণ্য বিক্রয়		২০,১৫০
পণ্য ক্রয়		১৬,৫০০	আন্তঃফেরত		৯০০
বহিঃফেরত		১,০০০	বিজ্ঞাপন		১৫০
বেতন		৪৫০	মনিহারি দ্রব্য		১৫০
প্রাপ্ত ভাড়া		২০০	সম্ভাব্য দায়		২,৫০০
প্রদেয় বিল		২,৫০০			
		৩৮,১৫০			৩৮,২৫০

ক. উপরে বর্ণিত উদ্বৃত্তসমূহের মধ্যে কোনগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না? ২
খ. উপরে বর্ণিত অশুদ্ধ রেওয়ামিলটি শুদ্ধ করে তৈরি কর। ৪
গ. অশুদ্ধি সংশোধনের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

ক্যান্টনমেন্ট কলেজ, যশোর

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ সোবহান প্রা. লি. এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	হিসাবের নাম	ক্রেডিট টাকা
বেতন (১৫ মাসের জন্য)	৪৫,০০০	মূলধন	২,২০,০০০
অগ্রিম বিমা খরচ	১০,০০০	সেবা আয়	১,৮০,০০০
বাড়িভাড়া	২০,০০০	প্রদেয় হিসাব	৫৫,০০০
মনিহারি	১২,০০০	অনুপার্জিত সেবা আয়	৪০,০০০
দালানকোঠা	৩,০০,০০০	পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)	১৫,০০০
উত্তোলন	২০,০০০	১৫% ঋণ (১-৭-২৪)	৯২,০০০
প্রাপ্য হিসাব	১৫,০০০		
১০% সঞ্চয়পত্র	৪০,০০০		
ইজারা সম্পত্তি (৩০ বছরের জন্য)	৬০,০০০		
আসবাবপত্র	৪০,০০০		
বিজ্ঞাপন	২০,০০০		
নগদ তহবিল	২০,০০০		
	৬,০২,০০০		৬,০২,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) বছর শেষে মনিহারির পরিমাণ ৫০০ টাকা; (২) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ১২,০০০ টাকা এবং বছর শেষে অনুপার্জিত সেবা আয়ের পরিমাণ ২০,০০০ টাকা; (৩) আসবাবপত্রের আয়ুষ্কাল ১২ বছর। দালানকোঠার অবচয় ১২%; (৪) বিজ্ঞাপনের ১/৫ অংশ অবলোপন করতে হবে।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ সফরা এন্ড ব্রাদার্সের ৩০ জুন ২০২৪ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
হাতে নগদ	২২,০০০	বিনিয়োগের সুদ	৪,০০০
উত্তোলন	১৮,০০০	মূলধন	১,১৬,০০০
১৫% বিনিয়োগ (০১-০৭-২৪)	৬২,০০০	ফেরত	৬,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১২,০০০	বিক্রয়	২,০০,০০০
ফেরত	৪,০০০	প্রদেয় হিসাব	২৪,০০০
ক্রয়	৯৪,০০০		
বেতন (৮ মাস)	১৬,০০০		
বিজ্ঞাপন	১২,০০০		
আসবাবপত্র	৪০,০০০		
প্রাপ্য হিসাব	৭০,০০০		
	৩,৫০,০০০		৩,৫০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১৮,০০০ টাকা পরক্ষণে ৩,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়। বিমা কোম্পানি ৮০% টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে; (২) বিনা মুনাফায় পণ্য বিক্রয় ৬,০০০ টাকা এবং স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৩) বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা, বিজ্ঞাপনের ৫০% বিলম্বিত করতে হবে; (৪) অনাদায়ি পাওনা ২,০০০ টাকা ধার্য কর এবং অনাদায়ি পাওনা সঞ্চিতির পরিমাণ ৪,০০০ টাকায় পরিণত কর।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের সমাপ্ত বছরের ব্যবসায়ের মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ২০২৪ সালের সমাপ্ত বছরের ব্যবসায়ের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ ইমান আলী স্টিল এর ৩১ আগস্ট ২০২৪ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ ছিল :

নগদ ৬৭,০০০ টাকা; অফিস সরঞ্জাম ২,০০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা ও প্রদেয় হিসাব ১৮,০০০ টাকা। সেপ্টেম্বর মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :

২০২৫

সেপ্টে. ৫ ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।

" ৬ ১০ মাসের বাড়িভাড়া অগ্রিম প্রদান করা হলো ৩০,০০০ টাকা।

" ১২ বিমা প্রিমিয়াম পরিশোধ করা হলো ১০,২০০ টাকা।

" ১৬ পণ্য বিক্রয় করা হলো ১,২০,০০০ টাকা (নগদে ৩০%, ধারে ৭০%)।

" ১৮ মালিক কর্তৃক পণ্য উত্তোলন করা হলো ৫,০০০ টাকা।

" ২০ একজন দেনাদারের নিকট থেকে ১২,০০০ টাকা পাওয়া গেল।

" ২২ প্রাপ্য বিলের মাধ্যমে পণ্য বিক্রয় করা হলো ৫,০০০ টাকা।

" ২৬ মালিকের জীবন বিমার প্রিমিয়াম বাবদ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৫, ৬, ১৬, ২৬ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও প্রারম্ভিক উদ্বৃত্ত বিবেচনা করে। ৪

গ. ১২, ১৮, ২০, ২২ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

৪ ▶ রয়েল ইনফিল্ড কোম্পানি লি. ১ জানুয়ারি ২০২১ সালে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনের সাথে সম্পৃক্ত খরচ হিসাবে পরিবহন ব্যয় ৫০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ২০,০০০ টাকা খরচ হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বর্ষ শেষ হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. প্রথম ৪ বছরের অবচয় সারণী প্রস্তুত কর। ৪

গ. প্রথম ২ বছরের আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▶ জনাব মোঃ আরিফ এর ৩১ জানুয়ারি তারিখে নগদান বই ও ব্যাংক হিসাবের মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়। পার্থক্যের বিষয়সমূহ নিম্নরূপ :

(ক) ব্যাংক বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্ত ৫০,৫০০ টাকা।

(খ) ইস্যুকৃত চেক ১৫,০০০ টাকা, এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।

(গ) আদায়ের জন্য ১৮,০০০ টাকার চেক ৩১ জানুয়ারি তারিখের মধ্যে ব্যাংকে জমা হয়েছে, যা নগদানভুক্ত হয়নি।

(ঘ) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৮,২০০ টাকা নগদান বইতে ২,৮০০ টাকা লেখা হয়েছে।

(ঙ) পাওনাদারকে ব্যাংক কর্তৃক পরিশোধ ৫,৩০০ টাকা অন্য হিসাবে ডেবিট করা হয়েছে।

(চ) ব্যাংক সুদ মঞ্জুর করেছে ১,০০০ টাকা ও চার্জ করেছে ৮০০ টাকা।

(ছ) ব্যাংক কর্তৃক পরিশোধ ৫,০০০ টাকা নগদানভুক্ত হয়নি।

ক. ব্যাংক কর্তৃক কত টাকার ক্রেডিট মেমোরেন্ডাম ইস্যু করা হয়েছে, নির্ণয় কর। ২

খ. একক জের সংশোধন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

গ. গ, চ ও ছ নং লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▶ সাইয়ারা বিল্ডার্স ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে চেকের মাধ্যমে ৫,৫০,০০০ টাকা প্রদান করে একটি মেশিনারি ক্রয় করে, যার পরিবহন খরচ ৫০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ৪০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ৩০,০০০ টাকা। আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। উক্ত মেশিনটি ০১/০৭/২০২৩ তারিখে ৪,৯০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. মেশিনের বিক্রয়জনিত লাভ বা ক্ষতি নির্ণয় কর। ২

খ. বিক্রয় বছরের জাবেদা দাখিলা প্রদান কর। ৪

গ. ১ম ও ২য় বছরের মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৭ ▶ আবরার এন্টারপ্রাইজের ২০২৪ সালের জানুয়ারি মাসে নিম্নে লেনদেনগুলো সম্পন্ন হয় :

জানু. ১ হাতে নগদ ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা।
" ৪ ব্যাংকে জমা দেওয়া হলো ৯,৫০০ টাকা।
" ৮ আসাদের নিকট থেকে ১০% বাট্টা বাদে ৩,৬০০ টাকার চেক পাওয়া গেল।
" ১৫ সোহেলকে ৫% বাট্টা বাদে ৫,২২৫ টাকার চেক ইস্যু করা হলো।
" ২২ পণ্য ক্রয় ১২,০০০ টাকা (নগদে ৬০%, বাকিতে ৪০%)
" ২৪ অফিস সরঞ্জাম বাকিতে ক্রয় ১০,০০০ টাকা।
" ২৮ সজিবকে ৫% বাট্টা বাদে ৪,৫০০ টাকার চেক প্রদান করা হলো।
" ২৯ বাড়িভাড়া প্রদান করা হলো ৮,০০০ টাকা (ব্যবসায়ের মালিক বাড়িটির ৬০% অংশ নিজ প্রয়োজনে ব্যবহার করে)।
" ৩১ সমাপনী উদ্বৃত্তের ২৫% টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. যে সকল লেনদেন নগদান বইতে আসবে না, তার মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১৫, ২২, ২৪ ও ২৯ তারিখের লেনদেনের সাহায্যে একটি নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

গ. ১, ৪, ৮, ২৮ ও ৩১ তারিখের লেনদেনের সাহায্যে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৮ ▶ শান কোম্পানি লি. এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের হিসাবের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
নগদ তহবিল	২০,০০০	কমিশন প্রাপ্তি	২,৫০০
ব্যাংক জমাতিরিক্ত	১৩,৫০০	বকেয়া বেতন	৪,৫০০
প্রাপ্য হিসাব	৩০,০০০	অগ্রিম বিমা	৪,৩০০
প্রদেয় বিল	২১,৮০০	দালানকোঠা	১,০০,০০০
অনাদায়ি সেবা আয়	৪৫,০০০	অফিস সাপ্লাইজ	১০,২০০
অনুপার্জিত আয়	৩,০০০	পাওনাদার বাট্টা সঞ্চিতি	১,০০০
বিনিয়োগের সুদ	২,৫০০	সুনামের অবলোপন	৫,০০০
সেবা আয়	৩৪,০০০	প্রারম্ভিক ব্যাংক জমা	১০,০০০
অব্যবহৃত মনিহারি	৫,০০০	মূলধন	২,৩০,০০০
বিমা সেলামি	২০,০০০	শিক্ষানবিশ ভাতা	২,৫০০

ক. যে সকল হিসাব রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তার মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্য হতে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▶ নাভানা মটর্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে, এ অগ্রদত্ত টাকার পরিমাণ ১,১০০ টাকা। ২০২৪ সালের মার্চ মাসের মোট খুচরা খরচের পরিমাণ ছিল ৯০০ টাকা। এপ্রিল মাসে প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত খুচরা খরচ সম্পর্কিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২৪
এপ্রিল ১ প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে চেক প্রাপ্তি।
" ৪ কাগজ, কালি ও আলপিন ক্রয় ৮০ টাকা।
" ৮ ডাকটিকিট ও খাম ক্রয় ৬০ টাকা।
" ১২ বৈদ্যুতিক বাল্ব ক্রয় ৫০ টাকা।
" ১৪ যাতায়াত বাবদ খরচ ৬০ টাকা।
" ১৬ ধারে পণ্য ক্রয় ১২০ টাকা।
" ১৮ কুলি খরচ ২০ টাকা।
" ১৯ চা ও বিস্কুট বাবদ খরচ ৫০ টাকা।
" ২৪ পিয়নকে বকশিশ প্রদান ৫০ টাকা।
" ২৫ বিনামূল্যে পণ্য বিতরণ ৬০ টাকা।
" ৩০ একটি অফিস প্রিন্টার ক্রয় ৫০০ টাকা।

ক. যে লেনদেনগুলো খুচরা নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না, তাদের জাবেদা দাখিলা দাও। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. খুচরা খরচসমূহের খতিয়ান প্রস্তুত কর। ৪

১০ ▶ কেমিকো ফার্মা লি. এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	হিসাবের নাম	ক্রেডিট টাকা
নগদ তহবিল	১,৪৪,০০০	পাওনাদার	৫৬,০০০
সমাপনী মজুদ পণ্য	৫০,০০০	বিক্রয়	৪,৬০,০০০
বিক্রয় ফেরত	১,০০০	মূলধন	৫,৮৫,০০০
যন্ত্রপাতি	৫,০০,০০০	পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি)	৫০,০০০
বিক্রীত পণ্যের ব্যয়	৩,৪০,০০০		
বেতন	৪০,০০০		
ভাড়া	২৮,০০০		
বিজ্ঞাপন	৪৮,০০০		
	১১,৫১,০০০		১১,৫১,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) বেতন প্রতি মাসে ৪,০০০ টাকা হারে প্রদান করা হয়; (ii) সরলরৈখিক পদ্ধতিতে যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (iii) বিজ্ঞাপন খরচকে পাঁচটি আর্থিক বছরে সমানভাবে সমন্বয় করতে হবে; (iv) ভাড়া ১০ মাসের জন্য প্রদত্ত।

ক. বকেয়া বেতন ও বকেয়া ভাড়ার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত সমন্বয়সমূহের জাবেদা দাখিলা প্রদান কর। ৪

গ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের দশ ঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১১ ▶ ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সানশাইন এন্ড কোং এর পণ্য ক্রয়সংক্রান্ত লেনদেনসমূহ নিম্নরূপ :

ফেব্রু ৫ নাসিম ব্রাদার্সের নিকট থেকে প্রতিটি ৪৫০ টাকা মূল্যের ১০,০০০ পিছ গেঞ্জি ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ২০১।
" ২ তৌহিদ এন্ড সন্স এর নিকট থেকে প্রতিটি ৭৫০ টাকা মূল্যের
৫ ৮০০ পিছ পাঞ্জাবি ক্রয়। কারবারি বাট্টা ১০%। চালান নং ২০৯।

ক. কারবারি বাট্টার মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে একটি ক্রয় বই প্রস্তুত কর। ৪

গ. সংশ্লিষ্ট খতিয়ান প্রস্তুত কর। ৪

কুমিল্লা সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ জামান ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

ক্র. নং	হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	মূলধন		১,১০,০০০
২.	উত্তোলন	১০,০০০	
৩.	নগদ	১,২০,০০০	
৪.	অফিস সাপ্লাইজ	৩০,০০০	
৫.	প্রদেয় হিসাব		৩৬,০০০
৬.	অনুপার্জিত আয়		১,১০,০০০
৭.	অগ্রিম ভাড়া	১৫,০০০	
৮.	অফিস সরঞ্জাম	১,৫০,০০০	
৯.	পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম)		২৫,০০০
১০.	বেতন খরচ	২০,০০০	
১১.	উপযোগ খরচ	২০,০০০	
১২.	সেবা আয়		১,২২,০০০
১৩.	প্রাপ্য হিসাব	৫৮,০০০	
১৪.	৫% প্রদেয় নোট		২০,০০০
		৪,২৩,০০০	৪,২৩,০০০

সমন্বয়সমূহ : (১) অফিস সাপ্লাইজের সমাপনী মজুদ ৪,০০০ টাকা; (২) অগ্রিম ভাড়ার অর্ধাংশের মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) অনুপার্জিত আয়ের ১০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (৪) সেবা আয় অর্জিত হয়েছে ১০,০০০ টাকা কিন্তু হিসাবভুক্ত হয়নি; (৫) বেতন খরচ বকেয়া রয়েছে ৩,০০০ টাকা; (৬) অফিস সরঞ্জামের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. অলিখিত সুদ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য বিশদ আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে জামান ট্রেডার্সের মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ জনাব কামালের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

কামাল ব্রাদার্সের রেওয়ামিল

২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৩০,০০০	
মূলধন		৮০,০০০
উত্তোলন	১০,০০০	
যন্ত্রপাতি	৬০,০০০	
১০% ঋণ (১/৭/২৩)		৪০,০০০
মজুদ পণ্য (১/১/২৩)	২০,০০০	
পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ)	৬৯,০০০	
পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ)		১,০৩,৫০০
মজুরি	৮,০০০	
বেতন	১২,০০০	
প্রাপ্য হিসাব	২৮,০০০	
প্রদেয় হিসাব		১১,৫০০
বিজ্ঞাপন	২,০০০	
অনাদায়ি দেনা সঞ্চিতি		৫,০০০
বিমা খরচ	১,০০০	
	২,৪০,০০০	২,৪০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ২৮,০০০ টাকা যার মধ্যে আগুনে বিনষ্ট ৮,০০০ টাকা বিমা কোম্পানি ৬,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে; (২) বাকিতে পণ্য বিক্রয় ৪,৬০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) বিজ্ঞাপন খরচ ১/২ পরবর্তী বছরের জন্য বিলম্বিত করতে হবে; (৫) যন্ত্রপাতির উপর ৫% অবচয় ধরতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কামাল ব্রাদার্সের আর্থিক অবস্থা বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▶ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে মি. আকিব নগদ ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। ঐ মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ৪ নগদ বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৭ ধারে ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ ব্যাংকে জমা দেওয়া হলো ১০,০০০ টাকা।
" ১৫ যন্ত্রপাতির ক্রয় ২৫,০০০ টাকা।
" ১৮ ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
" ২২ ধারে বিক্রয় ২৪,০০০ টাকা।
" ২৭ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৭,০০০ টাকা।
" ৩০ প্রাপ্য হিসাব হতে পাওয়া গেল ১০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৪, ১০, ১৮ ও ২৭ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. ৭, ১৫, ২২ ও ৩০ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▶ জনাব সম্রাটের ২০২২ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২২
জুন ১ নগদ ৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ৫ মাসিক ১০,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ দিলেন।
" ১০ ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ২০ নিজস্ব তহবিল থেকে ছেলের স্কুলের বেতন প্রদান ৫০০ টাকা।
" ২৫ নগদে পণ্য বিক্রয় ৯০,০০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাগুলো উল্লেখ কর। ২

খ. ১, ১০, ১৫ ও ২৫ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

গ. ক্রয় হিসাব এবং নগদান হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ বুশরা ট্রেডার্সের ব্যবসায়ে জানুয়ারি ২০২০ সালে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পন্ন হয় :

২০২০
জানু. ১ হাতে নগদ ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২,০০০ টাকা।
" ৫ দেনাদার রহিম কর্তৃক সরাসরি ব্যাংকে জমা দান ১০,০০০ টাকা।

" ১০ মি. কাজলের নিকট থেকে ৬,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৬,০০০ টাকার চেক প্রাপ্তি।
" ১৪ ৫,০০০ টাকা দেনা চেকে পরিশোধ করে ৩০০ টাকা বাট্টা পাওয়া গেল।
" ১৮ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা এবং পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ২০ অতিরিক্ত মূলধন আনা হলো ২৫,০০০ টাকা।
" ২৪ পুরাতন টেবিল ও চেয়ার বিক্রয় ৩,০০০ টাকা।
" ২৭ আরমানের নিকট ৭,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৬,৮০০ টাকা প্রাপ্তি।
" ৩০ কামরুলের নিকট হতে প্রাপ্তি ৫,০০০ টাকা।
" ৩১ নগদ বিক্রয় ১২,০০০ টাকা।

ক. জানুয়ারি মাসের শুরুতে বুশরা ট্রেডার্সের তরল সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১ থেকে ১৮ তারিখের লেনদেনের সাহায্যে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. জানুয়ারি ২০ থেকে ৩১ তারিখ পর্যন্ত লেনদেনের সাহায্যে একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▶ সোনালী এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিচে প্রদত্ত হলো :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ব্যাংক জমাতিরিক্ত		৫,০০০
নগদ তহবিল	১,১২,৫০০	
মূলধন		৬৮,৭৫০
উত্তোলন	২৫,০০০	
সেবা আয়		১,৩৭,৫০০
বেতন	৩০,০০০	
অগ্রিম ভাড়া	৪৫,০০০	
কমিশন		১,২৫০
ভাড়া	৫,০০০	
বিজ্ঞাপন খরচ	৪,০০০	
উপযোগ খরচ	৩,০০০	
প্রদেয় বিল		১২,০০০
	২,২৪,৫০০	২,২৪,৫০০

অন্যান্য তথ্য : (১) অনুপার্জিত সেবা আয় ৫,৭৫০ টাকা; (২) মালিকের ব্যক্তিগত উত্তোলন ১২,৫০০ টাকা হিসাবভুক্ত হয় নাই; (৩) কমিশন বকেয়া রয়েছে ২,৫০০ টাকা; (৪) অগ্রিম ভাড়ার ১/৩ অংশের মেয়াদ এখনো উত্তীর্ণ হয়নি।

ক. মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. ১০ ঘর বিশিষ্ট একটি কার্যপত্র প্রস্তুত কর। ৪

৭ ▶ মেঘনা কোম্পানি ১ জানুয়ারি, ২০২০ সালে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনের সাথে সম্পৃক্ত খরচ হিসাবে পরিবহন ব্যয় ৬০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ৯০,০০০ টাকা খরচ হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বর্ষ শেষ হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম চার বছরের পুঞ্জীভূত অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▶ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে সাকিব লিমিটেড ২,৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ২০২১ সালের ১ অক্টোবর তারিখে মেশিনটি ১,৬০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখ হিসাবকার্য শেষ হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিন বিক্রয়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২১ সালের অবচয়সংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৯ সাল হতে ২০২১ সাল পর্যন্ত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▶ ডেল্টা সার্ভিস সেন্টারের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

ক্রয় ৭০,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ ৪০,০০০ টাকা; মূলধন ৮৫,০০০ টাকা; প্রদেয় নোট ২৫,০০০ টাকা; ১০% ব্যাংক ঋণ ৫০,২০০ টাকা; বিমা প্রিমিয়াম ৭,৫০০ টাকা; ভাড়া ৫,০০০ টাকা; সাপ্লাইজ ৮,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা; সমাপনী মজুদ ৬০,০০০ টাকা; আসবাবপত্র ৮০,০০০ টাকা; প্রদেয় হিসাব ১,০০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৮৯,০০০ টাকা; হাতে নগদ ২০,০০০ টাকা; উত্তোলন ৫,০০০ টাকা; নিট আয় ৫৪,৩০০ টাকা; প্রারম্ভিক ব্যাংক জমা ১২,০০০ টাকা।

ক. উপর্যুক্ত উদ্বৃত্ত হতে যেগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্য হতে মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০ ▶ মেসার্স আদীবা ট্রেডার্স তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০২৩ সালের এপ্রিল মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

এপ্রিল ১ খুচরা নগদ উদ্বৃত্ত ১৫০ টাকা।
" ১ প্রধান ক্যাশিয়ার থেকে প্রাপ্তি ৬৫০ টাকা।
" ২ প্রচারের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ ৮৫০ টাকা।
" ৫ কাগজ ক্রয় ৬০ টাকা।
" ৮ রিকসা ভাড়া ৪০ টাকা।
" ৯ বাকিতে অফিস সরঞ্জাম ক্রয় ১,৮০০ টাকা।
" ১০ ইন্টারনেট ব্যয় ১২০ টাকা।
" ১২ বাস ভাড়া প্রদান ৫০ টাকা।
" ১৪ পুরাতন খবরের কাগজ বিক্রয় ৯০ টাকা।
" ১৮ ডাক খরচ প্রদান ৩০ টাকা।
" ২২ মনিহারি খরচ প্রদান ৪০ টাকা।
" ২৭ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৩৫০ টাকা।
" ২৯ পিয়নকে বকশিস প্রদান ৫০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো চিহ্নিত কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. অগ্রদত্ত ব্যয়সমূহের জন্য সংশ্লিষ্ট খতিয়ান হিসাবসমূহ প্রস্তুত কর। ৪

১১ ▶ নিম্নলিখিত তথ্যাবলি ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব জসিমের হিসাব বই হতে নেওয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪০,০০০ টাকা; (২) ১৫,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয়নি; (৩) ব্যাংক কর্তৃক প্রদেয় নোট পরিশোধ কিন্তু নগদান বইতে লেখা হয়নি ৫,০০০ টাকা; (৪) ১২,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক পরিশোধের জন্য ব্যাংকে এখনও উপস্থাপিত হয়নি; (৫) ব্যাংক কর্তৃক দেনাদারের নিকট হতে সরাসরি আদায় ৬,০০০ টাকা যা নগদানভুক্ত হয়নি; (৬) ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায় ৬,০০০ টাকা। যা নগদানভুক্ত হয়নি; (৭) ব্যাংক কর্তৃক কমিশন চার্জ ১,০০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।

ক. পাশ বইতে লেখা হয়নি, এরূপ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩, ৫, ৬ ও ৭ নং লেনদেনগুলোর জাবেদা দাও। ৪
গ. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ জাহিন ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

জাহিন ট্রেডার্সের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ব্যাংক জমা	৭০,০০০	
প্রাপ্য হিসাব	৪২,০০০	
যন্ত্রপাতি	৫৬,০০০	
পুঞ্জীভূত অবচয় – যন্ত্রপাতি		৫,৬০০
প্রদেয় হিসাব		২৪,০০০
৬% ঋণপত্র (০১-০৯-২০২৩)		৫০,০০০
মজুদ পণ্য (০১-০১-২০২৩)	৭৫,০০০	
মজুদ পণ্য ও বিক্রয়	৪,৫২,০০০	৬,৯০,০০০
পণ্য ফেরত	১২,০০০	৮,০০০
মনিহারি	৮,০০০	
আন্তঃপরিবহন	২৫,০০০	
বহিঃপরিবহন	৪০,০০০	
বিক্রয়কর্মীর কমিশন	১৫,০০০	
বিজ্ঞাপন	৯০,০০০	
মূলধন		১,৫০,০০০
উত্তোলন	৩৮,০০০	
অনাদায়ি দেনা	৭,০০০	
অনাদায়ি দেনা সঞ্চিতি		২,৪০০
	৯,৩০,০০০	৯,৩০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ১,১০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার মধ্যে ৬,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে; (২) অলিখিত বিক্রয় ৮,০০০ টাকা এবং ধারে পণ্য ক্রয় ৬,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) বিজ্ঞাপনের $^{১}/_{৪}$ অংশ অবলোপন করতে হবে; (৫) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা ২,৪০,০০০ টাকা ধরে ২০২৩ সালের জন্য প্রতিষ্ঠানের আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ নাফিজ সার্ভিসিং সেন্টারের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয়সমূহ নিম্নরূপ :

নাফিজ সার্ভিসিং সেন্টারের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৩৫,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
অগ্রিম বিমা	১০,০০০	
বেতন খরচ	৭,০০০	
ভাড়া খরচ	১৫,০০০	
সাপ্লাইজ	২৪,০০০	
আসবাবপত্র	৩৫,০০০	
উত্তোলন	২,০০০	
মূলধন		৯০,০০০
সেবা আয়		৬৫,০০০
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৫,০০০
অনুপার্জিত সেবা আয়		৮,০০০
প্রদেয় হিসাব		২০,০০০
	১,৮৮,০০০	১,৮৮,০০০

সমন্বয়সমূহ : (i) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা অর্জিত হয়েছে; (ii) প্রতিমাসে বিমা খরচের পরিমাণ ৭৫০ টাকা; (iii) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (iv) সাপ্লাইজ এখনও হাতে রয়েছে ৬,৫০০ টাকা।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট সেবা আয় ৮০,০০০ টাকা বিবেচনাপূর্বক নিট আয় বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট মুনাফা ১৬,০০০ টাকা বিবেচনাপূর্বক আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▶ আকরাম ট্রেডার্সের ৩০ জুন ২০২৪ সালের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ : নগদ ৪০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৫০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, প্রদেয় হিসাব ২০,০০০ টাকা। জুলাই মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ২ মালিক নগদ ৫০,০০০ টাকা ও ২৫,০০০ টাকার অফিস সরঞ্জাম ব্যবসায়ে বিনিয়োগ করলেন।
" ৫ পণ্য ক্রয় ৫০,০০০ টাকা (যার ৬০% নগদে ও ৪০% ধারে)
" ১০ বেতন পরিশোধ ২০,০০০ টাকা।
" ১৫ ৫ তারিখের ধারে ক্রয়ের অর্থ পরিশোধ করা হলো।
" ২০ পণ্য বিক্রয় করা হলো ১,০০,০০০ টাকা (যার ৮০% নগদে ও ২০% ধারে)
" ৩০ ভাড়া পরিশোধ করা হলো ২৫,০০০ টাকা।

ক. আকরাম ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২
খ. ২, ৫, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪
গ. উদ্দীপকে উল্লিখিত লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▶ জনাব আসলামের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৯৪,০০০
বিমা সেলামি	৫,০০০	
বেতন	১০,০০০	
প্রাপ্য হিসাব	৩০,০০০	
কমিশন প্রাপ্তি		২,০০০
প্রদেয় হিসাব		২০,০০০
উত্তোলন	১০,০০০	
ক্রয়	৩০,০০০	
বিনিয়োগ	১৫,০০০	
ব্যাংক জমার সুদ		৫০০
আসবাবপত্র	৪০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	২৫,০০০	
ব্যাংক জমা	৬,০০০	
বিনিয়োগের সুদ		৩,০০০
বিক্রয়		৬৫,০০০
আমদানি শুল্ক	৩,৫০০	
অনিশ্চিত হিসাব	১০,০০০	
	১,৮৪,৫০০	১,৮৪,৫০০

হিসাবের প্রাথমিক বই ও খতিয়ান পরীক্ষা করে নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ল : (i) ক্রয় হিসাবের যোগফল কম দেখানো হয়েছে ৫,০০০ টাকা। (ii) বেতন পরিশোধ ৩,০০০ টাকা নগদান হিসাবে ক্রেডিট করা হলেও বেতন হিসাবে ডেবিট করা হয়নি। (iii) বিক্রয় হিসাবের যোগফল বেশি দেখানো হয়েছে ২,০০০ টাকা। (iv) আসবাবপত্র মেরামত ৩,০০০ টাকা, আসবাবপত্র হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. (i) ও (iv) নং ভুলের জন্য জাবেদা দাখিলা দাও। ২
খ. অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪
গ. ভুল সংশোধনের পর সংশোধিত রেওয়ামিল তৈরি কর। ৪

৫ ▶ জনাব হারুন একজন ব্যবসায়ী। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের ব্যাংক হিসাব এবং নগদান বই পর্যালোচনা করে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩২,৫০০ টাকা কিন্তু ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২১,৫০০ টাকা।
(ii) পাওনাদার বরাবর ইস্যুকৃত মোট ৬০,০০০ টাকার তিনটি চেকের মধ্যে মোট ৪৫,০০০ টাকার দুটি চেক ডিসেম্বর মাসে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।

(iii) দেনাদারের নিকট হতে প্রাপ্ত মোট ৪৫,০০০ টাকার দুটি চেক এবং ২০,০০০ টাকার একটি প্রাপ্য বিল ব্যাংকে জমা দেওয়া হলেও এই হিসাব বছরে শুধু প্রাপ্য বিলের টাকা ব্যাংক কর্তৃক আদায় হয়েছে।
(iv) ৩,০০০ টাকার একখানা প্রাপ্য বিল ২,৫০০ টাকায় বাট্টা করা হলেও নগদান বইতে পূর্ণমূল্যে লিপিবদ্ধ করা হয়েছে।
(v) বিনিয়োগের সুদ ১৫,৫০০ টাকা ব্যাংক কর্তৃক সরাসরি আদায় হয়েছে কিন্তু নগদানভুক্ত হয়নি।
(vi) আদায়ের জন্য ৫,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দিলেও তা নগদানভুক্ত হয়নি।
(vii) ব্যাংক জমার সুদ ১,০০০ টাকা এবং ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ২,৫০০ টাকা নগদানভুক্ত হয়নি।

ক. অপরিশোধিত চেক এবং অনাদায়ি চেকের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

৬ ▶ নিম্নলিখিত লেনদেনগুলো ২০২৪ সালের এপ্রিল মাসের অনামিকা ট্রেডার্সের হিসাব বই হতে নেওয়া হয়েছে :

এপ্রিল ১ নগদ উদ্বৃত্ত ৯০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭৫,০০০ টাকা।
" ৪ আজাদের পাওনা ২০,০০০ টাকা ৫% বাট্টা বাদে ৫০% নগদে এবং ৫০% চেকে পরিশোধ করা হলো।
" ১২ দেনাদার হাসিমের নিকট থেকে ১২,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৬,০০০ টাকা নগদে এবং ৫,৭০০ টাকার একখানি চেক পাওয়া গেল, চেকটি ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১৭ নগদ উত্তোলন ৯,০০০ টাকা এবং পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
" ২২ কারবার হতে মালিকের ছেলের কলেজের বেতন প্রদান ১,০০০ টাকা।
" ২৪ ব্যাংকে জমা দেওয়া হলো ৮,০০০ টাকা।
" ২৫ নগদে একটি ল্যাপটপ ক্রয় করা হয়েছে ৪৫,০০০ টাকা।
" ২৮ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ১,০০০ টাকা।
" ৩০ নগদে পণ্য ক্রয় ৭,০০০ টাকা।

ক. যে সকল লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না, সেসব লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২
খ. উপরিউক্ত লেনদেনগুলোকে নিয়ে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪
গ. ১৭, ২২, ২৫ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর অবলম্বনে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৭ ▶ মেসার্স রিশিতা ট্রেডার্সের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

মেসার্স রিশিতা ট্রেডার্সের রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৮৫,০০০
সেবা আয়		৬০,০০০
আসবাবপত্র	১,৬৫,০০০	
পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৩০,০০০
অনুপার্জিত সেবা আয়		২৫,০০০
মনিহারি	৪,০০০	
অগ্রিম বিমা	২০,০০০	
হাতে নগদ	১১,০০০	
	২,০০,০০০	২,০০,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) অব্যবহৃত মনিহারি ১,৫০০ টাকা; (ii) সেবা প্রদান ৮,০০০ টাকা যা এখনও পাওয়া যায়নি; (iii) হিসাবকাল শেষে অনুপার্জিত সেবা আয় ১৩,০০০ টাকা; (iv) অগ্রিম বিমা প্রতি মাসে ১,০০০ টাকা করে মেয়াদ উত্তীর্ণ হয়।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় দাখিলা দাও। ৪
গ. একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

৮ ▶ জনাব তালহা ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ৯,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেছিলেন। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ৯০,০০০ টাকা এবং বহন খরচ বাবদ ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়। মেশিনটির আনুমানিক ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৩০,০০০ টাকা। উক্ত যন্ত্রপাতির উৎপাদন একক যথাক্রমে ২০২১ — ১০,০০০ একক; ২০২২ — ১৫,০০০ একক; ২০২৩ — ১০,০০০ একক; ২০২৪ — ৮,০০০ একক এবং ২০২৫ — ৭,০০০ একক।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. উৎপাদন একক পদ্ধতিতে এককপ্রতি অবচয়ের হার নির্ণয়পূর্বক প্রথম দুই বছরের প্রয়োজনীয় জাবেদা লিখন দেখাও। ৪
গ. যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ৫ বছর ধরে নিয়ে বর্ষ সংখ্যা সমষ্টি পদ্ধতিতে অবচয় সারণি প্রস্তুত কর। ৪

৯ ▶ জনাব ফারহানের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের ব্যাংকসংক্রান্ত লেনদেনগুলো নিম্নরূপ :

(i) ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে পাশ বই মোতাবেক ব্যাংক জমা ২০,০০০ টাকা।
(ii) পাওনাদার বরাবর ৩০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকার দুখানি চেক ইস্যু করা হয়, কিন্তু ১৫,০০০ টাকার চেকখানি ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়।
(iii) আদায়ের জন্য ২০,০০০ টাকার চেক এবং ১৫,০০০ টাকার প্রাপ্য বিল ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে ব্যাংকে জমা দেওয়া হয় যা এখনও আদায় হয়নি।
(iv) দেনাদার থেকে প্রাপ্ত ৩৫,০০০ টাকার চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়, কিন্তু নগদান বইতে লিপিবদ্ধকরণ বাদ পড়েছে।
(v) ৫,৫০০ টাকার একখানি প্রাপ্য বিল ৫,২০০ টাকায় বাট্টা করা হয়, কিন্তু নগদান বইতে সম্পূর্ণ মূল্যে লিপিবদ্ধ করা হয়।
(vi) ব্যাংক কর্তৃক দেনাদার হতে সরাসরি আদায় ২৭,০০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ করা হয়নি।
(vii) ২২ ডিসেম্বর ২০২৪ তারিখে আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ৪,০০০ টাকা ২৫ ডিসেম্বর, ২০২৪ তারিখে প্রত্যাখ্যাত হয় কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(viii) ব্যাংক জমাতিরিক্তের সুদ ৬০০ টাকা এবং ব্যাংক চার্জ ৪০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. উপরের (vi) ও (vii) নং লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ২
খ. একক জের পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. উভয় জের সংশোধন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

১০ ▶ ইফাজ ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
হাতে নগদ (০১-০১-২০২২)	১৫,০০০
কলকব্জা	৪২,০০০
১০% ব্যাংক ঋণ	১০,০০০
বকেয়া ভাড়া	১,০০০
ক্রয় ফেরত	১,০০০
আসবাবপত্র	১০,০০০
ব্যাংক জমার উদ্বৃত্ত (০১-০১-২০২২)	১২,০০০
সুনাম	১০,০০০
হাতে নগদ (৩১-১২-২০২২)	৮,০০০
মজুরি প্রদান	৫,০০০
মূলধন	৭৫,০০০
ক্রয়	৫০,০০০
বিজ্ঞাপন	৫,০০০
প্রদেয় হিসাব	১৫,০০০
বিক্রয়	৭০,০০০
মজুদ পণ্য (০১-০১-২০২২)	১০,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০২২)	২৮,০০০
বিক্রয় বাট্টা	২,০০০
ব্যাংক জমা (৩১-১২-২০২২)	২০,০০০
প্রাপ্য হিসাব	১০,০০০

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট সম্পত্তি ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় বিবেচনা করে ৩১ ডিসেম্বর ২০২২ সালে সমাপ্ত বছরের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১১ ▶ ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে সাবিহা বাদ্রার্সের মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। ২০২৩ সালের ১ জুন তারিখে ১,২০,০০০ টাকার নতুন একটি মেশিন ক্রয় করা হয়, যার সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা নির্বাহ করা হয়। ২০২৪ সালের ১ মার্চ তারিখে নতুন আরও একটি মেশিন ৫০,০০০ টাকায় ক্রয় করা হয়। ক্রমহ্রাসমান পদ্ধতিতে বার্ষিক ১৫% অবচয় ধার্য করা হয়। হিসাব বন্ধকাল ৩১ ডিসেম্বর।

ক. ২০২৩ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম ২ বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর (২ বছরের)। ৪

সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সুরমা ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

সুরমা ট্রেডার্সের

রেওয়ামিল

২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুদ পণ্য (১-১-২০২০)	২০,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৮০,৫০০	১,১৫,০০০
মজুরি	৫,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৩০,০০০	২০,০০০
অনাদায়ি পাওনা	২,০০০	
৮% ঋণ		৫০,০০০
মূলধন		৪২,৫০০
হাতে নগদ ও ব্যাংক জমা	৯০,০০০	
	২,২৭,৫০০	২,২৭,৫০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ২৭,০০০ টাকা। (২) ধারে বিক্রয় ৪৬,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। (৩) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ **শফিক সার্ভিসিং সেন্টারের**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২০

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৩০,০০০
উত্তোলন	২০,০০০	
অনুপার্জিত সেবা আয়		১,৪০,০০০
অফিস সরঞ্জাম	১,৬০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৪০,০০০	৬০,০০০
হাতে নগদ ও ব্যাংক জমা	১,৪০,০০০	
১০% বিনিয়োগ	২০,০০০	
বিমা সেলামি	৫,০০০	
উপযোগ খরচ	৭৩,০০০	
ভাড়া	২২,০০০	
সেবা আয়		১,৫০,০০০
	৪,৮০,০০০	৪,৮০,০০০

সমন্বয়সমূহ : (১) উপযোগ খরচ বকেয়া আছে ১,০০০ টাকা। (২) ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ২,০০০ টাকা। (৩) অনুপার্জিত সেবা আয় অর্জিত হয়েছে ৭০,০০০ টাকা। (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. নিট মুনাফা ৯৩,০০০ টাকা ধরে মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ কবির ব্রাদার্স ২০২০ সালের ১ জানুয়ারি নগদ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে প্রতিষ্ঠানের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ :

২০২০

জানু. ২ রাব্বির নিকট থেকে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।

" ৮ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

" ১০ বেতন প্রদান ৫,০০০ টাকা।

" ২০ ব্যাংক চার্জ ধার্য করল ৩০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ২, ৮, ১০ ও ২০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

গ. জানুয়ারি ১, ২, ৮ ও ১০ তারিখের লেনদেনগুলো নিয়ে টেবুলার ছকের মাধ্যমে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▶ জনাব রফিক ২০২০ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০

মার্চ ১ জনাব রফিক নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

" ২ আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।

" ৫ ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

" ১০ অগ্রিম বেতন প্রদান ৬,০০০ টাকা।

" ১২ মালিকের ছেলের স্কুলের বেতন পরিশোধ করা হলো ৪,০০০ টাকা।

" ১৫ অফিসের জন্য কম্পিউটার ক্রয় ২০,০০০ টাকা।

" ১৮ জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৬,০০০ টাকা।

২০ নগদে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।

ক. মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ৫, ১৫ ও ১৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. নগদান হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ নিলীমা অ্যান্ড কোং-এর হিসাব বইতে ২০২০ সালের এপ্রিল মাসে নিম্নলিখিত দেনদেনগুলো সম্পাদিত হয় :

২০২০

এপ্রিল ১ নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।

" ৫ দুলালের নিকট থেকে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

" ৮ মাসুদকে তার পাওনা ৬,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে নগদ ২,০০০ টাকা ও ৩,৫০০ টাকার চেক প্রদান করা হলো।

" ১৫ ব্যাংক হতে উত্তোলন অফিস প্রয়োজনে ১০,০০০ টাকা ও ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকা।
" ২৫ ৫% বাট্টায় ৫ তারিখের লেনদেনটি নিষ্পত্তি করা হলো।
" ২৬ বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো ১,৫০০ টাকা।
" ২৭ অনাদায়ি পাওনা ধার্য করা হলো ২,০০০ টাকা।
" ৩০ যন্ত্রপাতির অবচয় ধার্য কর ৫০০ টাকা।

ক. মোট প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. নগদান বইতে অন্তর্ভুক্ত নয় এমন লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

৬ ▶ জনাব শফিক ব্যবসায় প্রতিষ্ঠানে ২০২০ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

২০২০
মে ১ জনাব শফিক ব্যবসায়ে ৮০,০০০ টাকা বিনিয়োগ করেন।
" ৬ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ৭ দুই মাসের অগ্রিম ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ১৫ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার ৮০% নগদে এবং ২০% ধারে।
" ২০ ২% বাট্টায় ধারে বিক্রয়ের টাকা পাওয়া গেল।
" ২৫ কমিশন পাওয়া গেল ১,৮০০ টাকা।
" ২৬ ইকবালকে তার পাওনা ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৮০০ টাকা প্রদান করা হলো।
" ৩১ কর্মচারী রাফিকে বেতন প্রদান ৫,০০০ টাকা।

ক. মে ১৫ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা দাও। ২
খ. নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৭ ▶ জনাব রায়হানের হিসাব বই হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে নিম্নলিখিত তথ্যসমূহ নেওয়া হয়েছে :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৮০,০০০ টাকা।
(ii) ইস্যুকৃত চেক ৮,০০০ টাকা, যা এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(iii) চেক আদায়ের জন্য ব্যাংকে জমা ১০,০০০ টাকা কিন্তু এখনও আদায় হয়নি।
(iv) প্রাপ্য হিসাব কর্তৃক সরাসরি ১৫,০০০ টাকা ব্যাংকে জমা দেয়া হয়েছে যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি।
(v) ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হয়েছে ২,০০০ টাকা।
(vi) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ২০০ টাকা যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি।

ক. ব্যাংকের হিসাব বইতে লিপিবদ্ধ হয়নি এরূপ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যগুলোর মাধ্যমে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. আমানতকারীর হিসাব বইতে (iii), (iv), (v) ও (vi) নং লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

৮ ▶ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে তারা এন্টারপ্রাইজের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	৪০,৬০০	কমিশন প্রাপ্তি	১,০০০
মজুদ পণ্য	২০,০০০	প্রাপ্য হিসাব	৮০,০০০
বিলম্বিত বিজ্ঞাপন	৫,০০০	ক্রয়	১,১১,০০০
উপভাড়া প্রাপ্তি	৪,০০০	বিক্রয়	২,০০,০০০
বিনিয়োগের সুদ	৪০০	১০% বিনিয়োগ	৩০,০০০
অফিস সরঞ্জাম	২০,০০০	প্রদেয় হিসাব	২০,০০০

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে তারা এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▶ **জামাল ট্রেডার্স**

রেওয়ামিল

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২০ ক্রেডিট

হিসাবের নাম	ডেবিট টাকা	হিসাবের নাম	ক্রেডিট টাকা
যন্ত্রপাতি	৮০,০০০	মূলধন	১,৩৩,০০০
ক্রয়	২,০০,০০০	বিক্রয়	২,৫০,০০০
মজুরি	৫০,০০০	প্রদেয় হিসাব	১৫,০০০
প্রাপ্য হিসাব	৭০,০০০	অনিশ্চিত হিসাব	৪২,০০০
হাতে নগদ ও ব্যাংক জমা	৪০,০০০		
	৪,৪০,০০০		৪,৪০,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) পণ্য ক্রয় ২,০০০ টাকা ভুলক্রমে হিসাবে ৪,০০০ টাকা লিপিবদ্ধ হয়েছে। (ii) যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত হয়েছে। (iii) প্রাপ্য হিসাব আদায় ১০,০০০ টাকা ভুলক্রমে প্রাপ্য হিসাবে ডেবিট করা হয়েছে। (iv) পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা ভুলে বিক্রয় হিসাবে ৮,০০০ টাকা লেখা হয়েছে।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ভুলগুলোর জন্য সংশোধনী জাবেদা দাখিলা প্রদান কর। ৪
গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে সংশোধিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০ ▶ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে কবির অ্যান্ড সন্স ৩,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। এর সংস্থাপন ব্যয় বাবদ আরও ২০,০০০ টাকা প্রদান করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর সমাপ্ত হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. ২০১৮ সালের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▶ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে রফিক অ্যান্ড সন্স ৩,৫০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আমদানি শুল্ক ১৫,০০০ টাকা, জাহাজ ভাড়া ৫,০০০ টাকা ও সংস্থাপন খরচ ৩০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর। উক্ত প্রতিষ্ঠান সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. মেশিনটির অর্জন মূল্য নির্ণয় কর। ২
খ. ২০১৮ ও ২০১৯ সালের অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

ভোলা সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে আনোয়ার ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	১,৪০,০০০	
সাপ্লাইজ	৭,০০০	
ভাড়া	৩৬,০০০	
নগদ তহবিল	৪৫,০০০	
মূলধন		২,০০,০০০
অনুপার্জিত সেবা আয়		১৫,০০০
সেবা আয়		৮০,০০০
কমিশন আয়		২০,০০০
বিজ্ঞাপন	২৪,০০০	
বেতন	৪৮,০০০	
পুঞ্জীভূত অবচয়– অফিস সরঞ্জাম		২৫,০০০
প্রাপ্য হিসাব	৪০,০০০	
	৩,৪০,০০০	৩,৪০,০০০

সমন্বয়সমূহ : (১) সেবা প্রদান করা হয়েছে ১৫,০০০ টাকা যা এখনও পাওয়া যায়নি; (২) ভাড়া ৩ বছরের জন্য প্রদান করা হয়েছে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ৩,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৪) হিসাবকাল শেষে ২,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে।

ক. মোট সেবা আয় গণনাসহ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. বছরের শেষ তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ খনা এন্টারপ্রাইজের ২০২৪ সালের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০২৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২৫,০০০	১৫,০০০
ক্রয় ও বিক্রয়	৯০,০০০	১,৬৮,০০০
বিক্রয় বাট্টা ও ক্রয় বাট্টা	১,০০০	২,০০০
উত্তোলন ও মূলধন	১০,০০০	৪০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২৭,০০০	
বেতন খরচ (৯ মাস)	১৮,০০০	
ভাড়া খরচ (১৫ মাস)	৩০,০০০	
৮% বিনিয়োগ (১-১-২০২৪)	২৫,০০০	
বিনিয়োগের সুদ		১,০০০
	২,২৬,০০০	২,২৬,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ২৭,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে যার বাজারমূল্য ৩০,০০০ টাকা; (২) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% হারে কুঋণ সঞ্চিতি রাখতে হবে; (৩) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৪) মূলধনের উপর সুদ ধরতে হবে ৫%।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. নিট লাভ ২৭,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ প্রীতি ট্রেডার্স ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা; আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে প্রতিষ্ঠানটির অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

জানু. ৫ পণ্য ক্রয় ৪৮,০০০ টাকা।
" ১২ বাকিতে পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ১৯ উত্তোলন ৬,০০০ টাকা।
" ২৫ ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ৩০ কমিশন পাওয়া গেল ৩,০০০ টাকা।

ক. প্রীতি ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ১, ১২, ১৯ ও ৩০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. জানুয়ারি ১, ৫, ১২ ও ১৯ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের উপর প্রভাব দেখাও। ৪

৪ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর হাসান এন্ড সন্সের নগদ বইতে ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ ৪৮,০০০ টাকা। কিন্তু উক্ত তারিখে ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত নগদ বইয়ের উদ্বৃত্তের সমান ছিল না। বিশ্লেষণের পর নিম্নলিখিত গড়মিলগুলো ধরা পড়ে :

(i) ৫,০০০ টাকা ও ৮,০০০ টাকার ২টি ইস্যুকৃত চেক ৩১ ডিসেম্বর তারিখের পর পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়।

(ii) ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকার ২টি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হলেও প্রথম চেকটি এখনও আদায় হয়নি।

(iii) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের ৬,০০০ টাকা আদায় যা নগদানভুক্ত হয়নি।

(iv) ব্যাংক বিনিয়োগের সুদ ১৫,০০০ টাকা আদায় করেছে যা বইতে লিপিবদ্ধ হয়নি।

(v) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ২,৫০০ টাকা ও ধার্যকৃত ব্যাংক চার্জ ৬০০ টাকা নগদানভুক্ত হয়নি।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হয়নি এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. হাসান এন্ড সন্সের হিসাব বইয়ে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপরিউক্ত তথ্যের আলোকে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▶ জনাব তাসকিনের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বইয়ের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
সমাপনী মজুদ	১০,০০০	ব্যাংক জমা (সমাপনী)	১৮,০০০
ক্রয়	৮০,০০০	প্রাপ্য হিসাব	২৫,০০০
বিক্রয়	৬২,০০০	প্রদেয় হিসাব	১২,০০০
মনিহারি ক্রয়	৫,০০০	ডক চার্জ	৪,০০০
সমাপনী মনিহারি	২,০০০	মূলধন	৯০,০০০
প্রাপ্ত লভ্যাংশ	৩,০০০	বিনিয়োগের বকেয়া সুদ	২,০০০
ইজারা সম্পদের অবলোপন	৯,০০০	১০% বিনিয়োগ	২০,০০০
বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ	৪,০০০	সম্ভাব্য দায়	১০,০০০
		ব্যাংক জমাতিরিক্ত (প্রারম্ভিক)	১২,০০০

ক. যে সকল দফা রেওয়ামিলে আসবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উপরিউক্ত খতিয়ানের উদ্বৃত্ত থেকে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৬ ▶ সুরমা এন্টারপ্রাইজের ২০২৪ সালের ৩০ জুন তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ :

রেওয়ামিল
৩০ জুন, ২০২৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৬,০০০	
প্রাপ্য হিসাব	৮,০০০	
মজুদ পণ্য (৩০-০৬-২০২৪)	৪,০০০	
প্রদেয় হিসাব		২,০০০
মূলধন		১১,০০০
বিক্রয়		৬০,০০০
বিক্রীত পণ্যের ব্যয়	৪০,০০০	
পরিচালন ব্যয়	১৫,০০০	
	৭৩,০০০	৭৩,০০০

অন্যান্য তথ্যাবলি : (১) ধারে বিক্রয় ৬০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (২) মালিক কর্তৃক মূলধন আনয়ন ৭,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

ক. সুরমা এন্টারপ্রাইজের বইতে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দাও। ২
খ. সুরমা এন্টারপ্রাইজের বইতে ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪
গ. সুরমা এন্টারপ্রাইজের বইতে হিসাবকাল শেষে প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও। ৪

৭ ▶ গড়াই ট্রেডার্স ২০২৩ সালের ১ জুলাই নগদ ৫,৬০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করে। যার পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা। যন্ত্রপাতির আয়ুষ্কাল ১০ বছর। ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত করে।

ক. সরলরৈখিক পদ্ধতিতে ১ম ২ বছরের অবচয় নির্ণয় কর। ২
খ. সরলরৈখিক পদ্ধতিতে ১ম ২ বছরের অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪
গ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম ২ বছরের অবচয় তালিকা প্রস্তুত কর। ৪

৮ ▶ বেলা ট্রেডার্সের ২০২৪ সালের জুলাই মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ১ নগদ ১,৫০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করা হলো।
" ৫ পাওনাদার কেয়া ট্রেডার্সকে ৬,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৫,৪০০ টাকা প্রদান করা হলো।
" ১০ নগদে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।
" ১২ সাবুর কাছে নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ নগদে আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।
" ২০ সাকিবের কাছ থেকে চেক প্রাপ্তি ১০,০০০ টাকা।
" ২৮ নন্দ ট্রেডার্সের কাছ থেকে পাওনা ১১,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,০০০ টাকা পাওয়া গেল।
" ৩০ তমা এন্টারপ্রাইজকে তাদের পাওনা ৮,০০০ টাকা পরিশোধ করা হলো।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

৯ ▶ নিচের তথ্যাবলি সুমি এন্ড কোং এর হিসাব বই থেকে ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে নেওয়া হয়েছে :

১. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২৬,৮০০ টাকা কিন্তু নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ২৫,০০০ টাকা।
২. পাওনাদারদের বরাবর ইস্যুকৃত মোট ৩৬,০০০ টাকার ৩টি চেকের মধ্যে ১৫,৫০০ টাকার একটি চেক ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।
৩. একজন দেনাদারের নিকট থেকে ব্যাংক কর্তৃক আদায়কৃত ৩,৫০০ টাকা নগদান বইয়ে লেখা হয়নি।
৪. ৬,০০০ টাকার একটি প্রদেয় বিল ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে যা নগদান বইয়ে লেখা হয়নি।
৫. ব্যাংকে জমাকৃত ৪৫,৫০০ টাকার ৩টি চেকের মধ্যে ২০,৫০০ টাকার একটি চেক ব্যাংক কর্তৃক আদায় হয়েছে।
৬. ৮,৫০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে কিন্তু নগদান বইয়ে লেখা হয়নি।
৭. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৮০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৫০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়নি এমন ইস্যুকৃত চেকের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ব্যাংক কর্তৃক হ্রাসকৃত মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উভয় জের সংশোধনী পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে 'চন্দ্রদ্বীপ ডিপার্টমেন্টাল স্টোর' এর হিসাব বইতে রেওয়ামিল তৈরি করার পূর্বে নিম্নলিখিত অশুদ্ধিগুলো ধরা পড়ে :

১. জনাব সেলিনা পারভিনের কাছ থেকে প্রাপ্ত ১০,০০০ টাকা জনাব সুমনা পারভিনের হিসাবখাতে ক্রেডিট করা হয়েছে।
২. ঊষা কর্তৃক ৫,০০০ টাকার পণ্য উত্তোলন বিক্রয় বইতে লিপিবদ্ধ হয়েছে।
৩. জনাব শাকিল আহমেদের নিকট বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা ভুলবশত বহিঃফেরত বইতে লিপিবদ্ধ হয়েছে।
৪. মিস তুলি জামানের নিকট হতে ধারে ৮,০০০ টাকার পণ্য ক্রয় ভুলবশত বিক্রয় বইতে লিপিবদ্ধ হয়েছে।

ক. ১নং ও ২নং ভুলের শ্রেণি উল্লেখপূর্বক সমষ্টি নির্ণয় কর। ২
খ. উদঘাটিত ভুলের সংশোধনী জাবেদা লেখ। ৪
গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৩০,০০০ টাকা ধরে বিক্রয় হিসাব তৈরি কর। ৪

১১ ▶ সুমন ট্রেডার্সের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদান	১,০০,০০০	
বিনিয়োগ	১,৫০,০০০	
মূলধন		১,০০,০০০
উপযোগ খরচ	৩,৫০০	
অনুপার্জিত সেবা আয়		১২,০০০
সাপ্লাইজ খরচ	৯,০০০	
উত্তোলন	১০,০০০	
বিক্রয়		১,৬০,৫০০
	২,৭২,৫০০	২,৭২,৫০০

অন্যান্য তথ্যাবলি : (১) প্রদেয় উপযোগ খরচ ২,৫০০ টাকা; (২) অনুপার্জিত সেবা আয় অর্জিত হয়নি ৩,০০০ টাকা; (৩) প্রাপ্য বিনিয়োগের সুদ ৪,৫০০ টাকা; (৪) ৩১ ডিসেম্বর তারিখে সাপ্লাইজ মজুদ আছে ৩,৫০০ টাকা; (৫) ৩,০০০ টাকা কমিশন অর্জিত হলেও পাওয়া যায়নি।

ক. অনুপার্জিত সেবা আয়ের উপার্জিত পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে সমাপনী জাবেদা লেখ। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে বিপরীত দাখিলা দাও। ৪

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ সাজিদ ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ :

সাজিদ ট্রেডার্সের রেওয়ামিল

২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

ক্র. নং	হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	ক্রয়, বিক্রয়	১,৭০,০০০	২,৭০,০০০
২.	প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
৩.	ফেরত	১,০০০	৩,০০০
৪.	মজুরি খরচ	১২,০০০	
৫.	বেতন	২২,০০০	
৬.	ভাড়া খরচ	১৫,০০০	
৭.	মনিহারি খরচ	৫,০০০	
৮.	প্রাপ্য হিসাব	৩৫,০০০	
৯.	প্রদেয় হিসাব		৩০,০০০
১০.	নগদ তহবিল	৬০,০০০	
১১.	বিনিয়োগ	১,৪৩,০০০	
১২.	উত্তোলন ও মূলধন	১০,০০০	২,৮০,০০০
১৩.	যন্ত্রপাতি (১-৭-২০২৩)	৮০,০০০	
		৫,৮৩,০০০	৫,৮৩,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬,৫০০ টাকা। কিন্তু বাজার মূল্য ৬,২০০ টাকা; (ii) ৪,০০০ টাকার ক্রয়কৃত পণ্য সরবরাহকারীকে ফেরত পাঠানো হয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি; (iii) মূলধনের উপর ৫% ও উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে; (iv) যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. যন্ত্রপাতির অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে নিট লাভ ৬২,৬৫০ টাকা হলে সাজিদ ট্রেডার্সের মালিকানাস্বত্ব ও দায়ের মোট পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মি. সাফিনের ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের রেওয়ামিল :

মি. সাফিনের রেওয়ামিল

২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

ক্র. নং	হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	আসবাবপত্র	৭০,০০০	
২.	অগ্রিম বিমা	৮,০০০	
৩.	সাপ্লাইজ	৬,০০০	
৪.	পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র)		৫,০০০
৫.	মূলধন (সাফিন)		৫৪,০০০
৬.	সেবা আয়		৭৫,০০০
৭.	প্রাপ্য হিসাব	৩৫,০০০	
৮.	বেতন খরচ	২০,০০০	
৯.	অনুপার্জিত সেবা আয়		১৫,০০০
১০.	বিবিধ খরচ	৭,০০০	
১১.	প্রদেয় হিসাব		১০,০০০
১২.	প্রদেয় নোট		১২,০০০
১৩.	উত্তোলন	৩,০০০	
১৪.	ভাড়া খরচ	১২,০০০	
১৫.	নগদ তহবিল	১০,০০০	
		১,৭১,০০০	১,৭১,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল প্যাওয়া যায়নি ১০,০০০ টাকা; (ii) সাপ্লাইজ মজুদ রয়েছে ৩,০০০ টাকা; (iii) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে ৫০০ টাকা; (iv) অনুপার্জিত আয় অর্জিত হয়েছে ১০,০০০ টাকা; (v) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ নির্ণয় কর। ২

খ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট আয় বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ জনাব আবদুল্লা ২০২৩ সালের ১ মার্চ তারিখে নগদ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩৫,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা নিয়ে কারবার শুরু করলেন। প্রতিষ্ঠানের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২৩

মার্চ ২ বাকিতে মাল ক্রয় ৬০,০০০ টাকা।
" ৫ দাগকাটা চেকের মাধ্যমে মাল বিক্রয় ১,০০,০০০ টাকা।
" ৬ অফিস ভাড়া প্রদান করা হলো ২১,০০০ টাকা।
" ১২ নগদে মাল বিক্রয় ৪৫,০০০ টাকা।
" ১৮ বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ৭,০০০ টাকা।
" ৩১ অফিস কর্মচারীর বেতন প্রদান ২০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যবসায়ের ১ মার্চ ২০২৩ তারিখে প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে চলমান জের ছকে নগদান হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

গ. ১, ৫, ৬ এবং ১২ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে কী প্রভাববিস্তার করে তা ট্যাবুলার ছকে উপস্থাপন কর। ৪

৪ ▶ জনাব রাজিব একজন স্বনামধন্য ব্যবসায়ী। তিনি 'রাজিব এন্ড সন্স' নামে ১ মার্চ, ২০২৩ তারিখে একটি নতুন ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

২০২৩

মার্চ ১ নগদ ১,৬০,০০০ টাকা, ব্যাংকে ৪০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে এবং ৩০,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন।
" ৫ নগদে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা এবং চেকে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ১০ জনাব সায়মনের নিকট বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৮ দোকান ভাড়া প্রদান ২০,০০০ টাকা।
" ২৪ নগদে ক্রয় ২৫,০০০ টাকা এবং চেকে ক্রয় ৫০,০০০ টাকা।
" ২৮ ব্যাংকে জমা নেওয়া হলো ৬০,০০০ টাকা।
" ৩০ ব্যাংক হতে উত্তোলন ৩০,০০০ টাকা।

ক. ২০২৩ সালে ১ মার্চ তারিখের মোট মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ৫, ২৪ ও ২৮ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. জনাব রাজিব এন্ড সন্সের ব্যাংক হিসাব এবং নগদান হিসাব উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় কর। ৪

৫ ▶ শ্যামল ট্রেডার্সের ২০২৩ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

২০২৩

জানু. ১ ব্যক্তিগত জমি ৪,০০,০০০ টাকায় বিক্রয় করে নগদ ৩,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসা শুরু করলেন।
" ৫ চট্টগ্রামের মিম ট্রেডার্সের নিকট হতে ক্রয় ১০,০০০ টাকা। (১,০০০ পিস কলম প্রতিটি ১০ টাকা দরে)
" ১০ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ১৫ ব্যাংক হিসাব খোলা হলো ২০,০০০ টাকা।
" ১৮ রাব্বির কাছে নগদে বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২০ চেকে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ পুরাতন আসবাবপত্র মেরামত ৩,০০০ টাকা।
" ৩১ কর্মচারীর বেতন চেকে পরিশোধ ৮,০০০ টাকা।

ক. জানুয়ারি ৫ তারিখের লেনদেনের জন্য একটি চালান প্রস্তুত কর। ২

খ. ৫, ১০, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. লেনদেনসমূহের ভিত্তিতে নগদান হিসাব এবং বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▶ জনাব নিপেশ দাস 'দাস এন্টারপ্রাইজ' নামে একটি ব্যবসায় পরিচালনা করেন। সেখানে ২০২৩ সালের অক্টোবর মাসে নগদ, ধারে ও বিলের মাধ্যমে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয়েছিল :

২০২৩

অক্টো. ১ প্রারম্ভিক নগদ তহবিল ও ব্যাংক জমাতিরিক্ত যথাক্রমে ১,৮০,০০০ টাকা এবং ১,২০,০০০ টাকা।

" ৩ প্রারম্ভিক ব্যাংক জমাতিরিক্ত ১/২ অংশ নগদে পরিশোধ করা হলো।

" ৫ ক্রয় করা হলো নগদে ৩০,০০০ এবং ধারে ৬০,০০০ টাকা।

" ৭ সাধনার নিকট পণ্য বিক্রয় করা হলো নগদে ৪৫,০০০ টাকা, চেকে ২৪,০০০ টাকা।

" ১৪ পণ্য বিক্রয় করে ৩৬,০০০ টাকা পেয়ে সঙ্গে সঙ্গে তা ব্যাংকে জমা দেওয়া হলো।

" ১৫ বিজ্ঞাপন বিলের ৭,৫০০ টাকা মালিকের ব্যক্তিগত তহবিল হতে পরিশোধ করা হলো।

" ২২ বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো ২,৪০০ টাকা।

" ২৫ ব্যাংক হতে ৩০,০০০ টাকা উত্তোলন করা হলো।

" ৩০ নগদ উদ্বৃত্তের অর্ধেক হাতে রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. কন্ট্রা আইটেম বা দ্বৈত দফার মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩, ১৪, ১৫ এবং ২২ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো থেকে দুঘরা নগদান বই তৈরি কর। ৪

৭ ▶ ২০২৩ সালের ১ ফেব্রুয়ারি তারিখে মিস এশা নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭৮,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

ফেব্রু. ৫ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার তিন-চতুর্থাংশ ব্যাংকে জমা দেওয়া হলো।

" ৭ শিউলি পাওনা ৮,০০০ টাকা ৫% বাট্টায়, ৬০% নগদে ও অবশিষ্ট চেকে পরিশোধ করা হলো।

" ১০ মাহিনের নিকট হতে ২০,০০০ টাকা পাওনার ৩% বাট্টায় ৯,৪০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল এবং চেকখানি ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো।

" ১২ স্বীকৃত বিলের মাধ্যমে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা ও ধারে ক্রয় ১২,০০০ টাকা।

" ১৫ ইমনের নিকট ৮% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করা হলো।

" ২২ জয়ের নিকট পাওনা ৪,২০০ টাকার প্রেক্ষিতে ৪,০০০ টাকার চেক পেয়ে পরিশোধিত হলো।

" ২৫ রুমাকে চেকে পরিশোধ ৪,৮৫০ টাকা, বাট্টা পাওয়া গেল ১৫০ টাকা।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হবে না, এমন দফাগুলো চিহ্নিত কর। ২

খ. ৭, ১০, ১২ ও ১৫ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪

গ. ১, ৫, ১২ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৮ ▶ রোজ লিমিটেড ১ জানুয়ারি, ২০১৩ সালে ৩,৫০,০০০ টাকায় একটি আসবাবপত্র ক্রয় করে। আসবাবপত্রের আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং আয়ুষ্কাল শেষে এর ভগ্নাবশেষ মূল্য হবে ৫০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয় এবং হিসাব বছর শেষ হয় ৩১ ডিসেম্বর তারিখে।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. প্রথম দুই বছরের অবচয়ের তালিকা এবং অবচয় হিসাব তৈরি কর। ৪

গ. প্রথম দুই বছরের আসবাবপত্র হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

৯ ▶ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে অন্তর ব্রাদার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :

(i) পাস বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।

(ii) প্রাপ্য হিসাব কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৭,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

(iii) ৭,৫০০ টাকার চেক ইস্যু করা হয়েছে যা ব্যাংকে এখনও উপস্থাপন হয়নি।

(iv) ব্যাংক প্রাপ্য বিলের টাকা আদায় করেছে ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

(v) ৬,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে যা ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।

(vi) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৩৫০ টাকা এবং মঞ্জুরিকৃত সুদ ৪০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ii ও iv নং দফার লেনদেনগুলোর জন্য আমানতকারীর বইতে জাবেদা দাও। ২

খ. শুধুমাত্র ব্যাংক বিবরণীতে লেখা হয়েছে এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে উপরিউক্ত লেনদেনগুলো নিয়ে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▶ আলিফ এন্টারপ্রাইজ ১ জানুয়ারি ২০২৩ তারিখে ব্যবসায় আরম্ভ করে। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে কতিপয় খতিয়ান হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :

সম্পত্তিসমূহ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সেবা আয়		১২,০০০
সাপ্লাইজ	১,০০০	
অগ্রিম বিমা	৩,০০০	
আসবাবপত্র	১০,০০০	
যন্ত্রপাতি	২০,০০০	
পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি)		৩,০০০
অনুপার্জিত সেবা আয়		৬,০০০
মূলধন		১৩,০০০
	৩৪,০০০	৩৪,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ২,০০০ টাকা; (ii) অগ্রিম বিমা ১,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (iii) সাপ্লাই হাতে আছে ২০০ টাকা; (iv) যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে যন্ত্রপাতি সমাপনী মূল্য নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দেখাও। ৪

গ. দশ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১১ ▶ দিনা ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

দিনা ট্রেডার্সের রেওয়ামিল

২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

ক্র. নং	বিবরণ	টাকা
১.	মূলধন	১৫,০০০
২.	উত্তোলন	৫,০০০
৩.	প্রাপ্য নোট	৩,০০০
৪.	প্রদেয় নোট	২,৫০০
৫.	সাধারণ সঞ্চিতি	৫০০
৬.	নগদ তহবিল (০১-০১-২০২৩)	৬০০
৭.	মজুদ পণ্য (০১-০১-২০২৩)	৪,০০০
৮.	অনাদায়ি পাওনা	৫০০
৯.	অনাদায়ি পাওনা সঞ্চিতি	৩০০
১০.	দালানকোঠা	৪,৫০০
১১.	প্রাপ্য হিসাব	৩,০০০
১২.	বেতন খরচ	৫০০
১৩.	অগ্রিম শিক্ষানবিশ সেলামি	৩০০
১৪.	ব্যাংক জমাতিরিক্ত	২০০
১৫.	নগদ তহবিল (৩১-১২-২০২৩)	১,০০০
১৬.	বিমা খরচ	৮০০
১৭.	মজুদ পণ্য (৩১-১২-২০২৩)	৩,৫০০
১৮.	প্রদেয় হিসাব	৩,৫০০

ক. রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ২

খ. দিনা ট্রেডার্সের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য কত? ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে দিনা ট্রেডার্সের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. জাবেদাকে কী বলা হয়?
K স্থায়ী বই L দৈনিক বই
M চূড়ান্ত বই N প্রধান বই

২. পণ্যের তালিকা মূল্য হতে যা ছাড় দেয়া হয় তাকে কী বলে?
K কারবারি বাট্টা L নগদ বাট্টা
M বাট্টা মঞ্জুর N বাট্টা প্রাপ্তি

৩. ডেবিট নোট তৈরি করেন কে?
K বিক্রেতা L ভোক্তা
M গ্রাহক N ক্রেতা

৪. বিপরীত দাখিলা কোনটি?
K কপিরাইট অবলোপন L পণ্য ক্রয়
M নগদ চুরি N ব্যাংকে জমাদান

৫. ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে একটি আসবাবপত্র বিক্রয় করা হয় ১৫,০০০ টাকা, যার পুস্তক মূল্য ছিল ১৮,০০০ টাকা। উক্ত লেনদেনটির জাবেদা দাখিলা হবে–
i. নগদান হিসাব ডেবিট ১৫,০০০ টাকা
ii. বিক্রয়জনিত ক্ষতি হিসাব ডেবিট ৩,০০০ টাকা
iii. আসবাবপত্র হিসাব ক্রেডিট ১৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬. ব্যাংক সমন্বয় বিবরণী কখন তৈরি করা হয়?
K হিসাব বছরের একটি নির্দিষ্ট তারিখে
L হিসাব বছরের যেকোনো সময়ে
M হিসাব বছরের শুরুতে
N হিসাব বছরের শেষে

৭. ব্যাংক সমন্বয় বিবরণীকে বলা হয়–
K হিসাব বিবরণী L আয়-ব্যয় বিবরণী
M ব্যয় বিবরণী N মিলকরণ বিবরণী

৮. বকেয়া চেক বলতে কী বোঝায়?
K প্রত্যাখ্যাত চেক
L জমাকৃত চেকের অর্থ আদায়
M ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপন
N যে ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি

৯. আধুনিক পদ্ধতিতে হিসাব কয় প্রকার?
K ২ L ৩ M ৪ N ৫

১০. কুঋণের জন্য হিসাব সমীকরণে প্রভাব হচ্ছে–
i. A হ্রাস পায়
ii. E হ্রাস পায়
iii. L হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. কোনটির অর্থ নগদে পাওয়া যায় না?
K সুদ প্রাপ্তি L কমিশন প্রাপ্তি
M বাট্টা প্রাপ্তি N ভাড়া প্রাপ্তি

১২. চেকের মাধ্যমে ৯৭,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করা হলো এবং এটির পরিবহন ও সংস্থাপন ব্যয়ের পরিমাণ ৩,০০০ টাকা প্রদান করা হলো। মেশিনটির জন্য ভ্যাট পরিশোধ করা হলো ৫,০০০ টাকা। মেশিন হিসাবে কত টাকা ডেবিট করতে হবে?
K ৩,০০০ L ৫,০০০
M ১,০০,০০০ N ১,০৫,০০০

১৩. উত্তোলনের জন্য সমাপনী দাখিলা কোনটি?
K উত্তোলন হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট
L উত্তোলন হিসাব ডেবিট; প্রাপ্য হিসাব ক্রেডিট
M মূলধন হিসাব ডেবিট; উত্তোলন হিসাব ক্রেডিট
N উত্তোলন হিসাব ডেবিট; মূলধন হিসাব ক্রেডিট

১৪. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?
K ব্যাংক ঋণ L মূলধন
M পাওনাদার N বকেয়া বেতন

১৫. সরঞ্জাম মেরামতের জন্য মজুরি প্রদান করা হলে কোন হিসাবটি ডেবিট হবে?
K মেরামত L মজুরি
M আসবাবপত্র N সরঞ্জাম

১৬. বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন। এটির জাবেদা হবে–
K উত্তোলন হিসাব ডেবিট; ক্রয় হিসাব ক্রেডিট
L উত্তোলন হিসাব ডেবিট; বিক্রয় হিসাব ক্রেডিট
M উত্তোলন হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট
N ক্রয় হিসাব ডেবিট; বিক্রয় হিসাব ক্রেডিট

১৭. অবচয় ধার্যের উদ্দেশ্য হচ্ছে–
i. খরচের প্রকৃত পরিমাণ জানা
ii. সম্পদের নিট পরিমাণ জানা
iii. আয়ের প্রকৃত পরিমাণ জানা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
৩১শে ডিসেম্বর ২০২৪ হাসিন এন্টারপ্রাইজের তথ্যাবলি নিম্নরূপ :
প্রারম্ভিক মজুদ ১৫,০০০ টাকা; ক্রয় ১,৫০,০০০ টাকা; মজুরি ১০,০০০ টাকা; বেতন ২২,০০০ টাকা; সমাপনী মজুদ ১২,০০০ টাকা; বিক্রয় ২,০৫,০০০ টাকা; বিক্রয় ফেরত ৫,০০০ টাকা।

১৮. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?
K ১,২০,০০০ L ১,৫৮,০০০
M ১,৬০,০০০ N ১,৬৩,০০০

১৯. বছর শেষে বকেয়া আমদানি শুল্ক ১০,০০০ টাকা। এটি যদি সমন্বিত হয় তাহলে–
i. বিক্রীত পণ্যের ব্যয় বৃদ্ধি পাবে
ii. নিট মুনাফা হ্রাস পাবে
iii. দায় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২০. অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে কোন নীতি অনুসরণ করা হয়?
K রক্ষণশীল L মিলকরণ
M ব্যয় ধারণা N সামঞ্জস্যতা

২১. গাণিতিক শুদ্ধতার জন্য কোনটি তৈরি করা হয়?
K খতিয়ান L কার্যপত্র
M সমন্বয় দাখিলা N রেওয়ামিল

২২. যন্ত্রপাতির অবচয় ধার্যের ক্ষেত্রে কোন পদ্ধতিটি অধিক যুক্তিযুক্ত?
K সরলরৈখিক L স্থায়ী কিস্তি
M বর্ষসংখ্যা N ক্রমহ্রাসমান

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
৩১শে ডিসেম্বর ২০২৪ তারিখে আলীম ব্রাদার্স-এর খতিয়ানের জেরসমূহ নিম্নরূপ :
ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা, ক্রয় ৯০,০০০ টাকা; কুঋণ ১০,০০০ টাকা; ক্রয় খতিয়ানের জের ১০,০০০ টাকা; পুস্তক ঋণ ২০,০০০ টাকা এবং প্রদেয় বেতন ২৫,০০০ টাকা।

২৩. চলতি দায়ের পরিমাণ কত টাকা?
K ১০,০০০ L ১৫,০০০
M ২৫,০০০ N ৫০,০০০

২৪. মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ কত টাকা?
K ১০,০০০ L ৯০,০০০
M ১,০০,০০০ N ১,১০,০০০

২৫. 'সুনাম' কী ধরনের সম্পদ?
K বিনিয়োগ L চলতি
M অলীক N অদৃশ্যমান স্থায়ী

২৬. অবচয় হচ্ছে–
i. অনগদ লেনদেন
ii. অদৃশ্যমান লেনদেন
iii. অদৃশ্যমান সম্পদের ব্যয়বণ্টন প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
২০২৪ সালের মি. শাফির ব্যবসায়ের মোট মুনাফা ৯৯,০০০ টাকা; পরিচালন ব্যয় ৯,০০০ টাকা; মজুরি ১০,০০০ টাকা। এছাড়াও কমিশন প্রাপ্তি ৫,০০০ টাকা।

২৭. ২০২৪ সালে নিট মুনাফার পরিমাণ কত টাকা?
K ১০,০০০ L ৩০,০০০
M ৯৫,০০০ N ১,০০,০০০

২৮. যদি পাওনাদার বাট্টা সঞ্চিতি ১০,০০০ টাকা ধার্য করা হয় তাহলে–
i. নিট মুনাফা বৃদ্ধি পাবে ১০,০০০ টাকা
ii. চলতি দায় হ্রাস পাবে ১০,০০০ টাকা
iii. মোট সম্পদ বৃদ্ধি পাবে ১০,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
অপু ট্রেডার্স এর ২০২৪ সালে বিমা বাবদ প্রদান করা হয় ৩৬,০০০ টাকা। যা পরিশোধ করা হয় ০১/০৪/২০২৪ তারিখ হতে ১ বছরের জন্য।

২৯. ২০২৪ সালের বিমা খরচের পরিমাণ কত টাকা?
K ৯,০০০ L ১৮,০০০
M ২৭,০০০ N ৩৬,০০০

৩০. ২০২৪ সালে চলতি সম্পদের পরিমাণ কত টাকা?
K ৯,০০০ L ১৮,০০০
M ২৭,০০০ N ৩৬,০০০

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 5 3

সময়–৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. নগদান বহির ব্যাংক উদ্বৃত্ত ও ব্যাংক বিবরণীর জেরের মধ্যে পার্থক্যের কারণ হলো–

i. ইস্যুকৃত চেক ব্যাংকে যথাসময়ে উপস্থিত না হওয়া
ii. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ও ধার্যকৃত চার্জ নগদান বইতে না লেখা
iii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আয় না হওয়া

নিচের কোনটি সঠিক?

K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২. ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত দ্বারা বোঝায়–

K ব্যাংক উদ্বৃত্ত L ব্যাংক জমাতিরিক্ত
M নগদ উদ্বৃত্ত N নগদ উত্তোলন

৩. চেকের মাধ্যমে বেতন প্রদান ১০,০০০ টাকা ভুলবশত নগদান বহির Dr দিকে ১০০০ টাকা লেখা হয়েছে। এর ফলে নগদান বহির উদ্বৃত্ত এবং ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে কত টাকা গরমিল হবে?

K ১,০০০ L ৯,০০০
M ১০,০০০ N ১১,০০০

৪. ১/১০, নিট/৪৫ দ্বারা বোঝায়–

i. ১০ দিনের মধ্যে পাওনা শোধ দিলে ১% বাট্টা পাবে
ii. ৪৫ দিনের মধ্যে পাওনা শোধ দিলে ১% বাট্টা পাবে
iii. ৪৫ দিনের মধ্যে অবশ্যই পাওনা শোধ দিতে হবে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মাহিনের নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করা হয়। এর মূল্য বাবদ ১০ দিন পর ৫% বাট্টায় চেকের মাধ্যমে পরিশোধ করা হলো।

৫. ক্রয় হিসাবে কত টাকা ডেবিট হবে?

K ১৭,০০০ L ১৭,১০০
M ১৮,০০০ N ২০,০০০

৬. ব্যাংক হিসাবে কত টাকা ক্রেডিট হবে?

K ১৭,০০০ L ১৭,১০০
M ১৮,০০০ N ১৯,০০০

৭. একটি হিসাবের জের ২৮ টাকা যা রেওয়ামিলের ভুল পাশে ৯৮ টাকা দেখানো হয়েছে। যদি অন্যান্য সবকিছু সঠিক থাকে তাহলে রেওয়ামিলের পার্থক্য হবে–

K ১২৬ টাকা L ৯৮ টাকা
M ৭০ টাকা N ২৮ টাকা

৮. যন্ত্রপাতির সংস্থাপন মজুরিকে মজুরি হিসাবে ডেবিট করলে কোন ধরনের ভুল হবে?

K নীতিগত ভুল L বেদাখিলার ভুল
M লেখার ভুল N পরিপূরক ভুল

৯. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?

K প্রারম্ভিক নগদ তহবিল
L প্রারম্ভিক ব্যাংক তহবিল
M সমাপনী ব্যাংক জমাতিরিক্ত
N সমাপনী মজুদ পণ্য

১০. সমন্বিত ক্রয় বলতে বোঝায়–

K প্রারম্ভিক মজুদ পণ্য + সমাপনী মজুদ পণ্য ক্রয়
L ক্রয় + সমাপনী মজুদ পণ্য – প্রারম্ভিক মজুদ
M প্রারম্ভিক মজুদ পণ্য + ক্রয় – সমাপনী মজুদ পণ্য
N ক্রয় – প্রারম্ভিক মজুদ পণ্য – সমাপনী মজুদ পণ্য

১১. মালিক কর্তৃক বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন করলে কী জাবেদা হবে?

K উত্তোলন Dr/ ক্রয় হি. Cr
L উত্তোলন হি. Dr/নগদান হি. Cr
M বিক্রয় হি. Dr/উত্তোলন হি. Cr
N উত্তোলন হি. Dr/বিক্রয় হি. Cr

১২. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হয়–

i. নগদ বিক্রয়
ii. সুদ প্রাপ্তি
iii. ঋণ গ্রহণ

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. নিচের কোনটি কাল্পনিক সম্পদ?

K গ্রন্থস্বত্ব
L সুনাম
M অবলেখকের কমিশন
N ইজারা সম্পত্তি

১৪. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলে কোন হিসাবটি ডেবিট হবে?

K ক্রয় হিসাব
L আসবাবপত্র হিসাব
M সাপ্লাইজ হিসাব
N স্থায়ী সম্পদ হিসাব

১৫. C/d-এর পূর্ণরূপ কোনটি?

K Credit discount L Carried down
M Carried discount N Credit down

১৬. অনুপার্জিত আয় দ্বারা নিচের কোনটিকে বোঝায়?

K সম্পদ L দায়
M আয় N ব্যয়

১৭. সম্ভাব্য দায় আর্থিক অবস্থার বিবরণীতে বসানো হয়–

K সম্পদ পার্শ্বে
L সম্পদ পার্শ্বে ফুটনোটে
M দায় পার্শ্বে
N দায় পার্শ্বে ফুটনোটে

১৮. আর্থিক অবস্থার বিবরণীতে অতিরিক্ত মূলধন সমন্বয় করতে–

i. বিনিয়োগের সাথে যোগ দিতে হবে
ii. নগদ তহবিলের সাথে যোগ দিতে হবে
iii. মূলধনের সাথে যোগ দিতে হবে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
বিক্রীত পণ্যের ব্যয় ২,৫০,০০০ টাকা, পরোক্ষ পরিচালন ব্যয় ২০,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ৩,০০০ টাকা, মূলধনের সুদ ২,০০০ টাকা।

১৯. মোট মুনাফা ৫০,০০০ টাকা হলে বিক্রয়ের পরিমাণ কত টাকা?

K ২,০০,০০০ L ২,৫০,০০০
M ৩,০০,০০০ N ৩,৫০,০০০

২০. মোট মুনাফা ৪০,০০০ টাকা হলে নিট মুনাফার পরিমাণ কত হবে?

K ১৫,০০০ L ১৭,০০০
M ১৯,০০০ N ২১,০০০

২১. অবচয় কোন শ্রেণির হিসাব?

K আয় L খরচ
M সম্পদ N বিপরীত সম্পদ

২২. অবচয় প্রভাবিত করে–

i. বিশদ আয় বিবরণী
ii. মালিকানাস্বত্ব বিবরণী
iii. আর্থিক অবস্থার বিবরণী

নিচের কোনটি সঠিক?

K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
শামীম ব্রাদার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ৯০,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করেন। যন্ত্রপাতিটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা। বার্ষিক ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

২৩. ২০১৮ সালের অবচয়ের পরিমাণ কত?

K ৯,০০০ L ১০,০০০
M ৮০,০০০ N ১,০০,০০০

২৪. দুই বছর পর যন্ত্রপাতিটির পুস্তকমূল্য কত হবে?

K ৮০,০০০ L ৯০,০০০
M ৮১,০০০ N ১,০০,০০০

২৫. কার্যপত্রের ধাপ কয়টি?

K ৫টি L ৪টি
M ৩টি N ২টি

২৬. অনিঃশোষিত ব্যয় কী?

K আয় L ব্যয়
M সম্পদ N মালিকানাস্বত্ব

২৭. রেওয়ামিলে ভাড়া $\left(\frac{২}{৩}\right)$ অংশ দেওয়া আছে ২০,০০০ টাকা। বকেয়া ভাড়ার পরিমাণ কত?

K ৬,৬৬৭ L ১৩,৩৩৩
M ১৫,০০০ N ১০,০০০

২৮. প্রতিষ্ঠানভেদে নগদান বইকে বলা হয়–

i. জমা ও খরচের বই
ii. প্রাপ্তি ও প্রদানের বই
iii. জাবেদা ও খতিয়ান উভয়ই

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৯. একটি দ্রব্যের তালিকায় বিক্রয়মূল্য ২০,০০০ টাকা। বিক্রয়মূল্যের কারবারি বাট্টা ১০% এবং নগদ বাট্টা ৫% হলে প্রাপ্য হিসাবের পরিমাণ কত?

K ১৯,০০০ L ১৮,০০০
M ১৭,০০০ N ২০,০০০

৩০. নিচের কোনটি নগদ টাকায় পাওয়া যায় না?

K প্রাপ্ত সুদ L প্রাপ্ত বাট্টা
M প্রাপ্ত কমিশন N প্রাপ্ত ভাড়া

সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মৌলিক হিসাব সমীকরণ কোনটি?
K L = A + OE L A = L + OE
M A = L – OE N OE = A + L

২. মালিকানাস্বত্ব হ্রাসের কারণ হচ্ছে–
K উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া
L খরচ ও দায় বেড়ে যাওয়া
M খরচ ও দায় কমে যাওয়া
N উত্তোলন ও নগদ কমে যাওয়া

৩. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী হলো–
i. পাওনাদার ii. ম্যানেজার
iii. সরকার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. পুঞ্জীভূত অবচয় কোন ধরনের হিসাব?
K দায় L সম্পদ
M বিপরীত সম্পদ N মালিকানাস্বত্ব

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব অরণ্য একজন ব্যবসায়ী। তিনি জনাব সুমনের নিকট ৪০,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় বিক্রয় করে নগদ ১০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার একটি চেক পেলেন। পরবর্তীতে তিনি জনাব সুমনকে ২০০ টাকা বাট্টা প্রদান করে অবশিষ্ট অর্থ নগদে গ্রহণ করেন।

৫. ধারে বিক্রয়ের পরিমাণ কত?
K ৮,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ২৮,০০০ টাকা N ৩০,০০০ টাকা

৬. বাট্টা প্রদানের ফলে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে–
i. ব্যয় বৃদ্ধি ১,২০০ টাকা, সম্পদ হ্রাস ২০০ টাকা
ii. সম্পদ হ্রাস ২০০ টাকা, ব্যয় বৃদ্ধি ২০০ টাকা
iii. নগদ বৃদ্ধি ৭,৮০০ টাকা, মালিকানাস্বত্ব হ্রাস ২০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. বিক্রয় ফেরতসংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করার জন্য নিচের কোনটি ব্যবহার করা হয়?
K ডেবিট নোট L ক্রেডিট নোট
M ডেবিট ভাউচার N ক্রেডিট ভাউচার

৮. কায়েসের নিকট হতে ১০% বাট্টায় পাওয়া গেল ৫,৪০০ টাকা। বাট্টার পরিমাণ কত?
K ৪৯০ L ৪৯১
M ৫৪০ N ৬০০

৯. কখন ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়?
K হিসাব বছরের নির্দিষ্ট তারিখে
L হিসাব বছরের যেকোনো সময়ে
M হিসাব বছরের মুহূর্তে
N হিসাব বছরের শেষে

১০. নগদান বহি ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে অমিল হওয়ার কারণ–
i. ইস্যুকৃত চেক সময়মতো ব্যাংকে উপস্থাপিত না হলে
ii. তৃতীয় পক্ষ সরাসরি ব্যাংকে জমা দিলে
iii. ব্যাংকে জমাকৃত চেক আদায় হলে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. নিচের কোনটি ক্রেডিট মেমোরেন্ডামের উদাহরণ?
K বকেয়া চেকসমূহ
L ট্রানজিটে জমাসমূহ
M প্রাপ্য নোটের অর্থ আদায়
N প্রদেয় নোট পরিশোধ

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
সাকিব কোং লি.-এর পাস বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,৪০০ টাকা। চেক কাটা হয়েছে কিন্তু ভাঙানো হয়নি। ৭,৪০০ টাকা ও ব্যাংক লভ্যাংশ আদায় করেছে ৬,৬০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি। ব্যাংক কর্তৃক ব্যাংক চার্জ পরিশোধ ২,০০০ টাকা।

১২. সাকিব কোং লি.-এর নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত?
K ১৪,৪০০ টাকা L ১৬,৪০০ টাকা
M ১৮,৪০০ টাকা N ২৭,৬০০ টাকা

১৩. সাকিব কোং লি.-এর নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা হলে, পাস বই অনুযায়ী উদ্বৃত্ত কত হবে?
K ২৯,৬০০ টাকা L ৩০,৪০০ টাকা
M ৩৭,০০০ টাকা N ৩৯,০০০ টাকা

১৪. পুস্তক ঋণ, প্রদত্ত ঋণ এবং কৃষিঋণ রেওয়ামিলের কোন দিকে বসবে?
K ডেবিট দিকে L ক্রেডিট দিকে
M উভয় দিকে N কোনোটিই নয়

১৫. সমন্বিত ক্রয় হলো–
K সমাপনী মজুদ + ক্রয় + প্রারম্ভিক মজুদ
L প্রারম্ভিক মজুদ – ক্রয় – সমাপনী মজুদ
M প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনী মজুদ
N প্রারম্ভিক মজুদ – ক্রয় + সমাপনী মজুদ

১৬. মিরাজ এন্ড সন্স-এর হিসাবরক্ষক দ্বারা তৈরিকৃত রেওয়ামিল পণ্য ক্রয় ৬০,০০০ টাকার স্থলে ৫৫,০০০ টাকা এবং পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকার স্থলে ৪০,০০০ টাকা লিপিবদ্ধ করার ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে গেল। মিরাজ এন্ড সন্স-এর ভুলের পরিমাণ কত?
K ৫,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ১৫,০০০ টাকা N ২০,০০০ টাকা

১৭. তিনঘরা নগদান বহিতে অন্তর্ভুক্ত হয়–
i. নগদ বাট্টা ii. প্রাপ্ত বাট্টা
iii. প্রদত্ত বাট্টা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৮. হিসাবকাল শেষে অস্থায়ী হিসাবসমূহ বন্ধ করার জন্য যে দাখিলা দেওয়া হয় তাকে কী বলে?
K সমাপনী দাখিলা L অনিশ্চিত দাখিলা
M বিপরীত দাখিলা N সমন্বয় দাখিলা

১৯. আর্থিক বিবরণী প্রস্তুতের Road Map কোনটিকে বলা হয়?
K রেওয়ামিল L কার্যপত্র
M আয় বিবরণী N খতিয়ান

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আবুলের ২০১৫ সালে বিজ্ঞাপন খরচ ছিল ৫০,০০০ টাকা। তিনি ২০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করেন, যা হিসাবভুক্ত হয়নি।

২০. মোট বিজ্ঞাপন খরচের ৩/৪ অংশ বিলম্বিত করা হয়। বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
K ১২,৫০০ টাকা L ১৭,৫০০ টাকা
M ৩৭,৫০০ টাকা N ৫২,৫০০ টাকা

২১. মোট বিজ্ঞাপন খরচের ১/৪ অংশ বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
K ১২,৫০০ টাকা L ১৭,৫০০ টাকা
M ৩৭,৫০০ টাকা N ৫২,৫০০ টাকা

২২. কোন পদ্ধতিতে প্রতি বছর সমান পরিমাণ অর্থ অবচয় হিসাবে ধার্য করা হয়?
K বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি
L ক্রমহ্রাসমান জের পদ্ধতি
M সরলরৈখিক পদ্ধতি
N উৎপাদন একক পদ্ধতি

২৩. ১০% বন্ধকি ঋণ ৫,০০,০০০ টাকা, কর ৩/১০ অংশ আগামী বছর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ কত হবে?
K ১,৫০,০০০ টাকা L ৫,০০,০০০ টাকা
M ৫,৫০,০০০ টাকা N ৬,০০,০০০ টাকা

২৪. সম্পদের বহিঃমূল্য কী?
K ক্রয়মূল্য – অবশিষ্ট মূল্য
L ক্রয়মূল্য – ক্রয় সম্পর্কিত ব্যয়
M ক্রয়মূল্য – অবচয়
N ক্রয়মূল্য – মোট অবচয়

২৫. বিশদ আয় বিবরণী তৈরি করার মূল উদ্দেশ্য কী?
K নিট ক্রয়-বিক্রয় নির্ণয়
L মোট লাভ বা ক্ষতি নির্ণয়
M নিট লাভ বা ক্ষতি নির্ণয়
N আর্থিক অবস্থা নির্ণয়

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
একটি মেশিনের আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। মেশিনটির ক্রয়মূল্য ৫৫,০০০ টাকা।

২৬. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত হবে?
K ১০% L ২০%
M ৫% N ২৫%

২৭. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২য় বছরের বার্ষিক অবচয় কত হবে?
K ৫,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ৮,৮০০ টাকা N ৮,০০০ টাকা

২৮. প্রত্যক্ষ খরচের হিসাবগুলো বন্ধ করার জন্য নিচের কোন বিবরণী ব্যবহার করা হয়?
K আয় বিবরণী
L মালিকানাস্বত্ব বিবরণী
M আর্থিক অবস্থার বিবরণী
N নগদ প্রবাহ বিবরণী

২৯. ম্যানেজার মুনাফার ৪% কমিশন পান। পরবর্তী মুনাফা ৪,০০০ টাকা হলে, কমিশন কত?
K ১৫০,৫০ টাকা L ১৫৩,৮৫ টাকা
M ১৬০ টাকা N ১৬৬.৬৭ টাকা

৩০. চলতি সম্পদের উদাহরণ হলো–
i. প্রাপ্য হিসাব
ii. প্রাপ্য নোট
iii. প্রাপ্য আয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

নৌবাহিনী কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 3

সময়–৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মূলধনের উপর সুদ ৭,০০০ টাকা। এর জন্য কোন হিসাব ক্রেডিট করতে হবে?
K নগদান L মূলধন
M মূলধনের সুদ N প্রাপ্ত সুদ

২. সকল লেনদেন ঘটনা, কিন্তু সকল ঘটনা লেনদেন নয়– উক্তিটি কার বৈশিষ্ট্য প্রকাশ করে?
K জাবেদার L খতিয়ানের
M লেনদেনের N ঘটনার

৩. ডেবিট দ্বারা কোনটি বোঝায়?
K সম্পত্তি ও দায় বৃদ্ধি
L সম্পত্তি ও দায় হ্রাস
M সম্পদ বৃদ্ধি দায় হ্রাস
N সম্পদ হ্রাস দায় বৃদ্ধি

৪. হিসাবরক্ষণের মূল ভিত্তি কী?
K ঘটনা L লেনদেন
M হিসাব N জাবেদা

৫. খতিয়ানের জের দ্বারা রেওয়ামিল প্রস্তুতের কাজকে কী বলে?
K স্থানান্তরকরণ L শ্রেণিবদ্ধকরণ
M সংক্ষিপ্তকরণ N চিহ্নিতকরণ

৬. দৈত জের সংশোধন পদ্ধতির ব্যাংক সমন্বয় বিবরণী–
i. নগদান বই ও ব্যাংক বিবরণী উভয় উদ্বৃত্ত নিয়ে করা হয়
ii. মিলকরণের পর উভয় উদ্বৃত্ত সমান হয়
iii. ব্যাংকের সঠিক উদ্বৃত্ত পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. ব্যক্তিগত প্রয়োজনে নগদ অর্থ উত্তোলন হিসাব সমীকরণে–
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান হ্রাস পাবে
iii. O, E উপাদান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
K i L ii M i ও ii N i ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে স্বাধীন ট্রেডার্স-এর আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ৫,০০,০০০ টাকা, ১২% ঋণ ১,০০,০০০ টাকা, ঋণের বকেয়া সুদ ১২,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, অগ্রিম প্রাপ্ত ভাড়া ৪০,০০০ টাকা ও স্থায়ী সম্পদ ৩,০০,০০০ টাকা উল্লেখ আছে।

৮. বছরান্তে প্রতিষ্ঠানের চলতি দায়ের পরিমাণ কোনটি?
K ৫২,০০০ L ৯২,০০০
M ১,০০,০০০ N ১,৯২,০০০

৯. বছরান্তে প্রতিষ্ঠানের মোট সম্পদের পরিমাণ কত টাকা?
K ৫,০০,০০০ L ৬,০০,০০০
M ৬,৯২,০০০ N ৮,০০,০০০

১০. ব্যবসায়ের পরিচালন ব্যয়–
i. পণ্য ক্রয়
ii. বিজ্ঞাপন খরচ
iii. কর্মচারীর বেতন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. স্থায়ী সম্পদ হলো–
i. ভূমি ও দালানকোঠা
ii. যন্ত্রপাতি ও আসবাবপত্র
iii. বিনিয়োগ ও ব্যাংক জমা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. বিক্রীত পণ্যের ব্যয়ের সাথে মোট লাভ যোগ করলে কী পাওয়া যায়?
K ক্রয় L বিক্রয়
M পরিচালন ব্যয় N পরিচালন আয়

১৩. মুনাফাজাতীয় আয় কোনটি?
K মাল ক্রয় L মাল বিক্রয়
M মজুরি N যন্ত্রপাতি বিক্রয়

১৪. হিসাবচক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N কার্যপত্র

১৫. রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে কোনটি?
K শিক্ষানবিশ ভাতা
L বিমা সেলামি
M পাওনাদারদের বাট্টা সঞ্চিতি
N শিক্ষানবিশ সেলামি

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইমরানের ব্যবসায়ে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,০০,০০০ টাকা। এ মূল্যায়নের পরক্ষণে ২৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। বিমা কোম্পানি ২০,০০০ টাকা দাবি পূরণে সম্মত হয়েছে।

১৬. আর্থিক বিবরণীতে অস্বাভাবিক ক্ষতি হিসাবে কত টাকা দেখাতে হবে?
K ৫,০০০ L ২০,০০০
M ২৫,০০০ N ৭৫,০০০

১৭. সমাপনী মজুদ পণ্য বাবদ সমন্বয় দাখিলায় কত টাকা ডেবিট হবে?
K ৭৫,০০০ L ১,০০,০০০
M ১,২৫,০০০ N ১,৪৫,০০০

১৮. নগদ টাকার বিকল্প হিসাবে কাজ করে কোনটি?
K শেয়ার L ঋণপত্র
M স্টক N চেক

১৯. অবচয় লিপিবদ্ধকরণের আধুনিক জাবেদা দাখিলা কোনটি?
K অবচয় হিসাব ডেবিট সম্পত্তি হিসাব ক্রেডিট
L পুঞ্জীভূত অবচয় হিসাব ডেবিট অবচয় হিসাব ক্রেডিট
M সম্পত্তি হিসাব ডেবিট অবচয় ব্যয় হিসাব ক্রেডিট
N অবচয় ব্যয় হিসাব ডেবিট পুঞ্জীভূত অবচয় হিসাব ক্রেডিট

২০. বিক্রীত পণ্যের ব্যয় ১৬,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২০% মুনাফা হলে বিক্রয়ের পরিমাণ কত হবে?
K ১২,৮০০ L ১৮,৬৬৭
M ১৯,২০০ N ২০,০০০

২১. মূলধন একটি প্রতিষ্ঠানের কী?
K সম্পদ L আয়
M অন্তর্দায় N বহির্দায়

২২. প্রত্যেক মাসের প্রথমে উত্তোলন করলে কত মাসের উত্তোলনের সুদ ধরতে হবে?
K ৫ মাসের L ৫.৫ মাসের
M ৬ মাসের N ৬.৫ মাসের

২৩. বিক্রয়কারীর নিকট ভ্যাট কোন ধরনের হিসাব?
K আয় L দায়
M সম্পদ N খরচ

২৪. খতিয়ানে উদ্বৃত্ত নির্ণয়ে ভুল হলে তা কোথায় ধরা পড়ে?
K চূড়ান্ত হিসাবে L রেওয়ামিলে
M দু'তরফা দাখিলায় N একতরফা দাখিলায়

২৫. মেশিন সংস্থাপন মজুরিকে মজুরি হিসাবে ডেবিট করার ফলে কোন ধরনের ভুল হয়?
K বাদ পড়ার ভুল L নীতিগত ভুল
M পরিপূরক ভুল N লেখার ভুল

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
শ্রেয়ার নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করা হলো। মূল্য বাবদ ১০ দিন পর ৫% বাট্টায় চেকের মাধ্যমে অর্থ পরিশোধ হলো।

২৬. ক্রয় হিসাবে ডেবিট হবে কত টাকা?
K ১৭,১০০ L ১৮,০০০
M ১৯,০০০ N ২১,০০০

২৭. ব্যাংক হিসাবে ক্রেডিট হবে কত টাকা?
K ১৭,১০০ L ১৮,০০০
M ১৯,০০০ N ২১,০০০

২৮. হিসাববিজ্ঞানের কোন ধারণা অনুযায়ী স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?
K পূর্ণপ্রকাশ L ঐতিহাসিক মূল্য
M রক্ষণশীলতা N সামঞ্জস্যতা

২৯. নগদান বই হলো–
i. জাবেদা
ii. খতিয়ান
iii. জাবেদা ও খতিয়ান উভয়ই
নিচের কোনটি সঠিক?
K i L iii M i ও ii N i, ii ও iii

৩০. যমুনা ট্রেডার্সের রেওয়ামিলে ১০ মাসের বেতন ১২,০০০ টাকা দেওয়া আছে। যমুনা ট্রেডার্সের বকেয়া বেতনের পরিমাণ কত?
K ১,২০০ টাকা L ২,৪০০ টাকা
M ৪,০০০ টাকা N ১৪,৪০০ টাকা

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
K ব্যবস্থাপক L বিনিয়োগকারী
M পাওনাদার N সরকার

২. নিচের কোনটি চলতি মূলধনের অংশ?
K প্রাপ্য হিসাব L আসবাবপত্র
M সুনাম N কলকব্জা

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলামিন এর নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। ব্যাংক বিবরণী অনুযায়ী উদ্বৃত্তের সাথে উক্ত উদ্বৃত্তের মিল হলো না। পরবর্তীতে অনুসন্ধান করে নিম্নলিখিত গরমিল পাওয়া গেল।
(১) ব্যাংক কর্তৃক প্রাপ্য নোট আদায় ১০,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(২) ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ২,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৩) ইস্যুকৃত চেক ১২,০০০ টাকা যা এখনও পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপন করা হয়নি।
(৪) জমাকৃত চেক ১০,০০০ টাকা এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি।

৩. শুধু ব্যাংক বিবরণীতে দেখানো হয়েছে এমন লেনদেনের সমষ্টি কত?
K ২,০০০ টাকা L ৮,০০০ টাকা
M ১০,০০০ টাকা N ১২,০০০ টাকা

৪. ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত কত হবে?
K ৬২,০০০ টাকা L ৬৪,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৭৪,০০০ টাকা

৫. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?
K ক্রয় পরিবহন L বেতন
M কমিশন N অফিস খরচ

৬. কোন স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্য করা হয় না?
K কলকব্জা L আসবাবপত্র
M দালানকোঠা N ভূমি

৭. লেনদেন সর্বদা পরিবর্তন আনে–
K মোট সম্পত্তির L মোট দায়ের
M মোট মুনাফার N আর্থিক অবস্থার

৮. বকেয়া বেতন হিসাবকে রেওয়ামিলের ক্রেডিট পার্শ্বে লিপিবদ্ধ করার কারণ হলো–
i. বকেয়া বেতন কারবারের দায় সৃষ্টি করে
ii. বকেয়া বেতন হিসাব খতিয়ানে ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে
iii. বকেয়া বেতন কারবারের মুনাফা বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. প্রাপ্য আয় রেওয়ামিলের কোথায় বসে?
K ডেবিট ঘরে L ক্রেডিট ঘরে
M ডেবিট অথবা ক্রেডিট
N বহির্ভূত থাকবে

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
২০২৩
জানু. ১ প্রারম্ভিক নগদ তহবিল ৫০,০০০ টাকা, ব্যাংক জমা ২৫,০০০ টাকা।
" ২ নগদে যন্ত্রপাতি ক্রয় ১০,০০০ টাকা।
" ১২ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা এবং নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৩১ নগদ উদ্বৃত্ত ১০,০০০ টাকা সংরক্ষণ করতে হবে।

১০. নগদের ঘরের ডেবিট উদ্বৃত্ত কত টাকা?
K ৫০,০০০ L ৪০,০০০
M ৩০,০০০ N ১০,০০০

১১. ব্যাংকের ডেবিট উদ্বৃত্ত কত টাকা?
K ২৫,০০০ L ৫০,০০০
M ৬০,০০০ N ৮৫,০০০

১২. বকেয়া চেক বলতে কী বোঝায়?
K ইস্যুকৃত চেক যা উপস্থাপন করা হয়নি
L জমাকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে যা নগদান বইতে লেখা হয়নি
M ইস্যুকৃত চেক প্রত্যাখ্যান
N জমাকৃত চেক প্রত্যাখ্যান

১৩. ব্যাংকের মাধ্যমে ৪,০০০ টাকার প্রাপ্য নোট আদায় হলো এ লেনদেনটি আমানতকারীর বইতে লিপিবদ্ধকরণে–
i. ব্যাংক হিসাব ডেবিট
ii. প্রাপ্য নোট হিসাব ক্রেডিট
iii. ব্যাংক হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. আসবাবপত্রের ক্রয়কে 'ক্রয়' হিসাবে ডেবিট করা হয়েছে। এখানে কোন ধরনের ভুল হয়েছে?
K নীতিগত ভুল L পরিপূরক ভুল
M বাদ পড়ার ভুল N দ্বৈত লেখার ভুল

১৫. নগদান বই কাজ করে–
i. জাবেদার ii. খতিয়ানের
iii. রেওয়ামিলের
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. হিসাবচক্রের সর্বশেষ ধাপ কোনটি?
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N চূড়ান্ত হিসাব

১৭. রেওয়ামিল কী?
K একটি হিসাবখাত L চূড়ান্ত হিসাবের অংশ
M হিসাব উদ্বৃত্তের একটি তালিকা
N হিসাবের সহকারী বই

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
সাদিয়া এন্টারপ্রাইজ এর ২০২৩ সালের কিছু লেনদেন নিম্নে দেওয়া হলো :
(১) ভাড়া বকেয়া কিন্তু এখনও পাওয়া যায়নি ২০,০০০ টাকা।
(২) বকেয়া বেতন ৮,০০০ টাকা।
(৩) বিমা খরচ ৪,০০০ টাকা ৪ বছরের জন্য পরিশোধ করা হয়েছে যা প্রাথমিকভাবে বিমা খরচ রূপে লিপিবদ্ধ করা হয়েছে।
(৪) ৩ বছরের সেবা আয় বাবদ ৩,০০০ টাকা প্রাপ্য হয়েছে যা প্রাথমিক সেবা আয় রূপে লিপিবদ্ধ করা হয়েছে।

১৮. প্রথম বৎসর শেষে অগ্রিম বিমা খরচের পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ২,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ৪,০০০ টাকা

১৯. সাদিয়া এন্টারপ্রাইজ এর ২০২৩ সালের নিট আয় কত?
K ১১,০০০ টাকা L ১২,০০০ টাকা
M ১৫,০০০ টাকা N ২৩,০০০ টাকা

২০. নিচের কোনটি অদৃশ্যমান লেনদেন?
K কমিশন L অবলোপন
M বাট্টা N অনাদায়ি পাওনা

২১. কার্যপত্রে নিট লাভ দেখাতে হয়–
i. বিশদ আয় বিবরণীর ডেবিটে
ii. বিশদ আয় বিবরণীর ক্রেডিটে
iii. আর্থিক অবস্থার বিবরণীর ক্রেডিটে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. ব্যাংক বিবরণী কে তৈরি করেন?
K আমানতকারী L ঋণগ্রহীতা
M বিনিয়োগকারী N ব্যাংক কর্তৃপক্ষ

২৩. পণ্য ক্রয় ও বিভিন্ন খরচের জন্য ব্যবহৃত ভাউচারকে বলে–
K ডেবিট ভাউচার L ক্রেডিট ভাউচার
M ডেবিট নোট N ক্রেডিট নোট

২৪. রেওয়ামিলে যাবে না–
i. প্রারম্ভিক ব্যাংক উদ্বৃত্ত
ii. প্রারম্ভিক নগদ তহবিল
iii. প্রারম্ভিক মজুদ পণ্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আলীম ২০১৮ সালের ১ মার্চ তারিখে ৩,০০,০০০ টাকা নগদ; ১,০০,০০০ টাকার আসবাবপত্র এবং ৫০,০০০ টাকার ঋণ গ্রহণ করে ব্যবসায় আরম্ভ করেন।

২৫. মি. আলিমের ব্যবসায়ে মূলধনের পরিমাণ কত?
K ২,০০,০০০ টাকা L ৩,০০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ৪,৫০,০০০ টাকা

২৬. ব্যবসায়ে মোট নগদ টাকার পরিমাণ কত?
K ৫০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ৩,০০,০০০ টাকা N ৩,৫০,০০০ টাকা

২৭. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান হলে প্রভাবিত হয়–
i. ব্যাংক হিসাব
ii. দেনাদার হিসাব/ প্রাপ্য হিসাব
iii. পাওনাদার হিসাব/ প্রদেয় হিসাব
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে মি. মাসুদ ১,২৫,০০০ টাকা মূল্যে একটি যন্ত্র ক্রয় করল। যন্ত্রটির সংস্থাপন ব্যয় হলো ৫,০০০ টাকা। যন্ত্রটির আয়ুষ্কাল ৬ বছর। মেয়াদ শেষে এর ভগ্নাবশেষ মূল্য হবে ১০,০০০ টাকা।

২৮. যন্ত্রের অবচয়যোগ্য মূল্য কত?
K ১,১৫,০০০ টাকা L ১,২০,০০০ টাকা
M ১,৩০,০০০ টাকা N ১,৪০,০০০ টাকা

২৯. সরলরৈখিক পদ্ধতিতে ২০২৪ সালের অবচয় কত?
K ১৮,৩৩৩ টাকা L ২০,০০০ টাকা
M ২১,৬৬৭ টাকা N ২৩,৩৩৩ টাকা

৩০. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?
K বকেয়া ঋণের সুদ L প্রদেয় হিসাব
M ব্যাংক ঋণ N মূলধন

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

বিষয় কোড : 253

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাফির উদ্বর্তপত্রের দফাগুলো নিম্নরূপ : সম্পদ ও দায় পাওয়া যায়; দালানকোঠা ৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, মজুদ পণ্য ২০,০০০ টাকা, হাতে নগদ ১০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা।

১. জনাব রাফির চলতি সম্পদের পরিমাণ কত?
K ৫০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

২. প্রদেয় হিসাবের ৫,০০০ টাকা পরিশোধ করা হলে বছরের শেষে মূলধনের উপর কী প্রভাব পড়বে?
K ৫০০০ টাকা বৃদ্ধি পাবে
L ৫০০০ টাকার হ্রাস পাবে
M ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
N কোনো প্রভাব পড়বে না

৩. নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায়?
K আয় L সম্পত্তি
M স্বত্বাধিকার N দায়

৪. নিট বিক্রয় – মোট লাভ = ?
K মোট ক্রয় L পরিচালন মুনাফা
M নিট লাভ N বিক্রীত পণ্যের ব্যয়

৫. বিক্রীত পণ্যের ব্যয়ের সাথে মোট লাভ যোগ করলে কী পাওয়া যায়?
K ক্রয় L বিক্রয়
M পরিচালন ব্যয় N পরিচালন আয়

৬. অতিরিক্ত অবচয় ধার্য করা হলে–
i. সম্পত্তি কম দেখানো হয়
ii. মালিকানাস্বত্ব কম দেখানো হয়
iii. আয় বেশি দেখানো হয়
নিচের কোনটি সঠিক?
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
তাহসিন একটি মোটরগাড়ি ৫০,০০০ টাকায় ক্রয় করেছিলেন। বর্তমানে ক্রমযোজিত অবচয়ের উদ্বৃত্ত ২০,০০০ টাকা। তিনি গাড়িটি ৩৬,০০০ টাকায় বিক্রয় করলেন।

৭. বিক্রয়জনিতে লাভ বা ক্ষতি কত?
K লাভ ৬,০০০ টাকা
L ক্ষতি ১৪,০০০ টাকা
M ক্ষতি ২০,০০০ টাকা
N লাভ ৩৬,০০০ টাকা

৮. গাড়িটির বিক্রয়জনিত জাবেদায় ক্রেডিট হবে–
i. মোটরগাড়ি হিসাব
ii. ক্রমযোজিত অবচয় হিসাব
iii. মোটর গাড়ি বিক্রয়জনিত লাভ হিসাব
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. অনুপার্জিত আয়ের সাথে আয়ের সম্পর্ক–
K অসীম L সসীম
M বিপরীতমুখী N সমমুখী

১০. কোনটি মূলধনজাতীয় ব্যয়ের অন্তর্ভুক্ত?
K ঋণের সুদ L মেশিন সংস্থাপন ব্যয়
M ভ্রমণ ব্যয় N মূলধনের সুদ

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আবুলের ২০২৩ সালে বিজ্ঞাপন খরচ ছিল ৫০,০০০ টাকা। তিনি ২০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করেন যা হিসাবভুক্ত হয়নি।

১১. মোট বিজ্ঞাপন খরচের ৩/৪ অংশ বিলম্বিত করা হলে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
K ১২,৫০০ টাকা L ১৭,৫০০ টাকা
M ৩৭,৫০০ টাকা N ৫২,৫০০ টাকা

১২. মোট বিজ্ঞাপন খরচের ১/৪ অংশ বিলম্বিত করা হলে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
K ১২,৫০০ টাকা L ১৭,৫০০ টাকা
M ৩৭,৫০০ টাকা N ৫২,৫০০ টাকা

১৩. কামাল সাহেব ৫০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেন এবং সংস্থাপন ব্যয় বাবদ ১০,০০০ টাকা পরিশোধ করেন কিন্তু সংস্থাপন ব্যয়কে মজুরি হিসেবে ডেবিট করা হয়েছে। এখানে কী ধরনের ভুল হয়েছে?
K করণিক ভুল L পরিপূরক ভুল
M বাদ পড়ার ভুল N নীতিগত ভুল

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম ট্রেডার্স-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ: নগদ তহবিল ১০,০০০ টাকা, প্রাপ্য হিসাব-৮,০০০ টাকা, প্রদেয় হিসাব ১২,০০০ টাকা, বাড়ি ভাড়া প্রদান ৭,০০০ টাকা, ক্রয় ১৫,০০০ টাকা, মূলধন ২০,০০০ টাকা, বিক্রয় ১২,০০০ টাকা।

১৪. রহিমের রেওয়ামিলে অনিশ্চিত হিসাবের পরিমাণ কত?
K ১২,০০০ টাকা L ৮,০০০ টাকা
M ৪,০০০ টাকা N ৩,০০০ টাকা

১৫. রহিমের রেওয়ামিলে যে হিসাবের জের বৃদ্ধি করলে অনিশ্চিত হিসাবের প্রয়োজন পড়বে না–
i. সম্পদজাতীয় হিসাবের জের
ii. আয়জাতীয় হিসাবের জের
iii. ব্যয়জাতীয় হিসাবের জের
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. ব্যাংক বিবরণী অনুযায়ী 'ক্রেডিট উদ্বৃত্ত' আমানতকারীর জন্য কী নির্দেশ করে?
K আয় L ব্যয় M দায় N সম্পত্তি

১৭. বকেয়া চেক বলতে কী বোঝায়?
K জমাকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে
L ইস্যুকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে
M ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপিত হয়নি
N জমাকৃত চেক যা আদায় হয়নি

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে মি. আলোক ব্যক্তিগত মোটরগাড়ি ৪,০০,০০০ টাকায় বিক্রয় করে ২,০০,০০০ টাকা নগদ ও ব্যাংক হতে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করে ব্যবসায় আরম্ভ করেন। জানুয়ারির ২ তারিখে ধারে সাপ্লাইজ ক্রয় করেন ৭,৫০০ টাকা।

১৮. আলোকের ব্যবসায়ে মূলধনের পরিমাণ কত?
K ৪,০০,০০০ টাকা L ৫,০০,০০০ টাকা
M ৩,০০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

১৯. জানুয়ারি ২ তারিখের লেনদেনটি কোন বইতে লিপিবদ্ধ হবে?
K ক্রয় জাবেদা L নগদ প্রদান জাবেদা
M সাধারণ জাবেদা N নগদান বই

২০. তিনঘরা নগদান বই সংরক্ষণ করলে জানা যায়–
i. নগদ উদ্বৃত্ত
ii. ব্যাংক উদ্বৃত্ত বা ব্যাংক জামাতিরিক্ত
iii. প্রদত্ত বাট্টা ও প্রাপ্ত বাট্টা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. সমাপনী দাখিলা দিতে হয়–
i. আয় হিসাব বন্ধ করার জন্য
ii. ব্যয় হিসাব বন্ধ করার জন্য
iii. উত্তোলন হিসাব বন্ধ করার জন্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. মালিকানাস্বত্ব কী?
K ব্যবসায়ের নগদ অর্থ
L ব্যবসায়ের দায়সমূহ
M মোট সম্পত্তির উপর মালিকের দাবি
N মোট দায়ের উপর মালিকের দাবি

২৩. 'c/d'-এর পূর্ণরূপ কোনটি?
K Carried down L Credit discount
M Carried discount N Credit down

২৪. ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় কোনটি?
K ক্রয় বাট্টা L বিক্রয় বাট্টা
M নগদ বাট্টা N পরিমাণ বাট্টা

২৫. লেনদেনের দ্বৈতসত্তা বিশ্লেষণ করা হয় কোথায়?
K জাবেদায় L খতিয়ানে
M রেওয়ামিলে N আর্থিক বিবরণীতে

২৬. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য নয় কোনটি?
K লেনদেন স্থায়িভাবে লিপিবদ্ধ করা
L জাল ও জুয়াচুরি বের করা
M আর্থিক ফলাফল নির্ণয়
N আর্থিক অবস্থা নির্ণয়

২৭. প্রতিটি লেনদেনে কয়টি হিসাব থাকে?
K দুটি L তিনটি
M চারটি N দুই বা ততোধিক

২৮. হিসাবরক্ষণের মূল ভিত্তি কী?
K ঘটনা L লেনদেন
M হিসাব N জাবেদা

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
শিশির আহমেদ পণ্য ক্রয় করেন ১২,০০০ টাকার যার এক-তৃতীয়াংশ নগদে পরিশোধ করেন। ব্যবসায়ের প্রয়োজনে মাপার যন্ত্র ক্রয় করেন যার বর্তমান বাজারমূল্য ১০,০০০ টাকা। শিশির ৩,০০০ টাকা আয়কর প্রদান করেন এবং নিচের প্রয়োজনে মজুদ হতে ২,৫০০ টাকা পণ্য ব্যবহার করেন।

২৯. জনাব শিশিরের ব্যবসায়ের ক্রয় হিসেবে জের কত?
K ৯,৫০০ টাকা L ১২,০০০ টাকা
M ১৯,৫০০ টাকা N ২২,০০০ টাকা

৩০. জনাব শিশিরের প্রারম্ভিক মূলধন ৪৫,০০০ টাকা হলে হিসাব সমীকরণের E উপাদানটির পরিমাণ কত?
K ৪৫,০০০ টাকা L ৪২,৫০০ টাকা
M ৩৯,৫০০ টাকা N ৩০,০০০ টাকা

কুমিল্লা সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়–৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. আধুনিক হিসাববিজ্ঞানের প্রবর্তক কে?
K এল সি ক্রুপার L এ ডব্লিউ জনসন
M লুকা প্যাসিওলি N আর এন কার্টার

২. দুতরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কোনটি?
K ১৪১৩ খ্রিষ্টাব্দে L ১৪৩২ খ্রিষ্টাব্দে
M ১৪৪৯ খ্রিষ্টাব্দে N ১৪৯৪ খ্রিষ্টাব্দে

৩. আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৫,০০০ টাকা। আসবাবপত্রের অবচয় দ্বারা ব্যবসায়ের–
i. সম্পদ হ্রাস পেয়েছে
ii. আয় হ্রাস পেয়েছে
iii. খরচ বৃদ্ধি পেয়েছে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. জনাব করিমের দায় ছিল ২০,০০০ টাকা এবং মালিকানাস্বত্ব ছিল ৩০,০০০ টাকা। তাঁর সম্পত্তি ছিল কত?
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

৫. মৌলিক হিসাব সমীকরণ কোনটি?
K L = A + OE L A = L + OE
M A = L – OE N OE = A + L

৬. হিসাবচক্রের মোট কয়টি ধাপ?
K ৬টি L ৮টি M ১০টি N ১২টি

৭. কোনটি হিসাবের পাকা বই?
K জাবেদা L রেওয়ামিল
M খতিয়ান N নগদান বই

৮. ডাকটিকিট ক্রয় ২০ টাকা। এ খরচটি খুচরা নগদান বইয়ের কোন শিরোনামের অধীনে দেখানো হবে?
K ডাক ও তার L মনিহারি
M যাতায়াত N বিবিধ

৯. আলমের নিকট ২০,০০০ টাকার পণ্য ৫% কারবারি বাট্টায় বিক্রয় করা হলো এবং ৩০০ টাকা পরিবহন খরচ প্রদান করা হলো। এ লেনদেনটির প্রভাবে ব্যবসায়ের–
i. সম্পদ বৃদ্ধি পাবে ১৯,০০০ টাকা
ii. দায় বৃদ্ধি পাবে ১৯,০০০ টাকা
iii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে ১৯,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০. জনাব আসিফ নগদ ১,০০,০০০ টাকা, ৭০,০০০ টাকার যন্ত্রপাতি ও ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। যদি বাপ্পির নিটক বিক্রয় ৮,০০০ টাকা ও ভাড়া প্রদান ৫,০০০ টাকা হয় তবে নগদান হিসাবে জের হবে–
K ৯৫,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,০৩,০০০ টাকা N ১,০৫,০০০ টাকা

১১. নগদ প্রাপ্তি জাবেদার বৈশিষ্ট্য–
i. নগদ লেনদেন
ii. বিশেষ জাবেদা
iii. ডেবিট উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. নগদান বইয়ের ব্যাংক কলামের ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝানো হয়?
K ব্যাংক হতে উত্তোলন
L ব্যাংক জমার উদ্বৃত্ত
M ব্যাংক চার্জ
N ব্যাংক জমাতিরিক্ত

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
আবীর এন্ড কোং এর ৩১ শে জানুয়ারি ২০২১ তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। ৫,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে। কিন্তু ভুলক্রমে নগদান বইতে ৫০০ টাকা লেখা হয়েছে এবং ২,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে যা নগদান বইতে ভুলে ২ বার লেখা হয়েছে।

১৩. জমাকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ করতে হবে?
K ৫০০ L ৪,৫০০
M ৫,০০০ N ৫,৫০০

১৪. উক্ত কোম্পানির ইস্যুকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ বা বিয়োগ করবে?
K ২,০০০ টাকা যোগ
L ৪,০০০ টাকা যোগ
M ২,০০০ টাকা বিয়োগ
N ৭,০০০ টাকা বিয়োগ

১৫. আমানতকারীর বিভিন্ন সেবা প্রদানের জন্য ব্যাংক কর্তন করে–
i. কমিশন ii. ব্যাংক চার্জ
iii. উৎস কর
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৬. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
K আমানতকারী L নিরীক্ষক
M ব্যাংক N পাওনাদার

১৭. রেওয়ামিলের ডেবিট পাশে বসে–
K যাবতীয় আয় ও সম্পত্তি
L যাবতীয় সম্পত্তি ও মূলধন
M যাবতীয় দায় ও আয়
N যাবতীয় সম্পত্তি ও খরচ

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
রহমান ট্রেডার্সের হিসাবরক্ষক ৫০,০০০ টাকার আসবাবপত্র কিনে ক্রয় হিসাবে ৪০,০০০ টাকা লিখেন এবং ৭০,০০০ টাকার অফিস সরঞ্জাম কিনে অফিস সরঞ্জাম হিসাবে ৬০,০০০ টাকা লিখেন।

১৮. আসবাবপত্র ক্রয়কে ক্রয় হিসাবে লেখা কোন ধরনের ভুল?
K বাদ পড়া L নীতিগত
M পরিপূরক N লেখার

১৯. উদ্দীপকে উল্লিখিত দুটি ভুলের জন্য রেওয়ামিলে কত টাকার গরমিল দেখা দিবে?
K ০০ টাকা L ১০,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

২০. যে দাখিল দ্বারা নামিক হিসাবসমূহ বন্ধ করা হয় তাকে কী বলে?
K সমন্বয় দাখিলা L সমাপনী দাখিলা
M বিপরীত দাখিলা N স্থানান্তর দাখিলা

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
২০২০ সালে সায়হাম টেক্সটাইল মিলের বিজ্ঞাপন বাবদ ব্যয় হয়েছে ১৫,০০০ টাকা। বিনামূল্যে পণ্য বিতরণের পরিমাণ ছিল ৫,০০০ টাকা। প্রতিষ্ঠান বিজ্ঞাপন ব্যয়ের $\frac{১}{৪}$ অংশ অবলোপনের সিদ্ধান্ত নেয়।

২১. কার্যপত্রের সমন্বিত রেওয়ামিলে বিজ্ঞাপন ব্যয় কত টাকা প্রদর্শিত হবে?
K ৫,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ১৫,০০০ টাকা N ২০,০০০ টাকা

২২. আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞানের পরিমাণ কত?
K ৫,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ১৫,০০০ টাকা N ২০,০০০ টাকা

২৩. জনাব বাশার কারবারে ব্যবহারের জন্য ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন। বার্ষিক অবচয় ১,০০০ টাকা হলে, অবচয়ের হার কত?
K ৪% L ৫% M ৮% N ১০%

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
লতিফ ট্রেডার্স ২০২২ সালের ১লা জানুয়ারি তারিখে ১,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা। বার্ষিক ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

২৪. ২০২২ সালের অবচয়ের পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ১৮,০০০ টাকা
M ১৯,০০০ টাকা N ২০,০০০ টাকা

২৫. তিন বছর পর মেশিনটির পুস্তক মূল্য কত হবে?
K ১,৪০,০০০ টাকা L ১,৪৫,৮০০ টাকা
M ১,৮০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

২৬. উত্তোলনের সুদ কী?
K সম্পদ L দায় M আয় N ব্যয়

২৭. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?
K অফিস ভাড়া L বিজ্ঞাপন খরচ
M মজুরি N কমিশন

২৮. যদি প্রারম্ভিক মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, ক্রয় ৮৫,০০০ টাকা, বিক্রয় ১,৫০,০০০ টাকা এবং মোট লাভের হার ৩০% হয়, তবে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত হবে?
K ১৫,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ১,০৫,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাকিনের ২০২০ সালের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যসমূহ পাওয়া যায় :
প্রারম্ভিক মজুদ পণ্য ১৫,০০০ টাকা; ক্রয় ৪৫,০০০ টাকা; মজুরি ১২,০০০ টাকা, কারখানা ভাড়া ৩,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ২২,০০০ টাকা।

২৯. বিক্রীত পণ্যের ব্যয় কত?
K ৩৮,০০০ টাকা L ৪১,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৫৩,০০০ টাকা

৩০. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?
K ৩৩,০০০ টাকা L ৩৮,০০০ টাকা
M ৪৮,০০০ টাকা N ৫৩,০০০ টাকা

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 3

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. পাওনাদারকে পরিশোধ করা হলে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?
K সম্পদ হ্রাস, স্বত্বাধিকার হ্রাস
L সম্পদ বৃদ্ধি, স্বত্বাধিকার বৃদ্ধি
M সম্পদ হ্রাস, দায় হ্রাস
N সম্পদ বৃদ্ধি, নগদ বৃদ্ধি

২. ইফতির নিকট পণ্য বিক্রয় ২০,০০০ টাকা। এ লেনদেনে প্রামাণ্য দলিল হলো–
K ক্যাশ মেমো L চালান
M ডেবিট মেমো N ক্রেডিট মেমো

৩. সর্বজন স্বীকৃত নীতিমালা প্রকাশে পরিচিত?
K AICPA L GAAP
M FASB N IASB

৪. কোনটি হিসাবচক্রের অংশ নয়?
K সত্যতা যাচাইকরণ L শনাক্তকরণ
M লিপিবদ্ধকরণ N শ্রেণিবিন্যাসকরণ

৫. কারবারি বাট্টা কোন বইতে লিপিবদ্ধ করা হয়?
K দুঘরা নগদান L তিনঘরা নগদান
M খুচরা নগদান N কোনোটিই নয়

৬. ধারে বিক্রয় ২,০০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০% এবং ১৫% ভ্যাট। প্রদেয় ভ্যাট কত টাকা হবে?
K ২৩,৪৭৮ L ২৬,০৮৭
M ২৭,০০০ N ৩৫,০০০

৭. চেকের মাধ্যমে বেতন প্রদান ৫০০ টাকা ভুলক্রমে নগদান বইতে ডেবিট দিকে ৫০ টাকা লেখা হয়েছে এর ফলে নগদান বইয়ের উদ্বৃত্ত এবং ব্যাংকের বিবরণীর মধ্যে কত টাকা গরমিল হবে?
K ৫০ L ৪৫০ M ৫০০ N ৫৫০

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
রাইশা কোং এর ৩১শে জানুয়ারি ২০২০ তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ছিল ৭০,০০০ টাকা। ১০,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দিয়ে ভুলক্রমে নগদান বইয়ে ১,০০০ টাকা লিপিবদ্ধ করেন এবং ৫০০০ টাকার ইস্যুকৃত চেক নগদান বইয়ে দুবার লেখা হয়েছে।

৮. রাইশার ইস্যুকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ বা বিয়োগ করতে হবে?
K ৪,০০০ টাকা বিয়োগ
L ৫,০০০ টাকা যোগ
M ১০,০০০ টাকা বিয়োগ
N ১৪,০০০ টাকা যোগ

৯. উপরিউক্ত প্রতিষ্ঠানের ভুল দুটির জন্য নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মাঝে গরমিলের পরিমাণ কত টাকা?
K ৯,০০০ L ১৪,০০০
M ১৫,০০০ N ৬০,০০০

১০. আদায়ের জন্য ব্যাংকে প্রেরিত চেক প্রত্যাখ্যাত হলে–
i. নগদান বইয়ে জমা বেশি হবে
ii. নগদান বইয়ে জমা কম হবে
iii. পাশ বইয়ে জমা কম হবে
নিচের কোনটি সঠিক?
K i ও iii L iii M ii ও iii N i, ii ও iii

১১. পাশ বইয়ের ডেবিট ব্যালেন্স বলতে আমরা বুঝি–
K নগদান বইয়ের ডেবিট ব্যালেন্স
L নগদান বইয়ের ব্যাংক ব্যালেন্স
M ব্যাংক জমাতিরিক্ত N সবগুলো

১২. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়–
K পূর্ণ আর্থিক বছরের জন্য
L অর্ধ আর্থিক বছরের জন্য
M কোনো একটা নির্দিষ্ট তারিখের জন্য
N কোনোটিই নয়

১৩. বছরের শুরুতে শারমিন ফ্যাশন হাউজের প্রারম্ভিক মূলধনের পরিমাণ ছিল ৫০,০০০ টাকা, সমাপনী মূলধন ছিল ৯০,০০০ টাকা এবং উত্তোলনের পরিমাণ ছিল ২০,০০০ টাকা তাহলে বছর শেষে শারমিন ফ্যাশন হাউজের নিট লাভ কত হবে?
K ৫০,০০০ L ৪০,০০০
M ৬০,০০০ N ২০,০০০

■ **উদ্দীপকটি পড়ে ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব পাভেল একজন হিসাবরক্ষক যিনি দেনাদার হিসাবে লেখার সময় ৪০,০০০ টাকার স্থলে ৩০,০০০ টাকা ডেবিট করেন। আবার পাওনাদার হিসেবেও একইভাবে ৫০,০০০ টাকার স্থলে ৪০,০০০ টাকা ক্রেডিট করেন এবং ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিলটি মিলে যায়।

১৪. জনাব পাভেল যে ভুলটি করেছে তাকে কী জাতীয় ভুল বলে?
K লেখার ভুল L নীতিগত ভুল
M বাদপড়ার ভুল N পরিপূরক ভুল

১৫. জনাব রহিম ৫০,০০০ টাকা দিয়ে তার দোকানের মালামাল সংরক্ষণের জন্য একটি আলমারি ক্রয় করেন। তাকে কত টাকা ভ্যাট দিতে হয়েছে?
K ৩,০০০ L ৭,৫০০
M ৬,৫২১ N কোনোটিই সঠিক নয়

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
এবি ট্রেডার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখ ১,২০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে যার সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা এবং আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর।

১৬. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
K ১৪,০০০ টাকা L ১৩,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১১,০০০ টাকা

১৭. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য হলে প্রথম বছরে সরলরৈখিক অবচয়ের সাথে অবচয়ের পার্থক্যের পরিমাণ কত?
K ১,০০০ টাকা L ১৩,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ২৭,০০০ টাকা

১৮. মুসক দ্বারা কী বুঝায়?
K মূল্য সংস্থাপন ব্যয় L মূল্য সংযোজন কর
M মূল্য সৃষ্টি কর N আয়কর

১৯. আসবাবপত্র অবচয় ধার্য করা না হলে–
i. অবচয় কম দেখানো হয়েছে
ii. স্থায়ী সম্পত্তি বেশি দেখানো হয়েছে
iii. মুনাফা বেশি দেখানো হয়েছে
নিচের কোনটি সঠিক?
K ii L i ও ii M ii ও iii N i, ii ও iii

২০. উদ্বৃত্তপত্র কী?
i. একটি বিবরণী
ii. একটি তালিকা
iii. অস্থায়ী হিসাব
নিচের কোনটি সঠিক?
K i L iii M i ও ii N i, ii ও iii

২১. বছর শেষে কোন হিসাবগুলো বন্ধ করে দেয়া হয়?
K সম্পত্তি হিসাব L দায় হিসাব
M নামিক হিসাব N সবগুলো

২২. অবচয় প্রক্রিয়া হচ্ছে একটি–
K সম্পত্তির মূল্যায়ন
L সম্পত্তির ক্রয়মূল্য বণ্টন
M সম্পত্তির মূল্য সংযোজন
N সবগুলো

২৩. অলীক সম্পত্তির উদাহরণ–
K শেয়ার অবহার L অবলেখকের কমিশন
M প্রাথমিক খরচ N সবগুলো

২৪. মালিক ব্যক্তিগত প্রয়োজনে কারবার থেকে উত্তোলন করলে হিসাব সমীকরণে পরিবর্তন হবে–
i. A & P উপাদানের
ii. L & P উপাদানের
iii. A & P, L উপাদানের
নিচের কোনটি সঠিক?
K i L i ও iii M ii N i, ii ও iii

২৫. হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য কী–
i. অর্থনৈতিক তথ্য পরিবেশন করা
ii. লেনদেনের স্থায়ী হিসাব রাখা
iii. লাভ-ক্ষতি নিরূপণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৬. ভ্যাট নির্ণয় করার সূত্র নিচের কোনটি?
i. ১৫/১১৫ ii. ৩/২৩
iii. ১৫/১০০
নিচের কোনটি সঠিক?
K ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৭. অপরিচালন আয়গুলো হলো–
i. শিক্ষানবিশ সেলামি
ii. লভ্যাংশ আয়
iii. ব্যাংক চার্জ
নিচের কোনটি সঠিক?
K i L iii M ii N i ও ii

২৮. কার্যপত্র এক ধরনের–
K খতিয়ান L সহকারী বই
M রেওয়ামিল N খসড়া বই

২৯. ম্যানেজারকে কমিশন ধার্য করার পরবর্তী নিট মুনাফার উপর ৫% কমিশন প্রদান করতে হবে (নিট লাভ ৪৫,২৫০) তাহলে কমিশনের পরিমাণ কত?
K ২,০০০ L ২,৪৫০
M ২,১৫৫ N ২,২৫৬

৩০. বিক্রীত পণ্যের ব্যয় ১৬,০০০ টাকা এবং যদি বিক্রয়ের উপর ২০% মুনাফা হয় বিক্রয়ের পরিমাণ কত টাকা?
K ২,২০০ L ২১,০০০
M ২০,০০০ N ২০,৫০০

বিএএফ শাহীন কলেজ শমশেরনগর, মৌলভীবাজার

বিষয় কোড : 2 5 3

সময়–৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ব্যাংক কর্তৃক আদায়কৃত লভ্যাংশ ৪,০০০ টাকার জন্য আমানতকারীর বহিতে নিচের কোন হিসাবটি ডেবিট হবে?
K নগদান হিসাব L প্রাপ্য হিসাব
M ব্যাংক হিসাব N লভ্যাংশ হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :** প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা। নিট ক্রয়ের পরিমাণ ১,৫০,০০০ টাকা। সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩০,০০০ টাকা।

২. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত হবে?
K ১,০০,০০০ টাকা L ১,২০,০০০ টাকা
M ১,৭০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

৩. সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ২০,০০০ টাকা হলে মোট লাভের উপর কী প্রভাব পড়বে?
K ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
L ১০,০০০ টাকা হ্রাস পাবে
M ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
N ২০,০০০ টাকা হ্রাস পাবে

৪. রেওয়ামিলের ক্রেডিট কলামে লিপিবদ্ধ হয়–
K বকেয়া খরচ ও বকেয়া আয়
L অগ্রিম খরচ ও অগ্রিম আয়
M বকেয়া খরচ ও অগ্রিম আয়
N অগ্রিম খরচ ও বকেয়া আয়

৫. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে যা নগদান বহিতে ক্রেডিট করা হয়নি তাকে কী বলে?
K Debit Memorandum
L Credit Memorandum
M Debit note
N Credit note

৬. ব্যাংক বিবরণীর ক্রেডিট জের বলতে বোঝায়–
K ব্যাংক জমার উদ্বৃত্ত
L ব্যাংক জমাতিরিক্ত
M হাতে নগদ
N নগদান বহির ক্রেডিট জের

৭. ৩২৮ এর জায়গায় ৩৮২ লেখাকে কী ধরনের ভুল বলে?
K পরিপূরক L নীতিগত
M বাদপড়া N লেখার

৮. কোন দাখিলার মাধ্যমে মুনাফাজাতীয় হিসাব বন্ধ করা হয়?
K প্রারম্ভিক দাখিলা L সমাপনী দাখিলা
M সমন্বয় দাখিলা N বিপরীত দাখিলা

৯. হিসাবের প্রাথমিক বহি কোনটি?
K নগদান বহি L দৈনিক খরচ বহি
M খতিয়ান বহি N জাবেদা বহি

১০. কোনটির ফলে স্বত্বাধিকার বৃদ্ধি পায়?
K বেতন প্রদান ২,০০০ টাকা
L আসবাবপত্রের অবচয় ১,০০০ টাকা
M ঋণগ্রহণের সুদ ১,৫০০ টাকা
N বিনিয়োগের সুদ ৩,০০০ টাকা

১১. দুতরফা দাখিলা পদ্ধতি একটি–
i. পূর্ণাঙ্গ পদ্ধতি
ii. বিজ্ঞানসম্মত পদ্ধতি
iii. ত্রুটিযুক্ত পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২০% হলে বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর মুনাফার শতকরা হার কত হবে?
K ১৬.৬৭% L ২০%
M ২৫% N ৩৩.৩৩%

১৩. একটি মেশিনের ক্রয়মূল্য ৭০,০০০ টাকা, আনুমানিক আয়ুষ্কাল ৮ বছর। সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় ৮,০০০ টাকা হলে ভগ্নাবশেষ মূল্য কত?
K ৬,০০০ টাকা L ৮,০০০ টাকা
M ৬২,০০০ টাকা N ৭০,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :** বিক্রীত পণ্যের ব্যয় ২,৫০,০০০ টাকা, পরিচালন ব্যয় ১,০০,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ৩০,০০০ টাকা, মূলধনের সুদ ২০,০০০ টাকা।

১৪. মোট মুনাফা ১,৫০,০০০ টাকা হলে বিক্রয়ের পরিমাণ কত টাকা?
K ২,৫০,০০০ টাকা L ৩,০০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ৫,০০,০০০ টাকা

১৫. মোট মুনাফা ২,০০,০০০ টাকা হলে নিট মুনাফার পরিমাণ কত?
K ৫০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,১০,০০০ টাকা N ১,৫০,০০০ টাকা

১৬. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
K ব্যাংক L আমানতকারী
M দেনাদার N পাওনাদার

১৭. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলে কোন হিসাবটি ডেবিট করা হবে?
K আসবাবপত্র হিসাব
L সাপ্লাইজ হিসাব
M বিক্রয় হিসাব
N ক্রয় হিসাব

১৮. নগদান বহি ও ব্যাংক বিবরণীর জেরের মধ্যে গরমিলের কারণ নয় কোনটি?
K ব্যাংকে নগদ টাকা জমা দেওয়া হলো
L ব্যাংক চার্জ নগদান বহিতে লেখা হয়নি
M পরিবহনাধীন জমা
N ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপন করা হয়নি

১৯. বিক্রীত পণ্যের ব্যয়ে কোনটি অন্তর্ভুক্ত হয়?
K বেতন L জাহাজ ভাড়া
M বহিঃপরিবহন N মনিহারি খরচ

২০. নগদান বই ও ব্যাংক বিবরণীর ব্যালেন্সের গরমিলের কারণ–
i. ইস্যুকৃত চেক উপাস্থিত হয়নি
ii. জমাকৃত চেক আদায় হয়নি
iii. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. NSF শব্দের পূর্ণরূপ কী?
K Not Suitable Fund
L Non Significant Fund
M Not Sufficient Fund
N Net Saving Fund

২২. অবচয় কোন ধরনের হিসাব?
K দায় L ব্যয়
M সম্পদ N আয়

২৩. একটি সম্পদের ক্রয়মূল্য ২০,০০০ টাকা এবং কার্যকরী জীবন ৫ বছর হলে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত?
K ২০% L ২৫% M ৩০% N ৪০%

২৪. কোনটি অস্পর্শনীয় সম্পদ?
K খনিজ সম্পদ
L অগ্রিম বিমা
M ভূমি ও দালানকোঠা
N ট্রেড মার্ক ও পেটেন্ট

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :** কর্নফুলী লি. এর প্রতিষ্ঠানের যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করে। ৩০,০০০ টাকা পুস্তক মূল্যের একটি যন্ত্রপাতির পুঞ্জীভূত অবচয় ২০,০০০ টাকা।

২৫. যন্ত্রপাতির ক্রয়মূল্য কত?
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

২৬. যন্ত্রটির বর্তমান বিক্রয়মূল্য ৩৫,০০০ টাকা হলে কত টাকা লাভ বা ক্ষতি হবে?
K ৫,০০০ টাকা লাভ হবে
L ৫,০০০ টাকা ক্ষতি হবে
M ১৫,০০০ টাকা লাভ হবে
N ১৫,০০০ টাকা ক্ষতি হবে

২৭. প্রদেয় হিসাব কোন ধরনের দায়?
K চলতি দায় L দীর্ঘমেয়াদি দায়
M অন্তর্দায় N সম্ভাব্য দায়

২৮. কোন ধরনের সম্পদের অবলোপন করতে হয়?
K চলতি সম্পদ L অলীক সম্পদ
M অদৃশ্যমান সম্পদ N তরল সম্পদ

২৯. মোট লাভ বিক্রয়মূল্যের ৭.৫%। মোট লাভ ১৫,০০০ টাকা হলে বিক্রয়মূল্য কত?
K ১,১২,৫০০ টাকা L ১,৮৫,০০০ টাকা
M ২,০০,০০০ টাকা N ২,১৫,০০০ টাকা

৩০. নিচের কোনটি অলীক সম্পদ?
K শেয়ার অবহার L সুনাম
M কলকব্জা N পেটেন্ট

দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 253

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. পাস বই বা ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত দ্বারা বোঝায়–
K ব্যাংক জমা L ব্যাংক জমাতিরিক্ত
M নগদ তহবিল N ব্যাংক তহবিল

২. সমাপনী দলিলের উদ্দেশ্য কী?
K সকল হিসাব বন্ধ করা
L সকল সম্পদ হিসাব বন্ধ করা
M সকল দায় হিসাব বন্ধ করা
N সকল আয়-ব্যয় হিসাব বন্ধ করা

৩. অনুপার্জিত আয়?
K ব্যয় L আয় M সম্পদ N দায়

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মিরাজ ১ জানুয়ারি ২০২৪ তারিখে ১,০০,০০০ টাকার একটি যন্ত্রপাতি ক্রয় করেন। উক্ত যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় হয় ২০,০০০ টাকা।

৪. যন্ত্রপাতি ক্রয় ভুলবশত সংস্থাপন হিসাবে ডেবিট করা হলে এটি কোন ধরনের ভুল?
K বাদ পড়ার ভুল L পরিপূরক ভুল
M লেখার ভুল N নীতিগত ভুল

৫. সংস্থাপন ব্যয় মজুরি হিসাবে ডেবিট করা হলে আয় বিবরণীতে কী প্রভাব পড়বে?
K মোট আয় হ্রাস পাবে
L নিট আয় বৃদ্ধি পাবে
M যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি পাবে
N মোট সম্পদ বৃদ্ধি পাবে

৬. কোন মূলধনের ওপর সুদ ধরা হয়?
K বিনিয়োজিত মূলধন L সমাপনী মূলধন
M প্রারম্ভিক মূলধন N কার্যকরী মূলধন

৭. নিচের কোন লেনদেনটি মালিকানাস্বত্ব বৃদ্ধি করে?
K বেতন প্রদান ৫,০০০ টাকা
L আসবাবপত্রের অবচয় ৪,০০০ টাকা
M বিনিয়োগের সুদ ১,০০০ টাকা
N ঋণের সুদ ২,০০০ টাকা

৮. ব্যাংক সমন্বয় বিবরণী তৈরিতে নিচের কোন বিষয় বিবেচনায় আনা হয়?
K দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
L জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় হয়নি
M সরবরাহকারীকে নগদ প্রদান
N ব্যাংক চার্জ উভয় বইতে লিপিবদ্ধ হয়েছে

৯. পুস্তকমূল্য কোনটি?
K ক্রয়মূল্য – মুনাফা
L ক্রয়মূল্য – পুঞ্জীভূত অবচয়
M ক্রয়মূল্য – ভগ্নাবশেষ মূল্য
N ক্রয়মূল্য + সংস্থাপন ব্যয়

১০. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করার জন্য হিসাববিজ্ঞানের কোন পদ্ধতিটি তুমি প্রয়োগ করবে?
K একতরফা দাখিলা পদ্ধতি
L বকেয়াভিত্তিক হিসাব পদ্ধতি
M নগদভিত্তিক হিসাব পদ্ধতি
N দুতরফা দাখিলা পদ্ধতি

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রানা তার ব্যবসায়ে দুইঘরা নগদান বই সংরক্ষণ করেন। ২০২৪ সালের ৫ জুলাই ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে ২০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে নগদ ৫,০০০ টাকা উত্তোলন করেন।

১১. ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২০,০০০ টাকা, নগদান বইতে বসবে–
i. ক্রেডিট দিকে ব্যাংকের ঘরে
ii. ক্রেডিট দিকে নগদের ঘরে
iii. ডেবিট দিকে নগদের ঘরে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলনের ফলে আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়ে—
i. মালিকানাস্বত্ব হ্রাস পাবে
ii. নগদ উদ্বৃত্ত হ্রাস পাবে
iii. নিট আয় অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. নিচের কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?
K সাধারণ সঞ্চিতি
L দেনাদার বাট্টা সঞ্চিতি
M পাওনাদার বাট্টা সঞ্চিতি
N অনাদায়ি পাওনা সঞ্চিতি

১৪. নগদ প্রাপ্তি জাবেদার বৈশিষ্ট্য–
i. নগদ লেনদেন ii. বিশেষ জাবেদা
iii. ডেবিট উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম লি. ১ জানুয়ারি ২০২৪ তারিখে ২,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনের সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা এবং পরিবহন ব্যয় ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা।

১৫. মেশিনটির অর্জনমূল্য কত?
K ২,৪৫,০০০ টাকা L ২,২৫,০০০ টাকা
M ২,০৫,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

১৬. অবচয় নির্ণয়ে কোন পদ্ধতিতে ভগ্নাবশেষ মূল্য বিবেচনায় আনা হয় না?
K সরলরৈখিক পদ্ধতি
L বর্ষগুণন পদ্ধতি
M ক্রমহ্রাসমান জের পদ্ধতি
N উৎপাদন একক পদ্ধতি

১৭. তিনঘরা নগদান বইয়ের ডেবিট ও ক্রেডিট সর্বমোট কয়টি ঘর থাকে?
K ১০টি L ১২টি M ১৪টি N ১৬টি

১৮. সমাপনী প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত–
K আয় L দায় M ব্যয় N সম্পদ

১৯. ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় কোনটি?
K নগদ বাট্টা L বিক্রয় বাট্টা
M ক্রয় বাট্টা N পরিমাণ বাট্টা

২০. সমন্বিত ক্রয় হলো–
K সমাপনী মজুদ + ক্রয় + প্রারম্ভিক মজুদ
L প্রারম্ভিক মজুদ – ক্রয় – সমাপনী মজুদ
M প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনী মজুদ
N প্রারম্ভিক মজুদ – ক্রয় + সমাপনী মজুদ

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব পার্থিব-এর উদ্বৃত্তপত্রের দফাগুলো নিম্নরূপ : দালানকোঠা ৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, মজুদ পণ্য ২০,০০০ টাকা, হাতে নগদ ২০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা।

২১. জনাব পার্থিব-এর চলতি সম্পদের পরিমাণ কত টাকা?
K ৫০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

২২. প্রদেয় হিসাবের ৫,০০০ টাকা পরিশোধ করা হলে বছরের শেষে মূলধনের ওপর কী প্রভাব পড়বে?
K ৫,০০০ টাকা বৃদ্ধি পাবে
L ৫,০০০ টাকা হ্রাস পাবে
M ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
N কোনো প্রভাব পড়বে না

২৩. ঘটনা না হয়েও লেনদেন কোনটি?
K কারবারি বাট্টা L পরিচালক নিয়োগ
M কুঋণ সঞ্চিতি N কোনোটিই নয়

২৪. মূলধনজাতীয় ব্যয় কোনটি?
K বেতন খরচ L প্রারম্ভিক মজুদ
M সম্পত্তি ক্রয় N পণ্য ক্রয়

২৫. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্তের সাথে নিচের কোন দফাটি বিয়োগ হবে?
K ব্যাংক চার্জ
L দেনাদার কর্তৃক ব্যাংকে জমা
M বিনিয়োগ সুদ
N ইস্যুকৃত চেক কিন্তু ব্যাংকে উপস্থাপন হয়নি

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
নিলয় স্টোর এর সমাপনী মূলধন ছিল ৩,০০,০০০ টাকা যা প্রারম্ভিক মূলধনের চেয়ে ৫০,০০০ টাকা কম। চলতি বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ২,৮০,০০০ টাকা এবং বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ছিল ২৫%।

২৬. উক্ত বছরের মোট লাভ–
K ৭৫,০০০ টাকা L ৭০,০০০ টাকা
M ৬২,৫০০ টাকা N ৫৬,০০০ টাকা

২৭. ডেবিট মেমো ইস্যু করা হয়–
i. ব্যাংক চার্জ ধার্য করলে
ii. ব্যাংক সরাসরি পরিশোধ করলে
iii. ব্যাংক সুদ মঞ্জুর করলে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. মৌলিক হিসাব সমীকরণ কোনটি?
K L = A + OE L A = L + OE
M A = L - OE N OE = A + L

২৯. যদি বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন করা হয় তবে কোন হিসাবকে ডেবিট করতে হয়?
K প্রদেয় হিসাব L প্রাপ্য হিসাব
M উত্তোলন হিসাব N বিক্রয় হিসাব

৩০. জনাব আমির একজন খুচরা ব্যবসায়ী। তার ব্যবসায়ে ৬০,০০০ টাকার যন্ত্রপাতি রয়েছে। তিনি ৫% হারে ১ বছরের অবচয় ধার্য করলেন। এ প্রভাবে—
i. মালিকানাস্বত্ব ৩,০০০ টাকা হ্রাস পাবে।
ii. সম্পত্তি ৩,০০০ টাকা হ্রাস পাবে।
iii. নিট মুনাফা ৩,০০০ টাকা হ্রাস পাবে।
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

এক্সক্লুসিভ মডেল টেস্ট

SURE SUCCESS

এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সালমা এন্ড কোং এর রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

হিসাবের নাম	ডেবিট টাকা	হিসাবের নাম	ক্রেডিট টাকা
নগদ	২৩,৬০০	পাওনাদার	৩৫,০০০
প্রাপ্য হিসাব	৪৮,০০০	৬% ঋণ	২০,০০০
মজুদ পণ্য	১৩,০০০	মূলধন	১,০০,০০০
অগ্রিম বিমা সোলামি	৬,০০০	বিক্রয়	২,১০,০০০
আসবাবপত্র	৭৫,০০০	অনাদায়ি পাওনা সঞ্চিতি	২,৫০০
উত্তোলন	১১,৪০০	শিক্ষানবিশ সেলামি	৬,০০০
ক্রয়	১,২৫,০০০		
অনাদায়ি পাওনা	১,৪০০		
বিজ্ঞাপন খরচ	১০,০০০		
ভাড়া (৮ মাস)	১২,০০০		
মজুরি	১৭,০০০		
বেতন	৩১,১০০		
	৩,৭৩,৫০০		৩,৭৩,৫০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ মূল্য ৪৫,০০০ টাকা; (২) বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা; (৩) মোট বিজ্ঞাপন খরচের ১/২ অংশ অবলোপন করতে হবে; (৪) অনাদায়ি পাওনা সঞ্চিতি ১,৮০০ টাকায় হ্রাস করতে হবে; (৫) অগ্রিম বিমা সেলামির ৩,২০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৬) আসবাবপত্রের উপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট লাভের পরিমাণ ১,০৪,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ ইকরা লন্ড্রি সার্ভিসের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৫০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬০,০০০	২৭,৫০০
আসবাবপত্র	৬০,০০০	
সেবা আয়		৯০,০০০
সাপ্লাইজ খরচ	১৩,৫০০	
উত্তোলন	৫,০০০	
মূলধন		৭৮,০০০
অগ্রিম বিমা	৩,০০০	
উপযোগ খরচ	৩,৫০০	
অনুপার্জিত সেবা আয়		২২,৫০০
বেতন খরচ (১৫ মাস)	১৫,০০০	
প্রাপ্য নোট	২০,০০০	
পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র		১২,০০০
	২,৩০,০০০	২,৩০,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১২,০০০ টাকা; (ii) অগ্রিম বিমা ১ জুলাই ২০২৩ তারিখে দুই বছরের জন্য প্রদান করা হয়েছে; (iii) হিসাবকাল শেষে অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা; (iv) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (v) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি দেনা সঞ্চিতি ধরতে হবে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. মালিকানাস্বত্বের পরিমাণ ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ ইস্টার্ন রিপেয়ার সপের ব্যবসায়ের মার্চ, ২০২৩ সালের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ১ নগদ ৭২,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার সরঞ্জাম ব্যবসায়ে বিনিয়োগ করা হলো।

" ৭ বাকিতে ২,০০০ টাকার সাপ্লাইজ ক্রয় করা হলো।

" ১২ খরিদ্দারদের সেবা প্রদানপূর্বক নগদ ১৭,০০০ টাকা পাওয়া গেল এবং খরিদ্দারদের ওপর ৬,০০০ টাকার বিল করা হলো।

" ২০ ১,৪০০ টাকার উপযোগ বিল পাওয়া গেল যা পরবর্তী মাসে পরিশোধ করতে হবে।

" ২৫ ২ বছর মেয়াদি বিমার জন্য ১২,০০০ টাকা অগ্রিম প্রদান করা হলো।

" ২৮ বাড়ির মালিককে মার্চ মাসের ভাড়া বাবদ ৪,০০০ টাকা প্রদান করা হলো।

" ৩০ খরিদ্দারদের নিকট হতে পাওনা ৪০% নগদে পাওয়া গেল।

৩১ মার্চ মাসে মালিক কর্তৃক উত্তোলন ছিল ৫,০০০ টাকা।

ক. মাস শেষে নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ১, ৭, ২৫ এবং ৩১ তারিখের লেনদেনগুলোর টেবুলার ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

গ. মার্চ ১২, ২০, ২৮ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

৪ ▶ রাজ ট্রেডার্সের ৩০ জুন, ২০২৩ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ : নগদ ২৫,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা, যন্ত্রপাতি ৪০,০০০ টাকা, আসবাবপত্র ২৫,০০০ টাকা, প্রদেয় হিসাব ২০,০০০ টাকা।

জুলাই ৫ পণ্য ক্রয় নগদ ২০,০০০ টাকা এবং ধারে ৫০,০০০ টাকা।

" ৬ এক বছরের বিমা অগ্রিম প্রদান ২৪,০০০ টাকা।

" ১০ পণ্য বিক্রয় নগদ ৫০,০০০ টাকা এবং প্রাপ্য বিলের মাধ্যমে ২০,০০০ টাকা।

" ১৪ ২% বাট্টা মঞ্জুরসাপেক্ষে প্রারম্ভিক প্রাপ্য হিসাবের অর্ধেক আদায়।

" ২০ বিজ্ঞাপনের জন্য ব্যবসা থেকে পণ্য ব্যবহার ৫,০০০ টাকা।

" ৩১ বিমা খরচ একমাস অতিক্রান্ত হয়েছে।

ক. প্রারম্ভিক জাবেদা দাখিলা প্রদান কর। ২

খ. ৫ থেকে ৩১ তারিখে লেনদেনগুলোর হিসাব শ্রেণি নির্ণয় কর। ৪

গ. হিসাব সমীকরণে লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৫ ▶ জনাব আবিদ হাসান ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের ব্যাংকসংক্রান্ত লেনদেনগুলো নিম্নরূপ :

(i) ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।

(ii) পাওনাদার বরাবর ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকার তিনখানি চেক ইস্যু করা হয় কিন্তু ৫,০০০ টাকার চেকখানি ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়।

(iii) আদায়ের জন্য ১৫,০০০ টাকার চেক এবং ১৪,০০০ টাকার প্রাপ্য বিল ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে ব্যাংকে জমা দেওয়া হয়। চেকখানি ০৩ জানুয়ারি ২০২৫ তারিখে আদায় হলেও প্রাপ্য বিলখানি এখনও আদায় হয়নি।

(iv) ৪,০০০ টাকার একখানি প্রাপ্য বিল ৩,৮০০ টাকায় বাট্টা করা হয় কিন্তু নগদান বইতে সম্পূর্ণ মূল্যে লিপিবদ্ধ করা হয়।

(v) ২২ ডিসেম্বর ২০২৪ তারিখে আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ৩,০০০ টাকা ২৫ ডিসেম্বর, ২০২৪ তারিখে প্রত্যাখ্যাত হয় কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

(vi) ব্যাংক জমাতিরিক্তের সুদ ৫০০ টাকা এবং ব্যাংক চার্জ ২০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. (vi)নং লেনদেন এর জাবেদা দাখিলা দেখাও। ২
খ. একক জের পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. উভয় জের সংশোধন পদ্ধতিতে নগদান বইয়ের সংশোধিত জের নির্ণয় কর। ৪

৬ ▶ সেলিম ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো ছিল :

নগদ ১,০০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ১,৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৫০,০০০ টাকা এবং প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা। ২০২৪ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জানু. ৫ ১০% প্রদেয় নোটের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ৮ নগদ ৩০,০০০ টাকা এবং ধারে ৯০,০০০ টাকার পণ্য ক্রয়।
" ১০ তিন মাসের ভাড়া অগ্রিম প্রদান ১৫,০০০ টাকা।
" ১২ বিবিধ খরচ পরিশোধ ১,২০০ টাকা।
" ১৬ ৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা (নগদে ৬০%, ধারে ৪০%)।
" ২৫ একজন খরিদ্দারের নিকট হতে ৩০,০০০ টাকা পাওয়া গেল।
" ২৮ অগ্রিম প্রদত্ত ভাড়ার ১ মাস অতিক্রান্ত হয়েছে।

ক. প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২
খ. টেবুলার ছকের মাধ্যমে হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব দেখাও। ৪
গ. ৩১ জানুয়ারি সমাপ্ত মাসের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▶ আবীর পাবলিকেশন্স লি.-এর ১লা জানুয়ারি ২০২২ সালের কলকব্জা ও যন্ত্রপাতির ক্রয়মূল্য ছিল ১৩,৪০,০০০ টাকা এবং পুঞ্জীভূত অবচয় ছিল ৪,৯০,০০০ টাকা। কোম্পানি ১লা ফেব্রুয়ারি ২০২২ সালে ২,০০,০০০ টাকা দিয়ে একটি প্রিন্টিং মেশিন ক্রয় করে যার পরিবহন খরচ ছিল ২০,০০০ টাকা এবং ১লা এপ্রিল মাসে সংস্থাপন ব্যয় ছিল ৩০,০০০ টাকা। ২০২২ সালের ১লা জুলাই তারিখে কোম্পানি ৬০,০০০ টাকা দিয়ে একটি লেমিনেটেড মেশিন ক্রয় করে।

কোম্পানি ২০২৩ সালের ১লা জুলাই তারিখে ২০,০০০ টাকায় একটি পুরাতন মেশিন বিক্রয় করে দেয় যা ২০২০ সালে ১লা জানুয়ারি তারিখে ৮৫,০০০ টাকায় ক্রয় করা হয়েছিল। কোম্পানি সরলরৈখিক পদ্ধতিতে কলকব্জা ও যন্ত্রপাতির অবচয় নির্ণয় করে থাকে এবং অবচয়ের হার ২০%। কোম্পানির হিসাবকাল শেষ হয় প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে।

ক. ২০২২ ও ২০২৩ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. মেশিন বিক্রয়ের ক্ষতি নির্ণয় কর এবং ২০২২ ও ২০২৩ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব-মেশিন তৈরি কর। ৪
গ. ২০২২ ও ২০২৩ সালের মেশিন হিসাব এবং অবচয় হিসাব তৈরি কর। ৪

৮ ▶ জনাব সারোয়ারের ২০২৪ সালের ১লা এপ্রিল হাতে নগদ ২০,০০০ টাকা ও ব্যাংক জমার ক্রেডিট ব্যালেন্স ৫,৭০০ টাকা ছিল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

এপ্রিল ২ নগদে মাল বিক্রয় ১২,০০০ টাকা। বিক্রয় হতে প্রাপ্ত অর্থের ১/২ অংশ ব্যাংকে জমা দেওয়া হলো।
" ৪ মিস কান্তার পাওনা ৬,০০০ টাকা ৫% বাট্টায়, ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ।
" ৫ ৬,৫০০ টাকা ব্যাংকের জমা দেয়া হলো।
" ৯ দেনাদারের নিকট হতে ১০,০০০ টাকার পাওনা ২% বাট্টায় ৪,৮০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল।
" ২০ বিলের মাধ্যমে ক্রয় ৫,০০০ টাকা এবং ধারে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ২১ শামীমের নিকট হতে ৫% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ২৪ শামীমের পাওনা ২৫০ টাকা বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো।
" ৩০ শামীমকে ইস্যুকৃত চেকটি ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হলো।

ক. এপ্রিল ২৪ তারিখের লেনদেনে শামীমকে পরিশোধিত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত লেনদেনগুলোর মধ্যে যেগুলো নগদান বইয়ে আসবে না সেগুলোর জাবেদা দেখাও। ৪
গ. উপর্যুক্ত লেনদেন হতে একটা তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৯ ▶ মি. হাসান ৩১ শে ডিসেম্বর তারিখে প্রত্যেক বছর তার হিসাব সমাপ্ত করেন। মার্চ ২০২৩ সালে দেখেন ২০২২ সালে হিসাবে কিছু ভুল ছিল যদিও রেওয়ামিল মিল ছিল। ভুলগুলো নিম্নরূপ :

(১) ৮০০ টাকার যন্ত্রপাতি সংস্থাপন ব্যয়কে মেরামত হিসাবে দেখানো হয়েছে।
(২) বিক্রয় বহির যোগফল ২৫০ টাকা বেশি দেখানো হয়েছে।
(৩) যন্ত্রপাতি আনার জাহাজ ভাড়া ২৭৫ টাকা যা জাহাজ ভাড়া হিসাবে ৫২৫ টাকা দেখানো হয়েছে।
(৪) গণনার ভুলে সমাপনী মজুদ ৩,০০০ টাকা বেশি দেখানো হয়েছে।
(৫) একজন খরিদ্দারের নিকট হতে পাওয়া গেল ৭০০ টাকা এবং তাকে বাট্টা দেওয়া হল ৭০ টাকা কিন্তু ভুলে বাট্টা কলামে ৭০০ টাকা দেখানো হলো।
(৬) রাহাতের নিকট হতে ৭৩৩০ টাকার চেক পাওয়া গেল এবং বাট্টা মঞ্জুর করা হলো ৭০ টাকা এবং ঐ চেক ৭,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে মিন্টুকে অনুমোদন করা হলো। কিন্তু পরবর্তীতে চেক প্রত্যাখ্যাত হয়ে ফেরত আসল যার প্রত্যাখ্যানের দাখিলা দেখানো হয়নি।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত ভুলগুলো সংশোধনের জন্য প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪
গ. ভুল সংশোধনী জাবেদা হতে লাভ-ক্ষতি সমন্বয় হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▶ মেসার্স রবিন ট্রেডার্সের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০২৩ সালের ৩০ শে জুন তারিখের :

রবিনের মূলধন ১,৩৫,০০০ টাকা, রবিন এর উত্তোলন ৭,০০০ টাকা, সমন্বিত ক্রয় ৭২,৫০০ টাকা, পণ্য বিক্রয় ২,০০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৪,০০০ টাকা, বেতন ও মজুরি ৩১,৫০০ টাকা, বিক্রয়ের উপর বাট্টা ১০,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ৩,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা. প্রাপ্য সুদ ১,৫০০ টাকা, ট্রাক ও রেল ভাড়া ১৭,৫০০ টাকা, ১০% লগ্নি ৩০,০০০ টাকা, লগ্নির সুদ ২,৫০০ টাকা। ভূমি ও দালান ৯৯,৫০০ টাকা, জীবন বিমা প্রিমিয়াম ৫,০০০ টাকা, নৌযান ভাড়া ৫,০০০ টাকা, বাণিজ্যিক চাঁদা ২,৫০০ টাকা, কর্মচারীদের পারিতোষিক ৭,৫০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা, রয়ালিটি ৬,০০০ টাকা, স্থায়ী আমানত ১০,০০০ টাকা; উত্তোলনের সুদ ৪,০০০ টাকা।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত উদ্বৃত্তসমূহ হতে একটি রেওয়ামিল তৈরি কর। ৪
গ. মোট আয় ও মোট খরচ নির্ণয় কর। ৪

১১ ▶ হিমেল এন্ড কোং এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ব্যাংক জমাতিরিক্ত		৪,০০০
নগদ তহবিল	৯০,০০০	
মূলধন		৫৫,০০০
উত্তোলন	২০,০০০	
সেবা আয়		১,১০,০০০
বেতন	২৪,০০০	
অগ্রিম ভাড়া	৩৬,০০০	
কমিশন		১,০০০
	১,৭০,০০০	১,৭০,০০০

অন্যান্য তথ্যাবলি : (i) অনুপার্জিত সেবা আয় ৪,৬০০ টাকা। (ii) মালিকের ব্যক্তিগত উত্তোলন ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। (iii) কমিশন অনাদায়ি রয়েছে ২,০০০ টাকা। (iv) অগ্রিম ভাড়া ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।

ক. মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তুরাগ ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

বিবরণ	ডেবিট টাকা	বিবরণ	ক্রেডিট টাকা
নগদ তহবিল	১,০০,০০০	প্রদেয় হিসাব	৭,০০০
মনিহারি	১০,২০০	অনুপার্জিত আয়	১৮,০০০
১০% বিনিয়োগ (১-৭-২৩)	১,০০,০০০	মূলধন	১,৮৮,০০০
উত্তোলন	৪৯,৮০০	কমিশন আয়	১০,০০০
বেতন (৯ মাস)	২৭,০০০	সেবা আয়	৮৪,০০০
প্রদত্ত ভাড়া	২৫,০০০	বিনিয়োগের সুদ	৫,০০০
	৩,১২,০০০		৩,১২,০০০

সমন্বয়সমূহ : (১) সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনও বিল পাওয়া যায়নি ৩,০০০ টাকা; (২) হিসাবকাল শেষে মনিহারি অব্যবহৃত রয়েছে ২০০ টাকা; (৩) বছর শেষে সেবা আয় অনুপার্জিত রয়েছে ৫,০০০ টাকা; (৪) অগ্রিম ভাড়া ৩,০০০ টাকা।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▸ গোমতি ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

গোমতি ট্রেডার্স রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০২৩

বিবরণ	ডেবিট টাকা	বিবরণ	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৬৫,০০০	প্রদেয় হিসাব	৫০,০০০
প্রাপ্য হিসাব	৬০,০০০	পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি)	১০,০০০
যন্ত্রপাতি	৩,০০,০০০	বিক্রয়	১,৬০,০০০
অফিস সাপ্লাইজ	৯,০০০	মূলধন	৪,৫০,০০০
১০% বিনিয়োগ (১-৭-২২)	৬০,০০০		
বেতন খরচ	২৬,০০০		
ভাড়া খরচ	১০,০০০		
ক্রয়	৯০,০০০		
মজুরি	৪০,০০০		
উত্তোলন	১০,০০০		
	৬,৭০,০০০		৬,৭০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৭০,০০০ টাকা; (২) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৩) ১০,০০০ টাকার পণ্য ক্রয় করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি এবং মূল্যও পরিশোধ হয়নি; (৪) অফিস সাপ্লাইজ খরচ হয়েছে ৫,০০০ টাকা; (৫) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য কর।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৮৫,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে গোমতি ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▸ ২০২৪ সালের জুন মাসে জনাব করিমের বই হতে নিম্নে লেনদেন ও ঘটনাগুলো নেওয়া হয়েছে :

২০২৪

জুন ১ জনাব করিম নগদ ৮০,০০০ টাকা, যন্ত্রপাতি ৭০,০০০ টাকা এবং ব্যাংক হতে ৬০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসা আরম্ভ করেন।

" ৫ প্রতি মাসে ১২,০০০ টাকা বেতনে একজন অফিস সহকারী নিয়োগ দেন।

" ৯ একজন মক্কেলকে ৪০,০০০ টাকা সেবা প্রদান করে ২০,০০০ টাকা পাওয়া গেল।

" ১২ ধারে সাপ্লাইজ ক্রয় করা হলো ৫,০০০ টাকা।

" ১৭ ভবিষ্যৎ আইন সেবার জন্য একজন মক্কেলের নিকট হতে অগ্রিম পাওয়া গেল ৯,০০০ টাকা।

" ২৫ সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৩,০০০ টাকা।

" ৩০ অফিস সহকারীর বেতন দেওয়া হলো।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▸ ২০২২ সালে ১ জুলাই তারিখে জনাব কবির নগদ ১,৫০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে।

জুলাই ৪ জনতা ট্রেডার্সের কাছে ১০,০০০ টাকা পণ্য ক্রয়ের ফরমায়েশ দিলেন।

" ৮ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।

" ১৫ ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ২,০০০ টাকা।

" ১৫ মাসিক ১৫,০০০ টাকা বেতনে জনাব রহিমকে ম্যানেজার নিয়োগ দেওয়া হয়েছে।

" ৩০ কর্মচারীর বেতন প্রদান করা হয়েছে ৮,০০০ টাকা।

ক. যে ঘটনাগুলো লেনদেন নয় তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবখাত এবং আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণিবিন্যাস দেখাও। ৪

গ. মূলধন হিসাব ও নগদান হিসাব তৈরি কর। ৪

৫ ▸ কুশিয়ারা ট্রেডার্সের নিম্নলিখিত লেনদেনগুলো ২০২৩ সালের জানুয়ারি মাসে সংঘটিত হয়েছে।

জানু. ১ প্রারম্ভিক নগদ তহবিল ৭,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।

" ৫ পণ্য ক্রয় ৫,০০০ টাকা এর ২,০০০ টাকা নগদ ও ৩,০০০ টাকা চেক মারফত প্রদত্ত হলো।

" ১১ আমাদের স্বীকৃত ২,৫০০ টাকার প্রদেয় বিল ব্যাংক কর্তৃক পরিশোধিত হলো। পক্ষান্তরে ৫,০০০ টাকার প্রাপ্য বিল ব্যাংক কর্তৃক আদায় হলো।

" ২৩ অফিসের প্রয়োজনে ৪,০০০ টাকা ব্যাংক থেকে উত্তোলন করা হলো।

" ৩০ ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৩০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ২০০ টাকা।

ক. জানুয়ারি ১১ তারিখের লেনদেনটির জাবেদা দাও। ২
খ. জানুয়ারি মাসে ব্যাংক থেকে মোট কত টাকা হ্রাস পেয়েছে তার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. লেনদেনগুলো অবলম্বনে একটি দুইঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▶ এবিসি এন্টারপ্রাইজ ২০২৩ সালের ১ জুন তারিখে নগদ ২,০০,০০০ টাকা এবং ব্যাংক জমা ৭৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয় :

জুন ৩ পণ্য ক্রয় করে চেক ইস্যু করা হলো ২০,০০০ টাকা।
" ১২ মেঘনা এন্টারপ্রাইজের নিকট নগদে বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ২২ দেনাদার সেলিমের ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকার চেক পাওনাদার রফিককে প্রদান করা হলো।
" ২৫ ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ১,০০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৫০০ টাকা।
" ৩০ প্রারম্ভিক ব্যাংক জমার অর্ধেক ব্যবসায়ের কাজে উত্তোলন করা হলো।

ক. ২২ জুন তারিখের লেনদেনের জন্য জাবেদা দাখিলা দাও। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৭ ▶ যমুনা ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২৪ সালের মার্চ মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ প্রধান ক্যাশিয়ারের নিকট হতে প্রাপ্তি ৮০০ টাকা।
" ৪ কাগজ ক্রয় ১০০ টাকা।
" ৭ বাসভাড়া ২০ টাকা।
" ১১ টেলিগ্রাম খরচ ৫০ টাকা।
" ১৬ ডাক খরচ ১৫০ টাকা।
" ২৩ বাকিতে আসবাবপত্র ক্রয় ৬০০ টাকা।
" ২৫ নাস্তা খরচ ৭০ টাকা।
" ২৬ বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ২০০ টাকা।
" ৩১ কাগজ ও কলম ক্রয় ৯০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি কর। ৪
গ. খুচরা খরচগুলোর জন্য সংশ্লিষ্ট খতিয়ান তৈরি কর। ৪

৮ ▶ পদ্মা ট্রেডার্সের হিসাব বই থেকে ২০২৪ সালের ৩০ জুন তারিখে নিম্নোক্ত লেনদেনগুলো নেওয়া হয়েছে।

১. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১৫,০০০ টাকা।
২. ৫,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে যা ব্যাংকে উপস্থাপিত হয়নি।
৩. ৯,০০০ টাকার চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
৪. একজন দেনাদার ৪,০০০ টাকা সরাসরি ব্যাংকে জমা দিয়েছে যা নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংক লভ্যাংশ বাবদ ৬০০ টাকা আদায় করেছে যা নগদান বইতে লেখা হয়নি।
৬. ব্যাংকে ভাঙানো ৩,০০০ টাকার প্রাপ্য বিল ৯০ টাকা বাট্টা বাদ না দিয়ে সম্পূর্ণ টাকাই নগদান বইতে লেখা হয়েছে।
৭. ব্যাংক চার্জ ১০০ টাকা ধার্য করেছে এবং ২০০ টাকা সুদ মঞ্জুর করেছে, কিন্তু বিষয় দুটি নগদান বইতে লেখা হয়নি।

ক. ৬নং দফায় নগদান বইতে কত টাকা কম বা বেশি লেখা হয়েছে তা নির্ণয় কর। ২
খ. কেবল নগদান বইতে লেখা হয়েছে তার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. লেনদেনগুলো অবলম্বনে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৯ ▶ কর্ণফুলি ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিচে দেওয়া হলো :

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
নগদ তহবিল (৩১-১২-২৩)	১,৯০০	অব্যবহৃত মনিহারি	৫০০
ব্যাংকে জমা	২,২০০	যন্ত্রপাতি	৩২,০০০
প্রাপ্য হিসাব	১০,০০০	মজুরি	১৩,০০০
আসবাবপত্র	২৫,০০০	বিক্রয় ফেরত	১,৬০০
নগদ তহবিল (১-১-২৩)	১,০০০	বেতন	১৭,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০	মনিহারি	২,০০০
মূলধন	৭৯,০০০	বিক্রয়	৮৯,৭০০
ক্রয়	৫২,০০০	কমিশন প্রাপ্তি	৩,০০০

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনসমূহের পরিমাণ কত? ২
খ. মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য একটি রেওয়ামিল তৈরি কর। ৪

১০ ▶ সুরমা ট্রেডার্সের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের রেওয়ামিল নিচে প্রদত্ত হলো :

সুরমা ট্রেডার্সের রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০২৩

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		২,৫০,০০০
সেবা আয়		৩,০০,০০০
আসবাবপত্র	১,৪০,০০০	
নগদ	৩,৫০,০০০	
অগ্রিম বিমা	৩৬,০০০	
ভাড়া	৪০,০০০	
পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র		১৬,০০০
	৫,৬৬,০০০	৫,৬৬,০০০

সমন্বয়সমূহ : (১) অনুপার্জিত সেবা আয় ২০,০০০ টাকা সেবা আয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে; (২) দুই মাসের ভাড়া বকেয়া রয়েছে; (৩) আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য কর; (৪) ২০২৪ সালের ৩১ মার্চ পর্যন্ত ১ বছরের জন্য অগ্রিম বিমা প্রদত্ত হয়েছে।

ক. ২০২৩ সালের বিমা এবং ভাড়া খরচ গণনাসহ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১১ ▶ শীতলক্ষ্যা ট্রেডার্স ২০২৩ সালের ১ জুলাই নগদ ৬,৫০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করেন। যন্ত্রপাতিটির পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা। যন্ত্রপাতির আয়ুষ্কাল ১০ বছর। ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত করে।

ক. সরলরৈখিক পদ্ধতিতে ২০২৩ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. সরলরৈখিক পদ্ধতিতে প্রথম ২ বছরের অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪
গ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম ২ বছরের অবচয় তালিকা তৈরি কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ জনাব সুমন একজন কনসালটেন্ট। তিনি ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে 'সুমন কনসালটেন্সি ফার্ম' নামক একটি সেবাধর্মী ব্যবসায় প্রতিষ্ঠান শুরু করেন। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানটির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক	১,০০,০০০	
প্রাপ্য হিসাব	১,০০,০০০	
বিমা প্রিমিয়াম	১০,০০০	
অফিস সরঞ্জাম	১,৭০,০০০	
সেবা আয়		১,৪০,০০০
মূলধন		১,৯৩,৫০০
উত্তোলন	৩,৫০০	
অনুপার্জিত সেবা আয়		৩০,০০০
১০% ঋণ (০১-০৩-২০২৪)		১,৫০,০০০
সাপ্লাইজ	১২,০০০	
প্রদেয় হিসাব		১৫,০০০
উপযোগ খরচ	১০,০০০	
বেতন খরচ	১,১৬,০০০	
ভাড়া খরচ	৭,০০০	
	৫,২৮,৫০০	৫,২৮,৫০০

সমন্বয়সমূহ : (১) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৭,০০০ টাকা; (২) বিমা প্রিমিয়াম ২ বছরের জন্য প্রদান করা হয়েছে; (৩) স্থায়ী সম্পত্তির উপর ১০% হারে অবচয় ধার্য কর; (৪) অনুপার্জিত সেবা আয়ের ২০,০০০ টাকা উপার্জিত হয়েছে।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১-১২-২০২৪ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩১-১২-২০২৪ তারিখে ব্যবসায়ের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সুলতান ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

সুলতান ট্রেডার্সের রেওয়ামিল

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২৪ ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
ব্যাংক জমা	১৫,০০০	মূলধন	৮০,০০০
প্রাপ্য হিসাব	২৫,০০০	বিক্রয়	১,০০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	২২,৫০০	প্রদেয় হিসাব	১০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	প্রদেয় বেতন	৩,৫০০
মজুরি (১০ মাস)	১৫,০০০	১২% ঋণপত্র	
ক্রয়	৪৫,০০০	(০১-০১-২০২৪)	৪৫,০০০
ভাড়া	৭,০০০		
মনিহারি	৯,০০০		
১০% বিনিয়োগ (০১-০৭-২৪)	৪০,০০০		
উত্তোলন	১০,০০০		
আসবাবপত্র	২০,০০০		
	২,৩৮,৫০০		২,৩৮,৫০০

অন্যান্য তথ্যাবলি : (১) সমাপনী মজুদ পণ্য ২২,৫০০ টাকা, যার মধ্যে ২,৫০০ টাকা মনিহারি অব্যবহৃত রয়েছে; (২) মালিক কর্তৃক বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) বাকিতে পণ্য ক্রয় ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৪) আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

ক. বিনিয়োগ ও ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. সুলতান ট্রেডার্সের মোট লাভ নির্ণয় কর। ৪

গ. নিট লাভ ২০,০০০ টাকা ধরে সুলতান ট্রেডার্সের মালিকানাস্বত্ব ও মোট দায় নির্ণয় কর। ৪

খ বিভাগ

৩ ▶ ২০২৪ সালের ১ নভেম্বর তারিখে জনাব আব্বাস নগদ ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

নভে. ২ ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ২০,০০০ টাকা।
" ৬ বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলো ৩৫,০০০ টাকা।
" ৮ রিতুর নিকট মাল বিক্রয় করা হলো ৩০,০০০ টাকা। ভ্যাট চার্জ করা হলো ১৫%।
" ১০ রহমানের নিকট থেকে পণ্য ক্রয় করা হলো ৪৫,০০০ টাকা। ভ্যাট চার্জ করা হলো ১৫%।
" ১৩ রবির নিকট হতে কর্জ নেওয়া হলো ১০,০০০ টাকা।
" ১৫ রবি কর্জ চেকে পরিশোধ করা হলো।
" ১৭ চেকে আসবাবপত্র বিক্রয় করা হলো ৫,০০০ টাকা।
" ২০ ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৫০০ টাকা।
" ২৪ আয়কর প্রদান করা হলো ৩,০০০ টাকা।
" ২৬ সেভিংস সার্টিফিকেট ক্রয় ২০,০০০ টাকা।
" ৩০ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৭,০০০ টাকা।

ক. মোট ভ্যাটের পরিমাণ কত? ২

খ. ১০, ১৩, ১৫ এবং ২৬ তারিখের লেনদেনগুলোর হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

গ. ১, ২, ৬ এবং ২৪ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▶ ২০২৪ সালের জানুয়ারি মাসে জনাব বিপ্লব-এর ব্যবসায়ে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ১ জনাব তামিম নগদ ৪০,০০০ টাকা ও ৯০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৬ চেকে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
" ৮ ২% বাট্টায় নগদে মাল বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ বেতন প্রদান ১৮,০০০ টাকা।
" ১২ লতিফের নিকট পাওনা ৪০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৩৯,০০০ টাকা পাওয়া গেল।
" ২০ অফিস সরঞ্জাম ক্রয় ২৫,০০০ টাকা।
" ২৫ সুদ পাওয়া গেল ১,০০০ টাকা।
" ২৯ রতনের নিকট ২০,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা প্রদান করা হলো।

ক. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৫ ▶ জনাব তানজিদ এর ২০২৪ সালের ১ মার্চ তারিখে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে কোম্পানির লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ১ মালিক নগদ ২৫,০০০ টাকা এবং ব্যাংক জমা ৮,০০০ টাকা মূলধনস্বরূপ আনয়ন করে।
" ২ তুষারের কাছ থেকে ৭,১০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ৩ পণ্য বিক্রয় করে ৬,০০০ টাকার একটি বিলে স্বীকৃতি পাওয়া গেল।
" ৯ তুষারকে তার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৭,০০০ টাকা প্রদান করা হলো।
" ১৩ ৩ তারিখের বিলটি ব্যাংকে ৫০ টাকা বাট্টায় ভাঙানো হলো।
" ২০ তাফসিরের কাছ থেকে ৫% বাট্টায় ৪,৭৫০ টাকা পাওয়া গেল।
" ২৩ পুরাতন যন্ত্রপাতি বিক্রয় করা হলো ৩,০০০ টাকা।
" ২৫ বিনামূল্যে পণ্য বিতরণ ১,০০০ টাকা।
" ২৭ ব্যাংক সুদ মঞ্জুর করল ২৫০ টাকা।

" ২৮ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫০০ টাকা।
" ৩০ নগদ উদ্বৃত্তের ৬০% ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. নগদ প্রদত্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত ঘরবিশিষ্ট একটি নগদান বই প্রস্তুত কর। ৪
গ. যেসব লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না সেগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▶ নিম্নলিখিত তথ্যাদি জনাব আহনাফের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে নেওয়া হয়েছে :

১. ব্যাংক বিবরণী অনুযায়ী জমাতিরিক্ত উত্তোলন ১২,০০০ টাকা।
২. ২,৫০০ টাকার একটি চেক জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি।
৩. চেক ইস্যু করা হয়েছে কিন্তু ৩১ ডিসেম্বর, ২০২৩ এর পরে ব্যাংকে উপস্থাপন করা হয়েছে ২,৫০০ টাকা।
৪. ব্যাংক জমাতিরিক্তের সুদ ২০০ টাকা ব্যাংক বিবরণীতে ডেবিট করা হয়েছে কিন্তু নগদান বইয়ে লেখা হয়নি।
৫. আদায়ের জন্য ৫,০০০ টাকার একখানা বিল ব্যাংকে প্রেরণ করা হয়েছে যা পরবর্তীতে প্রত্যাখ্যান হয়।
৬. ব্যাংক ২০০ টাকা সুদসহ ৪,০০০ টাকার একটি প্রদেয় বিল পরিশোধ করেছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।
৭. ব্যাংক কর্তৃক প্রাপ্য বিলের অর্থ আদায় ৭,০০০ টাকা।

ক. ব্যাংক কর্তৃক ডেবিটকৃত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. ৪, ৫, ৬ এবং ৭নং লেনদেনগুলোর জন্য জনাব আহনাফের বইতে জাবেদা দাখিলা দাও। ৪

৭ ▶ সুরমা ট্রেডার্সের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (১-১-২৪)	৪৫,০০০	শিক্ষানবিশ ভাতা	১০,০০০
বিক্রয়	২,৫০,০০০	ব্যাংক জমাতিরিক্তের সুদ	৩,০০০
হাতে নগদ (১-১-২৪)	৩০,০০০	আসবাবপত্র	১,২০,০০০
ক্রয়	১,৮০,০০০	হাতে নগদ (৩১-১২-২৪)	৩৫,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১৫,০০০	প্রদেয় ভাড়া	৬,০০০
প্রাপ্য হিসাব	৪২,০০০	১০% রনিকে প্রদত্ত ঋণ	৯০,০০০
আন্তঃফেরত	৫,০০০	প্রাপ্য কমিশন	৮,০০০
ক্রয় খতিয়ানের জের	২৫,০০০	উত্তোলন	১২,০০০
মূলধন	৩,০০,০০০	আমানতের সুদ	৪,৫০০
মজুদ পণ্য (৩১-১২-২৪)	৬০,০০০	আমদানি শুল্ক	৫,৫০০

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় অন্তর্ভুক্ত করে রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. উদ্দীপকের আলোকে মুনাফাজাতীয় আয় ও মুনাফাজাতীয় ব্যয় নির্ণয় কর। ৪

৮ ▶ মাহা ট্রেডার্সের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের একটি অশুদ্ধ রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		২,৫২,০০০
ক্রয় ও বিক্রয়	১,৮০,০০০	৩,০০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,২০,০০০	৩০,০০০
অফিস সরঞ্জাম	১,০০,০০০	
যন্ত্রপাতি	৭০,০০০	
মজুরি	৫০,০০০	
নগদ ও ব্যাংক জমা	৫০,০০০	
অনিশ্চিত হিসাব	১২,০০০	
	৫,৮২,০০০	৫,৮২,০০০

হিসাব বই যাচাই করে নিম্নলিখিত ভুলগুলো পাওয়া গেল :

(১) ক্রয় হিসাবের যোগফল ৮,০০০ টাকা বেশি দেখানো হয়েছে;
(২) অফিস সরঞ্জামের সংস্থাপন ব্যয় ৭,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত করা হয়েছে;
(৩) প্রদেয় হিসাবকে পরিশোধ ১০,০০০ টাকা ভুলক্রমে প্রদেয় হিসাবে ক্রেডিট করা হয়েছে;
(৪) যন্ত্রপাতি বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ভুলগুলোর সংশোধনী জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপরিউক্ত তথ্যাবলি হতে সংশোধিত রেওয়ামিল তৈরি কর। ৪

৯ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর মিস ফাতেমা রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি উল্লেখ করা হলো :

মিস ফাতেমা ট্রেডার্স রেওয়ামিল

২০২৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৮০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬০,০০০	৪৫,০০০
সাপ্লাইজ	১২,০০০	
বিজ্ঞাপন খরচ	৩৬,০০০	
আসবাবপত্র ও অফিস সরঞ্জাম	২,০০,০০০	
পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র ও অফিস সরঞ্জাম		২০,০০০
মূলধন		২,১৭,০০০
জীবন বিমার প্রিমিয়াম	১৮,০০০	
১০% প্রদেয় নোট		৫০,০০০
বেতন	৩০,০০০	
ভাড়া খরচ	৩৬,০০০	
সেবা আয়		১,৪০,০০০
	৪,৭২,০০০	৪,৭২,০০০

সমন্বয়সমূহ : (১) একজন ক্লায়েন্টকে প্রদত্ত সেবা বাবদ ৪০,০০০ টাকা এখনও লিপিবদ্ধ করা হয়নি। (২) অফিসের মাসিক বেতনের পরিমাণ ৩,০০০ টাকা। (৩) আসবাবপত্র ও অফিস সরঞ্জামের অনুমিত আয়ুষ্কাল দশ বছর যার কোনো ভগ্নাবশেষ মূল্য নেই।

ক. মোট সেবা আয় ও বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা তৈরি কর। ৪
গ. দশ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি কর। ৪

১০ ▶ সিমন ট্রেডার্সের ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে ৪,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির পরিবহন ও সংস্থাপন ব্যয় ১,০০,০০০ টাকা। ২০২৪ সালের ১ জুলাই তারিখে প্রতিষ্ঠানটি ১,৮০,০০০ টাকা দিয়ে আরও একটি মেশিন ক্রয় করেন যার ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। উভয় মেশিনের আয়ুষ্কাল ১০ বছর। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতি বছরের ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

ক. প্রথম দুই বছরের বার্ষিক অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০২৩ ও ২০২৪ সালের মেশিন হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▶ বসুন্ধরা এন্টারপ্রাইজ ২০২৩ সালের ১ এপ্রিল ৪,৫০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে, যার পরিবহন ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। কোম্পানি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে। কোম্পানি ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে।

ক. ২০২৩ ও ২০২৪ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম ২ বছরের জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম ২ বছরের জন্য অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : 2 5 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ

১ ▶ রিয়া এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন ও মূলধন		৪০,০০০	৮,০০,০০০
ক্রয় ও বিক্রয়		৪৮,০০,০০০	৮০,০০,০০০
বিজ্ঞাপন		৪০,০০০	
মজুরি (১১ মাস)		৮৮,০০০	
হাতে নগদ		৪০,০০০	
১২% বিনিয়োগ (১-৭-২৩)		৪,০০,০০০	
১০% বন্ধকি ঋণ (১-৭-২৪)			৪,০০,০০০
যন্ত্রপাতি		২৯,৯২,০০০	
ক্রয় পরিবহন		৪,০০,০০০	
প্রারম্ভিক মজুদ		৪,০০,০০০	
		৯২,০০,০০০	৯২,০০,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনী মজুদ পণ্য ৬,০০,০০০ টাকা মূল্যায়নের পরক্ষণে ৪০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। বিমা কোং ক্ষতিপূরণ দিতে সম্মত হয়নি; (২) বিনামূল্যে ১,০০,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি; (৩) ক্যাশবাক্স থেকে ১০,০০০ টাকা চুরি হয়েছে যা হিসাবভুক্ত হয়নি; (৪) ১ জুলাই ২০২৪ তারিখে ৪,৯২,০০০ টাকার একটি যন্ত্রপাতি ক্রয় করা হয় যার সংস্থাপন ব্যয় ৮,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে। যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৫) ধারে ১,০০,০০০ টাকার পণ্য ক্রয় করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।

ক. যন্ত্রপাতির অবচয় নির্ণয় কর। ২

খ. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে বৈশাখী ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

বিবরণ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	১,৪০,০০০	
সাপ্লাইজ	৭,০০০	
ভাড়া	৩৬,০০০	
নগদ তহবিল	৪৫,০০০	
মূলধন		২,০০,০০০
অনুপার্জিত সেবা আয়		১৫,০০০
সেবা আয়		৮০,০০০
কমিশন আয়		২০,০০০
বিজ্ঞাপন	২৭,০০০	
বেতন (১৫ মাস)	৪৫,০০০	
পুঞ্জীভূত অবচয়-অফিস সরঞ্জাম		২৫,০০০
প্রাপ্য হিসাব	৪০,০০০	
	৩,৪০,০০০	৩,৪০,০০০

সমন্বয়সমূহ : (১) সেবা প্রদান করা হয়েছে ২০,০০০ যা এখনও পাওয়া যায়নি; (২) ভাড়া ৩ বছরের জন্য প্রদান করা হয়েছে; (৩) অনুপার্জিত সেবা আয়ের $^{২}/_{৩}$ অংশের মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৪) হিসাবকাল শেষে ২,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. বছরের শেষ তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ বিভাগ

৩ ▶ জনাব হাফিজ ২০২৪ সালের ১ জুলাই তারিখে নগদ ১,২০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার অফিস সরঞ্জাম নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ২ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ৬ অফিস সরঞ্জাম ক্রয় নগদে ১০,০০০ টাকা।
" ৯ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ১৫ বাকিতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ২০ বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২৬ পাওনাদারকে পরিশোধ করা হলো ২৫,০০০ টাকা।
" ২৮ দেনাদার থেকে নগদ আদায় হলো ২০,০০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন প্রদান করা হলো ১০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

খ. মাস শেষে জনাব হাফিজের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ১, ৬, ১৫, ২০ এবং ২৬ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৪ ▶ নিম্নলিখিত লেনদেনগুলো ২০২৪ সালের ডিসেম্বর মাসের জহির ট্রেডার্সের হিসাব বই হতে নেওয়া হয়েছে :

২০২৪
ডিসে. ১ নগদ উদ্বৃত্ত ১,৩০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৬৫,০০০ টাকা।
" ৫ লিমনের পাওনা ৪০,০০০ টাকা ১০% বাট্টা বাদে ৫০% নগদে এবং ৫০% চেকে পরিশোধ করা হলো।
" ১০ দেনাদার ফাহিমের নিকট থেকে ৫০,০০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ২০,০০০ টাকা নগদে এবং ২৮,৫০০ টাকা চেকে পাওয়া গেল।
" ১৫ নগদ উত্তোলন ১০,০০০ টাকা এবং পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ২১ ব্যাংকে জমা দেওয়া হলো ১৫,০০০।
" ২৫ নগদে একটি ল্যাপটপ ক্রয় করা হলো ৪০,০০০ টাকা।
" ২৮ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ২,০০০ টাকা।
" ৩০ নগদে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।

ক. নগদান বই বহির্ভূত লেনদেনের জাবেদা দাখিলা দাও। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

গ. একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৫ ▶ শফিক এন্ড সন্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২৪ সালের অক্টোবর মাসে কোম্পানি কর্তৃক সম্পাদিত লেনদেনগুলো নিম্নে দেওয়া হলো :

২০২৪
অক্টো. ১ নগদ উদ্বৃত্ত ৮০০ টাকা।
" ১ অগ্রদত্ত টাকার সমতা বিধানের নিমিত্তে প্রধান ক্যাশিয়ারের নিকট হতে চেক প্রাপ্তি ৩,৫০০ টাকা।
" ৪ চিঠি রেজিস্ট্রি খরচ ৪০০ টাকা।
" ৯ প্রচারের উদ্দেশ্যে পণ্য বিতরণ ৫০০ টাকা।
" ১৩ রিকশা ভাড়া প্রদত্ত হলো ৩০০ টাকা।
" ১৫ ফ্লুইড ও মার্কার ক্রয় ৪২৫ টাকা।

" ১৮ ইন্টারনেট বাবদ ব্যয় ৫০০ টাকা।
" ২০ পুরাতন চেয়ার বিক্রয় ৩০০ টাকা।
" ২২ বলপেন ও পেনসিল ক্রয় ৪৩০ টাকা।
" ২৬ পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ ব্যয় ৩০০ টাকা।
" ৩০ পিয়নকে বকশিশ দেওয়া হলো ২৫০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান তৈরি কর। ৪
গ. খুচরা খরচ সম্পর্কিত প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

৬ ▶ ২০২৪ সালের ৩১ মার্চ তারিখে এম রহমানের তথ্যাবলি পড় এবং নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৮৪,০০০ টাকা।
২. এম রহমান ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে ৬,০০০ টাকা উত্তোলন করেছেন কিন্তু তা নগদানভুক্ত হয়নি।
৩. চেক কাটা হয়েছে ১৫,০০০ টাকা যা ব্যাংকে উপস্থাপিত হয়নি।
৪. ব্যাংক কর্তৃক ১০,০০০ টাকার একখানা বিলের বিপরীতে ৯,৫০০ টাকা আদায় করেছে। কিন্তু উক্ত বিলের সম্পূর্ণ মূল্য দ্বারা নগদানভুক্ত হয়েছে।
৫. ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ১,০০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।
৬. ব্যাংক একজন পাওনাদারকে ৮,০০০ টাকা পরিশোধ করেছে, যা নগদানভুক্ত হয়নি।
৭. ব্যাংক লভ্যাংশ আদায় করেছে ১০,০০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।
৮. আদায়ের জন্য ৫,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে যা ৪ এপ্রিল, ২০২৪ তারিখে আদায় হয়েছে।

ক. ৩১ মার্চ তারিখে অনাদায়ি চেকের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রচলিত পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. ক্রমিক ২, ৫, ৬ এবং ৭ এর জাবেদা দাও। ৪

৭ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে জাহিদ এন্ড কোং এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০
নগদ তহবিল (১-১-২৪)	৬,০০০
ক্রয়	৭০,০০০
১০% বন্ধকি ঋণ	৪২,০০০
প্রদেয় হিসাব	৭০,০০০
সম্ভাব্য দায়	২,০০০
যন্ত্রপাতি	৫২,০০০
মূলধন	৭৫,৪০০
প্রাপ্ত ভাড়া	১,০০০
অব্যবহৃত মনিহারি	১,৫০০
শিক্ষানবিশ সেলামি	৮০০
প্রাপ্য হিসাব	৩৪,৪০০
বিক্রয়	১,০৮,০০০
নগদ তহবিল (৩১-১২-২৪)	৪০,০০০
সুদ আয়	৪,৮০০
আসবাবপত্র	৭৮,০০০
প্রাপ্য হিসাবের বাট্টা সঞ্চিতি	৪০০
সমাপনী মজুদ পণ্য	৫০,০০০

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▶ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে নাহার ট্রেডার্সের হিসাব বই হতে নিম্নলিখিত তথ্যাবলি গৃহীত হলো।

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৮০,০০০
বিক্রয়		২,৪০,০০০
ক্রয়	১,৪০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
প্রাপ্য হিসাব	১,০০,০০০	
বেতন	২০,০০০	
অগ্রিম ভাড়া	৩০,০০০	
	৩,২০,০০০	৩,২০,০০০

১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৬০,০০০ টাকা।
২. ১০,০০০ টাকার ধারে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি।
৩. মালিক কর্তৃক বিনিয়োগ ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৪. অগ্রিম ভাড়ার ২৪,০০০ টাকার মেয়াদ অতিক্রান্ত হয়েছে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যাবলি হতে সাহারা ট্রেডার্সের ব্যবসায়ের একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪
গ. সমাপনী জাবেদা দাখিলা দাও। ৪

৯ ▶ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে একটি ফার্ম ২,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করল। ২০২২ সালের ১ জুলাই তারিখে ৫,৫০,০০০ টাকা ব্যয়ে আরও একটি অতিরিক্ত মেশিন ক্রয় করল এবং বসানোর জন্য ৫০,০০০ টাকা খরচ করল। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে ফার্মটি হিসাব বন্ধ করে। বাৎসরিক ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাও। ২
খ. প্রথম তিন বছরের অবচয় তালিকা প্রস্তুত কর। ৪
গ. ২০২০ হতে ২০২২ সাল পর্যন্ত অবচয় হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▶ জনাব শাহরিয়ার আলমের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল প্রস্তুতের পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

১. আসবাবপত্র ক্রয় ৯০,০০০ টাকা ভুলে ক্রয় হিসাবে লেখা হয়েছে।
২. ধারে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৩. কর্মচারীদের বেতন প্রদান ১০,০০০ টাকা, মজুরি হিসাবে লেখা হয়েছে।
৪. যন্ত্রপাতির মেরামত ব্যয় ১৫,০০০ টাকা ভুলে যন্ত্রপাতি হিসাবে লেখা হয়েছে।
৫. বেতন প্রদান ২০,০০০ টাকা, ভুলে বেতন হিসাবে ২,০০০ টাকা লেখা হয়েছে।
৬. ক্রয় হিসাবের যোগফল ১,০০০ টাকা কম লেখা হয়েছে।
৭. আসবাবপত্র ক্রয় ৫,০০০ টাকা ভুলে আসবাবপত্র হিসাবে ৫০,০০০ টাকা লেখা হয়েছে।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ২, ৩ এবং ৭নং এর সংশোধনী জাবেদা দাও। ৪
